অন্ত্রিধার্যক্র দুঝ্রস্থর



3608







त्यान्ये चं चालातात्रालाना हो



183 3608

শ্রীশ্রীরামকৃষ্ণ উপনিঘৎ



ঐচক্রবর্তী রাজগোপালাচারী



উদ্বোধন কার্যালয়, কলিকাতা

প্রকাশক স্বামী আত্মবোধানন্দ উদ্বোধন কার্যালয় ১, উদ্বোধন লেন 🍲 💱 🌂 াগবাজার, কলিকাতা-৩

<u>মূ</u>জাকর भूजांकत श्रीट्राट्य श्रीट्राट्य भीन ত্রীকৃষ্ণ প্রিন্টিং ওয়ার্কস্ ২৭বি, গ্রে ক্টীট, কলিকাতা-৫

বেলুড় শ্রীরামক্বঞ্চ মঠের অধ্যক্ষ কর্তৃ ক সর্বস্বত্ব সংরক্ষিত

দ্বিতীয় সংস্করণ—আশ্বিন, ১৩৬০



নিবেদন

এই পুস্তক মাদ্রাজ শ্রীরামক্ষণ মঠ হইতে প্রকাশিত শ্রীচক্রবর্তী রাজগোপালাচারী তথ্রণীত তামিল শ্রীরামক্ষণ উপনিষদের বঙ্গান্ধবাদ। ত্রিবাদ্ধর বিশ্ববিচ্চালয়ের প্রকাশন-বিভাগের ভূতপূর্ব তত্ত্বাবধায়ক শ্রী পি, শেষাদ্রি ইহার অন্থবাদ করিয়াছেন এবং শ্রীকুমুদবন্ধ সেন পাণ্ড্লিপি আচ্যোপাস্ত দেখিয়া দিয়াছেন। ইহাদের উভয়কে আমরা আন্তরিক ধন্তবাদ জ্ঞাপন করিতেছি।

শ্রীরামক্বঞ্চদেবের অমূল্য উপদেশ-অবলম্বনে লিথিত এই তথ্যপূর্ণ অালোচনা-পাঠে সর্বসাধারণ বিশেষ উপক্বত হইবেন, সন্দেহ নাই।

অগ্ৰহারণ, কৃষ্ণা সপ্তমী

প্রকাশক

5000

00.0



সূচীপত্ৰ

| ভূমিকা | ••• | *15, | (2) |
|---------------------------|---------|-------|------|
| <u>স্থির</u> | *** | *** | 9 |
| माना धर्म ^{® ©®} | *** | *** | 9 |
| সাপের কাছে যেও না | | *** | 50 |
| চিত্তগুদ্ধি | *** | *** | 30 |
| ভক্তিমার্গ | - 7 *** | | 36 |
| রাজা ও ভাগবত পণ্ডিত | | | 50 |
| মাতৃভাব ও নারীজাতি | | *** | ₹8 |
| বোবাও কথা বলে | ••• | | 45 |
| জনৈক সন্ন্যাসীর কথা | | | 08 |
| বাক্পটুতা ও নীরবতা | *** | *** | 90 |
| তেলের বাটি | *** | * * * | 82 |
| দেবীকবচম্ | *** | *** | 80 |
| জলের উপর নৌকা | *** | *** | 84 |
| बन ्गवा | *** | *** | 65 |
| অবৈত | *** | *** | (b |
| বিগ্ৰহ-দেবতা | * * * | *** | 65 |
| ভজ গোবিন্দম্ | ••• | *** | . 66 |
| ধর্মসংস্কার | ••• | *** | 9 |
| বিনয় | *** | | . 94 |
| মান এক পয়সা লাভ | *** | *** | 9 |

| (| 6 |) |
|---|---|---|
| | _ | 1 |

| মূ লভিত্তি | *** | | | |
|-----------------------|---------|------|--------|-----|
| ব্যাকুলতায় ভগবদ্ধন | | | ••• | 9 |
| অভিযান ও অহন্বার | | | *** | 9: |
| গরুর স্থাবরকাটা | *** | | | Ъ |
| | *** | | *** | ь |
| উদ্ধারের পথ | 212 744 | | | b(|
| ब्यननी ' | | to c | | |
| ভক্ত | | | ••• | bb |
| এখনও অসত্য ও ডাকাতি ? | | | 1 10 0 | 25 |
| প্রার্থনা | *** | | **1 | ನೀ |
| নিত্য দীপ | *** | | *** | 20 |
| | *** | | *** | 26 |
| ক্মলার আরশি | | | | 200 |
| উদ্বোধক বানী | *** | | | 0 |
| ভীত হইও না | | | *** | 200 |
| দ্বাকে উপদেশ | | | 111 | 200 |
| | *** | | 133 | 704 |
| গাপাল কোথার ? | *** | | | |

ভূমিকা

00

তাই বৎসরের প্রারম্ভে কিছুকাল পূর্বে দিল্লী হইতে দেশে ফিরিবার পর মাদ্রাজের কন্ধী' নামক এক বিখ্যাত সাপ্তাহিক তামিল পত্রিকায় ভগবান শ্রীরামকৃষ্ণদেবের উপদেশ, ধেমন ব্রিরাছি, সেইরূপ দৃষ্টিভঙ্গিতে ধারাবাহিকরূপে প্রকাশ করিয়াছিলাম। ভয়ে ভয়েই লিথিয়াছিলাম, কিন্তু আমার বন্ধুগণ উহা পাঠ করিয়া আমাকে উৎসাহিত করিতে লাগিলেন। এই জয়্ম য়ে, ভগবান শ্রীরামকৃষ্ণদেবের উপদেশগুলি আলোচনা করিবার আমার সৌভাগ্য ছইয়াছে। পয়ত্রিশ অধ্যায়ে শ্রীরামকৃষ্ণ-উপদেশ দেওয়ালির দিনে সমাপ্ত হয়। মাদ্রাজ্ব শ্রীরামকৃষ্ণ মঠের অনুগ্রহে উহা প্রকাকারে প্রকাশিত হইয়াছিল। আমার এই দৃষ্টিভঙ্গি য়ে তাঁহারা অনুমোদন করিয়াছেন তাহা আমার পরম সৌভাগ্য।

ধর্মরাজ যম নচিকেতাকে বলিয়াছিলেন যে, বহুশান্ত্রপাঠেও
পরমাত্মার দর্শনলাভ হয় না। স্কুর্দি, শিক্ষালন জ্ঞান, বিতর্ক,
বিচার প্রভৃতির দ্বারা মানুষ আত্মজ্ঞান লাভ করিতে পারে না।
ভগবানের ক্রপাই একমাত্র উপায়। সেই ক্রপালাভের জন্ত অনন্তা
ভক্তি ও তীব্র ব্যাকুলতা প্রয়োজন। শান্তে পাণ্ডিত্যলাভ এক
জিনিস, ভক্তি অন্ত বস্তু। সংস্কৃত শিথিয়া শাস্ত্র হইতে কতকগুলি
শ্লোক জলপ্রোতের মত অনর্গল মুথস্থ বলা যায় এবং আচার্যগণের
ভাষ্যও অবিকল আবৃত্তি করিবার কৌশল আয়ত্ত করা কঠিন
নহে, কিন্তু ধর্মসাধনায় সমদর্শিত্বলাভ করা অন্ত জিনিস। জ্ঞান

পরিপক না হইলে পুঁথিগত শিক্ষা ও শাস্ত্রাভ্যাস বানরের উদ্ধাম
নৃত্যের স্থার নিক্ষণ। পরমাত্মার অনুভূতিই সারবস্তা। অন্তর ও
বাহির এক হওরা, অর্থাৎ 'মন-মুথ এক করাই' প্রকৃত জ্ঞান।
অনুভূতিশ্ন্ত শাস্ত্রজ্ঞান বা শিক্ষা সত্যালাভে রুথা প্ররাসমাত্র।
ভগবান শ্রীরামক্বঞ্চদেবের উপদেশ হইতে প্রকৃত জ্ঞানলাভ করিতে
পারা ধার। শ্রীরামক্বঞ্চ-উপদেশপাঠে আবালর্ক্ষ সকলেরই কল্যাণ
হউক। ও শ্রীরামক্বঞ্চার্পণ্যস্ত্র।

১৫ই নভেম্বর, ১৯৫০

<u> ত্রীরাজগোপালাচারী</u>

ভূমিকা

আমাদের প্জা-পার্বণ অসংখ্য বলিলেও অত্যুক্তি হয় না। স্থান-ভেদে পার্বণেরও ভেদ আছে। পশ্চিমবঙ্গের কতকগ্নলি পার্বণ প্রব-বঙ্গে নাই, প্রবিঙ্গের কতকগ্নলি পশ্চিমবঙ্গে নাই। সকল পার্বণের ব্রোল্ড সংগ্রহ করা দ্বঃসাধ্য। কেই কেহ নারীদের ব্রতক্থা প্রকাশ করিয়াছেন, কিল্তু তাহাও অসম্পূর্ণ। স্থানভেদে সেসকল ব্রতক্থারও র্পাল্ডর আছে।

প্জা-পার্বণের উৎপত্তি ও প্রকৃতি না জানিলে কথা মাত্র হয়, ইতবৃত্ত হয় না। আমি এই প্রুতকে কতকগ্নিল প্রমিন্ধ প্জা-পার্বণের উৎপত্তি ও প্রকৃতি বর্ণনা করিয়াছি। ইহা হইতে প্জা-পার্বণের প্রয়োজনও স্পন্ট হইবে। বঙ্গে যেমন প্জা-পার্বণ আছে, অন্যান্য প্রদেশেও তেমন আছে। এইসকল প্জা-পার্বণই হিন্দ্র্জাতিকে এক-স্ত্রে বন্ধ করিয়াছে; আচার-পালন ন্বারাই হিন্দ্র্জাতিসমর হইয়াছে।

দ্রগেশিংসব বাংগর এক বৃহৎ উৎসব। কত বিদ্বান্ ইহার কত প্রকার ব্যাখ্যা করিয়াছেন, কত প্রাণ উন্ধৃত করিয়াছেন। কিন্তুর্পক ও প্রাণের শরণ লইলেই উৎপত্তি ব্রিকতে পারা যায় না। এই প্রজা প্রায় সহস্র বংসর চলিয়া আসিতেছে; বংসর-গণনার আদি-স্বর্প হইয়া পড়িয়াছে। লোকে বলে, গত প্রজার পরে এই হইয়াছিল। নানা প্রাণে দ্রগপ্রজার উল্লেখ আছে। পণ্ডিতেরা সেসব প্রাণ উন্ধৃত করিয়া প্রজার উপাখ্যান বর্ণনা করিয়াছেন। কেহ মহিষাস্বর্বধের আধ্যাত্মিক ব্যাখ্যা করিয়াছেন। কেহ বা বলিয়াছেন, তিনি যজ্ঞার, আগনস্বর্পা। কিন্তু অদ্যাপি কেহই দ্র্গপ্র্জার উৎপত্তি এবং যাবতীয় অভগ-প্রত্যগসহ প্রকৃতি চিন্তা করেন নাই। এই প্রত্রেক আমি দ্রগপ্রজার ইতিহাস অন্বেষণ করিয়াছি। যে ইতিহাসে দেশ ও কালের উল্লেখ না থাকে, সেটা ইতিহাস নয়।

নানা প্রদেশে রচিত পর্রাণে দর্গাপ্জার নানা অংগ-প্রত্যংগ বর্ণিত হইয়াছে। সেসব আমাদের দর্গাপ্জায় একর হইয়া ইহাকে জটিল ও বৃহৎ করিয়া তুলিয়াছে। কেহ মনে করিয়াছেন, ইহা শবর জাতির উৎসব ছিল। কেহ মনে করিয়াছেন, আসামের অসভ্য পার্বত্য জাতির নিকট হইতে হিন্দ্রনা দর্গাপ্জার অন্বংঠান শিখিয়াছে। কিন্তু দর্ই ক্রিয়ার মধ্যে দর্ই-এক অংশে সাদ্শ্য থাকিলেই এক হইতে অপরের উৎপত্তি প্রমাণিত হয় না।

পাঠক এই প্রত্তকে বহু ন্তন ও ভারতের অজ্ঞাতপ্র ইতিহাস জানিতে পারিবেন। ন্তন বলিয়াই বহু পাঠক এই ইতিহাস একবার পড়িয়া ব্রিকতে পারিবেন না। দ্বই তিন বার পড়িলে দেখিবেন, ক্র্যাত ও প্রাণ কি অপ্রে কৌশলে আমাদের ইতিহাস জনসাধারণের মধ্যে প্রচারিত করিয়াছেন! এতদেদশীয় ও পশ্চিমদেশীয় বিশ্বানেরা আর্যকৃষ্টির প্রাচীনতা অনুমানে ভ্রম করিয়াছেন। বৈদিক সাহিত্যে আর্যকৃষ্টির প্রাচীনতার বহু প্রমাণ আছে। কিন্তু সাধারণ পাঠকের নিকট সেসব প্রমাণ স্বোধ্য নয়। প্রগণ বেদ-বাহ্য নয়। প্রাণকার প্রা-পার্বণে বেদেরই স্মৃতি সর্বসাধারণের বোধগম্য করিয়াছেন। যাহারা বঙ্গের কিন্বা ভারতের ইতিহাস লিখিতেছেন তাহারা আমাদের প্রো-পার্বণ পরিত্যাগ করিয়া আমাদের সংস্কৃতির ইতিহাস অসম্পূর্ণ রাখিতেছেন। যদি বা কেহ কেহ প্রা-পার্বণের উল্লেখ করিয়াছেন, তাহারা উৎপত্তি নির্ণয়ে ভুল করিয়াছেন।

কাল নির্দেশ করিতে গেলেই জ্যোতিষ আসিয়া পড়ে। জ্যোতিষের নামে ভয় পাইবার কিছু নাই। যিনি পাঁজি দেখিতে পারেন তিনি যতট্বুকু জ্যোতিষ জানেন, ততট্বুকু জ্ঞান থাকিলেই এই প্রুস্তকে বর্ণিত কালগণনা ব্রবিতে পারিবেন। ইতি—

বাঁকুড়া ১৩৫৮ শ্রাবণ

বিষয়-স্চৌ

| প্রথম খণ্ড | |
|--|------------|
| দোলযাত্রা | 2 |
| শারদোৎসব . | 20 |
| রাস্যাত্রা | ₹8 |
| গ্রীগ্রীসরস্বতী-প্জা | ම ම |
| বারমাসে তের পার্বণ | 62 |
| দ্বিতীয় খণ্ড | |
| দ্ৰগোৎসব-প্ৰশ্ন | 99 |
| গ্রীগ্রীদূর্গা | ४२ |
| মহিব্মদি'নী | 24 |
| দুর্গার প্রতিমা | 222 |
| দুর্গাপ্তের শরৎকালীন যজ্ঞ | ১২৫ |
| मूर्णाश्मव नववर्षाश्मव | ১৩২ |
| म् त्रार्वित श्रम् वर्षा प्रमाणक कान | \$8₹ |
| National Marcha of the state of | 262 |
| সরিশিষ্ট . | 596 |
| ীন্য'ণ্ট | |

চিত্র-স্চী

| অশ্লেষা, মঘা, ফল্গ্নেশিব্য় | . a. |
|--|-------|
| মঘা ও ফল্গুনীন্বয় | ৬ |
| অজ-একপাদ | ৬ |
| ব্যলাজ্নি | q |
| রোহিণী-শৃকট | ২৮ |
| কালিয় নাগ | ২৮ |
| চতুর্জা সরস্বতী। বগন্ডা। দ্বাদশ খ্রীষ্ট শতাক | 00 |
| मिव-श्वरा | 0 B |
| विस्र-ून्ना | 84 |
| | 8৯. |
| কালপ্র্য্, ধন্ঃ, রোহিণী | ৯৮ |
| शिनाक-शांव बर्दे. | 27 |
| কিরাতর্পী রুদ্র | 208 |
| ভূতবান্ ঋশ্য, রোহিত মূগ | 20A |
| দুর্গাপট | 220. |
| মহিষাসুর | 225 |
| মহিষম্দিনী। মধ্যভারত। পণ্ডদশ্ খ্ৰীষ্ট শতাক | 220. |
| মহিষ্মার্দনী। দক্ষিণ আকটি ডিজিট্র | 558. |
| মহিষমদিনী। দক্ষিণ হায়দ্রাবাদ। একাদশ খ্রীষ্ট শতাবদ | 226 |
| মাহ্যমাদ্না দশভূজা। মানভ্য। একাদ্ধ খ্ৰীজ্ব শভোক | 229 |
| भीरुवर्भोर्जनी। वश्रारम्भ। ১৮২৪ युनैकोनम | \$20. |
| অরণি | |
| শ্মী | 252 |
| বিষ্কৃতক্র | 250 |
| মাস্তিত্র | ১৬২ |
| | 200 |
| | - |

মহিষমদিনী দশভূজা ও চতুভূজা সরস্বতী ॥ ভারত পর্রাতত্ত্ব বিভাগের অন্মতিক্রমে ম্রিত। দ্রগাপেট ॥ কলিকাতা বিশ্ববিদ্যালয়ের আশ্বতোষ মিউজিয়মের

অনুমতিক্রমে মুদ্রিত। .
মহিষমদ্দিনী। বুজাদেশ ॥ শ্রীব্রজেন্দ্রনাথ বল্দ্যাপাধ্যায়ের সোজন্যে ম্বদ্রিত।

ইয়োরোপেও উত্তরায়ণ আরক্তে ন্তন বংসর আরক্ত হয়। ভূলে ১লা জান্ত্মারি হইতেছে, ২৩শে ডিসেম্বর হওয়া উচিত ছিল। আমরাও উত্তরায়ণ দিন সমরণ করি। যোল শত বংসর প্রের্ব পোষ-সংক্রান্তির দিন উত্তরায়ণ আরম্ভ হইত। পর্রাদন ১লা মাঘ ন্তন বংসরের প্রথম দিন। সেদিন আমরা দেব-খাতে প্রাতঃস্নান করি। লোকে বলে মকর্মনান।

উত্তরায়ণ আরশ্ভের ছয়মাস পরে দক্ষিণায়ন আরশ্ভ হয়, বর্ষাঋতু
আসে। ইন্দ্র বর্ষণ করেন, শস্য জন্মে। এই কারণে ইন্দ্র-যজ্ঞ অবশ্যকর্তব্য হইয়াছিল। সবিত্-যজ্ঞের দিন ও ইন্দ্র-যজ্ঞের দিন না জানিলে
নয়। স্ব্র্য দেখিয়া জানিতে পারা যায় না। তিন দিন প্রের্ব স্ব্র্যকে
যেমন দেখিয়াছি, আজিও তেমন দেখিতেছি। ঋগ্রেদের ঋষিগণ
স্ব্রেদিয়ের প্রের্ব উষার প্রের্ব কোন্ নক্ষত্রের উদয় হইল, তাহা দেখিয়া
উত্তরায়ণ ও দক্ষিণায়ন আরশ্ভ-দিন নির্পণ করিতেন।

স্থের হ্রাস-বৃদ্ধি নাই। স্থের প্রকাশকালে নক্ষত্র দেখিতে পাওয়া যায় না। চন্দ্র এমন নয়, চন্দ্রকলার হ্রাস-বৃদ্ধি হয়, নক্ষত্রের পাশ দিয়া যাইতে আসিতে দেখি। বংসরে ১২টা প্রিমা হয়। যে নক্ষত্রের সহিত প্রেচন্দ্র দেখা যায়, সে নক্ষত্র দ্বারা প্রিমা চিনিতে পারা যায়। নক্ষত্র শব্দের সামান্য অর্থ তারা; বিশেষ অর্থ, নিকটপ্থ কতকগ্র্বলি তারা-যোগে কল্পিত আকৃতি। যেমন স্পর্ণ, মৃগ ইত্যাদি। মঘা নক্ষত্র দ্বারা মাঘী প্রিমা, ফ্ল্ম্নী নক্ষত্র দ্বারা ফাল্ম্নী প্রিমা ইত্যাদি চিনিতে পারা যায়। প্রিমা হইতে প্রিমা এক মাস।

নক্ষর স্থির। যেটা যেখানে আছে, সেটা সেখানেই আছে। এই কারণে মাসও ব্যাচকের এক-এক নির্দিণ্টস্থানে আছে। কিন্তু অয়নাদিবিন্দ্র স্থির নাই, অলেপ অলেপ পশ্চাৎ দিকে সরিয়া যাইতেছে। ফলে মনে হয়, মাস অগ্রগত হইতেছে। অয়নের সহিত ঋতু পিছাইতেছে, কিণ্ডিদিধক দ্বই সহস্র বৎসরে একমাস পিছাইতেছে। ইয়োরোপের মাস অয়নের সহিত বাঁধা, ঋতুও বাঁধা। ২২শে ডিসেম্বর উত্তরায়ণ আরম্ভ চিরদিন হইতেছে। কিন্তু আমাদের পাঁজিতে ৩১৯ খ্রীন্টাকৈ পৌষসংক্রান্তিতে হইত, এখন ৭ই পোষ হইতেছে।

ঋগ্বেদের ঋষিগণ ঋতুজ্ঞানের নিমিত্ত আবশ্যক নক্ষর চিনিতেন, কলিপত আকৃতি অনুসারে তাহাদের নাম রাখিয়াছিলেন। কিন্তু সেসকল নক্ষর সমান সমান দুরে নাই। ঋগ্বেদের বহুকাল পরে জ্যোতিষীরা রবিপথ ২৭ সমান ভাগ করিয়া নিকটম্থ নক্ষরের নামে সেসব ভাগের নাম রাখিলেন। অশ্বিনী, ভরণী, কৃত্তিকা ইত্যাদি নক্ষরভাগ কৃত্রিম। পাঁজির ফাল্গনুনী প্রণিমা কৃত্রিম ফল্গনী-নক্ষরে প্রণিমা, দৃশ্য ফল্গনী-নক্ষরে নয়। বেদের কালে নক্ষর শব্দের এই তৃতীয় অর্থ ছিল না। ফল্গনী নামে দৃশ্য ফল্গনী বুর্ঝাইত।

এখন দোলযাত্রা স্মরণ করি। ফাল্গ্রনী প্রণিমার দিন বিষ্ণুর দোল হয়। বিষ্ণুমন্দির হইতে কিছ্ন্দ্রে এক মন্ডপ নির্মিত হয়, চারি দিক খোলা। চারি খ্রিটর উপরে বস্তু আচ্ছাদন করিয়া মন্ডপ। মন্ডপে এক বেদী নির্মিত হয়। শালগ্রাম শিলা বিষ্ণুর প্রতির্পক। সন্ধ্যার প্রের্ব বিগ্রহ মন্দির হইতে মন্ডপে আনীত, বেদীতে স্থাপিত ও প্রজিত হন। পরে হোম হয়। বিগ্রহের সিংহাসন তিন বার উত্তর-দক্ষিণে দোলিত হয়। ইহার পর বিগ্রহের গাত্রে ফাগ স্পর্শ করাইয়া উপস্থিত সকলে প্রসাদ-স্বর্প কপালে মাথে।

দোল-পর্ণিমার প্রাদিন বহুদ্ংসব, চলিত নাম চাঁচর। প্রামের বালক যুবক ও ব্দেধরও আনন্দের ব্যাপার। খড়, বাঁশ, শরপাতা, তাল-পাতা ইত্যাদি যে গ্রামে যে জনালন যথেল্ট পাওয়া যায়, তদ্দ্বারা পর্কুর-পাড়ে কোথাও গ্রু, কোথাও পশ্র, কোথাও নরম্তি নির্মিত হয়। কোথাও কোথাও পিঠালীর ভেড়া গড়িয়া উক্ত গ্রে স্থাপিত হয়। এই ভেড়ার নাম মেণ্টাস্র । পরে সন্ধ্যার সময় বিপর্ল হর্ষধর্নিসহ এইসকল ম্তির্তি অন্নিযোগে ভস্মীভূত হয়। সংস্কৃত চর্চরী শব্দ হইতে চাঁচর আসিয়াছে। ইহার এক অর্থ উৎসবে হর্ষধর্নি। কি যেন আপদ দণ্ধ হইল, তাহাতেই হর্ষ। বঙ্গ, নাল্লাজ ও বোদ্বাই প্রদেশে বহুদ্বেসব প্রসিদ্ধ। বঙ্গ, উড়িয়্মাও মাল্লাজ প্রদেশে দোল নাম, উত্তর-পশ্চিম ও মধ্য-ভারতে হোলি নাম প্রচলিত। হোলি শব্দের ব্যুৎপত্তি অজ্ঞাত। সংস্কৃত রুপে ইহা হোলাকা, হোলিকা হুইয়াছে। (এই নাম প্রাতন। আমার বোধ হয়, উত্তর-ভারতের দেশজ শব্দ। ইহার অর্থ মেষ বা ছাগ হইতে পারে)। বঙ্গদেশে হোলি

নাম অজ্ঞাত ছিল। কয়েক বংসর হইতে উত্তর-ভারতের লোকদিগের মন্থে প্রচারিত হইয়াছে। নগর হইতে গ্রামে গ্রামে এখনও উপস্থিত হয় নাই। তাহারা হোলির সময় রুগ্গচ্র্ণ ও রঞ্জিত জল পরস্পরের গাত্রে নিক্ষেপ করিয়া কোতুক করে। সেদিন উত্তর-ভারতে ও অন্যত্র অশ্রাব্য অশ্লীল ভাষায় গান হয়। অকথ্য ভাষা পরস্পরের প্রতি প্রযুক্ত হয়। সেদিন পথে নারী বাহির হয় না। (কয়েক বংসর হইতে শিল্টজনে উক্ত প্রাতন আচারের বিরোধী হইয়াছেন)।


কেহ কেহ দোলযাত্রাকে বসন্তোৎসব মনে করিয়াছেন। কিন্তু, বসন্তোৎসব নামে কোন উৎসব পাঁজিতে নাই, স্মৃতিতে নাই, প্রাণে নাই। প্রেকালে মদনোৎসব হইত, বহুদিন অজ্ঞাত হইয়াছে। কিন্তু সেদিন ফাল্গ্নেনী প্রির্দাল নয়, চৈত্র শ্রুক ত্রয়াদশী ও চতুদশী। দ্বিতীয়তঃ দোলযাত্রা একটি নয়, বৎসরে দ্ইটি। একটির নাম দোল, অপরটির নাম হিন্দোল, চলিত নাম ঝ্লন্যাত্রা। স্থর্রপ বিষ্ণু বৎসরে দ্রইবার দোলায় আরোহন করেন। ইহা প্রত্যক্ষ। হিন্দোল বর্ষাকালে, বসন্ত বর্ষাকালে আসে না। তৃতীয়তঃ, বসন্তোৎসব ও বহুদুৎসব বিরুদ্ধ যোগ। বহুদুৎসবে কে দণ্ধ হয়? কেন হয়?

তবে দোল্যাত্রা কি? কবে ইহার উৎপত্তি? এই দুই প্রশেনর উত্তর অন্বেষণ করি। ফাল্গ্রনী প্রণিমা দক্ষিণায়ন-কালে হইতে পারিত না। উত্তরায়ণ আরম্ভ কালেই হইতে পারিত। অতএব জানিতেছি, এক সময়ে ফাল্গ্রনী প্রণিমায় উত্তরায়ণ আরম্ভ হইত। কারণ, সেদিন বিষ্ণুর দোল। কত বৎসর প্রেব হইত?

ফলগ্ননী নক্ষত্র দুইটি, প্রত্যেকটিতে দুইটি তারা। চারিটি তারায় যেন শ্যাা, শ্যাার চারি কোণে চারি তারা (চিত্র ১)। একজোড়া তারার উদয়ের পর অন্য জোড়ার উদয় হয়। প্রথম জোড়ার নাম পূর্ব-ফলগ্ননী, দ্বিতীয় জোড়ার নাম উত্তর-ফলগ্ননী। যেন দুই অর্জুন গাছ, শাখা নাই, শ্বেত-বর্ণ গাছ দাঁড়াইয়া আছে। প্ররোণে বলে, কৃষ্ণ যমল-অর্জুন বৃক্ষ ভাঙিয়য়া ছিলেন। সে অর্জুন এই। ঋগ্রেদে ফলগ্ননীর নাম অর্জুনী (চিত্র ২)।


যেদিন রবি অস্তগত হইবা মাত্র প্রেদিকচক্রে চন্দ্র দেখা যায়,

সেদিন চন্দ্র পূর্ণ দেখায়, পূর্ণিমা হয়। সে সময়ে চন্দ্র ও রবি বিপরীত দিকে থাকে। একের চতুর্দশ নক্ষত্রে অন্যটি থাকে। কারণ, রবিপথে



চিত্র ১। ১ — অশ্বেলবা, ২ — মঘা, ৩ — ফলগ্রুনীদ্বয়

২৭টি নক্ষত্র ভাগ। ফলগ্নী দ্বয়ের অৎক ১১, ১২। চতুর্দশ নক্ষত্রের অৎক ২৫, ২৬। পাঁজিতে দেখিতেছি, এই দুই অঙ্কে ভাদ্রপদা নক্ষর। একটি পর্বেভাদ্রপদা, অপরটি উত্তরভাদ্রপদা। প্রত্যেকটিতে দুইটি তারা,




চিত্র ২। । — মঘা, 2 — প্রেফলগ্নী, 3 — উত্তরফলগ্নী, 4 — রবিপথ

চারিটি তারা যেন এক গ্রের চারি কোণে আছে। ইহা হইতে জানিতেছি, সেদিন রবি ভাদ্রপদা নক্ষরে, ২৬ অঙ্কের নক্ষরে থাকিত, আর সেদিন উত্তরায়ণ আরুভ হইত। তৎকালে দৃশ্য ফল্গনী নক্ষরে প্রণ্চন্দের উদয় হইলে ফাল্গনী প্র্ণিমা হইত (বর্তমান পাঁজিতে ফল্গনী নক্ষরভাগে ১৩।২০ অংশাদির মধ্যে যে-কোন স্থানে হইতে পারে)। উত্তরায়ণাদির বিপরীত দক্ষিণায়নাদি। অতএব ফল্গনী নক্ষরে রবি আসিলে দক্ষিণায়ন আরুভ হইত। মহাবিষ্ব হইতে দক্ষিণায়নাদি বিন্দ্র ৯০ অংশ দ্রে। তৎকালে ফল্গনী নক্ষর ৯০ অংশ দ্রে ছিল। বর্তমানে দেখিতেছি, দ্বই ফল্গনীর মধ্যস্থান ১৬৫।৩০ অংশাদি দ্রের আছে। ইহা হইতে ৯০ অংশ বিয়োগ করিলে ৭৫।৩০ অংশাদি দ্রের আছে। ইহা হইতে ৯০ অংশ বিয়োগ করিলে ৭৫।৩০ অংশাদি থাকে। অয়ন এক অংশ পিছাইতে ৭৩ বংসর লাগিত। অতএব, ৭৫।৩০ অংশাদি পিছাইতে ৭৫ই×৭৩=৫৫১১ই বংসর লাগিয়াছে। উত্তর-ফল্যনী ধরিলে আরও ৪০০ বংসর বাড়িবে। তথনকার উত্তরায়ণ আরুভ-দিন এখনকার ৭ই পোষ।

বহুদুংসবে গৃহ ভঙ্মীভূত হয়। সে গৃহ ভাদ্রপদার প্রতির্পক। কিন্তু ঋগ্বেদের কালে ভাদ্রপদার নাম অজ-একপাদ (একপাদ ছাগ) ছিল।

ষে মেষ বা মেন্টা দক্ষ হয়, সে এই অদ্ভূত ছাগ (চিত্র ৩)। দোলযাত্রার উৎপত্তি অতীব প্রাতন। লোকে জানে না, গৃহ কেন, মেন্টা কেন, কিছুই জানে না। মেন্টাকে অস্বর কলপনা করিয়াছে, যেন কোন অস্বর স্থাকে উত্তরায়ণ স্থানে আসিতে বিলম্ব করাইতেছে, সে ভঙ্গীভূত হইলেই রোচ



চিত্র ৩। অজ-একপাদ (মেণ্টাস্বর)

বাড়িবে, দিবামান বাড়িবে। কৃষ্ণ যমল-অজনুন বৃক্ষ ভগন করিয়াছিলেন, 'শ্রীকৃষ্ণ-কীত'নে' এক চণ্ডীদাস অজনুন বৃক্ষকে অস্কুর কল্পনা করিয়াছেন।

দোলোৎসব নববর্ষোৎসবও বটে। বঙ্গে দোল-দুর্গোৎসব কথা মাত্র আছে। দ্বর্গোৎসব দেখি, দোলোৎসব দেখিতে পাই না। বতেগ দ্বর্গে পিন্সেরে আমাদের যে আনন্দ, দোলোৎসবে উত্তর ও পশ্চিম ভারতীয়ের সে আনন্দ। বস্তুতঃ, দুর্গোৎসবও এক নববর্ষোৎসব। নববর্ষোৎসবের কয়েকটি লক্ষণ আছে। দুর্গোৎসব স্মরণ করিলে সে সে লক্ষণ স্পণ্ট <mark>হইবে। আমরা গ্হাদি মার্জনা করি, তৈজসপগ্রাদি উল্জবল করি, রন্ধনের</mark> ন্তন হাঁড়ি কাড়ি, নববস্ত পরিধান করি, আত্মীয়-স্বজনের সহিত মিলিত হই। আর, বিজয়াদশমীতে প্রতিমাবিসর্জানের পর প্রস্পরের গাত্রে জল ও কর্দম নিক্ষেপ করি, সিদ্ধি পান করি। আর স্থান বিশেষে, লোকে অশ্লীল গীত ও ক্ষেউড় শ্নিনত। কালিকা-প্রাণ ইহার বিধান দিয়াছেন, লোকের কুর্নাচ বলিবার জো নাই। ইহার নাম <mark>শবরোৎসব। বোদ্বাই, মধ্য ও উত্তর ভারতে হোলির দিন এইসকল</mark> লক্ষণ দৃষ্ট হয়। নববর্ষ-প্রবেশে হর্ষক্রীড়া স্বাভাবিক, কিন্তু ক্ষেউড় স্বাভাবিক নয়। লোকের বিশ্বাস ছিল, নববর্ষের প্রথম দিন চক্ষর, কর্ণ কিন্বা দেহ অশ্বচি করিলে সে বংসর যমদতে স্পর্শ করিতে পারে না। মহারাজ্যে ব্রাহমুণাদি উচ্চবর্ণ অন্তাজ স্পর্শন্বারা দেহ অশন্চি করে, পরে স্নান করে। এই বিশ্বাস অল্পকালের নয়, অন্ততঃ সাড়ে চারি সহস্র বংসর হইতে আছে। ইহার প্রমাণ আছে। বৈদিক কালে সম্বংসরব্যাপী সত্তের <mark>পর এইর্প অম্লীল ক্রীড়াকোতুক হইত।</mark> আমার বিশ্বাস, বৈদিককালের সোমরস বর্তমান ভাং (সিদ্ধ)। আমরা বিজয়াদশমীতে সিদ্ধি পান করি। হোলির দিন উত্তর-ভারতে ভংগা-পান প্রচুর চলে।

কোথাও কোথাও চৈত্র-প্রিণিমায় দোল হয়। অর্থাৎ, বিষ্ণু সেদিন উত্তরারণ আরম্ভ করিতেন (শারদোৎসব পশ্য)। ফাল্গ্ন-প্রিণিমায় দোলযাত্রা হয় সহস্র বংসর অতীতের সাক্ষী। চৈত্র-প্রিণিমায় দোল উহার দুই সহস্র বংসর প্রের সাক্ষী। এই সাক্ষীর সাক্ষী আছে।

চৈত্র-প্রণিমায় উত্তরায়ণ, অতএব আশ্বিন-প্রণিমায় দক্ষিণায়ন আরম্ভ হইত। আমরা আশ্বিন-প্রণিমায় কোজাগরী-লক্ষ্মীপ্রজা করিয়া সে স্মৃতি পালন করিতেছি। সে সময়ে বর্ষা আরম্ভ হইত, দিগ্গজ এই হেতু লক্ষ্মীকে স্নান করায়। গজলক্ষ্মী প্রতিমায় দ্বই পাশ্বের দ্বই হস্তী শ্বন্ডদ্বারা ঘট ধরিয়া লক্ষ্মীর মাথায় জল সেচন করে।

কালের স্রোত বহিতে লাগিল। উত্তরায়ণারশ্ভ ফালগ্রনী প্রণিমা হইতে পিছাইয়া মাঘী প্রণিমায় আসিল। খ্রীন্টপ্রেব ২৫০০ অন্দের কথা। প্রথমে দৃশ্য মঘায়, পরে কৃত্রিম মঘায় প্রণিমা ধরা হইত। এইর্পে উত্তরায়ণাদি মাঘী প্রণিমায় ৩১৯ খ্রীন্টান্দ পর্যন্ত ছিল। সেইকালে ছয় মাস পরে শ্রাবণী প্রণিমায় দক্ষিণায়নাদি হইত। হিন্দোল তাহায়ই স্মৃতি। উত্তরায়ণের এক মাস পরে বসন্ত আসে। মাঘী প্রণিমায় উত্তরায়ণ, অতএব ফালগ্রনী প্রণিমায় বসন্ত-প্রবেশ। এই-র্পে, এই প্রণিমা বসন্ত-প্রণিমাও বটে।

কিন্তু ফালগ্ননী প্রণিমায় বিষ্ণুর দোল ও নববর্ষারম্ভ। সেদিন মদনোংসব হইতে পারে না। চন্দ্র ২৭ দিন পরে ফলগ্ননী নক্ষত্রে আসে। সে দিন চৈত্র শ্রুক ব্রয়োদশী। এই দিন মদনের প্রেজা হইত। সংস্কৃত-নাটকে মদনোংসবের বর্ণনা আছে। হোলিকে মদনোংসব মনে করাতে মদন-প্রেজা অজ্ঞাত হইয়াছে।

এই আলোচনা হইতে জানিতেছি, দোলাংসব আদি। পরে ইহার সহিত বসন্ত-প্রবেশজনিত উৎসব ও আরও পরে মদনাংসব যুক্ত হইয়াছে। দোলের সময় লোহিত ফাগ (ফল্গ্র্) দিয়া শালগ্রামর্পী সবিতার অংগ ভূষিত হয়। ঋগ্বেদে সবিতা হিরণ্যদার্তি, হিরণ্যপাণি। তাঁহার রথ হিরশময়। শীতকালে বালরবি লোহিতবর্ণ দেখায়। লোহিত-চ্পে দিয়া তাহা জ্ঞাপিত হয়। এইর্পে দোলোংসব ফল্গ্ংস্ব হইয়াছে। বোধ হয়, পিচকারী দ্বারা লোহিত জল নিক্ষেপ সবিতার হিরণ্য-রশ্মির অন্বকরণ।

একদা ঋষি বিশ্বামিত গায়তীচ্ছদে সবিতার ধ্যান করিয়াছিলেন, অদ্যাপি ব্রাহমুণেরা সন্ধ্যা-বন্দনায় তাহা আবৃত্তি করিতেছেন। সে কোন্কালের কথা? ধন্য ভারতী! তোমার অতীত বর্তমান আছে।*

ফালগ্রনী প্রিমার বৈদিক প্রমাণ-জিজ্ঞাস্ব পাঠক ১৩৪৬ বিজ্ঞাব্দের বঙ্গীয় সাহিত্য পরিষৎ পরিকার তৃতীয় সংখ্যা পড়িতে পারেন।

শার দোৎসব

১৩৫৫ বংগান্দ। শারদোৎসবের শ্বভ দিবস সমাগতপ্রায়। কিন্তু গ্রাম নিরানন্দ, দেশ অবসন্ত্র। কে উৎসব করিবে? শ্বন্যাদরে, ছিল্লবসনে, উৎকশ্ঠিত চিত্তে উৎসব হয় না।

কবি খেদ করিয়াছিলেন—

"অনাহারে শীর্ণ রোগে শোকে জীর্ণ, বস্মাভাবে লঙ্জাহীন, দেশের কি দুর্দিন!"

সে দর্নির্দনের অবসান এখনও হয় নাই। অচিরে অবসানের আশাও নাই।

পূর্বকালের শারদোৎসব আর আসিবে না। উৎসবের আরশ্ভে দেবার্চনা, অন্তে ভূরি-ভোজন। উৎসব আহ্যাদজনক ব্যাপার, কিন্তু সে ব্যাপারের সহিত সংশয় ও উল্বেগ মিশ্রিত থাকে; কি জানি কর্মটি স্কার্রপে সম্পন্ন হইবে কি না। ইহাতেই উৎসব এত মধ্র হয়। একা একা কিন্বা পরিজন লইয়া হর্ষ প্রকাশে উৎসব হয় না। বহ্জনের কিয়া যোগ না হইলে উৎসব হয় না। গ্রামে উৎসবের সকল অংগ বিদ্যমান ছিল। লোকে আনন্দ উপভোগ করিতে পারিত। এখন সে দিন নাই। কিছ্কাল তাহার স্মৃতি থাকিবে, পরে তাহাও লুগত হইবে।

দুর্গাপ্রজায় বহুনিধ দ্রব্যের প্রয়োজন হয়। কলিকাতায় সকল দ্রব্য কিনিতে পাওয়া যায়। কেহ কেহ মনে করিতে পারেন, ভারি স্কুবিধা। স্ক্রিধা বটে, কিল্তু মাত্র প্রজাটি উৎসব নয়। গ্রামে আবশ্যক দ্রব্য অল্পে অল্পে বহুনিনে সংগ্রহ করিতে হয়। উৎসবের কালও দীর্ঘ হয়।

গ্রামের সবাই জানিত, অম্কদের বাড়ীতে দ্বর্গাপ্তা হইবে, প্জার নিমন্ত্রণ আসিবে। ইহার অর্থ, প্রতিমা-দর্শনের নয়, প্রতিমা-প্রণামের নিমন্ত্রণ নয়, উৎসবে নিমন্ত্রণ। সে সময় কাহারও কাজকর্ম থাকে না। যাহাকেই ডাকা হইত, সে-ই আসিয়া কাজ করিয়া দিত। তাহাতে প্রভু-ভূত্যের সম্পর্ক নাই, বেতনের কথা কেহ ভাবিতেও পারিত না।

প্জার বিশ-প্রণিদ দিন প্র্ব হইতেই আয়োজন করিতে হইত।
গ্রামে জনালানি কাঠের অত্যন্ত অভাব। (আমি হ্বগলী জেলার আরামবাগ লক্ষ্য করিয়া প্রণান্তর বংসর প্রের্বের ব্তান্ত লিখিতেছি।) নিকটে
বন ছিল না। নিকটে বন রাখার প্রয়োজন কাহারও মনে উদিত
হইত না। কেমন করিয়া সংবংসর অন্নপাক হয়, তাহা গবেষণার বিষয়।
ডালপালা দিয়া নিত্যপাক চলিতে পারে, কিন্তু যজ্ঞের অন্ন পাক চলিতে
পারে না। এখানে ওখানে স্বচ্ছন্দ-জাত বাবলাগাছ খ্রিজতে হইত,
কখনও বা প্ররাতন তেতুল ডাল কাটিতে হইত।

তংকালে সভ্যতার আলোক গ্রামে প্রবেশ করে নাই। চা, বিড়ি, সিগারেট, কেহ এসব নামও শ্বনে নাই। কিন্তু তামাক অপর্যাত্ত পর্বাড়ত। হাট হইতে ভাল তামাক পাতা ও তামাকের মসলা আনিয়া চিটাগ্বড়ের সহিত ঢেপিকতে কুটিয়া তামাক তৈয়ার হইত। সে তামাক গ্রেড়ের নাদায় (গ্রেড়ের প্রব্ব কলসী) পূর্ণ করিয়া রাখা হইত। বিশ-পর্ণিক দিনে সে তামাকের স্বৃগন্ধ বাহির হইত। মালসায় আগ্বন থাকিত, আর, যে আসিত, যে কাজের জন্যই হউক, দ্বই-এক ছিলিম তামাক না পোড়াইয়া যাইত না। কেহ কেহ অপরের হ্বলায় তামাক খাইত না। তাহাদের জন্য হাট হইতে ন্তন হ্বলা আনিয়া রাখিতে হইত।

গ্রামের কুমার মাটির যাবতীয় বাসন আনিয়া দিত। সে বাসন অলপ নয়। বড় হাঁড়ি, মাঝারি, ছোট, গর্বড়িহাঁড়ি, তিজেল, জলের কলসী, প্রজার ঘট, ভাঁড়, মর্বড়িভাজা খাপরী ও খোলা, মালসা, সরা, হাতসরা, বর্বটিসরা, ছোট বড় খ্রমী, টাঁটি, কলিকা, ধ্নাচুর, ভাতের ফেনঝাড়া ডাবা, ডাইল রখা ডাবা।

ভোমনী ন্তন ধ্চনী, কুলা, চালনী, খইচালনা, চাণগারি নানা-প্রকারের চুপড়ি ও পেতে, ঝোড়া ও অনেক তালাই (তালপাতার চাটাই) যোগাইত। অনেক তাল-চাটাই দরকার হইত। এক একখানা সাড়ে তিন-হাত, চারি-হাত। দ্বইখানা তিন দিক সেলাই করিয়া ক্মপ্তে

'ঠেক' করা হইত। ইহাতে মর্নিড় মর্ড়াক রাখা হইত। তাল চাটাইতে ভাত ঢালা হইত। আর, মর্নিচ, ডোম, দর্লে, বার্গাদ প্রভৃতিকে বসিতে দেওয়া হইত।

হাড়িনী খেজার চাটাই ব্রনিয়া দিত, ৪ হাত × ২॥ হাত। একজন শ্বইতে পারিত। সে ঘর হইতে খেজার পাতা আনিত। প্রাতন শপের ছে'ড়া সারিয়া দিয়া যাইত। শপ বড় বড়, ১৪।১৫ হাত লম্বা, ৩ হাত চওড়া।

দেশ ভাত-মন্ডির, অনেক মন্ডি ও মন্ড্রিক করাইতে হইত। সে
পাড়ার হরির মা, শারদার খন্ড্রী, কেনারামের পিসী, ডাকিলেই পাঁচ
সাত দিন মন্ডি ও খই ভাজিয়া দিয়া যাইত। মন্ড্রি ধামায় করিয়া
ভাঁড়ারের 'ঠেকে' ঢালা হইত। সকলে ভাল মন্ড্রিক করিতে জানে না।
ওপাড়ার গোবর্ধনকে ডাকিলেই সে আসিয়া কড়া-পাক প্রড়ের মন্ড্রিক
করিয়া দিত। সে মন্ড্রিক গায়ে গায়ে জড়াইয়া যাইত না, অনেক দিন
নরমও হইত না। আর এক 'ঠেকে' মন্ড্রিক রাখা হইত। মন্ড্রিকতে
গোল মরিচ গ্র্রুড়া ছড়াইয়া দেওয়া হইত। নারিকেল লাড়ন্বও অনেক
করাইতে হইত। সর্নু কুরণীতে নারিকেল কুরিয়া কড়া-পাক প্রড়ের ছোট
ছোট লাড়ন্ব প্রস্তুত হইত। কতক লাড়ন্বতে এলাচ ও কর্পন্র গ্র্নুড়া
দেওয়া হইত। মন্ড্রিক ও নারিকেল লাড়ন্ব ইতরভদ্র সকলের
পক্ষেই উত্তম জলপান। কেহ লন্চিমণ্ডা খন্জিত না। ময়রা-ঘর হইতে
চিনিতে পাক নারিকেল সন্দেশ, নাম রসকরা, চিনি, বাতাসা ও নবাত
আসিত। গ্রামের তৈলকার তৈল যোগাইত। সে তৈল খাঁটি ও টাটকা।

গ্রামের জেলে বড় পর্কুরে মাছ ধরিয়া দ্বই-সেরী আড়াই-সেরী মাছ ছোটপর্কুরে আনিয়া ফেলিত। প্রত্যহ বড় জাল ভিজাইত না। একখানা ছোট জাল দিয়া আবশ্যক মাছ ধরিয়া দিত ও তেলজলপান লইয়া ঘর যাইত। মাছ ধরা হইলে বাগদি-বউ মাছ কুটিয়া দিত।

নিকটবতী গ্রামের স্ত্রধর প্রতিমা নিম্পি করিত, মালাকার ডাক সাজাইত।

গ্রামের মর্চি ঢাক বাজাইত, দ্রে হইতে কি মধ্র শ্বনাইত! ভোরে ব্যাজত; বলিত 'উঠ, উঠ, অনেক কাজ আছে, প্রিদিকে অর্বরাগ দেখা যাইতেছে। আরতির বাজনায় অন্তঃকরণ শান্তরসে আগলত হইত। বিসর্জানের বাজনায় চিত্ত বিষাদে ভরিয়া যাইত। সে ঢাক-ই বিলদানের সময় বীর রসে লাফাইতে থাকিত। নিকট গ্রামের ডোম সানাই বাজাইত। সে দানাই কত ছাঁদে কত রাগিণী বাজাইত; কভু ভৈরবী, কভু প্রবী, কভু খান্বাজ। বিধির তাহার কলানৈপ্রণ্যের কি ব্রথিবে? ঢাক ও ঢোল প্রজাবাড়ীতে বাজে বটে, কিন্তু দ্রের লোক রসভোগ করে।

আটচালার বাহিরে চাঁদোয়া টাঁগানো হইত, অনেক লোক বসিতে পারিত। দর্লে-বউ চন্ডীমন্ডপ টাটকা গোবর ও নদীর পরিমাটি দিয়া নাতা দিয়াছে, আটচালায় ও চাঁদোয়ার নীচে গোবর-মাটি দিয়া ঝাঁটা দিয়াছে। চন্ডীমন্ডপে, আটচালায় ও চাঁদোয়া হইতে আমপল্লব ঝর্লিতেছে। চন্ডীমন্ডপের দ্বই কোণে শিশ্ব কদলী-বৃক্ষ, জলপ্রে ঘট, মুখে আমপল্লব শোভা পাইতেছে। যে দেখিত, সে-ই ব্রিঅত উৎসব-দেক্ত।

চাঁড়াল-বউ প্রত্যহ নৈবেদ্যের পানিফল, প্রভার পদ্মফ্রল ও পদ্ম-পাতা আনিয়া দিত। ভাত খাইতে সকলকে কলাপাতা দিতে পারা যাইত না। শালপাতে ডাইল গলিয়া যায়, এইজন্য পদ্মপাতা রাখিতে হইত।

কেহ বিল্বপত আনিত, কেহ নৈবেদ্য সাজাইত। গ্রামের মালাকার প্রত্যহ মালা যোগাইত। গ্রামের কামার বলিচ্ছেদ করিত।

প্জার কয়াদন রাত্র জাগরণ করিতে হয়, এই কারণে য়ত্রার দল অন্বেষণ করিতে হইত। সে সময় ভাল য়াত্রা দর্লেভ, য়েমন-তেমন য়াত্রাতেই কাজ চলিত। প্জার দরই মাস আড়াই মাস প্রে অনেক য়াত্রার দলের উৎপত্তি হইত। য়াত্রার পালা ও অধিকারী পাইলেই য়াত্রার দল গাঁড়য়া উঠিত। য়াহার য়াহা ব্তি সে তাহা করিত, অধিকারী বাছিয়া বাছিয়া দলে আনিত, জাতি-বিচার ছিল না। তাহায়ৢ সন্ধায় পর আখড়া দিত, আর ভালমন্দ য়াহাই হউক, একটা দল গাঁড়য়া উঠিত। কৃষ্ণয়াত্রা বা স্থী-সংবাদ বেশী ছিল। বোল্টমেরা সেসব য়াত্রার দল গাঁড়ত। কিন্তু লোকের য়য়িচ পরিবার্তিত হইতেছিল, শ্রোতা ব্নদাদ্বতীর হাত-নাড়ায় বিরম্ভ হইতেছিল। অন্পে অন্পে সথের য়াত্রা গাঁড়য়া

উঠিতেছিল। রামায়ণ, মহাভারত, পর্রাণ হইতে ন্তন ন্তন পালার যাত্রা প্রচলিত হইতেছিল।

দেবীর সন্ধ্যারতির পর আসন পড়িয়াছে। গালিচায় বাহনুণেরা বসিবেন. শতর্রাঞ্জতে অন্য ভদ্রলোকেরা, মাদার শপে অন্যেরা, খেজার-শপে আরও অন্যেরা, আর অতি নিশ্নশ্রেণীর জন্য তালপাতার চাটাই। কে কোন্ আসনে বসিবে, বলিয়া দিতে হইত না। আটচালায় যাত্রা-সম্প্রদায়ের জন্য খেজুর-শপ পাতা থাকিত। তাহাদের এক এক সম্প্রদায়ে ২৫ 100 জন থাকিত। গ্রামে কেহ তাহাদের বাসা দিত। সকালে তাহাদের লোক আসিয়া হাঁড়ি, কাঠ, পাত, শপ ও সারাদিনের সিধা লইয়া যাইত। তাহারা গ্রামবাসী, লু,চিমণ্ডা খু,জিত না। রাত্রি দেড প্রহরের পর যাত্রা আরম্ভ হইত। তবলা ও বেহালা বাঁধিতে বাঁধিতে অনেক সময় যাইত। তার পর অধিকারী আসিলে যাত্রা সন্তর হইত। সে সময়ে এদিকে সেদিকে ঢাক পিটিয়া গ্রামবাসীকে যাত্রা শ্বনিতে ডাকা হইত। আটজন জ্বড়ী, আটজন ছোকরা গান করিত। জুড়ী-রা পেণ্টুলেন-চাপকান-চোগা পরিত। পালা অনুসারে ছোকরা-দের বেশ হইত। ক্রমশঃ রাত্রি বাড়িতে থাকে, চারিদিক নিস্তব্ধ, বাহিরে অন্ধকার, ভিতরে লপ্টনের মৃদ্ধ আলো। শীতের আবেশ হইয়াছে. শ্রোতাদের কেহ কেহ দুর্নিতেছে, কেহ হাই তুলিতেছে, কেহ খুর্টি ঠেস দিয়া বসিয়াছিল, তাহার মাথা একপাশে হেলিয়া পড়িয়াছে, কেহ উস্-খ্রস করিতেছে, একট্র শ্রইতে চায়, কেহ কলিকা ফ্র্রকিতেছে।

রাত্রি তৃতীয় প্রহর। জ্বড়ী-রা গান ধরিয়াছে :

"তাই ভাবি গো মনে, বিনে নিমন্তন্নে কেমন করে' যজে যাই বল না।"

এতক্ষণ ডুগি-তবলা নিস্তৰ্খ ছিল, এখন মাতিয়া উঠিল। সে মাতন থামিতে না থামিতে—

> "তোমরা সভাই যাবে, সমান আদর পাবে, আমি গেলে পিতে কথা কবেন না।"

কেবা ভাষা দেখে, কিন্তু বিভাষ রাগিণী ঠিক আছে। সময়ের গ্র্ণে, শ্রোতার নিদ্রাল্বভাবের গ্র্ণে, আর রাগিণীর গ্র্ণে, এই গানই শ্রোতাকে ম্বৃগ্ধ করিত। শ্রোতা ক্ষমাশীল, যাত্রার দোষ হইলেও আসর হইতে উঠিয়া যাইত না।

মতি রায় আসিয়া যায়য় থিয়েটারী ৮ং দ্বকাইয়াছিলেন। জব্দী তান ধরিয়াছে; এমন সময় দব্ই-এক ছোকরা নাচিতে আরম্ভ করিত, বিলাতী মেমেদের নাচ। আর, হঠাৎ মেঝেয় শব্ইয়া পড়িয়া উপরদিকে মব্ধ রাখিয়া হাত ও পায়ের ভরে শ্নো থাকিত ও চাকার মত ঘ্রিত। ইহা ন্তা নয়, ব্যায়াম কোশল। কিন্তু এই চাক-ভঙরি ন্বারা কেমন করিয়া তানের ও গানের গাম্ভীর্য রক্ষা হইত, কে জানে। মতি রায় ন্তন স্বরে গান বাঁধিয়াছিলেন, সোজা স্বর। মাঠে গোর্ব ছাড়িয়া দিয়া রাখাল বালকেরা গাহিত—

"ওরে রাম শশী, হবি বনবাসী, কে আমারে ডাকবে মা বলে'। ওরে রাম-শশী.."

কিন্তু মতি রায়ের যাত্রা ব্যয়-সাধ্য ছিল। প্রতি রাত্রে ফ্রুরান একশত এক টাকা। অন্য আনুষ্ণিগক খরচও অনেক।

দশমীতে উৎসব সমাপত। সেদিন বিজয়া। সেদিন ব্রাহমণ-ভোজন। গ্রাম ছোট হইলে গ্রামের সকল প্রুর্বই ভোজন করিত। অধিকাংশ আত্মীয়-দ্বজন সেই গ্রামেরই লোক। বাহারা প্রজায় কিছুর্বজ করিত, তাহাদের অধিকাংশ সেই গ্রামের। তাহারা অবশ্য নিমন্তিত হইত। বাহারা অন্য গ্রামের, তাহারাও আসিত। মুনিচ ও হাড়ী অতিশয় দরিদ্র ও অতিশয় অসপ্যা। সেদিন তাহারাও নিমন্ত্রিত হইত। বিনা নিমন্ত্রণে থাইতে আসিত না। অন্ততঃ সেদিন তাহারা মান্বের মর্যাদা পাইত।

প্রথমে ব্রাহ্মণ-ভোজন। পর্বেরাত্রে লর্চি ভাজা হইয়া ঝাঁকায় জাঁকে রাখা হইয়াছিল। মোটা মোটা বড় বড় লর্নিচ, ছয় গণ্ডায় একসের। খাঁটি ঘি, খাঁটি ময়দা। পরিদিন মধ্যাহে সে লর্নিচ কোমল, সরুয়াণ ও সন্তবাদন্ হইত। সেই লন্চি ও গন্ড-কুমড়ার ছকা, এক খামচা শ্যামসাড়া আখের চোখা গন্ড, দই ও রসকরা, ইহাই ভোজা ছিল। রাহানেরা প্রথম প্রথম ডাইল খাইতেন না। কিন্তু ছক্কায় ছোলা কলাই থাকিত, ক্রমণঃ ছোলার ডাইল খাইতে আরন্ভ করেন। রাহানেরা ময়রা-ঘরের মিঠাই ও ঝিলাপী দপ্শ করিতেন না। পর্বরাত্রে গোয়ালা হাঁড়া-হাঁড়া দই বসাইয়া রাখিয়াছিল। আহারকালে সে নিজে হাঁড়া হইতে গর্নড় হাঁড়িতে দই ঢালিয়া দিত। সে দই গোর মাটির রং, চাপ-চাপ, অন্তন্মধন্র ও সন্মাণ। খাঁটি দন্ধ, পাঁচ-ছয় ঘণ্টা ধিকি ধিকি জনালে সিন্ধ হইয়া ক্লীরের মত হইত। গোয়ালা নিজকর্ণে দইএর প্রশংসা শ্রনিত। সেকালের লোকে ভোঙা ছিল। যে-কেহ চারি গণ্ডা লন্চি খাইত। কেহ ছয় গণ্ডা লন্চি, আধ-গর্নড়-হাঁড়ি দই, চারিগণ্ডা সন্দেশ স্বছেন্দে খাইতে পারিত।

ভাতের আয়োজনও এইর্প অনাড়ন্বর, বাহ্ল্য-বিজিত। ভাত, ভাইল, পঞ্চব্যঞ্জন, দই, সন্দেশ পর্যাপত বিবেচিত হইত। পঞ্চব্যঞ্জনের মধ্যে দ্ইটি নিরামিষ, দ্ইটি মাছ ও একটি প্রেদিনের বিলদানের পাঁঠার মাংস থাকিত। সকলেরই মুখ প্রসন্ন। সকলেরই পরিতোষ হইত। দেখিলে মনে হইত, সমুদ্য গ্রাম যেন একটি পরিবার। তখন কেহ ব্রিক্ত না, সেদিন বিজয়া-মিলন। তাহারা ভাবিত, সন্ধ্যার পর বিজয়া, দিবাভাগে নয়।

?

কিন্তু সকলে দুর্গাপ্জা করিত না, করিতে পারিত না। এখনও করে না, পারে না। তথাপি সকলেই অন্তরে উৎসবের হিল্লোল অন্ভব করে। প্রবাসী ঘরে ফিরিবার জন্য ছট্ফট করিতে থাকে। চাকর্য়ে দিন গণিতে থাকে, আর, কি কি জিনিস কিনিতে হইবে তাহার প্রনঃ প্রনঃ ফর্দ করে। কলেজের ছাত্রেরা গ্রীক্ষে দীর্ঘ অবকাশ পাইয়াছিল, তব্ব বাড়ী ফিরিবার জন্য ব্যাকুল হয়। মা ছেলেকে অনেক দিন দেখেন নাই; কবে আসিবে, করে আসিতে পারিবে, প্রনঃ প্রনঃ জিজ্ঞাসা করিতে থাকেন। এই ভাব তখন ছিল, এখনও আছে। বরন্বার, পথঘাট পরিষ্কৃত হইয়াছে। বাড়ীর উঠানও নিকানের হইয়াছে। কেহ কেহ ন্বারে ও উঠানে আলিপনা করিয়াছে। তৈজসপাত্র মার্জিত হইয়া ঝক্-ঝক করিতেছে। রন্ধনশালার যাবতীয় হাঁড়িফেলা হইয়াছে, ন্তন হাঁড়ি কাড়া হইয়াছে। আর, স্ত্রী-প্রেষ, বালকব্দধ ন্তন কাপড় পরিয়াছে। কন্যা শ্বশ্রবাড়ী হইতে আসিয়াছে, জামাই শীঘ্রই আসিবে। প্রত্যেক বাড়ীতেই যেন ছোটখাট উৎসব আরম্ভ হইয়াছে। গৃহস্থ কাহার আগমন প্রতীক্ষা করে? কাহার অভ্যর্থনার নিমিত্ত সাজসঞ্জা করে? সে জানে না, কাহার জন্য।

এ কি শরতের আহ্বান? নভোমণ্ডল আ-নীল নিমল। কদাচিৎ
অতি-উচ্চে পাংশ্বর্ণ মেঘ কাপাস ত্লার ন্যায় দৃষ্ট হয়। কিল্তু
পবন নাই, অদ্রের সন্তরণও নাই। অল্তরীক্ষ রজোনিম্ভ। অল্ধকার
রাবে তারকাসকল হীরকবৎ দীগ্তি পাইতে থাকে। কবির নিকট শরতের
চন্দ্র সোল্দর্যের এক বিখ্যাত উপমা। নদী-জল প্রায় নির্মল হইয়াছে।
সরোবরে শ্বেতকমল শোভা পাইতেছে। পথের কর্দম শ্কাইয়া
আসিতেছে। কিল্তু প্রকৃতি নীরব, নিস্তব্ধ, শাল্ত, স্নিগ্ধ; ইহার
উদ্দীপনা নাই।

তবে কাহার আহ্বানে ঘরশ্বার ভূষিত হইয়াছে, আত্মীয়-স্বজন মিলিত হইয়াছে? গৃহস্থ কাহার আগমন প্রতীক্ষা করিতেছে? সে জানে না, শরং ঋতুর; জানে না, নববর্ষের আহ্বান অল্তরে অন্তব করে।

ইহার উৎপত্তি চিন্তা করিতেছি। ঋগ্বেদের ঋষিগণ রবির উত্তরায়ণ হইতে বংসর আরম্ভ করিতেন। হিম. অর্থাৎ শীত ঋতুতে আরম্ভ, এই কারণে তাঁহারা 'হিম'. শব্দে বংসর ব্লিকতেন। শত হিম. বিললে শত বংসর ব্লুঝাইত। খ্লীন্টান জাতি শীত ঋতু হইতে বংসর আরম্ভ করে। ২২শে ডিসেম্বর উত্তরায়ণ, ২৩শে ডিসেম্বর হইতে ন্তন বর্ষ আরম্ভ করা উচিত, কিন্তু শ্রমে ১লা জান্মারি হইতে আরম্ভ করে। এইর্প, ঋগ্বেদের ঋষিগণও হিম ঋতু হইতে বংসর গণিতেন। কতকাল পরে কে জানে, তাঁহারা শরৎ ঋতু হইতেও আর এক বংসর গণিতে আরম্ভ করেন। এই বংসরের নাম শরং। শতং শরদঃ জীবতু, শত শরৎ

বাঁচিয়া থাক, এইর্প আশীর্বচন ছিল। ইহা অদ্যাপি শ্নিতে পাই।
আমরা সে দ্বৈ বংসরই গণিয়া আসিতেছি, কিন্তু জানি না। আমরা
১লা বৈশাথ বংসর ধরিতেছি, কিন্তু এই রীতি বেশী দিনের নয়।
মাত্র ১৬২৯ বংসর পর্বে, ২৪১ শকে, ইং ৩১৯ সালে ইহার আরম্ভ
হইয়াছে; তাহাও ভারভের সর্বন্ত নয়। তখন হইতে আমাদের বর্তমান
পাঁজির গণনা চলিতেছে। সে সময়ে চৈত্র-বৈশাথ বসন্ত ও আশিবনকার্ত্তিক শরং, এইর্প হইত। এখন ঠিক তাহা হয় না। না হইলেও
সেই পাঁজি মানিয়াই আমরা চলিতেছি।

স্থের উত্তরায়ণ দেখিয়া হিম ঋতুর আরল্ভ ব্রিতে পারা যায়।
কিল্তু শরৎ ঋতু ব্রিঝবার কোন উপায় নাই। ঋষিগণ হিম ঋতু হইতে
মাস গণিয়া শরৎ ঋতুর আরল্ভ ব্রিঝতেন। মাস চাল্দ্র মাস; প্রিণমা
হইতে প্রিণমা, অথবা অমাবস্যা হইতে অমাবস্যা। কোন নক্ষ্ম হইতে
সেই নক্ষ্মে আসিতে স্থের ৩৬৫ বার উদয় হয়, আরও কিছু সময়
লাগে। ভাঙগা দিনের পরিবর্তে আর্যেরা বৎসরে ৩৬৬ দিন গণিতেন।
সে সময়ে বারটি প্রিণমা হইয়া বার দিন বাড়ে। অতএব বার চাল্দ্র
মাসে বার দিন যোগ করিলে বৎসর পাওয়া যায়। দ্বই মাসে এক ঋতু।
শীত, বসল্ত, গ্রীষ্ম, বর্ষা—এই চারি ঋতুতে ৮ চাল্দ্র মাস ও অতিরিক্ত
৮ দিন (তিথি) অল্তে শরৎ ঋতুর প্রবেশ হয়। ইহার প্রমাণ আছে।

বৈদিক-যজ্ঞের দিন-নির্ণয়ের নিমিত্ত কয়েকটি স্ত্র প্রণীত হইয়ছিল।
সেসকল স্ত্র এখনও আছে, নাম বেদাৎগ-জ্যোতিষ। খ্রী-প্ চতুর্দশ
শতাব্দে এইসকল স্ত্র রচিত হইয়াছিল। তাহাতে আছে, পৌষ অমাবস্যায়
উত্তরায়ণ। অতএব তদবিধ আট মাস আট তিথি গতে আদিবন শ্রুলানীমী
গতে নবমীতে শরৎ-প্রবেশ হইত। বর্ষা ও শরতের সন্ধিক্ষণেই দ্র্গাপ্রজার সন্ধিক্ষণ। এই কারণেই দ্র্গাপ্রজায় সন্ধিক্ষণের মাহাজ্য।
কিন্তু এই গণনা স্থল; স্ক্রু গণনায় আমাদের বর্তমান পাঁজিতে
নবমীতে নয়, দশমীতে শরৎ-প্রবেশ হয় এবং সেই বিধি অন্সারে
দশমীতে বিজয়া হয়। সে দিন বিজয়োৎসব। সেই উৎসবের জনাই,
নববৎসবের নবস্র্বকে অভার্থনা করিবার জনাই আমরা গ্রেশবার মার্জিত
ও সন্জিত করি, নিজদেহ নববন্দে শোভিত করি। স্ব্রেখ দ্বঃথে এক

বংসর অতীত হইয়াছে, নব বংসরে আমাদের বিজয় হউক, আমাদের মনস্কামনা সিন্ধ হউক। এই নিমিত্ত আমরা জগজ্জননীর প্রজা করি; আর, গ্রেজনের আশীর্বাদ প্রার্থনা করি, আত্মীয়-স্বজনের কুশল কামনা করি, তাহাদিগকে লইয়া উত্তম দ্রব্য ভোজন করি। এই বিজয়-কামনা হেতু এই দশমীর নাম বিজয়া-দশমী হইয়াছে। সেদিন আনন্দে কাটিলে সারা বংসর আনন্দে কাটে।

বঙ্গদেশ, আসাম ও বিহারের কিয়দংশে দ্বর্গাপ্রেলা হয়। ভারতের অন্যত্ত লোকে নবরাত্ত রত করে। আশিবনের শত্রুক্ত প্রতিপদ হইতে নবমী পর্যন্ত নবরাত্ত, নয় দিনের ব্রত। পর্রাদন দশরাত্তি, সংক্ষেপে দশ-রা। সে সে প্রদেশের লোকে 'দশরা পরব' বলে (দশহরা নয়)। 'দশরা'তে নববর্ষের প্রথম রবির উদয় হইবে। এইজনাই উৎসব বা আনন্দ-প্রকাশ।

কাথিয়াবাড় ও গ্রুজরাত প্রদেশের নারীরা এই নবস্থেরি উদয় সম্ভাবনায় হর্ষে নৃত্যগীত করে। সে দেশে প্রনারীর নৃত্য-গীত দ্যা নয়। তাহারা একটি শতচ্ছিদ্র শেবতরঞ্জিত হাঁড়ির মধ্যে প্রজন্ত্রিত দীপ রাথে ও সেই হাঁড়ি বেন্টন করিয়া নৃত্য-গীত করে। বষীয়সী নারী সে হাঁড়ি মাথায় লইয়া পাড়ায় পাড়ায় দেখাইয়া ও গান গাহিয়া বেড়ায়। এই নৃত্যগীতের নাম 'গর্বা'। সংস্কৃত 'গর্ভ' শব্দের অপভ্রংশ মনে করি। ছিদ্রপথে দীপের রশ্মি বহির্গত হয়। হাঁড়িটি স্থের প্রতির্পক, ইহাই গর্ভ। নব রাচি গতে এই গর্ভের জন্ম হয়।

কিল্ডু লোকে এত কথা জানে না। 'দশ-রা' কেন আনদের দিন, তাহারও কারণ পায় না। মনে করে, রামরাবণের যুদ্ধ হইতেছিল, নবমীতে রাবণ রণক্ষেত্রে পতিত হয়, লঙ্কা জয় করিয়া রামচন্দ্র দশমীতে অযোধ্যা-যাত্রা করিয়াছিলেন। তাঁহার বিজয়ে আমাদের সকলের বিজয় হয়। নবরাত্র⁄ রতের দেশে লোকে রামলীলার অভিনয় করিয়া হর্ষধর্নন করে। কিল্ডু ব্যাখ্যাটি ঠিক নয়। শরংকালে রামরাবণের যুদ্ধ হয় নাই, কুরুপাণ্ডবের যুদ্ধও হয় নাই। কোন বড় যুদ্ধ শরংকালে হইত না, হইতে পারিত না। হেমন্ত যুদ্ধের কাল। শরতে যুদ্ধ বাল্মীকির রামায়ণে নাই, ব্যাসের মহাভারতেও নাই।

শারদোৎসব অলপ দিনের নয়, সাড়ে ছয় হাজার বৎসর এই উৎসব

চিলিয়া আসিতেছে। দ্বর্গোৎসব নয়, শারদোৎসব; শরৎ-ঋতু প্রবেশ-জনিত উৎসব। কোন্ সময়ে কি আকার ছিল, আমরা জানি না। পর্বে প্রেব যে যে দিন শরৎ-প্রবেশ হইত, আমরা অদ্যাপি সে সে দিন পালন করিতেছি, কিন্তু উৎপত্তি ভাবি নাই। এখানে পাঠকদিগকে সমরণ করাইতেছি।—

- (১) ২৪১ শকের গণিত অন্সারে দশমীতে শরং আরম্ভ হইতেছে।
 ইহার প্রকালে এই তিথির পরে হইত। মহাভারত পাঠে জানিতেছি,
 কুর্কুলপতি মহাম্মা ভীষ্ম মাঘী শ্রুজান্টমীতে স্বর্গারোহণ
 করিয়াছিলেন। সেদিনকৈ আমরা ভীষ্মান্টমী বলি। প্রকান সক্মীতে
 রবির উত্তরায়ণ হইয়াছিল। মাহেশ্বর য্ব্গ (শ্রীশ্রীসরস্বতী-প্রজা পশ্য)
 অন্সারে ইহা খ্রী-প্র ৪৫০ অন্দের ঘটনা। এখানে প্রণিমা হইতে
 প্রণিমা মাস। মাঘী শ্রুসক্তমী হইতে আট মাস আট দিন গণিলে
 আশ্বন-প্রণিমা আসে। সেদিন আমরা লক্ষ্মীপ্রজা করি। রাতিকালে
 লক্ষ্মীর আগমন হইবে, এই আশায় রাত্রি জাগরণ করি। সেদিন দ্যুতক্রীড়া করিতে হয় এবং জয় হইলে ব্রিকতে হয় সংবংসর বিজয় হইবে।
- (২) আরও প্রাচীনকালে প্রবেশ করি। যজ্বর্বেদে ও অথব্বেদে আছে, মাঘকৃষ্ণান্টমীতে উত্তরায়ণ হর। তদন্সারে জানিতেছি, আশ্বিন কৃষ্ণান্টমীতে আট মাস ও তদনন্তর আট দিন পরে কান্ত্রিক শ্বুক্ল প্রতিপদে শরং ঋতু আরুল্ড হইত। এইদিন পাঁজিতে দাত্ত-প্রতিপদ নামে খ্যাত। এই নাম হইতেই উৎপত্তি ব্রঝিতেছি। প্রেদিন শ্যামাপ্রজা হইয়াছে। আশিবন শ্বুক্লা নবমীতেও অবিকল সেইর্পে দ্র্গাপ্রজা হইয়াছে। দশ্মী শরং বৎসরের প্রথম দিন; সেইর্পে কার্ত্তিক শ্বুক্ল প্রতিপদ শরং বৎসরের প্রথম দিন। গ্রুজরাতে এই শরং বৎসর অদ্যাপি চলিতেছে। বণিকেরা স্মেদিন শ্বুদ্ধাচারে থাকে, আত্মীয়-স্বজনের সহিত উত্তম ভোজন করে এবং বাণিজ্যের ন্তন খাতা করে। আশিবন অমাবস্যায় যে দীপালী হয়, তাহার সহিত নববর্ষ-উৎসবের সম্বন্ধ নাই। তাহার অন্য কারণ ছিল।

খ্রী-প্ ২৫০০ অব্দে যজ্বর্বেদ প্রণীত হইয়াছিল। ইহার প্রের্ব ঋগ্বেদের কাল চলিয়াছিল। সে কাল অন্ধকার। কদাচিৎ কোথাও দ্বই-একটা নক্ষত্র দেখিতে পাওয়া যায়, কিন্তু তদ্দ্বারা হিমবর্ষ বা শরৎ- বর্ষের আরম্ভ ধরিতে পারা যায় না। কিন্তু অন্য উপায় আছে, সে উপায় সকলেই জানেন।

(৩) লক্ষ লক্ষ পাঠক ভগবদ্গীতা পড়িয়াছেন। ভগবান্
বিলতেছেন, "মাসানাং মার্গশীর্ষোহহং", — আমি দ্বাদশ মাসের মধ্যে
মার্গশীর্ষ। বংগদেশে আমরা এই মাসকে 'অগ্রহায়ণ' বলি। ইহার অর্থা,
যে মাস হায়নের (বংসরের) অগ্র (প্রথম)। অতএব, মার্গশীর্ষ বা
অগ্রহায়ণ মাস এককালে এক বংসরের প্রথম মাস গণিত হইত। অতি
অলপ পাঠক এই ভগবদ্বিত্তর তাৎপর্য অনুধাবন করিয়াছেন। অনুধাবন
করিলে ব্রাঝতেন, এখানে আর্যকৃষ্টির এক প্ররাতন ইতিহাস ল্ব্লায়িত
আছে। কদাচিৎ কেহ জানিতে চাহেন, মার্গশীর্ষ কোন্ বংসরের প্রথম
মাস ছিল? কত কাল প্রের্ব ছিল? দ্বইটি প্রশ্নই গ্রুর্ভ-প্রণ।
আমরা যে শারদোৎসব করি, আমরা তাহার আরম্ভকাল দেখিতে পাইব।
আরও দেখিব, আমাদের প্রভা-পার্বণে অনেক প্রোতন ইতিহাস নিহিত
আছে। আমরা অন্ধ, দেখিতে পাই না। মনে করি, সেসব কু-সংস্কার।

প্রথমে দেখি, মার্গশীর্ষ নাম কেন হইল। চন্দ্র নক্ষরপথে গমনাগমন করিতেছে। যে নক্ষরে কিন্বা নক্ষরের নিকটে প্রণ্চিন্দ্রের উদয়
হয়, সে নক্ষরের নামে সে প্র্ণিমার নাম। ম্গশীর্ষ বা ম্গশিরা নামে
এক নক্ষর আছে। সেই নক্ষরে প্রণ্চিন্দ্রের উদয় হইলে সে প্রণিমার
নাম মার্গশীর্ষী প্রণিমা। এইর্প, অপর এগার্রাট প্রণিমার নাম
হইয়াছে। যে মাসে মার্গশীর্ষী প্রণিমা হয়, সে মাসের নাম মার্গশীর্ষ।
ঋগ্রেদের কালে ম্গের শীর্ষ বা শিরে নক্ষর না ধরিয়া সমগ্র নক্ষরে।
মাসে সন্ধ্যাকালে এই নক্ষরে প্রণিচন্দ্রের উদয় দেখিতে পাওয়া য়ায়।
আমরা যেমন দেখিতেছি, প্রেকালেও তেমন দেখা ফাইতা নক্ষরের
নড়চড় নাই, প্রণিমারও নাই। কিন্তু শীত-গ্রীজাদি ঋতু শনৈঃ শনিঃ
পশ্চাদ্গামী হইতেছে। কালিদাসের বিরহী হক্ষ্ণ নব জ্বনধরকে দ্বত
করিয়াছিলেন। 'আষাঢ়স্য প্রশম দিবসে', আষাঢ় মাসের শেষ দিনে, বর্ষাঋতুর আরশ্ভ হইয়াছিল। আমরা সেদিনকে ক্ষ্প্র্বাচী বলি। কালিদাস
২৪১ শকের গণিত অনুসারে গ্রাবণ-ভাদ্র বর্ষাক্ষাল ধরিয়াছেন। এইন

49

৮ই আষাঢ় অন্ব্ৰাচী হইতেছে। বৰ্ষাঋতু ২৩ দিন পিছাইয়া আসিয়াছে। কিণ্ডিদধিক দুই সহস্ৰ বংসৱে এক মাস পিছায়। মাস যেখানে, সেখানেই থাকে। উত্তরায়ণ পিছায়, সকল ঋতুর আরুন্ড পিছায়।

এখন আমরা উপরের প্রদেবর উত্তর দিতে পারি। মার্গশীর্ষ কোন্
বংসরের প্রথম মাস ছিল? ঋগ্বেদের কালে হিমবর্ষ ও শরংবর্ষ, এই
দ্বুইটি বংসর ছিল। পরে আর এক বর্ষ, বসন্তবর্ষ গণিত হইতে থাকে।
এই তিন বর্ষের কোন্ বর্ষের আরন্ডে সন্ধ্যাকালে ম্গনক্ষত্রে প্রণ্চিন্দের
উদয় হইত? বসন্তবর্ষ হইতে পারে না, হিমবর্ষও হইতে পারে না।
কারণ, ঋতু পশ্চাদ্গামী, মাস অগ্রগামী হয়। এখনও হিমঋতু প্রোষের
আরন্ডে আসিতে পারে নাই। অতএব, অগ্রহায়ণ মাস শরংবর্ষের প্রথম
মাস ছিল, এবং দ্বই সহস্র বংসর ধরিয়া শরংঋতুর প্রথম মাস গণ্য হইত।
এক সময়ে অগ্রহায়ণ প্রণিমায় শরংঋতুর প্রবেশ হইত, এবং আমরা
বেমন শরং প্রবেশকে বিশেষ দিন গণ্য করিত। শ্রীমদ্ভাগবতে গোপীরা
অগ্রহায়ণ মাসে কাত্যায়নীরত করিত। কাত্যায়নী দ্বর্গা। অগ্রহায়ণ
মাসে দ্বর্গারত আক্সিমক নয়।

অগ্রহারণ প্রণিমার শরংঋতুর আরশ্ভ হইলে নিশ্চর তংকালে আশ্বিনী প্রণিমার বর্ষাঋতুর আরশ্ভ হইত। আশ্বিন হইতে কার্ত্তিক, ও কার্ত্তিক হইতে অগ্রহারণ প্রণিমা, দ্বইমাস বর্ষাকাল ছিল। অতএব পাইতেছি, আমরা যেদিন কোজাগরী লক্ষ্মীপ্রজা করি, সেদিন অশ্ব্রোচী হইত। আর, এই প্রোতন ইতিহাস লক্ষ্মীর ধ্যানে নিহিত আছে। চারি গজ শ্বন্ড দ্বারা চারি ঘট লইরা লক্ষ্মীর দেহে বারি সেচন করিতেছে। অনেকে অশ্ব্রাচীর দিন পক্ক অল্ল ভোজন করেন না, ফলম্বল খাইয়া থাকেন। কোজাগরী লক্ষ্মীপ্রজার দিন নারিকেলসহ চিপিটক ভক্ষণ তাহারই অন্কল্প। উপরে দেখিয়াছি, এইদিনে নব্বর্ষও আরশ্ভ হইত। সেই কারণে রাত্রি জাগরণ ও দ্যুত-ক্রীড়া দ্বারা নববর্ষে শ্বভাশ্বভ পরীক্ষা করা হয়।

কতকাল প্রে আশ্বন-প্রিমায় অন্ব্রাচী হইত, এখন অক্লেশে বলিতে পারি। অশ্বিনীতে প্র্চিন্দ্র থাকিলে আশ্বিন-প্রিমা। তখন এই নক্ষত্রের বিপরীত দিকে চতুর্দশ নক্ষত্রে অর্থাৎ চিন্রা নক্ষত্রে সূর্য থাকেন। অতএব, তৎকালে সূর্য চিন্রা নক্ষত্রে আসিলে অন্ব্রাচী হইত। অন্ব্রাচীতে দক্ষিণায়ন আরম্ভ হয়। মহাবিষর্ব হইতে দক্ষিণায়নাদি ৯০ অংশ। অতএব, তৎকালে চিন্রা নক্ষত্র মহাবিষর্ব হইতে ৯০ অংশ দ্রের ছিল। বর্তমানে মহাবিষর্ব হইতে চিন্রা তারা ২০৩ অংশ দ্রের আছে। ইহা হইতে ৯০ অংশ বাদ দিলে ১১৩ অংশ থাকে। ৭৩ বংসরে অয়ন ১ অংশ পশ্চাদ্গামী হইত। অতএব, ১১৩ × ৭৩ = ৮২৪৯ বংসর প্রেব চিন্রা নক্ষত্রে রবির দক্ষিণায়ন আরম্ভ হইত।

আরও দেখিতেছি, শরংঋতু আরশ্ভের চারিমাস পরে হিমঋতু আরশ্ভ হয়। অগ্রহায়ণ-পর্নিগমায় শরংঋতু আরশ্ভ হইলে ইহার চারি-মাস পরে চৈত্র-পর্নিগমায় হিমঋতুর আরশ্ভ হইত। সেদিন রবির উত্তরায়ণ। অতএব, রবি চিত্রা নক্ষত্রে আসিলে দক্ষিণায়ন হইত।

প্রে দেখিয়াছি, ছয় সহস্র বংসর প্রে ফাল্ম্নী প্রিমার শীত ঋতুর আরম্ভ হইত। দোল্যান্রায় আমরা তাহার স্মৃতি রক্ষা করিতেছি। এখানে আরও দ্বই সহস্র বংসর প্রের, অর্থাৎ খ্রী-প্রায় ছয় সহস্র বংসর প্রের স্মৃতির নিদর্শন পাইতেছি।

ভারতের অতীত ইতিহাস স্মরণ করিলে বিস্ময়ে অভিভূত হইতে হয়। প্রাচীন আর্যগণ ঋতু আরম্ভে যজ্ঞ করিতেন। যাঁহারা যজ্ঞ করিতেন, তাহাঁরা ঋষিক্। শারদ যজ্ঞাদনে আমরা এখন দেবীপ্জা করিতেছি। তাহাঁরা শরংপ্রবেশে নিশ্চয় আনন্দ অন্ভব করিতেন।

পূর্ব-পিতামহগণের এই প্রাকাহিনী শ্রবণ করিলে মন পবিত্র ও উদার হয়; দেব, ঋষি ও পিতৃপ্রে,ষের প্রতি ভক্তি হয়; চিত্ত নির্মাল হয়; ঈর্ষা, দেবষ, অসতা, প্রতারণা প্রবৃত্তি নির্মুধ হয়; এবং আমরা বলি, দেবীর কৃপায় নববর্ষে সকলের বিজয় হউক। স্বৃস্তি।

রা স যা তা

কোন্দিন বা কোন্ তিথিতে কি করিতে হইবে, কি কৃত্য, তাহা আমাদের পাঁজিতে লেখা থাকে। সকলের পক্ষে সকল কৃত্য নয়, সকলে সকল কৃত্য করেন না। কিন্তু হিন্দুমাত্রেরই কতকগন্লি কৃত্য আছে, সেগন্লি সাধারণ। একটা প্রশ্ন স্বতঃ মনে আসে, কেন সেদিন সে কৃত্য, কেনই বা সে কৃত্য সের্প। কার্য ত দেখিতেছি, হেতু কি? স্মৃতিশাস্ত্র প্রনাণ বলেন, এই দিন ইহা করিবে। কিন্তু অন্যাদিন না করিয়া কেন সেই দিন, এবং কেনই বা সেই কৃত্য, তাহার উত্তর দেন না। এই কেন-র উত্তর নানা জনের ব্লিখতে নানা আকার ধরে। কিন্তু কেন-র কেন খ্রিজতে খ্রিজতে শেষে বলিতে হয়, জানিনা; অতীত কালে, দ্রে অতীত কালে, কি ঘটিয়াছিল, তখনকার লোকে কি ভাবিতেন, কে জানে?

তথাপি কোত্হল থাকিয়া যায়, সদন্তর পাইবার ইচ্ছা হয়।
সদন্তরও সেটা, যেটার কৃত্যের আন্মিণিগক অন্পান ও তদন্র্প কৃত্য
ব্নিকতে পারা যায়। প্রদেশে প্রদেশে কৃত্যের তিথির এবং কদাচিৎ
আকারের ভেদ আছে। এখানে রাস-প্রিমার কৃত্য আলোচনা
করিতেছি।

মণ্ডলাকারে নৃত্যের নাম রাস। নরনারীর একত্র মণ্ডলাকারে নৃত্য সাঁওতালদিগের মধ্যে আছে। তাহারা এই প্রকার নৃত্যকে 'কারাম্' বলে। বোধ হয়, প্র্বকালে এই প্রকার নৃত্য গোপগোপীগণের মধ্যে প্রচলিত ছিল। এক সময়ে রাসপ্রিমায় বর্ষ আরুল্ড হইত। রাত্রি দ্বি-প্রহরে রাসেগংসবের কাল।

স্থের্ প্রকাশ দ্বারা দিবা ভাগ হইতেছে, কিন্তু তদ্দ্বারা এক দিবা হইতে অন্য দিবা পৃথক্ করিতে পারা যায় না। এই হেতু প্রকালে রাহিন্বারা দিন গণা হইত। চন্দ্র দেখিয়া চান্দ্র দিন গণনার রীতি হইয়াছিল। প্রণ্চন্দ্র সহজে ব্রিঝতে পারা যায়; এই হেতু বলা হইত, প্রণিমার পর এত রাহি গত। আমরা বাংলাদেশে স্থের দিন্ ও মাস গণিয়া লোক-ব্যবহার করি। কিন্তু, ভারতের অধিকাংশ স্থানে পর্বকালের রীতি চলিয়া আসিতেছে, লোক-ব্যবহারেও চান্দ্রদিন বা তিথি এবং চান্দ্রনাস বা 'মাস' চলিতেছে। 'মাস' শব্দের ম্লে 'মাস্' অর্থাৎ চন্দ্র। পর্নিমার এক নাম পোর্ণমাসী আছে, অর্থাৎ যে তিথিতে মাস্ (চন্দ্র) প্রণ নয়। আমরাও প্রাচীন রীতি ছাড়িয়াও ছাড়িতে পারি নাই। যখন বলি, আজ মাসের ১০ই, তখন বলি, মাসের দশমী (তিথি)। প্রনর তিথিতে এক পক্ষ, দুই পক্ষের মধ্যস্থলে পর্ব অর্থাৎ সন্ধিস্থান। অমাবস্যা ও প্রণিমা দুই পর্ব। অর্ধরাত্রে পর্বসন্ধি।

চলের পথ আকাশে যেন বাঁধা আছে, এ নক্ষত্র সে নক্ষত্রের পাশ দিয়া চলিয়া গিয়াছে। কোনও এক নক্ষত্রের নিকট হইতে গিয়া সে নক্ষত্রে ফিরিয়া আসিতে চল্দের ২৮ রাত্রি লাগে। চল্দ্র যেন এক এক রাত্রি এক এক নক্ষত্রের সহিত বাস করেন। কবি দেখিলেন, নক্ষত্রগুলি কন্যা, চল্দের সহিত তাহাদের বিবাহ দিলেন, চল্দ্র তারাপতি হইলেন। যে নক্ষত্রের নিকটে চল্দ্র পূর্ণ হন, সে নক্ষত্রের নামে প্রণিমার নাম হইল। কৃত্তিকা নক্ষত্রের নিকট কৃত্তিকা-সন্বল্ধী অর্থাৎ কার্ত্তিকী পোর্ণমাসী, বিশাখার নিকটে বৈশাখী প্রণিমা, ইত্যাদি। অক্রেশে নক্ষত্র চিনিবার আভিপ্রায়ে নিকটবতী তারা লইয়া এক এক রূপ কল্পিত ও নক্ষত্র-নাম প্রচলিত হইয়াছিল।

কিন্তু প্রত্যেক নক্ষত্রের নিকটেই প্রণিমা হইতে পারে। কোন্
নক্ষত্রে প্রণিমাকে 'মাসে'র শেষ বা আরম্ভ ধরা যাইবে? চন্দ্রের ন্যায়
স্থাপ্ত নক্ষত্রের পাশ দিয়া গমন করিয়া প্রথিবী প্রদক্ষিণ করিতেছেন।
ছয় মাস দক্ষিণ হইতে উত্তরে, ছয় মাস উত্তর হইতে দক্ষিণে গমন করিয়া
দ্বই অয়নে এক বংসর প্রণ করিতেছেন। বংসরের চারিটি দিনে বিশেষ
আছে। উত্তরায়ণ দিনে দীর্ঘাতম রাত্রি, দক্ষিণায়ন দিনে দীর্ঘাতম দিবা;
দ্বই বিষ্কৃব দিন সম-রাত্রি-দিবা। এই চারির ষে-কোনও দিন বংসর
আরম্ভ ধরা যাইতে পারে। যে দিন বংসর আরম্ভ, সে দিন মাসেরও
আরম্ভ ধরিতে হইবে।

এক নক্ষত্র হইতে সেই নক্ষত্রে প্রত্যাব্ত হইতে রবির ৩৬৬ দিন লাগে। সে সময়ের মধ্যে ১২টি প্রিণিমা হইয়া আরও ১২ দিন অবশিষ্ট থাকে। দুই-তিন বংসরে এক মাস বাড়িয়া যায়। ঋগ্রেদের ঋষিগণ এই অধিক মাস ত্যাগ করিতেন। এইর্পে ঋতুর সহিত চান্দ্রমাসের সামঞ্জস্য রাখিয়াছিলেন। মুসলমানী পাঁজিতে অধিক মাস পরিত্যন্ত হয় না। এই কারণে মহরম প্রতি বংসর এগার দিন করিয়া পিছাইতে থাকে। মহরম বংসরের প্রথম মাস।


কিন্তু মাস দ্বে রাখিয়া ঋতু পিছাইতে লাগিল, দুই সহস্র বৎসরে
এক মাস (এক চাঁদ) অগ্রে গিয়া পড়িল। প্রাচীনেরা দেখিলেন, যে যে
নক্ষরে অয়ন ও বিষ্কৃব পূর্বকালে হইত, এইর্প শ্রুতি বা স্মৃতি ছিল,
এখন আর সে নক্ষরে ঘটে না। এ কি ব্যাপার! যে-টা ঋত, সে-টা অন্ত
হইয়া পড়িতেছে! অকালে যজ্ঞকর্ম ও কৃষিকর্ম করাও চলে না। এই
দুশিচনতার অবধি ছিলনা। বেদের রাহানে ও তাহার ছায়া-ন্বর্প প্রাণে
নানা অলোকিক উপাখ্যানে এই আশ্চর্য ব্যাপার লিখিত হইয়াছে।
যজ্ববৈদের কালে ঋষিগণ ঋতু ধরিয়া বংসরকে মধ্য মাধব ইত্যাদি নামে
ন্বাদশ ভাগ করিলেন। তদবধি মধ্য ও মাধব মাসে বসনত হইতেছে।
এইর্প অন্যান্য ঋতু।

অয়নের পশ্চাৎ চলন হেতু প্রাচীন খবিগণ চিন্তিত ইইয়াছিলেন।
কিন্তু ভাগ্যে তাহাঁরা নক্ষরে নক্ষরে অয়ন বাঁধিয়াছিলেন, তাই আমরা
তাহাঁদের কাল নির্দেশ করিতে পারিতেছি। নিঃসঙ্কোচে বলিতেছি,
বেদে খ্রীষ্টের অন্ততঃ ৪০০০ বংসর প্রের কথা আছে। কারণ,
মৃগশিরায় প্রনিমা হইত শরৎ ঋতুতে, অগ্রহায়ণ বংসরের প্রথম মাস
ছিল, ফাল্যুনী প্রিমায় উত্তরায়ণ হইত। লোকমান্য টিলক এই
আবিন্কার করিয়া গিয়াছেন। এ ছাড়া অন্য প্রমাণ আছে, আরও প্রের্ব
কথাও আছে। ঋগ্বেদে শরৎ অর্থে বংসর ব্রাইত; অদ্যাপি সে অর্থ
সংস্কৃতে আছে।


কালজ্ঞরা দেখিলেন, কৃত্তিকা ও বিশাখায় বিষ্ক্র, মঘায় উত্তরায়ণ।
কৃত্তিকায় প্রণিমা কাত্তিক মাস বংসরের প্রথম মাস হইল, অঞ্পরের নিকট বিশাখায় প্রণিমা বৈশাখ মাস হইতে বংসর আরম্ভ হইল। কৃত্তিকায় বাসন্ত বিষ্ক্র, বিশাখায় শার্দ বিষ্ক্র; কৃত্তিকায় প্রণিমা হইলে স্থাকে বিশাখায় থাকিতে হইবে (পরিশিষ্ট পশ্য)। আমরা এখনও বলি, বংসরের প্রথম মাস বৈশাখ। বহ_ুকাল পর্য[্]ত কাত্তিকাদি মাস-গণনা ছিল এবং আমাদের পাঁজিতে কাত্তিকাদি বর্ষ এখনও লিখিত হইতেছে। মিথিলার লক্ষণাৰু কাৰ্ত্তিক হইতে গণা হইত। কাৰ্ত্তিক প্ৰণিমাই রাসপ্ৰিমা। এই কালে কুমুদ প্রস্ফুটিত হয়, অতএব কোমুদী। মধ্য রাত্রে রাস; সে সময় নবমাস-ও নববর্ষ-প্রবেশ। সূর্য বিশাখায়। বিশাখা তারার এক প্রাচীন নাম রাধা। রাধা নামের অর্থ লক্ষ্মী। নববর্ষে কে না সোভাগ্য কামনা ক্রে? বিশাখার রাধা নাম তত চলিত ছিল না, অগ্রহায়ণ নামটিও চলিত ছিল না, এই দুই নাম গ্রণবাচী ছিল। কিন্তু যজ্বর্বেদের কালে যখন <mark>নক্ষত্রের নাম হইয়াছিল, তখন রাধা নামও হইয়াছিল। নতুবা রাধার</mark> অর্থাৎ বিশাখার পরের তারার নাম অনুরাধা হইত না। অথববেদে বিশাখার নাম রাধা আছে। বিশাখার পরে অন্রাধার উদয় হয়, অন্বরাধা বিশাখার অন্বর্গমন করে। বিশাখা-নক্ষত্র দ্বইটি তারা। এই দুই তারা দেখিয়া বিশাখা চেনা সোজা, রাধা নামে চিনিতে পারা যায় না। কার্ত্তিক-পূর্ণিমার রাত্রে সূর্য বিশাখার সহিত মিলিত হন। বৈশাথ মাসের ঋতু-নাম মাধব; রাধা ও মাধবের মিলন হয়। যেদিকে দেখি, সেদিকেই রাধা-কৃষ্ণ আকাশে অগ্রবতী হইয়া মণ্ডলাকারে রাস-লীলা করেন। বলদেব শ্রীকৃষ্ণের অগ্রজ, তিনি রাস-লীলায় নাই। যাহাঁরা প্রোণ-বার্ণত শ্রীকৃষ্ণের বাল্যলীলার সহিত নানাকালে সম্পন্ন স্থ-লীলা অনুধ্যান করিবেন, তাহাঁরা দেখিবেন, কৃষ্ণের বাল্যলীলা সূর্য-লীলার প্রতিবিন্ব।

প্রবিল ফলগ্নী নক্ষরে রবির দক্ষিণায়ন আরম্ভ হইত (দোলযাত্রা পদ্য)। শ্রীকৃষ্ণের কালে আর হইত না। যে ফলগ্ননী-নক্ষরশ্বর যুগল-তর্র ন্যায় দেখায় শিশ্ব-কৃষ্ণ সে যমলার্জন ভাঙিগয়া ফেলিলেন (চিত্র ৪)। রোহিণী-নক্ষরে বাসন্ত-বিষ্ব হইত না। রোহিণী-নক্ষর শকটাকার। শিশ্ব-কৃষ্ণ গোপদিগের এই দিধ-বহন শকট উল্টাইয়া দিলেন (চিত্র ৫)। শ্রীকৃষ্ণের অলৌকিক কর্ম দেখিয়া গোপালগণ আশ্চর্ম হইয়াছেন, "দিব্যও কর্ম ভবতঃ কিমেতং তাত কথ্যতাম্"—আপনার কর্ম 'দিব্য', হে তাত, এ সকল কি? আপনার একি বাল-ক্রীড়া, অথচ নিন্দিত গোপকুলে জন্ম! (বিষ্ণুপ্রাণ)। শ্রীকৃষ্ণ গোপালগণকে জানিতে দেন নাই, তিনি কে, এবং

্কেনই বা তিনি গো-পাল। সে কথা বেদের ঋষিরা বিলক্ষণ জানিতেন। গো-শব্দের এক অর্থ রশ্মি। বহু প্রেকালে প্রাচীনেরা মনে করিতেন,



চিত্র ৪। যমলার্জনে (ফল্মনুলীল্বয়)। মে মাসের মাঝামাঝি রাত্রি
৮ টায় মধ্যরেথায় দৃল্ট হয়। এক মাস আগে রাত্রি
১০টায়, দুই মাস আগে ১২টায়, ইত্যাদি ক্রমে দৃল্ট হয়




টিচত ও। রোহিণী-শকট। জান-আরির শেষে রাত্রি ৮ টার, এক মাস আগে ১০ টার, চারি মাস আগে ভোর ৪ টার, ইত্যাদি ক্রমে মধ্যরেথায় দৃষ্ট হয়

স্থের রশ্মিতেই তারাগণের দীগত। তারাগণই গো, স্থ গোপ, গোগতা। এই কারণে তিনি গো-পাল। পর্রাণকারও বিলক্ষণ জানিতেন, তাই শ্রীকৃষ্ণের জন্ম-সম্বন্ধে লিখিলেন, "মহাত্মা স্থ-র্প বিস্কৃং (অচ্যুত ভান্) আবিভূতি হইলেন।"

যখন কৃষ্ণ বালক, তখন তিনি দেখিলেন, যম্না নদীর এক হুদে এক ভ্রাঞ্চর বিষধর নাগ বাস করে। তাহার বিষের জনালায় যম্নাতীরস্থ বৃক্ষ সম্দয় জনিলয় গিয়াছিল। একদিন বাল-কৃষ্ণ যম্নাতীরস্থ এক কদন্ব-বৃক্ষে আরোহণ করিয়া সে হুদে ঝাঁপাইয়া পড়িলেন। তৎক্ষণাৎ কালিয় নাগ তাহাঁকে বেণ্টন করিয়া ফেলিল। কৃষ্ণ নিশ্চেণ্ট হইয়া রহিলেন। এই সংবাদ পাইয়া যশোদা, নন্দ ও অপর সম্দয় গোপ-গোপী সেখানে আসিয়া আর্তনাদ করিতে লাগিলেন। বলরাম কৃষ্ণকে স্মরণ করাইয়া দিলেন, তিনি কে। তখন কৃষ্ণ স্বীয়-দেহ বন্ধনম্ভ করিয়া কালিয় নাগের ফণায় আরোহণ প্রেক নৃত্য করিতে লাগিলেন। কালিয় নাগেও নাগিনীগণ কৃষ্ণের স্তব করিতে লাগিল। কৃষ্ণ তাহাদিগকে প্রাণে না মারিয়া সম্দে গমন করিতে বালিলেন। গোপ-গোপীয়া হর্ষোৎফ্লেল নেতে স্ব স্ব গ্রে প্রত্যাগমন করিলেন।

এই উপাখ্যানের মূলও ঋগ্বেদে আছে। সেখানে ইন্দ্র বৃত্র নামক আহিকে বধ করিতেন। বংসর বংসর বধ করিতেন, বৃত্র নিহত হইলে বর্ষাঋতু আরুভ হইত। অর্থাৎ, ইন্দ্র দক্ষিণায়ন দিনে বৃত্র বধ করিতেন। সেখানে বৃত্রের যেটা প্রুচ্ছ ছিল, এখানে সেটা কালিয় নাগের ফণা হইয়াছে। অন্লেষা-নক্ষর সেই ফণা (চিত্র ৬)। জ্যোতিষ-গ্রন্থে সূর্যের বার্ষিক ভ্রমণবৃত্তের মেরুর নাম কদন্ব। কৃষ্ণ সে কদন্ব হইতে ঝাঁপ দিয়া সপ্রের ফণায় অর্থাৎ অন্লেষায় পড়িয়া একটি বৃত্তচাপ রচনা করিয়াছিলেন; এই চাপ অয়নাদি বৃত্তের অংশ। তিনি ফণার উপর নৃত্য করিয়াছিলেন। আমরা জানি, উত্তরায়ণ ও দক্ষিণায়ন দিনে রবি দোলিত হইয়া থাকেন, সে দোলনই এখানে নৃত্য। কালিয় নাগ আকাশ-সমুদ্রে চলিয়া গিয়াছে, সে আর বর্ষাঋতু আসিবার ব্যাঘাত করে না।

চেদীদেশের এক বিখ্যাত ধর্মিণ্ঠ রাজা উপরিচর-বস, এক দীর্ঘ ধরজ উত্তোলন করিয়া ইন্দ্রধরজ-রোপণ নামক এক উৎসব প্রবর্তিত করিয়াছিলেন। কোন্ দিন রবির দক্ষিণায়ন আরশ্ভ হইবে, মধ্যাহে ধনজের ছায়া দেখিয়া নির্মেপত হইত। অমাত্যাদি সহ রাজা ও প্রজাবর্গ এই উৎসব করিতেন। অদ্যাপি আমাদের অনেক দেশীয় রাজ্যে এই উৎসব অন্ত্রিত হইতেছে। বাঁকুড়া জেলায় স্থানে স্থানে এই উৎসব



চিত্র ৬। কালির নাগ। এপ্রিলের শেষে রাত্রি ৮ টার, এক মাস আগে ১০ টার, চারি মাস আগে ভোর ৪ টার চিত্রা ও মঘার দক্ষিণে দুম্ট হ্র

চলিতেছে। নাম ই'দ পরব। ভাদুমাসের শ্রু-ন্বাদশীতে ইন্দ্রধ্বজ উত্তোলিত হয়। যেকালে রোহিণী-নক্ষত্রে বাসন্ত-বিষর্ব দিন হইত, সেকালের স্মৃতি আমরা এখন দশহরা কৃত্য ন্বারা রক্ষা করিতেছি। জ্যৈষ্ঠ শ্রু-দশমীতে দশহরা। সেদিন নববর্ষ আরম্ভ হইত। ইহার প্রেদিন জ্যেষ্ঠ শ্রু-নবমীতে বাসন্ত-বিষর্ব হইত। বাসন্ত-বিষর্বের তিন চান্দ্রমাস ও মাস প্রতি ১ দিন করিয়া ৩ দিন পরে রবির দক্ষিণায়ন। ভাদ্র শ্রুক-ন্বাদশীতে এই দিন হইত এবং সেদিন ইন্দ্রধ্বজ-রোপণ উৎসব হইত। শ্রীকৃষ্ণ দেখিলেন, সেদিনে আর হয় না, দিন পিছাইয়া গিয়াছে। তিনি ইন্দ্র-প্রজা রহিত করিয়া নিজে উপেন্দ্র নামে খ্যাত হইলেন।

এইর্প, নানাস্থানে প্রাণকার বালকৃষ্ণের কর্মন্বারা সূর্য-লীলা

ব্বাইয়াছেন। কিন্তু, কবিছের এমনই শক্তি, শ্রোতা ব্বিল উপমা।
"প্রীকৃষ্ণচরিত্রে" বিষ্কমবাব্ব আকাশের প্রতি দ্ফি করেন নাই, করিলে
তাহার কর্ম স্কার্র সম্পন্ন হইত। তিনি বিশাখা তারার নাম রাধা
পাইরাও র্পকটি ত্যাগ করিয়াছেন। আশ্চর্যের বিষয় এই, যে রাধা নাম
বিষয়প্রাণ, হরিবংশ, ভাগ্বত প্রাণ ভুলিয়া গিয়াছিলেন, কিম্বা র্পকভেদের শঙ্কায় গ্রুত রাখিয়াছিলেন, সে প্রাচীন নাম এবং রাধিকার
প্রতিনায়িকা চন্দ্রবলী পরে আবিষ্কৃত হইয়াছিল। স্মৃতি অবশ্য ছিল,
রহাবৈবর্তপর্রাণ তাহার উন্ধার করিয়া অন্যর্পে প্রকাশ করেন।
প্রিমা রাত্রে চন্দ্র ও স্বর্ধ বিপরীত দিকে থাকে। স্বর্থ বিশাখায়,
স্কারাং চন্দ্র কৃত্তিকায়। অতএব চন্দ্রের আলী (সখী) কৃত্তিকা এবং
স্বের সখী বিশাখা, পরস্পর প্রতিক্লই বটে। বোধ হয়, আলী
আবলী হইয়া চন্দ্রবলী নাম হইয়াছে।

কৃষ্ণের এইর্প লীলা আকাশের স্থ-লীলার প্রতিবিদ্ব বলার এমন তাৎপর্য নয় য়ে, মহাভারতের দ্বারকাধিপতি কৃষ্ণ ছিলেন না, তিনি মনঃকলিপত। তাহাঁর বাল্য ও কৈশোর কাল জানা ছিল না, তাহাঁর সময়ে বর্তমান মহাভারত বা প্রাণ রচিত হয় নাই। বহ্বলাল পরে য়খন প্রণীত হইল, তখন তিনি বিষ্ক্র অংশাবতার। ভান্করিত্র তাহাঁতে আরোপ করিয়া ভত্তেরা নভোমত্বলে তাহাঁরই লীলা দেখিতে লাগিলেন।

এসব কাহিনী থাক। কান্তিক প্রণিমার কৃত্য অন্মরণ করি।
খ্রী-প্র ২৫০০ অব্দে যজ্বেদের কালে কান্তিকী প্রণিমায় শারদবিষ্ব ও বৈশাখী-প্রণিমায় বাসন্ত বিষ্ব হইত। তাহারই স্মৃতি
রাস্যান্তার মূল হইয়াছে। এতকাল যে রাসোৎসব চলিয়া আসিতেছে,
তাহা নহে। নববর্ষে বিষ্ব দিনে যজ্ঞ করা হইত, এবং যজ্ঞ যাহাই হউক,
এক মহোৎসব। পরবতীকালে প্রাতন স্মৃতি রাসের আকার
পাইয়াছিল। বৎসরান্তে পিতৃগণের নাম-স্মরণ বিহিত ছিল। শ্রাম্যে
দীপদানও বিহিত। এখন শ্রাম্য করা হয় না, কিন্তু উত্তর-পশ্চিমাণ্ডলে
দীপ দেওয়া হইয়া থাকে। বঙ্গেও প্রণিমার প্রব্রান্তি বৈকুপ্ঠ
চতুদশীতে ৩×১০৮টি দীপ দিবার বিধি আছে। দীপালীতে যেমন
দ্বইটা ঘটনা মিশিয়া গিয়াছে, এখানেও তেমন হইয়াছে।

এখন এই কাহিনী শেষ করি। "দোলযাত্রা" প্রবন্ধে দেখিয়াছি, ছয় হাজার বৎসর প্রেরি ক্ষাতি তাহাতে জড়াইয়া আছে। পাঠক দেখিবেন, য়ে ধারা ছয় হাজার রৎসর প্রের্ব ভারতখণেড প্রবাহিত ছিল, তাহা প্রানে প্রানে বিচ্ছিন্ন হইলেও কালে কালে নব নব রসযোগে নানা ছন্দে আমাদিগকে অদ্যাপি জীবন দান করিতেছে। কত কালের কত কথা কতর্পে প্রাণে ও ধর্মকৃত্যে লিপিবন্ধ আছে, তাহা চিন্তা করিলে মনে হয় য়েন আমরা আমাদের প্রে-পিতামহগণের পদতলে বিসয়া তাহাঁদের সহিত আলাপ করিতেছি। আমাদের তুল্য ভাগাবান্ নপতা কে আছে?

গ্রীপ্রীসরন্বতী-প্রজা

সত্তর-প'চাত্তর বংসর প্রের্ব আমরা পাঠশালায় প্রতি মাসে শ্রুক্র-পশ্বমীতে সরস্বতী প্রজা করিতাম। একখানা ধোআ চৌকীর উপরে তালপাতার তাড়ী দোয়াতকলম রাখিয়া প্রজা করিতাম। কিন্তু ইৎকুলে সরস্বতী প্রজা হইত না। আমরা শ্রীপশ্বমীতে বাড়ীতে বই শেলট দোয়াত কলমে প্রজা করিতাম। সে বই বাংলা কিন্বা সংস্কৃত, ইংরেজী হইতে পারিত না। ইংরেজী শেলচ্ছ ভাষা। গ্রামে অদ্যাপি এই রীতি প্রচলিত আছে। নগরে কদাচিং কোন ধনাত্য সরস্বতী-প্রতিমা প্রজা করিতেন। বর্ধমানে মহারাজার সরস্বতী-প্রতিমা-প্রজায় মহা-সমারোহ হইত। পাঁচ-সাত ক্রোশ দ্রে হইতে শত শত লোক ভাসান দেখিতে আসিত। দ্বই ঘণ্টা যাবং নানা বিচিত্র আতসবাজি প্রভিত।

গত ০০ ।৩৫ বংসরের মধ্যে নগরে নগরে, বিদ্যালয়ে বিদ্যালয়ে, ইত্কুলে কলেজে সরুস্বতীর প্রতিমা-প্জা প্রচলিত ইইয়ছে। কেহ কেহ নিজের বাড়ীতেও প্রতিমা-প্জা করিয়া থাকেন। এই ক্ষ্মুদ্র বাঁকুড়া নগরেও বাজারে অসংখ্য সরুস্বতী-প্রতিমা বিক্রয় ইইয়া থাকে। ছাত্রিদিগের সারুস্বতোৎসবে উপস্থিত ইইবার নিমিত্ত আমি বর্ষে বর্ষে খানকয়েক নিমন্ত্রণপত্র পাইয়া থাকি। টোলের বিদ্যাথার্বিয়া সংস্কৃত ভাষায় সংস্কৃত ছন্দে পত্র লিখে। ইত্কুলের ছাত্রেরা সাধ্য বাংলা ভাষায় লিখে, ব্রন্থিতে পারা যায়। কিন্তু অধিক বয়সের ছাত্রেরা, কলেজের ছাত্রেরা, সোজা ভাষায় লিখিতে পারে না, বাক্-বিদেখতা প্রকাশ করে। কারণ তাহারা "ক্লাসিকাল বেণ্গলি" পড়ে, যাহার বাংলা অন্বাদ শ্রনি নাই। কলিকাতা বিশ্ববিদ্যালয় লৈখিক ভাষা ও মোখিক ভাষা তুল্য-ম্ল্যু বিবেচনা করেন। যে যাহা বলে তাহাই বাংলা ভাষা। যাহার কলমে যেমন আসে তাহাই বাংলা বানান। প্রথমে অর্থবাধ, পরে পাঠ করিতে হয়। গত সরুস্বতী-প্রজার আট নিমন্ত্রণের মধ্যে একখানি দ্ইখানি তিনখানি পত্রে লিখিত ছিল, অমনুক দিন বৈকালে "প্রতিমা-নিরঞ্জন" হইবে। 'প্রতিমা-নিরঞ্জন'? কি

কর্ম', বর্নিতে পারিলাম না। নিরঞ্জন অঞ্জনশ্ন্য নির্মাল; ইহা হইতে পরব্রহা। শ্ন্য ধর্মারাজ নিরাকার নিরঞ্জন। প্রাচীন বাঙগালী কবির প্রয়োগে দেখিতে পাই। নিমন্ত্রণ-পত্রের ভাবে বর্নিকলাম 'প্রতিমা-নিরঞ্জন' প্রতিমা-বিসর্জন। বিসর্জন কর্ম বর্ঝাইতে নিরঞ্জন শন্দের প্রয়োগ পর্বে পড়ি নাই, শর্নি নাই, সংস্কৃত কোষেও নাই। কলেজের ছাত্রেরা সংস্কৃত ব্যাকরণ ও কাব্য পড়ে। তাহারা বিসর্জন অর্থে নিরঞ্জন শব্দ কোথায় পাইল?

পাড়ার এক উৎসবক্ষেত্রে যাইয়া দেখি সরস্বতী গিরিকুঞ্জবাসিনী পদ্মাসনা দ্বিভূজা বীণাধারিণী, অঙগে বাহ্মলে পর্যন্ত রম্ভবর্ণ আচ্ছাদন, তদ্বপরি নীলাম্বরী। "অহে, এ কি করিয়াছ? গিরিতে পদ্ম ফোটে না। যিনি শ্বলা যাহাঁর আসন বসন প্রণ শ্বল, তাহাঁর অঙগে রম্ভ ও নীল বস্ত্র কেন?" "এর্প না করিলে শ্বেত প্রতিমা মানায় না।"

একট্ব দ্বে কলেজের ছাত্রদের উৎসবক্ষেত্রে গিয়া দেখি, সরস্বতী এক নিকুঞ্জে পদ্মাসনা, দ্বিভুজা বীণাধারিণী। সম্বেখ দ্বইটি হাঁসও আছে। "অহে, তোমাদের গণ-পতি কে? সরস্বতীর হাতে প্রথী কই? আর, 'প্রতিমা-নিরঞ্জন' কি কর্ম?" "আমরা সরস্বতী বিসর্জন করিতে পারি না, কাজেই নিরঞ্জন লিখিয়াছি।" "তোমরা কেন, ম্ক ও উন্মন্ত ব্যতীত কেহই পারে না। তোমরা যে মৃশ্ময়ী প্রতিমা সর্জন করিয়াছ, সেই সৃষ্ট প্রতিম্বর্তির বিসর্জন করিবার কথা। ত্যাগ অর্থে নিরঞ্জন শব্দ কোথায় পাইলে?" অন্বসন্ধানে জানিলাম শব্দটি হাওড়া জেলায় ৭০।৭৫ বংসর প্রের্ব আবির্ভূত হইয়াছিল। প্রেন্বংগ প্রজা ও বিসর্জন অন্তে প্রতিমা জলে নিক্ষিপ্ত হয় না, গ্রে রক্ষিত হয়। বংসরাতে ন্তন প্রতিমা হইলে প্রোতন প্রতিমার নিমজ্জন হয়। পণ্ডতমানীয়া বিসর্জন কিন্বা ভাসান না বলিয়া "নিরঞ্জন" বলেন।

শৃৰুটি কোথা হইতে আসিল? রুপে সংস্কৃত কিন্তু প্রযুক্ত অথে নয়। অনেক দিনের কথা, এক কবিরাজের বিজ্ঞাপনে "দন্তমঞ্জন-চুর্ণ" এই নাম পড়িয়াছিলাম। আমরা বলি দাঁতের মাঁজন, সংস্কৃতে দন্ত-মার্জন। মাঁজন শব্দ কবির কলমে মঞ্জন হইয়াছে। "আমাশ্র" নামে আর এক উদাহরণ আছে। আমরা বলি আমাসা, সংস্কৃত নাম আমাতিসার। আমাসা রোগ আমাশর হইয়ছে। সংস্কৃত নীয়জন শব্দ কি নিয়য়ন হইয়ছে? নীয়জন শব্দের দৃই অর্থ আছে। (১) এক প্রকার আরতি। দৃর্গাপ্রতিমার সম্মুখে পণ্ডপ্রদীপ কর্পরে বক্ষ ইত্যাদি দ্বারা যে আরতি হয় তাহা নীয়জন। (২) বিজয়া দশমীর প্রাতঃকালে যুদ্ধাক্ষের ও অনেবর প্রজা নীয়জন। ইহা এক বৃহৎ ব্যাপার। দেশীয় য়াজ্যে অদ্যাপি অনুষ্ঠিত হইয়া থাকে। সেদিন দ্র্গাপ্রতিমার বিসর্জন হয়। হয়ত একই দিনের দৃই কৃত্য দেখিয়া নীয়জন শব্দের অর্থ বিসর্জন, পরে অপদ্রংশে নিয়য়ল শব্দের উৎপত্তি হইয়াছে। অথবা নীরে জলে অজনম্ ক্ষেপণম্ নীয়াজনম্, তাহা হইতে নিয়য়ন। কিন্তু ইহাতে 'অয়ন' পাইতেছি না। বৈয়াকরণ বিলতে পারেন নীরে জলে অয়নম্ গমনম্ নীয়ায়নম্। কিন্তু ক্মৃতি গ্রন্থে নিমজ্জন অর্থে নীয়ায়ন শব্দের প্রয়োগ পাই নাই। বাধ হয় তৃতীয় অর্থের নীয়াজন শব্দ প্রমঞ্জমে নিয়য়ন হইয়াছে।

এই প্রবন্ধে মহাভারত ও পর্রাণ বংগবাসী সংস্করণ ব্রবিতে হইবে। কোন কোন প্রাণ-রচনার যে দেশ ও কাল লিখিত হইল, তাহা আমার অন্মান। কোন কোন বিষয় সংক্ষেপে লিখিত হইল।

সরস্বতীর প্রতিমা

দেবী সরুবতী এক শক্তি। সকল দেবদেবীই এক এক শক্তি। শক্তি
নিরাকার। নিরাকারের আকার-কল্পনা হইতে পারে না। নিল্কিয় শক্তির
সত্তা অন্তুত হয় না। তাহার ধ্যান ও ধারণা আমাদের অগম্য। শক্তি
সক্রিয় হইলে আমরা কুর্ম দেখিয়া তাহার সত্তা অন্তুত করি। বাক্য
দ্বারা সে কর্ম বর্ণনা করিতে পারি। সে বর্ণনা শক্তির বাঙ্ময়ী প্রতিমা।
শক্তানহীন চণ্ডলচিত্ত অল্পমতির নিকটে বাঙ্ময়ী প্রতিমা পরিস্ফুট
হয় না। তাহাদের নিমিত্ত জড়ময়ী প্রতিমার প্রয়োজন হইয়া থাকে। মৃত্তিকা
শিলা ধাতু দার্ ও চিত্র, এই বিবিধ উপায়ে জড়ময়ী প্রতিমা রিচত হয়।
প্রতিমা মৃতি নয়, প্রতিম্তি। কথাটা আর কিছ্ব নয়, ভাষা দ্বারা ধারণা
করিবে, না চিত্র দ্বারা করিবে? ছাত্রেরা জানে, যখন ভাষায় কুলায় না,

চিত্র স্পূষ্ট করে। এমন নির্বোধও কেহ নাই যে প্রতিকৃতি সত্য মনে করে।

ষে যে করণ দ্বারা কর্ম সম্পাদিত হয়, এক বা অধিক সে সে করণের বিনিবেশ দ্বারা সে কর্ম ব্যঞ্জিত হয়। যেমন, কাহারও হাতে কাগজ কলম দেখিলে বর্নঝ সে লেখাপড়া করে। কাগজ কলম তাহার লেখাপড়ার চিহু। সরস্বতী বিদ্যা-বর্ন্থ-স্মৃতি-জ্ঞান-শক্তি, প্রতিভা-কল্পনা-শক্তি, সংখ্যা-কর্তৃত্ব-শক্তি। অতএব প্রস্তুক সরস্বতী প্রতিমার প্রতীক, অক্ষমালা সংখ্যাকরণের প্রতীক। প্রতীক অবয়ব।

প্রাণকার দেবদেবী সম্বন্ধে নানাবিধ উপাথ্যান রচনা করিতে পারেন। কাহারও প্রাধান্য বা প্রতিষ্ঠা প্রদর্শন করিতে পারেন, কিন্তু প্রতিমা-কল্পনার গ্রন্পরম্পরা মানিয়া চলিতেন। আর, যিনি কল্পনার গ্রন্থ, তিনি ধ্যানমন্ত্র প্রতিমার মূল ভাব রক্ষা করিয়াছিলেন। ধ্যানমন্ত্র, বাঙ্ময়ী প্রতিমা। শিল্পী সে মন্ত্রের চাক্ষ্ম র্প নির্মাণ করেন। কালে কালে দেশে দেশে প্রতিমার বেশ ও ভ্ষণের প্রভেদ হইতে পারে, কিন্তু আভরণ দ্বারা যে মূলভাব ব্যঞ্জিত হয়, তাহার অন্যথা হইতে পারে, কা। রাম তিন। হাতে ধন্বাণ দেখিলে ব্রিঝ, তিনি দশর্থ-প্র রাম; পরশ্ব দেখিলে ব্রিঝ তিনি জমদিন-প্র রাম; লাণ্গলাকার অস্ত্র দেখিলে ব্রিঝ তিনি বস্বদেব-প্র রাম। এইর্প নারীম্তির হস্তে প্রকার অপ্রার অপ্ররার হিতি পারে। অপ্ররা হইতে পারে। অপ্ররা জলকেলি করে, পদেম বাসতে পারে।

এখন দেখি, প্রাচীনেরা সরস্বতীর ধ্যানমন্তে তাহাঁর কি প্রতিমা কলপনা করিয়াছিলেন। সাড়ে-তিন শত বংসর প্রের্ব রাড়ের ম্বকুল্বরাম চক্রবতীর্ব তাহাঁর চন্ডীকাব্যে সরস্বতী বন্দনায় লিখিয়াছিলেন, দেবত পদ্মে র্ডাধিন্ঠান, দেবত বন্দ্র পরিধান, 'শিরে শোভে ইন্দ্রকলা, করে শোভে জপ্রমালা, শ্রকশিশ্ব শোভে বাম করে।' তাহাঁর আর এক করে প্রভক। মসীপাত্র ও লেখনী তাহাঁর সংগী। ছয় রাগ, ছত্তিশ রাগিণী, বেণ্ববীণা, নানা বাদ্যযাত্র নিরন্তর তাহাঁর সেবা করে। তিনি বিধিম্বথে বেদধ্বনি, বীণাপাণি, বর্ণময়ী, বিষ্ণুমায়া। দেখা যাইতেছে, কবিকংকণের সর্বতী চতুর্ভুজা, দক্ষিণ-করে পর্স্তক ও মসীপাত্র, বাম-করে জপমালা ও শ্রুক-শিশ্ব। শ্রুক শিশ্ব লীলাশ্বক।*

বিষ্ণুমায়া আদ্যা প্রকৃতি। লীলাশ্বক দ্বারা প্রকৃতির লীলা ব্বঝাইতেছে। দ্বর্গা মহামায়া মহাশন্তি, সরস্বতী সে শন্তির একাংশ। শিরে শোভে ইন্দ্বকলা। বোধ হয় শ্বক্র-পঞ্চমীর কলা, সরস্বতী-প্রতিমার ম্বুটের লক্ষণ।

কবিক জ্বনের প্রায় এক শত বংসর প্রের্বে ষোড়শ খ্রীন্ট শতান্দের মধ্য ভাগে নবদ্বীপে স্মার্ত রঘ্বনন্দন ভট্টাচার্য শারদাতিলক নামক তন্ত্র হইতে সরস্বতীর ধ্যানমন্ত্র উদ্ধৃত করিয়াছেন। বর্তমান সরস্বতী প্জায় সেই "তর্ণ-শকল-মিন্দোর" ইত্যাদি ধ্যানমন্ত্র বল্গদেশের সর্বত্র বিদ্যাথীরা আবৃত্তি করিয়া থাকেন। সরস্বতী শ্রহ্রকান্তি, শ্বেতপন্মে আসীনা, করে লেখনী ও প্রস্তক, শিরে তর্ণ ইন্দ্র। এখানে সরস্বতী দ্বিভুজা, কিন্তু বীণাহস্তা নহেন। অতএব ধ্যানের সহিত বর্তমান কালের প্রতিমার ঐক্য হইতেছে না। স্মার্তমহাশয় ঘটস্থিত জলে বা শালগ্রামে সরস্বতীর প্রা করিতে বলিয়াছেন, প্রতিমায় বলেন নাই। মনে রাখিতে হইবে, তিনিই আমাদের ধর্ম-কর্ম আচার-ব্যবহার শাসন করিতেছেন।

রঘ্নন্দনের প্রায় আড়াই শত বংসর প্রের্ব পশ্চিম-বঙ্গে ভাগীরথীর পশ্চিম-তীরে বৃহন্ধর্মপ্ররাণ নামে একখানি উপপ্ররাণ রচিত হইয়াছিল। ইহাতে (২৫।৩৯) সরস্বতী শ্রুবর্ণা ত্রিনেত্রা, শিরে চন্দ্রকলা, হস্তে সুধা বিদ্যা মুদ্রা ও অক্ষমালা।

কালিকা-পর্রাণ এক বিখ্যাত উপপ্রাণ। আসামে অন্টম হইতে
দশম খ্রীন্ট শতাব্দে প্রণীত হইয়াছিল। ইহাতে (৭৫ অঃ) সরস্বতী
বীণাপ্রস্তকধারিণী, মালাকমণ্ডল্বস্তা। অথবা বরদ-অভয়হস্তা, মালাপ্রস্তকধারিণী। (কমণ্ডল্ব স্বধাপ্রণ্)।

^{*} লীলাশ্ক, লীলাম্গ, লীলাকমল প্রাসিন্ধ ছিল। আমি প্রীতে জগল্লাথ-দেবের স্নান্যাত্রার সময়ে কোন কোন পাশ্ডার হাতে শ্কপক্ষী, কাহারও স্কন্ধে মক্টি-শিশ্ব দেখিরাছি।

নবম খ্রীন্ট শতাব্দে, বোধ হয় মধ্য প্রদেশে, অণ্নিপ্রোণ প্রণীত হইয়াছিল। তাহাতে (৫০ আঃ) "প্রতকাক্ষমালিকাহস্তা বীণাহস্তা সরস্বতী"। এখানে সরস্বতী চতুর্ভুজা, হস্তে প্রস্তক অক্ষমালা ও বীণা। বীরভূম নান্বরে এইর্প এক পাষাণ-প্রতিমা প্রায় পণ্ডাশ বংসর প্রের্ব মৃত্তিকা হইতে আবিষ্কৃত হইয়া বিশালাক্ষী নামে প্রজিতা হইতেছেন। (কিন্তু তল্মতে বিশালাক্ষী তপ্তকাণ্ডনবর্ণা, ন্বিভুজা খজাব্যেকধারিণী ও শবাসনা।) প্রাজ্ঞেরা বীরভূম নান্বরের সরস্বতী-প্রতিমা অন্টম খ্রীন্ট শতাব্দের মনে করেন। এইর্প সরস্বতী-প্রতিমা বঙ্গের অনাত্র আবিষ্কৃত হইয়াছে। ঢাকার চিত্রশালায় একটি আছে।

তান্ত্রিক সাধকেরা বাগীশ্বরীর প্জা করিতেন। নানা তন্ত্রে নানা ধ্যান রচনা করিয়াছিলেন। যথা, অগ্নিপ্ররাণে (৩১৯ আঃ) বাগীশ্বরীর ধ্যানে তিনি চতুর্ভুজা ত্রিলোচনা। এক হস্তে প্রশৃতক, অন্য হস্তে অক্ষস্ত্র, অপর দ্ই হস্ত বরদ ও অভয়। লিখিত আছে, বাগীশ্বরীর প্জা করিলে লোকে সংস্কৃত ও প্রাকৃত কবি এবং কাব্যশাস্ত্রাদিবিং হয়। (সংস্কৃত ভাষার ও সংস্কৃত-প্রাকৃত ভাষার কবি)।


বঙ্গদেশের কৃষ্ণানন্দের বৃহৎতন্দ্রসারে বাগীশ্বরীর পাঁচটি ধ্যান উদ্ধৃত হইয়াছে। যথা, (১) রঘ্নন্দনোদ্ধৃত শারদাতিলকের ধ্যান। (২) শ্রুল কমলাসনা বিনয়না শিরে ইন্দ্রকলা, হস্তে ব্যাখ্যা অক্ষস্ত্র স্থাকলস ও বিদ্যা। (৩) শ্রুল হংসার্ঢ়া, মস্তকে অর্ধচন্দ্র, হস্তে বীণা অক্ষস্ত্র স্থাকলস ও বিদ্যা। (এখানে দ্রুট্বা, সরস্বতী হংসার্ঢ়া, তাহাঁর মস্তকে অর্ধচন্দ্র। এই দ্বই ন্তন কলপনা অন্য ধ্যানে নাই)। (৪) শ্রুলা, পদ্মাসনা, বাহ্বতে জপবটী প্রতক ও পদ্মন্বয়। (৫) শ্রুলা, শিরে শশিকলা, বাহ্বতে ব্যাখ্যা প্রস্তক বর্ণমালা ও স্থাকলস। বাগীশ্বরীর কোন কোন মল্রে তিনি বহিবল্লভা। ইহা সমরণীয়।

পঞ্চয় খ্রীন্ট শতাব্দের অন্তকালে উন্জয়িনীতে বরাহ-মিহির তাহাঁর ব্হং-সংহিতায় প্রতিমালক্ষণ লিখিয়াছিলেন। তিনি সরস্বতী-প্রতিমার উল্লেখ করেন নাই।

মংস্যপর্রাণের দুই অধ্যায়ে প্রতিমালক্ষণ আছে। তাহাতে লক্ষ্মীর আছে, সরস্বতীর নাই। মূল মংস্যপর্রাণ বহু প্রাচীন। বোধ হয়



চতুর্জা সরস্বতী । ছাতিমগ্রাম । বগুডা দাদশ খ্রীষ্ট শতাব্দ



মহারাষ্ট্র দেশে প্রণীত হইয়াছিল। ইহার বিস্তৃত প্রতিমা-লক্ষণ চতুর্থ খ্রীষ্ট শতাব্দের মনে করা ষাইতে পারে।

মগধে খ্রীন্ট-পূর্ব চতুর্থ শতাব্দে কোটিল্য "অর্থ শাস্ত্র" প্রণয়ন করিয়াছিলেন। তাহাতে (২।৪) তিনি প্রমধ্যভাগে দেবগ্র নির্মাণ করিতে বলিয়াছেন। শিব, কুবের, অশ্বিনীকুমার, লক্ষ্মী, আরও কয়েকটি অজ্ঞাত দেবের নাম করিয়াছেন। প্ররের চতুর্শ্বারে রহয়া, ইন্দ্র, যম ও ক্যিতিকের মন্দির করিতে বলিয়াছেন, কিন্তু সরস্বতীর উল্লেখ করেন নাই।

উপরি-উক্ত প্রমাণ হইতে মনে হয়, (১) ষষ্ঠ কিন্বা সণ্ডম খ্রীষ্ট শতাব্দের পরে সরস্বতীর প্রতিমা কল্পিত হইয়ছে। ইহার বহ্বলাল প্রের্বলক্ষ্মী-প্রতিমা কল্পিত হইয়ছিল। পরে দেখা যাইবে, আদিতে লক্ষ্মী ও সরস্বতী একই শক্তি বিবেচিত হইতেন। (২) ন্বিভুজা বীণা-পাণি সরস্বতী কোন ধ্যানে পাওয়া গেল না। সংস্কৃত কোষে সরস্বতীর নাম বীণাপাণি নাই। অতএব মনে হয় চতুর্ভুজাকে ন্বিভুজা করা হইয়ছে। ন্বিভুজা বীণাপাণি সরস্বতী-প্রতিমা গত ১৫০ বংসরের মধ্যে কল্পিত হইয়ছে। বিদ্যালয়ের ছাত্রেরা গন্ধর্ব-বিদ্যা অভ্যাস করে না। তাহারা কাহার উপাসনা করে?

শ্রীপণ্ডমী

মাঘ শ্রু পণ্ডমীতে সরন্বতী-প্জা হইয়া থাকে। (চান্দ্র মাঘ মাস,
'মাস' শব্দে চান্দ্রমাস বর্নিতে হইবে)। এই পণ্ডমী শ্রীপণ্ডমী নামে খ্যাত
'মাস' শব্দে চান্দ্রমাস বর্নিতে হইবে)। এই পণ্ডমী শ্রীপণ্ডমী নামে খ্যাত
হইয়াছে। কিন্তু "গ্রী" শব্দের অর্থ লক্ষ্মী। অমরকোষে "গ্রী" শব্দের
অর্থ লক্ষ্মী আছে, সরন্বতী নাই। অমরকোষ তৃতীয় খ্রীন্ট শতাব্দে
অর্থ লক্ষ্মী আছে, সরন্বতী নাই। অমরকোষ তৃতীয় খ্রীন্ট শতাব্দে
বর্তমান উত্তরপ্রদেশে প্রণীত হইয়াছিল। ইহার বহু প্রে মহাভারতে
বর্তমান উত্তরপ্রদেশে প্রণীত হইয়াছিল। ইহার বহু পরে মহাভারতে
শ্রীপণ্ডমী লক্ষ্মী-পণ্ডমী। এ বিষয় পরে চিন্তা করা যাইবেঃ

নারী ষট্পঞ্চনী ব্রত করিয়া থাকেন। মাঘ শ্রুক পণ্ডমীতে আরশ্ভ করিয়া ছয় বংসর প্রতি মাসে শ্রুক পণ্ডমীতে লক্ষ্মী-মাধবের প্রজা করেন। করিয়া ছয় বংসর প্রতি হয় বংসর প্রণ হয়। এই ব্রতের ফলে নারী মাঘ শ্রুক পণ্ডমীতেই ছয় বংসর প্রণ হয়। এই ব্রতের ফলে নারী লক্ষ্মীসমা হন। ব্রহ্মপ্রাণ (৩৩৭ অঃ) বলেন, লক্ষ্মীর কৃপা হইলে সকল সম্পদ্ লাভ হয়, বিদ্যালাভও হয়। লক্ষ্মী রহমুশ্রী, যজ্ঞশ্রী, ধনশ্রী, বৃদ্যালাভও হয়। লক্ষ্মী রহমুশ্রী, বৃদ্যা প্রজ্ঞা সরস্বতী ইত্যাদি চরাচরে বাহা কিছ্ম আছে, সবই লক্ষ্মীর দ্বারা ব্যাণ্ড।

মংস্যপর্রাণে সার্ফ্বতরত নামে এক রতের বিধি লিখিত আছে।
ব্রেরাদশ মাস শরুর ও কৃষ্ণ পঞ্চমীতে সার্ফ্বত রত করিবার বিধি ছিল।
সে রত করিলে মধ্রবাণী, জনসোভাগ্য, স্মৃতি, বিদ্যায় কোশল, দম্পতির
ও বন্ধর জনের অভেদ ও দীর্ঘ আয়ৣঃ লাভ হয়। বীণা-অক্ষমালাধারিণী
ক্মণ্ডলর্-প্রুতক-হল্তা গায়ত্রীর অর্চনা করিতে হইবে। সর্ফ্বতীর অন্ট
তন্র আছে। যথা, লক্ষ্মী, মেধা, ধরা, প্র্ণিট, গোরী, তুণ্টি, প্রভা, ধ্তি।
এখানে সর্ফ্বতীর প্রাধান্য হইয়াছে। সর্ক্বতী গায়ত্রী ও কৃষ্ণ পঞ্চমীতেও
অর্চনীয়া হইয়াছেন। বোধ হয় যে বংসর এক (চান্দ্র) মাস ব্লিধ হয়, সে
বংসর উক্ত রতের বংসর ছিল। ত্রোদশ মাসে রত প্রণ হইবার হেতু এই।

কালিকাপ্রোণের দুই স্থানে দুই মত আছে। যথা, মাঘ শ্রুক্র পণ্ডমীতে শিবা (দুর্গা) প্জা করিবে। শ্রীপণ্ডমীতে লক্ষ্মীপ্জা করিবে। (কালিকাপ্রাণ এককালে রচিত নয়)।

স্মাত রঘ্নন্দন "সম্বংসর প্রদীপ" হইতে তুলিয়াছেন, "পশুম্যাং প্রজারে লক্ষ্মীং মস্যাধারং লেখনীশু।" পশুমীতে লক্ষ্মী মস্যাধার আর লেখনীর প্রজা করিবে। ["সম্বংসর প্রদীপ" বঙ্গদেশীয় হলায়্ধ-কৃত একাদশ খ্রীষ্ট শতান্দের]।

অতএব দেখা যাইতেছে, গ্রীপণ্ডমীতে লক্ষ্মীপ্জাই বিহিত ছিল।
কখন কখন লক্ষ্মী ও সরস্বতী একই বিবেচিত হইতেন। পরে দ্ই শব্তি
প্থক্ ভাবিয়া প্রথমে লক্ষ্মীপ্জা করিয়া পরে সরস্বতী প্জা বিহিত
হইয়ছে। পাঁজিতেও লিখিত আছে, লক্ষ্মী-সরস্বতী প্জা। কেবল
সরস্বতী প্জা নয়।

মাঘশ্রু পঞ্মীতে প্জা কেন

শুর্তি স্মৃতি প্রাণ, এই তিন, আমাদের ধর্মকৃত্যের নিয়ামক।
শুর্তি—বৈদ; স্মৃতি—সমরণ; প্রকালের ধর্মকৃত্যের ব্যবস্থা-স্মরণ।
প্রকালে বংসরের কোন্ ঋতুতে কোন্ মাসে কোন্ তিথিতে কি কৃত্য

ছিল, কি আন্ত্রণান হইত, তাহার স্মরণ। প্রেকালে যেমন হইত এখনও তেমন হইবে, স্মৃতিপরম্পরা ভঙ্গ হইবে না। প্রোণে প্রেকালের ঐতিহ্য লিখিত হইয়াছে। এই হেতু স্মার্তেরা দেবদেবীর প্জা-বিষয়ে প্রোণ আশ্রয় করিয়াছেন।

তাহাঁরা দেবদেবীর প্জার দিন নির্দিণ্ট করিয়াছেন। প্রত্যেক অনুষ্ঠানেরই দিন নির্দিণ্ট থাকা আবশ্যক। নচেৎ ক্রিয়া-সম্পাদনের স্ক্রিধা হয় না। সমাজের সকলে একই দিনে সে ক্রিয়া করিতে পারে না। এখানে সে কথা নয়। প্রশ্ন এই, অন্য তিথিতে সরন্থতী-প্জা বিহিত হয় নাই কেন? প্রত্যেক প্জার দিন সম্বন্ধে এইর্প প্রশ্ন উখিত হয়।

বেদই হউক, স্মৃতিই হউক, প্রাণই হউক, হেতু বিনা ধর্মকৃত্যের দিন নির্ধারিত হয় নাই। আমরা সে হেতু জানি না। জানি না বটে, কিন্তু বৃনিধ কেহ স্বেচ্ছাচারী হইতে পারেন না। এক বিদ্বান্ বলিলেন, "আজ সারস্বত যজ্ঞ করা হউক," "এস আজ দ্বর্গপ্রেজা করি"। সকলে তাহাঁর ইচ্ছা গ্লানিবে না, যজ্ঞ করিবে না, প্রেজা করিবে না। "আজ কিযে সে যজ্ঞ করিব, দ্বর্গপ্রেজা করিব?" এই প্রশেনর সদ্বের না পাইলে সে দিন নির্দিষ্ট হইতে পারিত না। বেদের কালে নয়, প্রাণের কালেও নয়।

অনুধাবন করিলে কতকগৃলি দিন-ব্যবস্থার হেতু পাওয়া যায়।
সাধারণের নিকট বংসরের সকল দিন সমান। কিন্তু যাহাঁরা শৃভ কর্মের
নিমিত্ত, উৎসবের নিমিত্ত দিন অন্বেষণ করেন তাহাঁদের নিকট সকল দিন
সমান নয়। অমাবস্যা ও প্রিণিমা দুইটি বিশেষ দিন সহজে লক্ষিত
হয়। কেহ অমাবস্যা হইতে কেহ প্রিণিমা হইতে মাস গণনা করিতেন।
বংসরের মধ্যে শীত গ্রীষ্ম বর্ষা ঋতুভেদ সহজে লক্ষিত হয়। ঋতুর
আরশ্ভ না জানিলে কৃষিকর্ম অসম্ভব। কেহ শীত ঋতু, কেহ রর্ষা ঋতু,
কেহ শরং, কেহ বসন্ত হইতে বংসর গণিতেন। এই হেতু বিষ্কৃব
দিনন্বয়, অয়নাদি দিনন্বয় এবং ঋতুর আরশ্ভ দিবস সমরণীয় হইয়াছিল।
বৈদিক কালে সে সে দিন যজ্ঞ হইত, পোরাণিক কালে দেব-দেবীর প্রজা

কিন্তু বিষাব দিনদ্বয় ও অয়নাদি দিনদ্বয় স্থির থাকে না। মাস স্থির ধরিলে এই এই দিন পিছাইয়া আসিতেছে। আমরা বলি ঋতু পিছাইয়া আসিতেছে। দাই সহস্র বংসর পার্বে যে মাসের যে দিন উত্তরায়ণ হইত, এখন তাহা পার্ববতী মাসে হইতেছে। ভারতের পার্ব-কাল অলপকাল নয়, দাই তিন সহস্র বংসরে গণনীয় নয়। তিন চারি পাঁচ ছয় সহস্র বংসরের স্মাতি যজ্ঞ ও পাজার দিনে রক্ষিত হইয়াছে। এত দীর্ঘ কালের স্মাতি আর কোন জাতির নাই। অনেক স্মাতি লাপ্ত হইয়াছে। অনেক নাতন স্মাতি আসিয়াছে। কিন্তু নাতন হইলেও পার্বাতন।

মহাভারত বনপর্বে (সংস্কৃত মূলে ১২৮ অঃ, কালীসিংহ-কৃত বংগান্বাদে ১২৭ অঃ) কার্ত্তিকের জন্ম-ব্তান্তে শ্রীপঞ্চমী নামের উৎপত্তি বার্ণত আছে। উপাখ্যান দীর্ঘ ও জ্ঞাতব্য তথ্যে পূর্ণ। বর্তমানে আমাদের যতট্বকু প্রয়োজন, ততট্বকু উদ্ধৃত করিতেছি। <mark>অস্বরেরা দেবগণকে পরাভূত করিয়াছিল। ইন্দ্রাদি দেবতা এক মহাবল</mark> দেবসেনাপতি আকা^ওক্ষা করিতেছিলেন। এমন সময়ে এক অমাবস্যার পর দিন অণ্নির প্র কুমার কার্তিকেয় এক শেবতপর্বতের শ্রবনে জন্মগ্রহণ করিলেন। তিনি শ্রুক পঞ্চমীতে মহাবল পরাক্রানত হইয়া উঠিলেন। দেবগণ ও মহর্ষিণণ তাঁহার প্জা করিতে লাগিলেন। ম্তিমতী শ্রী তাঁহাকে আলিঙ্গন করিলেন এবং তিনি দেবসেনা-পত্তি ব্ত হইলে। "ব্রাহমণগণ যাহাঁকে ষষ্ঠী স্ব্পপ্রদা লক্ষ্মী.ু. বলিয়া নির্দেশ করেন, সেই দেবসেনা স্কল্পের (কার্ত্তিকের) মহিষা হইলেন। তিনি পঞ্মীতে লক্ষ্মীর সহিত সন্মিলিত হইয়াছিলেন। এই জন্য ঐ তিথি শ্রীপঞ্চমী এবং ফঠীতে তাহাঁর প্রয়োজন স্কুসম্পল্ল হইয়াছিল (অস্বলণ যুদেধ পরাভূত হইয়াছিল), এই নিমিত্ত ষণ্ঠী মহাতিথি বলিয়া প্রসিদ্ধ হইল।"

এইখানে শ্রীপণ্ডমী নামের প্রথম উল্লেখ পাইতেছি। যে শ্রুক পণ্ডমীর সহিত ষণ্ঠী যুক্ত হয়, তাহার নাম শ্রী-পণ্ডমী, অপর নাম লক্ষ্মী-পণ্ডমী।

কিন্তু মহাভারতের উপাখানে এক বিশেষ মাসের শত্রু পঞ্চমী

শ্রীপঞ্চমী নামে লক্ষিত ইইয়াছে। কোন্ মাসের অমাবস্যার প্রদিন কুমারের জন্ম হইয়াছিল? বেদে যজ্ঞানিকে কুমার বলা হইয়াছে। দুই অর্রাণ-যোগে অণ্নি জাত হয়। এই হেতু অণ্নির নাম কুমার। কার্ত্তিকেয় ক্মার। তাহাঁর পিতা অণ্ন। অর্থাৎ এক যজ্ঞ দিনে ক্মারের জন্ম হইয়াছিল। ছয় কৃত্তিকা তারা কুমারের ধাত্রী। এই কারণে কুমার ষড়ানন। ধান্রী ছয় বলিয়া তাহাঁরা ষণ্ঠী, নবজাত শিশরে ষণ্ঠ রান্নিতে (ষেটেরার) সূতিকা ষষ্ঠী এবং বটব ক্ষমূলে ষষ্ঠীঠাকুরাণী। এসব কথা মহাভারতে আছে। সে যাহা হউক, দেখা যাইতেছে কৃত্তিকা তারাপরঞ্জের নিকটে চন্দ্রস্থের অমাবস্যা হইলে পর্বাদন যজ্ঞ হইত। সে অমাবস্যা বৈশাখী অমাবস্যা, অন্য মাসের অমাবস্যা হইতে পারে না। সে অমাবস্যায় বাসন্ত বিষাব পড়িত। এই কারণে যজ্ঞ হইত। বৈশাথ অমাবস্যায় বাসন্ত বিষ_ৰব হইলে ছয় মাস গতে ষণ্ঠতিথিতে, স্ক্রেগণিতে সাড়ে পাঁচ তিথিতে, শারদ বিষ্ব হয়। অতএব মহাভারতের শ্রীপঞ্দী অগ্রহায়ণ মাসের শ্রুক পঞ্চমী। আর সে ষষ্ঠী পঞ্জিকাতে গ্রুহষষ্ঠী নামে লিখিত আছে। গ্রহ কার্ত্তিক। অর্থাৎ শরৎকালে কার্ত্তিক অমাবস্যার পরিদিন কার্তিকের জন্ম হইয়াছিল। তখন শ্বেত পর্বতের শরবন প্রবিপত ও শ্বন্ত হইয়াছিল। অগ্রহায়ণ শ্বক্র পঞ্চমীতে তিনি দেব-সেনাপতি হইয়াছিলেন। সেদিন লক্ষ্মীদেবী তাহাঁকে আশ্রয় করিয়া-ছিলেন, অর্থাৎ অগ্রহায়ণ শক্ত্র পঞ্চমী-ষণ্ঠীতে এক বিশেষ যোগ হইয়াছিল। সে যোগ শারদ বিষ ব ব্যতীত আর কিছ ই হইতে পারে না। এই তথ্য উপলক্ষ্য করিয়া কবি রূপক ও উপরূপকের সূল্টি করিয়াছেন।

বহুকাল প্রের ঘটনা। সে কালে কৃত্তিকা তারাপ্রঞ্জের নিকট বাসন্ত বিষ্কৃব হইত। যজ্বরেদের কালে (খ্রী-প্র ২৪৫০ অব্দে) এইর্প হইত। শারদ বিষ্কৃব দিন হইতেও সে কাল গণিতে পারা যায়। অগ্রহায়ণ শ্রুক পঞ্চমী-ষণ্ঠীতে শারদ বিষ্কৃব হইত। সেদিন সৌর অগ্রহায়ণের পাঁচ ছয় দিন হইতে পারে। এখন সৌর আশ্বিনের সাত দিনে শারদ বিষ্কৃব হইতেছে। অর্থাৎ শারদ বিষ্কৃব দ্বই মাস পিছাইয়া আসিয়াছে। গণনার প্রে দ্বই মাসে ৪৩০০ বংসর গত হইয়াছে। অবশ্য ঘটনাটি মহাভারতে অনেক কাল পরে লিখিত হইয়াছে। তখন ষষ্ঠী লক্ষ্মীর তিথি গণ্য হইয়াছে, এবং ছয় সোর মাসে ছয় তিথি বুদ্ধি না ধরিয়া সাড়ে পাঁচ তিথি ধরিবার বিধি হইয়াছে।

ইহার হেতু লিখিতেছি। মাহেশ্বর য্গ নামে এক য্গ গণনা প্রচলিত ছিল।* ভারতে য্দেধর পর হইতে, খ্রী-প্ ১৪৪০ অব্দ হইতে এই যুগ আরুভ হইয়ছিল। ইহার পরিমাণ ২৪৭ সায়ন সৌরবর্ষ ও ১ মাস। প্রত্যেক যুগ শুরু ষণ্ঠীর অন্ত ও ন্তন যুগ শুরু সপতমীতে আরুভ হইত। যুগটি এখন ল্বুত ও বিস্মৃত হইয়া গিয়াছে, কিন্তু পাঁজিতে শুরু ষণ্ঠী ও শুরু সপতমীর নাম লিখিত হইতেছে। এই যুগ হইতে শুরু সপতমী রবির তিথি হইয়াছে। এই যুগ অনুসারে ছয় সোর মাসে সাড়ে পাঁচ তিথি আসে।

মহাভারতের উপাখ্যানে পাইয়াছি শ্রু পঞ্চমীর সহিত বন্ধী যার হইলে শ্রীপঞ্চমী। এই অথে প্রতিমাসেই শ্রীপঞ্চমী হয়। কারণ এক স্থেদিয়কালে পঞ্চমী আরশ্ভ হইয়া পর স্থেদিয়ে প্রণ হয় না। অতি কদাচিং পঞ্চমী মাত্র একদিনব্যাপী হয়। বট্পঞ্চমী রতে প্রতি মাসেই লক্ষ্মীপ্রভা বিহিত হইয়াছে, কিন্তু মাঘ শ্রু পঞ্চমীতে সে রতের আরশ্ভ। ইহারই বা হেতু কি? অর্থাং কি কারণে ষণ্ঠী তিথি লক্ষ্মীর তিথি হইয়াছে। ইহার নিমিত্ত বেদের কালে যাইতে হইবে। সে কালে উত্তরায়ণ ও দক্ষিণায়ন দিনে যজ্ঞ হইত। উভয় দিনের অন্তর ছয় সৌরস্মাস। প্রে কালে সৌরমাস গণনা ছিল না, চান্দ্রমাস গণনা ছিল।

 ^{*} এই য্গের কি নাম ছিল, তাহা ঠিক বলিতে পারা ষায় না। সোম সিন্ধান্তে আছে, এক্ষণে বৈবন্ধত মন্র অন্টাবিংশ দ্বাপরে (অর্থাৎ ভারত-যুদ্ধ বংসরে)
মহেশ্বর রহায় হইয়ছেন। বায়য় পরয়েণে (৩২ তাঃ) চতুম্থ য়হেশ্বরের এক মাথে
ভীষণ কলি আরম্ভ হইয়ছে। এই দুই বচন মিলাইয়া যাগের নাম য়াহেশ্বর মনে
হইয়ছে।

খান-প্ ৬৯৯ অব্দে অগ্রহায়ণ শ্ব্রু সংতমীতে এক যুগ আরদ্ভ হইরাছিল।
সে সংতমীর নাম মিত্র-সংতমী, প্র্বিদনের নাম গ্রহষ্ঠী ছিল। কিন্তু সে বংসর
সে ষ্ঠীতে শারদ বিষ্ব হয় নাই, তাহার প্র্যাসে কার্ত্তিক মাসের শ্ব্রু পঞ্চমীতে
হইরাছিল। অতএব মহাভারতের উপাখ্যানের সহিত সম্বন্ধ নাই। আরও জানিতেছি,
সে উপাখ্যান সে যুগের পূর্বে রচিত হইরাছিল।

এই কারণে মাস বিললেই চান্দ্রমাস ব্ঝায়। আর, দেবদেবীর প্রার দিন চান্দ্রমাসে ও চান্দ্রদিনে (তিথিতে) নির্দিণ্ট হইয়ছে। এক অমাবস্যায় উত্তরায়ণ আরশ্ভ হইলে ষণ্ঠ অমাবস্যায় উত্তরায়ণ আরশ্ভ হইলে ষণ্ঠ অমাবস্যায় গতে ষণ্ঠ তিথিতে দক্ষিণায়ন আরশ্ভ হইবে। তখন বর্ষা আরশ্ভ, শস্য বপনের কাল। আর লক্ষ্মী, লক্ষ্মীর আগমনের কাল। এই সম্বন্ধ হেতু বর্ষাঋতুর প্রথম মাসের শ্রুক ষণ্ঠী লক্ষ্মীর তিথি হইয়াছিল। তদবিধ অন্য মাসেরও শ্রুক ষণ্ঠী লক্ষ্মীর তিথি হইয়াছে। অন্য দিকে এক অমাবস্যায় দক্ষিণায়ন আরশ্ভ হইলে ছয় চান্দ্র মাস গতে বণ্ঠ তিথিতে উত্তরায়ণাদি হইবে। সেদিন আমরা সরশ্বতী প্রা করি। প্রের্ব পাইয়াছি, পরে আরও স্পণ্ট হইবে, লক্ষ্মী-সরস্বতী একেরই দ্বই অংশ। প্রক্ কল্পনা করিলে দ্বয়েরই প্রো করা উচিত। অতএব জানিলাম, উত্তরায়ণাদি দিবসে সরস্বতী প্রা বিহিত হইয়াছে। কিন্তু ষণ্ঠীতে না হইয়া পঞ্চমীতে কেন?

এইখানেই প্রশ্নের শেষ হইল না। বাদ উত্তরায়ণাদি দিন চাই, শ্রুক্ত প্রতিপদে হইতে পারিত, মাঘ মাস না হইয়া ফাল্গ্রেন মাসে হইতে পারিত। কারণ এককালে ফাল্গ্রেন মাসে উত্তরায়ণাদি হইত। অতএব এক বিশেষ বংসর লক্ষ্য হইয়া মাঘ শ্রুক পঞ্চমী শ্রীপঞ্চমী হইয়াছে। আমার বোধ হয় এক মাহেশ্বর যুগ এই বিধির আদি। এইর্প বিধির উদাহরণ আরও আছে। একটা উদাহরণ দিতেছি। মাঘ শ্রুক সপ্তমী এক বিখ্যাত তিথি। রথসপ্তমী, ভাম্করসপ্তমী প্রভৃতি ইহার নানা নাম আছে। সেদিন রবির উত্তরায়ণ আরম্ভ হইয়াছিল। ইহার অপেক্ষায় মহাভারতে ভীজ্মদেব শ্রুশ্যায় শ্রান ছিলেন। শ্রুপ্র ৩৫ অব্দে (৪৩।৪৪ খ্রীলটাব্দে) এক মাহেশ্বর যুগ আরম্ভ হইয়াছিল। সে বৎসর মাঘ শ্রুক পঞ্চমী-বন্দীতে উত্তরায়ণ প্রবৃত্তি হইয়াছিল।

কার্যের কারণ অনুমান সকল স্থালেই দ্বর্হ। উক্ত অবেদর মাঘ শারুক পশুমী কালক্রমে "শ্রীপশুমী" নামে খ্যাত হইয়াছিল, তাহার নিশ্চিত প্রমাণ নাই। এই অনুমানের পক্ষে দ্বইটি দ্বর্বল যারি আছে। (১) মাহেশ্বর যুগানিসারে উক্ত উত্তরায়ণ পশুমী-ষষ্ঠীর প্রায় সন্ধিক্ষণে ঘটিয়াছিল। (২) সে দিন ব্রধবার। পর দিন গ্রেব্বার ষষ্ঠী। এই বারে লক্ষ্মীপ্রেল প্রচলিত আছে। উক্ত তিথির প্রবাপর যুগের উত্তরায়ণ তিথি দেখিলে সন্দেহ লঘু হয়। যথা—

| ચ_ૌ-બર્ | 865 | অব্দে | উত্তরায়ণ | মাঘ | শ্রু সপ্তমী, | রথসংতমী |
|---------|-----|-------|-----------|-----|--------------|------------|
| | २०७ | | | | ষণ্ঠী, | শীতলাষষ্ঠী |
| খ্মী-পর | 88 | | | | পণ্ডমী, | শ্রীপণ্ডমী |
| | 592 | | | | চতুথী , | গণেশচতুথী |
| | ৫০৮ | | | | তৃতীয়া, | _ |

তৃতীয়াতে কোন প্রো নাই। বোধ হয় প্রাচীন প্রাণকার সে য্গ দেখেন নাই। সে যাহা হউক, এই আলোচনা হইতে জানিতেছি, ৪৪ খ্রীষ্টাব্দের পরে মাঘ শ্রুপঞ্চমী "গ্রীপঞ্চমী" নাম পাইয়াছে। সেদিন রবির উত্তরায়ণ আরুভ হইত।

বেদের সরস্বতী

উপরে দেখা গিয়াছে কেহ কেহ লক্ষ্মী ও সরস্বতী অভিন্ন বিবেচনা করিয়াছেন। লক্ষ্মী ও সরস্বতী দ্র্গাও বটেন। কালিকাপ্রেরাণ মাঘ শ্রুক্ত পঞ্চমীতে দ্র্গাপ্জা করিতে বলিয়াছেন। দেবীপ্রাণে (৩৭ অঃ) লক্ষ্মী ও সরস্বতী দ্র্গার নাম। দেবীপ্রাণ রাজপ্রতানায় সপতম খ্রীন্ট শতাব্দে প্রণীত। রঘ্বনদন রহ্মপ্রাণ হইতে সরস্বতীর প্রণামনত্র তুলিয়াছেন, 'ভদ্রকাল্যে নমো নিতাং সরস্বতা নমো নমঃ' অর্থাৎ সরস্বতী ও ভদ্রকালী এক। ভদ্রকালী অতসীকুস্ম-শ্যামা। দ্র্গার এক র্প। ইহাতে বিস্ময়ের বিষয় কিছ্ব নাই। কারণ ঋগ্রেদে বাগ্রেদেবী স্থিটিস্থতিসংহারকারিণী। আমরা দ্র্গানামে তাহাঁর প্রা করি। এখানে ইহার ব্যাখ্যা সম্ভবপর নয়। এক কথায়, লক্ষ্মী সরস্বতী ও দ্র্গা যজ্ঞর্পা। মহাভারতে বনপর্বে সরস্বতী-তাক্ষ্য-সংবাদে (ম্লে১৮৬ অঃ, বংগান্বাদে ১৮৫ অঃ) সরস্বতী বলিতেছেন, "আমার দিব্যর্প দর্শন ও আমাকে যজ্ঞস্বর্পা বোধ করিলে ম্ক্তি লাভ করিবে।" ইহার পরে মহাভারতে সরস্বতীর বিদ্যর্প বর্ণিত আছে।

ঋগ্বেদে সরস্বতী দুইটি। একটি স্বর্গে, অপরটি মর্ত্যে। মত্যের সরস্বতী এক নদী। স্বর্গের সরস্বতী শুল্রা জ্যোতির্ময়ী নদী। ইনি

দিব্য সরস্বতী। সরস্বতী নামের ব্যুৎপত্তি, যাহাতে সরস্জল আছে। আমরা জ্ঞাত পদার্থের সহিত সাদৃশ্য দেখিয়া অজ্ঞাত পদার্থের নাম ক্রিয়া থাকি। রাত্রে আকাশে তারা-সন্নিবেশ দেখিয়া বলি যেন নৌকা. যেন সপ', ব,শ্চিক ইত্যাদি। কালে 'যেন' শব্দটি লা, পত হয়, নক্ষত্রের নাম নোকা সপ বৃশ্চিক ইত্যাদি হয়। ভূতলের সরস্বতী নদীর সাদ্শ্যে ম্বর্গের সরম্বতীর নাম হইয়াছে। প্রোণে ম্বর্গের সরম্বতীর <mark>নাম</mark> স্কুরগুংগা, আকাশগুংগা, মন্দাকিনী। কালিদাসে ছায়াপথ। ছায়া শুনের অর্থ দীপ্ত। এক দুর্গ্ধশুল্লা দীপ্তিমতী নদী নভোমণ্ডলকে বলয়াকারে বেণ্টন করিয়াছে। বলয়টি উত্তর দক্ষিণে না থাকিয়া ব্রাহ**্ব**ণের উপবীত স্কন্ধ হইতে যেমন তির্যক্ লম্বিত থাকে, সেইরূপ তির্যক আছে। অবশ্য সমগ্র বলয় এক কালে দেখিতে পাওয়া যায় না। তির্যক অবস্থান হেতু নভোমণ্ডলের দৈনিক আবর্তনে বিচিত্র দেখায়। সন্ধ্যার পরে দেখা অপেক্ষা উষার পূর্বে দেখা ভাল। তখন চারিদিক নিস্তন্ধ, বায়, নির্মাল, চিত্ত প্রশান্ত থাকে। কার্ত্তিক মাসের রাত্রি চারিটার সময় আকাশ-প্রতি দ্বিটপাত করিলে স্বরগংগার এক অর্ধাংশ প্রায় মাথার উপর দেখিতে পাওয়া যায়। ছয় মাস পরে বৈশাথ মাসে অপর অর্ধাংশ। কাত্তিক মাসে দেখি মহাকালের (কালপুরুষের) মাথার উপর দিয়া সুর-গংগা উত্তর হইতে দক্ষিণে বহিয়া গিয়াছে। মহাকাল গংগাধর হইয়াছেন। এই গুংগা শিব-গুংগা (চিত্র ৭)। তখন যে গগনপট দেখি ভাহার গাম্ভীর্য মহিমা ও শোভায় যাহার চিত্ত চমংকৃত না হয় তেমন মানুষ নাই। বৈশাখ মাসের স্বেগণ্গা ছিন্নবিচ্ছিন। ইহাতে মাথার উপরে পাঁচটি তারায় কর্ণসদৃশ শ্রবণা নক্ষর, দক্ষিণে বৃষ্ণিচক। বিষ্ণু শ্রবণার অধিপতি। ঋগ বেদের খযিগণ কর্ণ স্থানে শোন পক্ষী দেখিতেন। শোন পক্ষী পুরাণের গর্ড, বিষ্ণুর বাহন। এই গণ্গা বিষ্ণুগণ্গা (চিত্র ৮)। ঋগু বেদের ঋষিগণ দিব্য সরস্বতী দেখিয়া শীত ঋতুর ও বর্ষাঋতুর আগমন • নির্ণয় করিতেন। সে কালে পাঁজি ছিল না, নক্ষত্র দেখিয়া ঋত নির্ণয় করিতে হইত। তাহাঁরা শীতঋতুর আরন্ডে ও বর্ষাঋতুর আরম্ভে যজ্ঞ করিতেন। সে সময়ে দার্তিমতী সরস্বতী শিবগুংগা ও বিষ্ণুগণ্গা নিরীক্ষণ করিতেন। এই হেতু তিনি প্রজ্ঞাসন্মতি-দায়িনী অল্লধনদায়িনী। পর্রাণের সরস্বতী ও লক্ষ্মী একেরই দুই ভাগ। সুরগণ্গা দুরেরই প্রতিমা।

রামায়ণে ও পর্রাণে ভগারিথ স্বর্গ হইতে স্বরগণ্গাকে মত্যে আনিয়াছিলেন। সগর রাজার র্যাণ্ট সহস্র প্র তাহাঁর জলে স্লাবিত



চিত্র ৭। শিব-গুৎগা

হইয়া তারা-র্পে বিদ্যমান আছেন। স্বরগংগা দ্বেশের ন্যায় শ্বা। ইহাই ক্ষীরাব্ধি (ক্ষীর—দ্বশ্ধ, অব্ধি—সাগর)। লক্ষ্মী ক্ষীরাব্ধি-তন্য়া। একবার দেবাস্বর মিলিত হইয়া দ্বশ্ধসাগর মন্থন করিয়াছিলেন। তাহার ফলে শিবগণগায় লক্ষ্মী আবিভূতি। হইয়াছিলেন। প্রাণে বিষ্ণুগণগার দক্ষিণ ভাগের নাম বৈতরণী। স্বরগণগা দক্ষিণে পাতালে প্রবেশ করিয়াছেন, আমরা দেখিতে পাই না।



চিত্র ৮। বিষ্ণুগণ্গা। বামে শ্রবণা, দক্ষিণে শোন

অতএব লক্ষ্মী সরস্বতী একই। উভয়েই বেদের দিব্য সরস্বতীর অধিষ্ঠান্ত্রী দেবী, যাহাঁর কৃপায় ধনসম্পদ্ বিদ্যা-ব্দিধ মেধাস্ম্তি লাভ হয়। শীতঋতুর আরন্ডে লক্ষ্মী-সরস্বতীর অর্চনা বৈদিক কালের স্মৃতি। আর আশ্বিন প্রির্ণমায় কোজাগরী লক্ষ্মীপ্রেজা অতি প্রাচীন বৈদিক কালের বর্ষাঋতুর স্মৃতি। সেই দিন চারি দিক্-হস্তী লক্ষ্মীকে স্নান করায়। যথন আশ্বিন মাস বর্ষাঋতুর প্রথম মাস ছিল তখনকার স্মৃতি। তদবধি বর্ষাঋতু ভাদ্র শ্রাবণ আষাঢ়, তিন মাস পিছাইয়া আসিয়াছে। অন্ততঃ ছয় হাজার বংসর প্রের্বর স্মৃতি।

পর্রাণের সরস্বতী-প্রতিমা শর্লা। কারণ বৈদিক প্রতিমা দিব্য সরস্বতী শর্লা। প্রতিমার সরস্বতী শ্বেতপদ্মাসনা, পদ্ম জলের চিহু। একই কারণে লক্ষ্মী-প্রতিমাও শ্বেতপদ্মাসনা। উভয়েই যজ্ঞর্পা, যজ্ঞাণিনর্পা, শক্তির্পা। অণিন বিশ্বভ্বনের শক্তির চিহু। দর্রেরই প্রতিমা দর্গার ন্যায় তপ্তকাঞ্চনবর্ণা করিলে দোষ হইত না। কিন্তু দিব্য সরস্বতীর বর্ণের অন্রেরোধে সরস্বতী-প্রতিমা শর্লা হইয়াছে। সরস্বতী-প্রতিমার হস্তে স্থাকলস, স্রুরগণ্গার ব্যারপ্রণ্। সে

^{*} জিজ্ঞাস, পাঠক সাহিত্যপরিষৎ পত্রিকার ৫০শ বর্ষ তয় সংখ্যায় ''বৈদিক কৃষ্টির কাল নির্ণয়ে সরুষ্বতী'' প্রকরণ পড়িতে পারেন।

বার্মাসে তের পার্বণ

পর্ব

যে যেমন মান্য, সে তেমন আনন্দ চায়। আনন্দ ব্যতীত কৈহ বাঁচিতে পারে না। হিন্দ্র জীবন্যাত্রা আনন্দময় ছিল। তাহার বার মাসে তের পার্বণ ছিল।

সংস্কৃত পর্বন্ হইতে পার্বণ। পর্বন্ শব্দের মূলার্থ গ্রন্থি, সন্ধি।
ইহা হইতে এক অর্থ উৎসব। বারমাসে তের পার্বণ, তের উৎসব। ঠিক
তের নয়, অনেক। একখানা পাঁজি দেখিলে নানা দেবদেবীর প্রজা ও
নানাবিধ ব্রতের দিন পাওয়া যাইবে। প্রাণে এসকলের প্রমাণ আছে।
স্মৃতিশাস্ত্র-কার সেই প্রমাণে এক এক প্রজার ও এক এক ব্রতের ব্যবস্থা
দিয়াছেন। এসকল ব্যতীত স্মৃতিবহির্ভূত পার্বণ আছে, সেসব
আচার। কোন্ জাতির এত পার্বণ আছে? কোন্ জাতি এত উৎসবের
আনন্দ ভোগ করে? কোন দুইটি পার্বণ এক প্রকার নয়। এই কারণে
পার্বণের আনন্দও এক প্রকার নয়।

পার্বণের তিন উদ্দেশ্য। পর্রাণ-ও শাস্ত্র-কার ব্রিঝয়াছিলেন, মান্ধ একই প্রকার নিত্যনির্মাত কর্ম করিতে পারে না। সে নিত্যনির্মাত কর্মের বিরাম চায়, কর্মের বৈচিত্র্য চায়। না পাইলে তাহার চিত্ত স্বভাবতঃ চণ্ডল হয়, তাহার কর্মে শৈথিল্য আসে। দ্বিতীয়তঃ মান্বের ইন্দিয়-গ্রাম বিষয়ের প্রতি নিরন্তর ধাবিত হইতেছে। রপে, রস, গন্ধ, স্পর্শ, শব্দ নিরন্তর উপভোগ করিয়াও তাহার তৃিত হয় না। যতই ভোগ করে, তৃষ্যা ততই বাড়িয়া যায়। তাহার সন্তোষ নাই। যাহার সন্তোষ নাই, তাহার শান্তিও নাই। লোকে ব্রেম্ব না, চিত্তের আশ্রয় চাই। শান্তির উৎস তাহার অন্তরেই আছে। প্রত্যহ না হউক, মাঝে মাঝে এক এক দিন সেই আত্মারামের ধ্যান করিতে পারিলে, দ্বর্বলের চির্বাশ্রয়, চির-শরণের সম্মুখীন হইতে পারিলে অশান্ত চিত্তে শান্তি

আসে। যে স্থের পরিণাম আনন্দ, সে স্থেই স্থ। সে স্থ শান্তিস্থ। অনেক ভূগিয়া অনেক সহিয়া এক বৃদ্ধ বলিতেন, "দাদা, টাকায়
স্থ নাই।" শাদ্রকার মোহাচ্ছয় মনকে বলপ্রেক বিষয় হইতে অন্যদিকে টানিয়া লইয়া যান। প্রত্যেক পার্বণে, প্রত্যেক উৎসবে ভগবংচিন্তা
আছেই আছে। যে যেমন অধিকারী তাহার জন্য তেমন ব্যবস্থা আছে।
এমনটি আর কোনও জাতির নাই। খ্রীন্টান রবিবারে নিত্যুকর্ম হইতে
বিরত হন, সকাল-সন্ধ্যায় গীর্জায় যান, ঈশ্বর-চিন্তা ও আজ্বচিন্তা
করেন। কিন্তু প্রত্যেক রবিবারে সেই এক বিধি। অধিকারী অন্ধিকারী
সকলের পক্ষেই সেই এক বিধি।

যে সে দিন পার্বণ হয় না। প্রত্যেকের দিন নিদিশ্ট আছে। এইসকল দিন ইচ্ছামত নিদিশ্ট হয় নাই। বংসরের যে যে দিন আমাদের
জানিতে হয়, স্মরণ রাখিতে হয়, বাছিয়া বাছিয়া সেসকল দিনের সহিত
প্রাণ্ড ব্রতারশ্ভ সংযোজিত হইয়াছে। ইহা পার্বণের তৃতীয় উদ্দেশ্য।
আমরা সকল দিন-নিদেশের হেতু ব্রিঝতে পারি না। সহজে কতকগ্রেলর পারি, অন্সন্ধান করিলে আরও কতকগ্রালর পারি। দ্বিতীয়
পরিচ্ছেদে কয়েকটি দিন নিদেশের হেতু বলা যাইবে।

আচারের দ্টান্ত সকলেই জানেন। পোষ সংক্রান্তিতে পোষলী পার্বণ বা পিঠা পরব। কত কণ্টের, কত যত্নের ধান্য গৃহাগত হইয়াছে। যে ধান্য গৃহস্থকে সপরিবারে জীবিত রাখিবে, সে ধান্য আসিলে তাহার আনন্দ স্বতঃস্ফর্ত হয়। লক্ষ্মীর আবির্ভাব হইয়াছে। তাহাঁর প্রজা চাই, তাহাঁকে গৃহে বাঁধিয়া রাখিতে হইবে। গৃহিণী ধানের মরাই, গোলা প্রভৃতি খড় দিয়া বাঁধেন, পেটরাও বাঁধেন। আর ছেলেরা বালতে থাকে, "আওনি, বাওনি, চাওনি। তিন দিন পিঠা খাওনি॥" লক্ষ্মীর আগমন ও বন্ধন হইয়াছে; তিনি গৃহে চিরদিন থাকুন, এখন এই প্রার্থনা (চাহনি)। যে সে পিঠা নয়, পর্বলি-পিঠা। যে পিঠার মধ্যে নারিকেলের প্র থাকে সেই পিঠা, প্র-পিঠা বা প্রলি-পিঠা। ন্তন তন্ডুল সম্বাদ্র, নারিকেল-যোগে আরও সম্বাদ্র হয়। কোনো পিঠা শৃংগাটক (পানিফলের মত), কোনো পিঠা স্বাদ্তক (চতুর্ভুজ)। সে সময় ন্তন আথের গ্রুড়ও দেখা দেয়। তেমন স্বাদ্র ঝোলা গ্রুড়

(ফাণিত) অন্য সময় পাওয়া যায় না। প্রত্যেক বাড়িতেই পিঠা। কাহাকেও বলিতে হয় না, এই উৎসব করিতে হইবে। এইর্প, অগ্রহায়ণ সংক্রান্তিতে আশ্কে (আশ্বিকয়া) পিঠা, আশ্বধানাের পিঠা। প্রেবিজে ইহার নাম চিতই পিঠা (সে চিতি, রাশি, স্ত্প)। ইহার পাকপ্রালাী ভিন্ন, আস্বাদও ভিন্ন। স্মৃতিতে ব্যবস্থা আছে, দেবতাকে নিবেদন করিয়া থাইতে হইবে। বৈদিককালের প্রেডােশ এইর্প ছিল, কিন্তু প্রায়ই যবচ্পের হইত। আশ্বধান্য আশ্বিন মাসে পাকে। আশ্বন মাসে আশ্কে পরব না হইয়া অগ্রহায়ণ মাসে কেন? কথাটা চিন্তনীয়। কোন অতীতকালে অগ্রহায়ণ মাসে আশ্বান্য ফলিত কি? আশ্বিন মাসে শরৎ ঋতু আরম্ভ হয়। যে কালে অগ্রহায়ণ মাসে শরৎ প্রবেশ করিত, আশ্কে পরব কি সেই অতীত কালেের স্মৃতি? গ্রাম্বাসীর পক্ষে পিঠা-পরব সামান্য ব্যাপার নয়। নগরবাসী পিঠা-পরবের আনন্দ হইতে বণিওত।

রুধনীরও কর্মের বিরাম চাই। মাঝে মাঝে অরুধন ও ভোজ্যান্তর আছে। দশহরার দিন ভোজ্যান্তর। সেদিন দিধ, দ্বশ্ধ, ম্বড়ি, মুড়াক ও আম-কাঁঠাল যোগে 'ফলার'। বোধ হয় পূর্বে খই, দই ও ফল ভক্ষণ নিয়ম ছিল। এই হেতু রাঢ়ে নাম খই-ঢেরা, শৃন্ধ নাম খই-ধারা। তার পর কোথাও শ্রাবণ সংক্রান্তিতে, কোথাও ভাদ্র সংক্রান্তিতে অরন্ধন। সেদিন মনসা প্জা। কোনও গৃহস্থের বাড়ীতে উনান জ্বালা হয় না। পূর্ব রাত্রে অন্নব্যঞ্জন পাক করিয়া রাথা হয়। পর্রাদন তাহাই ভোজা। উনানে মনসার ডাল রাখিয়া দুশের স্নান করাইয়া মনসাপ্রজা হয়। কোথাও কোথাও মনসার প্রতিমা গড়িয়া প্রজা হয়। প্রবিধেগ শ্রাবণ মাসের ৫ই হইতে সংক্রান্ত পর্যন্ত সর্পালংকৃত অপ্রক্ক ঘটে এবং শেষদিন প্রতিমায় প্রজা হয়। মনসাদেবী বৃক্ষ-বিশেষে থাকেন। এই হেতু পশ্চিমবঙ্গে সে ব্রক্ষের নাম মনসা হইয়া গিয়াছে। সে ব্রক্ষের সংস্কৃত নাম স্নুহী, বাংলায় পাতাসিজ, পূর্ববঙ্গেও সিজ। কিন্তু সেখানে অর্ব্ধন নাই। দশহরাতেও অর্ব্ধন নাই। ক্যেজাগরী লক্ষ্মী প্রজার দিন দিবাভাগে উপবাস, রাগ্রে চিপিটক ও নারিকেল ভক্ষণ বিহিত। কিন্তু সে বিধি নামমাত্র পালিত হইতেছে।

1.

অন্ব্রাচী এক বিশেষ দিন। সেদিন বর্ষা-আর্ন্ত। প্থিবী রসসিত্তা হয়, রজঃস্বলা হয়, অশ্বচি হয়। তিনদিন অশোচের পর বীজ বপন এবং যথাকালে বীজ হইতে ফলোৎপাদন হয়। এই তিনদিন কৃষক হলকর্ষণ করে না, ভূমিখননও করে না। বিধবা ও অনেক ব্রাহাণ অশ্বচি প্থিবীর স্পর্শে অল্লপাক করেন না, ফলম্ল খাইয়া থাকেন। বর্ষাহেতু বিল হইতে বিষধর সর্প বহিগতি হইয় গ্রে, বিশেষতঃ নির্জন নিন্নভূমি পাকশালার উনানে আশ্রয় লয়। সপ্রের পানের নিমিত্ত দ্বশ্ব রাখা হইত, সর্প কাহাকেও দংশন করিত না। বিধি আছে, সর্পভয়-নিবারণের জন্য দ্বশ্বপান কর্তব্য। মান্বে পান করিলে সর্পভয়-নিবারণ হইতে পারে না। পরে দেখা যাইবে, আমরা যেদিন অরন্ধন করি, সেদিন অন্ব্রাচী হইত।

সরস্বতী প্জার পর্রাদন ষণ্ঠীতে পশ্চিমবঙ্গে প্রাদিনের রাঁধা অল্লবাঞ্জন খাইবার আচার আছে। আর প্রবতী নারী বাটনা-বাটা শিলে পিঠালীর জলে যাইট নরম্বতি লিখিয়া হারদ্রারঞ্জিত বস্দ্রে আবৃত করেন; রাহ্যাণ তাহাকে শীতলা ষণ্ঠী নামে প্জা করেন। প্রবিঙ্গে এই আচার নাই। আমার বােধ হয়, এই দ্ই আচারই ভুলক্তমে চলিতেছে।, এই ষণ্ঠীর নাম শীতলা ষণ্ঠী। ইহার অর্থ শীতল ভাজা গ্রহণের ষণ্ঠী না হইয়া শীতঋতু-আরশ্ভেব ষণ্ঠী হইতে পারে। বস্তুতঃ শীতের দিনে পর্যায়িত অল্লবাঞ্জন র্চিকর হইতে পারে না। স্কন্দ কার্ত্তিকেয়, তাহাঁর ছয় মাতা। তাহাঁরাই ষণ্ঠী, রািণ্ট নয়। কিন্তু স্কন্দমণ্ঠী আর একদিন; এই দিন নয়। প্রবিঙ্গে এই অরশ্বনও নাই। সেথানে সরস্বতীপ্জার দিন এক জাড়া ইলিশমাছের ঝাল খাইতেই হয়। বিজয়া দশমীর দিন হইতে ইলিশ-ভক্ষণ বন্ধ ছিল। ইলিশমাছের ডিম হয়, এই কারণে এই কয়মাস ইলিশমাছ মারা হয় না। প্রয়োজনবশে আচারের উৎপত্তি হয়।

স্থানে স্থানে নানা প্রকার উৎসব আছে। সেসকল উৎসবে বহু লোক একত্র হয়। মনে পড়িতেছে, বাল্যকালে আরামবাগের অল্তঃপাতী বালি গ্রামে রাসোৎসব দেখিতে ষাইতাম। এক জমিদার রাসোৎসব করিতেন। একটা পুরাতন তেলানিয়া পুকুরের সম্মুখের তিন পাড়ে সোলার কদমগাছ, আরও কত কি গাছ রোপিত হইত। সে-ই বৃন্দাবন। কাত্তিকী প্রণিমার শৃদ্র জ্যোৎস্নায় বৃন্দাবনের অপ্র শোভা হইত। আর অপরাহে প্রকুরের মাঝখানে একটা মণ্ডের উপরে প্রতুলনাচ হইত। দ্রের প্রকুরের আড়ায় বসিয়া কারিকর দোড়ি টানিত। আর নারীম্তি নানাভিঙ্গতে নাচিত। চারি পাড়ের অগণ্য দর্শক হাঁ করিয়া দেখিত। রাগ্রিতে যাগ্র হইত। কতদ্র হইতে সহস্র সহস্র দর্শক ও শ্রোতা সেরাসেশ্বর দেখিতে যাইত! একদিন নয়, তিন্দিন। এইর্পে দেশের লক্ষ্মীমন্তেরা আনন্দান করিতেন।

চৈত্র মাসে বার্ণী। আরামবাগের এক ক্রোশ দক্ষিণে রাজা রণজিৎ রায়ের বিস্তীর্ণ দীঘি আছে। তাহার জলে সহস্ত্র সহস্ত্র নরনারী বার্<mark>বণী</mark> স্নান করিত। সে বিস্তীর্ণ দীঘির চারিদিকের নির্মাল জল ঘোলা হইয়া উঠিত। উচু পাড়ে অগণ্য দোকান বসিত। বাঁশের চারি খ্রিট, উপরে চাদর। নানাবিধ দ্রব্য বিক্রয় হইত। গ্রামের কুলনারী হাটে যান না, নিজে দেখিয়া কোন কিছ্ব কিনিতে পান না। এই বার্ণীর দিন পাড়ের দোকানে দোকানে দেখিয়া বেড়াইতেন; নিজের ইচ্ছামত দেখিয়া বাছিয়া জিনিস কিনিয়া লইয়া যাইতেন। কোথাও বটতলার বহির দোকান। ক্রেতার ভিড় হইয়াছে, একট্ব পাড়িয়া দেখিতেছে। রামায়ণ, শতস্কন্ধ-রাবণবধ, দাশ্রায়ের পাঁচালি, র্কিনুণী-হরণ, শিশ্ববোধক, অলপদামের আরও অনেক প্রকার বই বিক্রয় হইত। কোথাও লোহার কড়া-বেড়ী-খনতী, কোথাও তালা-চাবি-ছ্নুরী-ছ্বুচ, কোথাও মনিহারী দোকানে আশী-চিরণী-কাঁকই-ঘুনসী, কোথাও ছেলেদের খেলনা ও পর্তুল, তাল-পাখা তালপাতার বোনা ও বাঁশের চাঁচের পাখা ইত্যাদি ইত্যাদি নিত্য-প্রয়োজনীয় যাবতীয় দ্রব্য সেখানে কিনিতে পাওয়া যাইত। তখনও বিলাতী জিনিস আসে নাই, সব দেশী। কেবল ছেলেদের জামার ছিট ও ঘড়ঘড়ি খেলনার টিন বিলাতী। স্থানে স্থানে ময়রা ভিয়ান করিত। পুরী-কচুরী নয়, ঘর হইতে মিঠাই ও নারিকেল সন্দেশ আনিত, আর সেখানে তেলে ভাজা গ্রুড়ো ঝিলাপী করিত। এই ঝিলাপী যে কি স্কুবাদ্ব হইত, এখন তাহা স্বপেনরও অতীত। তেল খাঁটি সরিষার নয়, তিলই বেশী থাকিত। শ্রীরামকৃষ্ণ প্রমহংস ঝিলাপী খাইতে ভাল- वािंतरा निम्हत जिन এই विलाभी थर्डिएन। ইराই जारांत एरमात विलाभी, वालाकात्वत विलाभी। कठ वसी संभी नािं जित कर्म प्रदे- अक भ्रमात विलाभी किनिया आँहरात थर्दि वािंध्या लरेया यारे एक। नािं कािं, यदा आहि, आर्मिट भावत नारे। कर नािं ज कर्मा त्यलना लरेया यारे एक। अरेत्भ, यारात स्वत्भ मा्म, स्म वात्र्भीत कार् मिहेसा आमिछ। मीियत माराया कम नय। निकर्ण प्वातर्कम्वत नमी। नमीट म्नान नय, स्मरे मीियर माना। अक श्रामा कि मीियत मारायावान ।

আষাঢ় মাসে নিকটবতী সালেপ্র গ্রামে রথ। লোকারণ্য হইত। রথ বড়। যে সে গ্রামে রথ থাকে না। নানা দোকান পাট বসিত। ছেলেদের প্রতুল প্রচুর বিক্রয় হইত। পোড়া মাটির রং-মাথান প্রতুল, শিম্বল কাঠের কুচবর্ণ লাটিম ও ছেলেদের সেই বর্ণের চুষিকাঠি বিরুষ হইত। ময়রা চিনির রথ বিক্রয় করিত। কড়া পাকের চিনি ছাঁচে ঢালিয়ারথ করিত; খাইতে অতিশয় মিল্ট। তেলে ভাজা গ্রুড়ো বিলাপীও প্রচুর বিক্রয় হইত। তংকালে পয়সার দাম বেশী ছিল। রথ দেখিতে দ্বই আনা পয়সা কম হইত না।

গ্রামে আরও উৎসব আছে। চৈত্র মাসের সংক্রান্তিতে শিবের গাজন হয়। সকল শিবের হয় না। গ্রাম-ষোলআনার শিবের হয়। সকল গ্রামে এই শিব নাই, গাজনও হয় না। লোকে মানসিক করে, কয়েকিদিনের নিমিত্ত শিবের সম্ল্যাসী হয়। শিবের গাজন এক বৃহৎ ব্যাপার। ঢাক বাজিতে থাকে; প্রথর গ্রীজ্মে কড়াং কড়াং শব্দ করে। পাঁচ-সাত দিন ধরিয়া গ্রামে সাড়া পড়িয়া যায়। কোথাও কোথাও অপরাহে চড়ক হয়। পাশের দশ-পনর খানা গ্রামের লোক গাজন ও চড়ক দেখিতে আসে। শিবের গাজনের অন্করণে কোথাও কোথাও ধর্মের গাজন হয়। শিবের গাজনের প্রকৃত ব্যাপার হরকালীর বিবাহ। সম্ল্যাসীরা বর্ষাত্রী। তাহাদের গর্জন হেতু "গাজন" শব্দ আসিয়াছে। ধর্মের গাজনে ম্বুজির সহিত ধর্মের বিবাহ হয়। দুই বিবাহই প্রচ্ছম।

যে কালের কথা লিখিতেছি, এখন আর সে কাল নাই। এখনও লোকে বার্ণীর দিন দীঘিতে প্রাতঃস্নান করে, সালেপ্ররের রথযাত্রায় লোকের ভিড় হয়, কিন্তু সে প্রাণ আর নাই। সে প্রাতন রাসোৎসব অনেকদিন বন্ধ হইয়া গিয়াছে। কমলা চণ্ডলা, একগ্যুহে চিরদিন থাকেন না। এখনও গাজন হয়। সন্ন্যাসী স্তোর উত্তরীয় কপ্ঠে ধারণ করিয়া হাতে বেত্র লইয়া 'গাজন তোলেন'। ঢাকী তাহার ছোট ঢাক ছিটের কাপড় দিয়া মন্ডিয়া বকের পালকের হস্তিশান্ডাকার গজকা আঁটিয়া বাজায়। সবই হয়, হয়ও না। লোকের সে উৎসাহ নাই, আনন্দ-উপভোগের ক্ষমতা নাই। মধ্যবিত্ত শ্রেণী দেশের যাবতীয় উৎসবের উদ্যোক্তা ছিলেন। তাহাঁরাই গ্রামবাস্ট্রীকে নানা প্রকারে আনন্দদান করিতেন। গ্রামবাসী তাহাদিগকে আপনজন মনে করিত। অলেপ অলেপ সে শ্রেণী অদৃশ্য হইতেছে। যাহাঁরা অর্থোপার্জন করিয়া ধনবান হইতেছেন, তাঁহাদের সে কোলিক ধারা নাই, দেবদেবীর প্রজায় শ্রুদ্ধা নাই। তাহাঁরা রামায়ণ ও ভাগবতপাঠ করান না; বক্ষপ্রতিষ্ঠা, দেবালয়-প্রতিষ্ঠা ও পত্নকরিণীপ্রতিষ্ঠা করান না । প্রতিষ্ঠা শব্দের অর্থই জানেন না। এখন নগরবাসী পতাকা লইয়া পথে পথে ভ্রমণ করেন এবং মনে করেন, উৎসব হইতেছে। আর, দীর্ঘ দীর্ঘ বক্তৃতায় তাহার সমাণ্ডি হইতেছে। তাহাঁরা জানেন না. উৎসব মাত্রেরই তিনটি অংগ আছে। প্রথমে দেবার্চনা, তারপর কর্মের অনুষ্ঠান, অবশেষে ভূরিভোজন।

কত দেবদেবীর প্জা হইত, এখনও হইতেছে। দ্র্গাপ্জা, লক্ষ্মীপ্জা, শ্যামাপ্জা, জগদ্ধান্তীপ্জা ইত্যাদি হইতেছে। কিন্তু সে সে প্জায় ক্রমশঃ তামসিক ভাব আসিতেছে। শিলপী প্রতিমা নির্মাণে ধ্যানের প্রয়োজন ব্রিক্তে পারেন না। ধ্যানে দ্র্গাপ্তিতিমা তপ্তকাঞ্চনবর্ণাভা। কিন্তু কলিকাতায় চন্পকবর্ণা দেখিয়াছি। নগরে কালীপ্রতিমার জিহ্বা অতিশয় দীর্ঘ। দেখিলে মনে হয় যেন একটা কৃত্রিম জিহ্বা ম্বেথ প্ররিয়া দেওয়া হইয়াছে। এই জিহ্বা লক্লক্ করিতে পারে না। কালীপ্রতিমা-নির্মাণ অতিশয় কঠিন, যে সে শিলপীর কর্ম নয়। সেকালে পাঠশালার পভ্রারা মাসে মাসে শ্রেল পঞ্চমীতে তালপাতার তাড়ী, বই ও দোয়াত-কলমে সরন্বতী প্জা করিত। এখন নগরে নগরে বংসরে মান্ত একদিন বিদ্যালয়ের ছাত্রেরা সরন্বতী প্রতিমার প্জা করে। তাহাঁর হাতে প্রস্তুক, মস্যাধার ও লেখনী থাকে না, থাকে বীণা! ছাত্রেরা

বিদ্যালয়ে গন্ধর্ব বিদ্যা শিখিতে যায় না। অনেক কাল প্রের্ব এক বিখ্যাত চিত্রকরের অভিকত সরম্বতীর চিত্র দেখিয়াছিলাম। দীনা, শীর্ণা, কোটরনয়না, অবসয়দেহা এক তর্বী বীণা বাজাইতেছেন। মনে হয়, বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার নিমিত্ত রাত্রি জাগিয়া পড়িয়া পড়িয়া তাহাঁর এই দশা হইয়াছে। সরম্বতী নিজে বিদ্যাভ্যাস করেন না, তপঃক্রশ করেন না। প্রসমা হইলে তিনি বিদ্যাদান করেন। অবনতি একদিকে নয়, নানাদিকে ঘটিয়াছে।

এখনও গ্রামবাসী সহজ ও অনাড়ম্বরভাবে জীবনষাত্রা নির্বাহ করে। এখনও শিলপজীবী ফল রাখিয়া বিশ্বকর্মা প্রেলা করে, পোতবাহী নৌকায় গংগাপ্জা করে, গৃহস্থ গো-পার্বণ করে, ধানের রাশিতে লক্ষ্মী-প্রো করে, কোথাও কোথাও প্রতি বৃহস্পতিবারে ঘটে প্রেলা করে। কিন্তু এই সহজ ভাব আর বেশীদিন নয়।

এখন বালিকারা ইতুপ্জা ও প্রাপ্রকুর ব্রত করে না। প্রবিজ্যে
মাঘমণ্ডল ব্রতের "আ্ম-কাঠালিয়া পীড়িখানি ঘ্তে ম ম করে", সেই
স্মধ্র গীত ক্রমণঃ ক্ষীণ হইতেছে। নারী ষট্পগুমীবত, কঠিন
সাবিত্রীব্রত ও অনন্ত চতুদশীব্রত ভুলিয়া গিয়াছেন। এখন আর
কাহাকেও কঠিন চাতুর্মাসাব্রত করিতে দেখি না। কদাচিৎ কেহ বর্ষাকালে গ্রুড় ও অন্য প্রিয় খাদ্য বর্জন করেন। কিন্তু অনেক প্রব্রুষ্থ
বংসরে ছয়দিন উপবাস করেন।

"শোয়া ওঠা পাশমোড়া।
তার অর্ধেক ভীমে ছোঁড়া॥
ক্ষেপার চৌন্দ ক্ষেপীর আট।
এই নিয়ে কাল কাট॥"

অর্থাৎ, চাতুর্মাস্যের শয়ন একাদশী, পার্শ্বপরিবর্তন ও উত্থান
একাদশী, ভৈমী একাদশী, শিবরাত্রি ও দুর্গাণ্টমী, এই ছয়দিন উপবাস
করিবে। সকল ব্রতেই দেহের কণ্ট আছে। মুসলমান রমজান মাসে
রোজা রাথেন; দিবাভাগে জল পর্যন্ত স্পর্শ করেন না। রমজান
বংসরের সকল ঋতুতেই ঘ্রিরয়া ঘ্রিয়া আসে। প্রথর গ্রীষ্মকালেও

আসে। তথাপি মুসলমান রোজা পালন করিয়া আসিতেছেন। নবরাত্র-ব্রতে (দুর্গাপ্রজার নয়দিন) নম্ভভোজন বিহিত ছিল; কিন্তু মাত্র নয় দিন।

প্রজা মাত্রই ব্রত, ব্রত মাত্রেই সংকল্প প্রধান। ব্রতধারণ দ্বারা আত্মার প্রসন্মতা হয়, চিত্তের সংঘম অভ্যাস হয়, ইন্টের প্রতি একাগ্র ভব্তি এবং সমন্দয় নরনারীর প্রতি উদার ভাব জাগ্রত হয়।

পর্বের দিন

আমাদের পাঁজিতে যেসকল ব্রত ও প্জার দিন লিখিত হইতেছে, সেসকল দিন যদ্চ্ছাক্রমে স্থির হয় নাই। জ্যোতিষিক যোগ, বিশেষতঃ স্মরণীয় যোগ ঘটিলে সেদিন কোন ব্রত ব্যবস্থিত হইয়াছে। ব্রত মারেই দেবার্চনা আছে, দেবার্চনা মাত্রই ব্রত।

'শারদোৎসবে' দেখিয়াছি, নবরাত বতই দ্র্গাপ্জা। বত-অন্তে ন্তন শরংবর্ষ আরুভ হয়। সেদিন বিজয়া দশমী। সেই প্রবেধ কোজাগরী লক্ষ্মীপ্জা, শ্যামাপ্জা এবং ভীত্মাত্মীর হেতু পাইয়াছি। শ্রীপঞ্মীতে সরস্বতীপ্জা, কার্ত্তিক প্রিশায় রাস্যাতা ও ফাল্গ্নী প্রিশিমায় দোল্যাতার উংপত্তিও উল্লেখ করিয়াছি।

আমাদের যাবতীয় ধর্মকৃত্য চাল্দ্রমাস, তিথি ও নক্ষর ধরিয়া নিদি ছি ইয়াছে (পরিশিন্ট পশ্য)। দুই পাঁচটা সোরমাস সংক্রান্তি ধরিয়া হইয়াছে। সেসব আচার। মাস বাললেই চাল্দ্রমাস ব্ঝাইত। আমরা বঙ্গদেশে সোরমাস ও সোরমাসের দিন গণিয়া থাকি। কিল্তু ভারতের প্রায় তিন ভাগে চাল্দ্রমাস ও তিথি গণনা প্রচলিত আছে। মাসে ৩০ তিথি। ১২ মাসে ৩৬০ তিথি। কিল্তু আরও ১১।১২ দিন না গেলে বংসর পূর্ণ হয় না। প্রণিমা হইতে প্রণিমা এক মাস। এই মাসের প্রথমে কৃষ্ণ, পরে শ্রুপক্ষ। এই কারণে এই মাস প্রণিমান্ত। উত্তর ভারতে সম্বংশ্রুপক্ষ। এই কারণে এই মাস প্রণিমান্ত। উত্তর ভারতে সম্বংশ্রুপক্ষ। এই মাসের প্রথমে শ্রুক, পরে কৃষ্ণ পক্ষ। ভগবদ্গীতায় এই মাস ধরা হইয়াছে। আমরা বঙ্গদেশে এই মাস গণি, শকান্দগণনায় আমান্ত মাস ধরিতে হয়। প্রণিমান্ত ও আমান্ত, এই দ্বিবিধ মাস-

গণনাতেই শ্রুপক্ষের মাস-নাম একই। কৃষ্ণপক্ষের মাস-নামে এক মাসের প্রভেদ হয়। যেমন, প্রাবণ শ্রুকান্টমী, উভয় পদ্ধতিতেই মাস-নাম প্রাবণ (চিত্র ২২ পশ্য)। কিল্তু কৃষ্ণান্টমী, অমান্ত গণনায় প্রাবণ কৃষ্ণান্টমী এবং পর্নিমান্ত গণনায় ভাদ্র কৃষ্ণান্টমী। অবশ্য প্রাবণ কৃষ্ণান্টমী যে দিন, ভাদ্র কৃষ্ণান্টমীও সেই দিন। কেবল মাস-নামে এক মাসের প্রভেদ। অতএব কৃষ্ণপক্ষের তিথির উল্লেখ করিতে হইলে মাস প্রিণিমান্ত কি অমান্ত, তাহা বলিতে হইবে।

নক্ষতের নামে মাসের নাম হইয়াছে। অনুমান হয়, খ্রী-প্ত০০০ -হইতে খ্রী-প্ত ১২৫০ অব্দের কালে চন্দ্রপথের ২৮টি নক্ষত্র চিহ্নিত হইয়াছিল। তখন নক্ষত্র শব্দে তারাময় আকৃতি বুঝিতে হইত। যেমন. অশ্লেষা বলিলে পঞ্চ-তারক শ্ব-পঞ্চ আকৃতি বুঝিতে হইত: মঘা বলিলে পণ্ড-তারক হলাকৃতি ব্রুঝাইত (চিত্র ১ পশ্য)। প্রত্যেক নক্ষত্রের যে তারাটি সর্বাপেক্ষা উজ্জ্বল, সে তারাই সে নক্ষত্রের তারা। যেমন. শকটাকার রোহিণীর উজ্জ্বল আ-লোহিত তারাটি রোহিণী তারা (চিত্র ৫ পশ্য)। হলাকৃতি মঘার উজ্জবল নক্ষর্রাট মঘা তারা। এইসকল নক্ষর সমান সমান দ্বে অবস্থিত নয়। খ্রী-প্ ১৮৫০ অব্দে রবিপথ ২৭ ভাগে বিভক্ত হইয়াছিল। এক এক ভাগের নাম নক্ষ্য এবং যে তারাময় আকৃতি যে ভাগের মধ্যে বা নিকটে ছিল, সে নক্ষত্রের নামে সে ভাগের নাম হইয়াছিল। তৎকালে কৃত্তিকা, রোহিণী, মৃগশিরা ইত্যাদি ২৭ নক্ষর-ভাগ কল্পিত হইয়াছে (চিত্র ২২ পশ্য)। অদ্যাপি আমরা সেই ভাগ ধরিয়া পাঁজি গণিতেছি। সে সময়ে চৈতাদি মাস-নামও রচিত श्टेशािष्टल। त्य भात्म किंठा नक्कत्व भ्रितिमा श्र तम भात्मत नाम किंव। এইর্পে অন্যান্য মাস-নামও হইয়াছে। এসকল চান্দ্রমাস। কতকাল পরে চান্দ্রমাসের নাম শ্বারা সৌরমাসের নামও হইয়াছে, তাহা অজ্ঞাত। এখানে আমাদের সোরমাসের উল্লেখের প্রয়োজন হইবে না। মাস र्वानल्ये जन्मभात्र वृचित् इरेता

বংসরে চারিটি দিন স্মরণীয় (চিত্র ২১ পশ্য)। দুই অয়নাদি-(অয়নের আরম্ভ) দিন এবং দুই বিষ্ফ্রব-দিন। যেদিন সূর্য দক্ষিণ হইতে উত্তরে গমন করেন, সেদিন উত্তরায়ণাদি। যেমন, ২২ ডিসেম্বর। সেদিন রাত্রি প্রম দীর্ঘ, দিবা প্রম হ্রুম্ব। যেদিন স্থা উত্তর হইতে দক্ষিণে গমন করেন, সেদিন দক্ষিণায়নাদি। যেমন ২১ জ্বন। সেদিন দিবা প্রম দীর্ঘ, রাত্রি প্রম হ্রুম্ব। সেদিনই অম্ব্বাচী, বর্ষা আরম্ভ ধরা হয়। প্রেরী জলসিক্তা হয়, এই হেতু নাম অম্ব্বাচী। আর দ্বইদিন দিবা ও রাত্রি সমান হয়। সে দ্বইদিন বিষ্বে-দিন। বসন্তকালে যে বিষ্ব হয়, তাহা মহাবিষ্ব। যেমন ২১ মার্চ। শরংকালে যে বিষ্ব হয়, তাহা জলবিষ্ব। যেমন ২২ সেপ্টেম্বর।

অয়নাদি পশ্চাদ্গামী হইতেছে। প্রায় সহস্র বংসরে এক নক্ষতভাগ পিছাইতেছে। নক্ষত্র যেখানে, সেখানেই আছে। সন্তরাং মাস যেখানে,
সেখানেই আছে। কিন্তু অয়নাদি এবং সেহেতু ঋতু পিছাইতেছে।
কিঞ্চিদিধক দ্বই সহস্র বংসরে একমাস পিছাইতেছে। রবিপথ দ্বই
অয়নাদি ও দ্বই বিষ্বুব স্থান দ্বারা চারিপাদে বিভক্ত হইয়াছে। এক এক
পাদ অতিক্রম করিতে রবির তিন সৌরমাস লাগে। কিন্তু চন্দের তিন
মাসের দ্বই তিন তিথি অধিক লাগে। স্থ্ল গণনায় তিন মাস ধরা
যাইতে পারে।

যে বংসর প্রা নক্ষর-ভাগের আদিতে দক্ষিণায়ন হইয়াছিল, সেবংসরই শকম্থ (৭৮ খ্রী)। ২৪১ শক=৩১৯ খ্রীণ্টান্দে দক্ষিণায়নস্থান এক নক্ষর পাদ পিছাইয়া আসিয়া প্রবর্গন্র তৃতীয় পাদে হইয়াছিল। সেবংসরই গ্রুতান্ধ্র-ম্থ। মহাবিষ্ব হইতে দক্ষিণায়নাদি ৯০০=৬৮০ নক্ষর। কাজেই অশ্বিনীভাগের আদিতে মহাবিষ্ব হইত। তদবিধি আমরা অশ্বিনী, ভরণী ইত্যাদি কমে নক্ষর গণিতেছি। সে সময়ের পাঁজিই বর্তমানে চলিতেছে। বর্তমানে ১৯৫০ খ্রীণ্টান্দ; ১৬৩০ বংসর অতীত হইয়াছে।

২৪১ শকে = ৩১৯ খ্রীষ্টাব্দে চৈন্নপর্নিপায় মহাবিষ্ব-দিন হইয়াছিল। মনে করি, সে সময় সৌরমাস-গণনা প্রচলিত ছিল। তাহা হইলে তখনকার ঋতুবিভাগ সৌরমাসে এইর্প ছিল—

| চৈত্র-বৈশাখ | • | বসন্ত |
|---------------|----|---------|
| জ্যৈষ্ঠ-আষাঢ় | | গ্রীষ্ম |
| শ্রাবণ-ভাদ্র | *. | বৰ্ষা |

| আশ্বিন-কান্তিক | • · · n | শরৎ |
|----------------|---------|-------|
| অগ্ৰহায়ণ-পোষ | 4 | হেম•ত |
| মাঘ-ফালগ্ৰন | | শিশির |

অর্থাৎ, চৈত্র সংক্রান্তিতে মহাবিষাব, আবাঢ় সংক্রান্তিতে দক্ষিণায়নাদি, আন্বিন-সংক্রান্তিতে জল-বিষাব এবং পৌষ-সংক্রান্তিতে উত্তরায়ণাদি। এই গণনা অদ্যাপি চলিয়া আসিতেছে, যদিও বিষাবাদি ২৩ দিন পিছাইয়া আসিয়াছে। ইহা হইতে পাইতেছি, এই এই সংক্রান্তিতে আমাদের ষেসকল কৃত্য আছে, সেসকল ৩১৯ খাল্টান্দের প্রে ছিল কিনা সন্দেহ। শিবের গাজন হইলে মাস ও তিথি ধরিয়া হইত, অরন্ধন ও পিঠা-পরবও মাস ও তিথি ধরিয়া হইত।

করেক বংসর হইতে পূর্ববিশে ও কলিকাতার কেই কেই পয়লা বৈশাখ নববর্ষোৎসব করিতেছে। তাহারা ভূলিয়াছে, বিজয়াদশমীই আমাদের নববর্ষারুভ। বংসরে দুইটা নববর্ষোৎসব হইতে পারে না। পয়লা বৈশাখ বাণকেরা নৃতন খাতা করে। তাহারা ক্রেতাদিগকে নিমন্ত্রণ করিয়া ধার আদায় করে। ইহার সহিত সমাজের কোন সম্পর্কা নাই। নববর্ষ প্রবেশের নববস্ত্রপরিধানাদি একটা লক্ষণও নাই।

৩১৯ খ্রীন্টাব্দে চৈত্র প্রিমার দিন মহাবিষ্ক্র হইয়াছিল। অতএব স্থ্লে গণনায় ইহার তিন মাস পরে আষাঢ়-প্রিশিমায় দক্ষিণায়নাদি, আশ্বিন-প্রিশিমায় জল-বিষ্ক্ব এবং পৌষ-প্রিশিমায় উত্তরায়ণাদি হইত।

এই সময়ের কিণ্ডিদধিক দুই সহস্র বংসর পূর্বে, খ্রী-প্ ১৮৫০ অব্দের নিকটবতী সময়ে বৈশাখী প্রিশিমায় মহাবিষ্ব হইত। তথনকার ছয় ঋতু এইর্প ছিল—

| रेवगाथ-रेकान्ठे | | | বসন্ত |
|--------------------------|---|---|---------|
| আষাঢ়-শ্ৰাবণ | | | গ্রীত্ম |
| ভাদ্ৰ-আশ্বিন | ٠ | | বৰ'া |
| কার্ত্তিক-অগ্রহারণ | • | • | শরৎ |
| পোষ-মাঘ ফাল্গান-চৈত্র | - | • | হেমন্ত |
| ALLO ALGUE | * | * | শিশির |

বৈশাখী প্রিণিমার তিন মাস পরে শ্রাবণী প্রিণিমায় দক্ষিণায়নাদি, ইহার তিনমাস পরে কান্তিকী প্রিণিমায় জলবিষ্ব, ইহার তিন মাস পরে মাঘী প্রিণিমায় উত্তরায়ণাদি হইত। এই চারি প্রিণিমাই প্রসিদ্ধ। বৈশাখী প্রিণিমা ও মাঘী প্রিণিমা জ্লান-দানাদির শ্বভ দিন।

গ্রীকৃষ্ণের রাস, দোল ও ঝুলন যাত্রা

কার্ত্তিকী প্র্ণিমায় শ্রীকৃষ্ণের রাস্যান্ত্রা। সেদিন স্থ্রর্প কৃষ্ণ বিশাখা অর্থাৎ রাধানক্ষরে থাকেন। ইনি রজের কৃষ্ণ। প্রাবণী প্রণিমায় রবির দক্ষিণায়ন। সেদিন শ্রীকৃষ্ণের ঝ্লুলন অর্থাৎ দোলন। এইর্পে মাঘী প্রণিমায় স্থের উত্তরায়ণ। সেদিন কৃষ্ণের দোলযাত্রা হইবার কথা। কিন্তু কি কারণে কে জানে, প্রাচীন ফাল্গ্রনী প্রণিমাতে শ্রীকৃষ্ণের দোল হইতেছে। কোন প্রাণে শ্রীকৃষ্ণের এই তিন যাত্রার উল্লেখ নাই। রঘ্নুনন্দনও (যোড়শ শতাক্ষ) ধরেন নাই। কিন্তু ব্হন্ধর্মপ্রাণ নামক উপপ্রাণে প্রতপ্রাগ নিক্ষেপ শ্রারা দোলযাত্রা বর্ণিত আছে। বিষ্ণু-ও ভাগবত প্রাণে কৃষ্ণের রাস বর্ণিত আছে। কিন্তু তাহার অন্যুকরণে লোকে রাসোৎসব করিত না। কৃষ্ণের রাস ও দোলোৎসব বোধ হয় তিন শত বৎসরের অধিক প্রাতন হইবে না। প্রবিধেগর ভবানন্দের হরিবংশে শ্রীকৃষ্ণের দোলের উল্লেখ আছে। সে বই তিনশত বৎসরের অধিক প্রাতন হইবে না। ক্লেন্যাত্রা আরও আধ্যনিক। শ্রাবণী প্রিণমায় অন্যুবাচী, ঘোর দ্র্যোগ। সেদিন ঝ্লুন প্রকৃতিবির্ন্ধ। কিন্তু বিষ্ণুর দোলন অবশ্য হইত।

জন্মান্ট্রমী

কার্ত্তিকী প্রণিমা ইইতে গণিয়া গেলে প্রাবণী প্রণিমায় নয়মাস প্রণ হয়। কিন্তু স্ক্র গণনায় আরও আটদিন পরে অমান্ত প্রাবণী কৃষ্ণান্টমীতে রবির দক্ষিণায়ন হইয়াছিল। সেদিন অন্ব্রাচী ও ক্ষের জন্মতিথি। সেদিনের তিথি প্রাবণী কৃষ্ণান্টমী, নক্ষত্র রোহিণী। পরিশিন্টে প্রদত্ত গণিত স্তু হইতে পাইতেছি, সেদিন রবি মঘানক্ষত্রে ছিলেন। অর্থাৎ মঘানক্ষত্র দক্ষিণায়ন হইয়াছিল। অতএব ৩১৯ খ্রীষ্টাব্দের প্রবে দ্বই সহস্র বংসরের মধ্যে গ্রীকৃষ্ণের জন্মাষ্ট্মী কল্পিত হইয়াছিল। সেই সময়ের মধ্যে রাস ও ঝ্লনও হইয়াছিল।

জোষ্ঠাদি চারি প্রণিমা

যজ্বর্বেদের কালেও (খ্রী-প্র ২৫০০) বৈশাখী প্রণিমায় মহা-বিষ্ক্ৰব হইয়াছিল। অতএব তৎকালেও বৈশাথ-জ্যৈন্ঠ বসনত বালিতে পারা যায়। ইহার দুই সহস্র বংসর পর্বে, খ্রী-প্র ৪৫০০ অবেদ, জ্যৈষ্ঠ-আষাঢ় বসনত হইয়াছিল। কিন্তু আষাঢ়ের কোন উল্লেখ পাওয়া যায় না; অনেক পরের কালে জ্যৈতেঠর উল্লেখ আছে। খ্রী-প্র ৩২৫০ অবেদ ধ্রুব, সূর্য ও রোহিণী-তারা একস্ত্রে আসিলে মহাবিষ্কুব হইয়াছিল। সেদিন জ্যেষ্ঠা নক্ষত্রে প্রিশমা হইয়াছিল। এই হেতৃ এই পূর্ণিমার নাম জ্যৈতিটী পূর্ণিমা। যদি চন্দ্রের নিকট বৃহস্পতি থাকেন, তাহা হইলে পূর্ণিমা মহাজ্যৈত্তী পূর্ণিমা। এককালে বৃহস্পতি-বর্ষ নামে এক বর্ষ গণিত হইত; কোথাও কোথাও এখনও হয়। বোধ হয় এই সময় হইতে সে বর্ষ গণনার আরম্ভ হইয়াছে। ইহার তিন্মাস পরে ভাদ্র-পর্ণিমায় রবির দক্ষিণায়ন, তাহার তিনমাস পরে অগ্রহায়ণ-পূর্ণিমায় জলবিষ্ব ও তাহার তিনমাস পরে ফাল্গ্ননী পূর্ণিমায় রবির উত্তরায়ণ হইয়াছিল। ঋতু ক্রমে ক্রমে পিছাইয়া পিছাইয়া যজ্বর্বেদের কালে আসিয়া ঠেকিয়াছিল। এই সময়ে মাস-নাম দ্বারা ঋতু-বিভাগ ছিল না। থাকিলে ঋতু-বিভাগ খ্রী-প্র ১৮৫০ অব্দের মত হইত।

জ্যৈষ্ঠ-প্রণিমা, ভাদ্র-প্রণিমা, অগ্রহায়ণ-প্রণিমা ও ফালগ্ন-প্রণিমা, চারি প্রণিমাই স্মৃতিতে প্রসিদ্ধ আছে। সে সে দিন স্নানদানাদি বিহিত। জ্যৈষ্ঠ-প্রণিমায় জগল্লাথদেবের স্নান্যালা। এইদিন কেন স্নান্যালা, তাহার কারণ থাকিতে পারে (পরে পশ্য)। ভাদ্র-প্রণিমা ও পরবতীকালের শ্রাবণ-প্রণিমার স্থানে ভাদ্র-ও শ্রাবণ-প্রণিমার স্থানে ভাদ্র-ও শ্রাবণ-সংক্রান্তি ধরিয়া স্থান-বিশেষে অরন্ধনের ব্যবস্থা হইয়াছে। সে সে দিন অন্ব্রাচী। ঘোর বর্ষা।

দশহরা

জ্যৈত্ঠ-পূর্ণিমা অপেক্ষা জ্যৈতি-শ্বক্রদশমী প্রসিদ্ধ হইয়াছে। এই-দিন দশহরা। রঘ্বনন্দন প্রমাণ তুলিয়াছেন, এইদিন এক সন্বংসরের মুখ। আমরা সে বংসর একেবারে ভুলিয়া গিয়াছি। কিল্ডু বুরিতেছি. ইহার পরে দিন মহাবিষর ব হইত। নচেৎ সেদিন নববর্ষ মূখ হইত না। যে বংসর অগ্রহায়ণ-পূর্ণিমায় জলবিষ্ব হইত, সেই বংসর জ্যৈষ্ঠ-শ্বক্স-নবমীতে মহাবিষ্বসংক্রান্ত অবশ্য ঘটিত। কারণ, দুই বিষ্ব পরস্পর বিপরীত দিকে; ছয়মাসে প্রায় ছয় তিথির অন্তর পড়ে। গণিত দ্বারা জানিতেছি, খ্রী-প্র ৩২৫৬ অব্দে জ্যৈণ্ঠ-শত্তুনবমী কিম্বা দশ্মীতে মহাবিষ্ব হইয়াছিল। বর্ষে বর্ষে এই যোগ হইতেছে, কিন্তু বর্ষে বর্ষে মহাবিষ ব হয় না, সেই একবারমাত্র হইয়াছিল। এই কারণে তাহার পর্রাদন দশমী এক বিশেষ প্র্ণ্যাদন। সেদিন গঙ্গাস্নান করিবে এবং মাতৃস্বর্পা গণ্গার নিকট কৃত দশবিধ পাপখ্যাপন করিবে। লোকে এই বিধির গ্রেত্ব ব্রেঝে না। মনে করে, গণ্গাকে পাপ অপর্ণ করিয়া সে শ্বন্ধ হয়। কিন্তু এত সহজে পাপম্বত্ত হইতে পারা যায় না। মন্বতে বচন আছে, 'খ্যাপনেনান্বতাপেন ইতি' (১১।২২৮), অর্থাৎ পাপকৃৎ নিজের পাপ খ্যাপন (কথন, জ্ঞাপন), পাপের জন্য অন্তাপ, তপস্যা এবং বেদাধ্যয়ন স্বারা এবং আপংকালে দান স্বারাও নিষ্কৃতি লাভ করে। বস্তুতঃ যে ব্যক্তি নিজকৃত পাপ মনে মনেও স্বীকার করিতে পারে, তাহার অনুতাপ জন্মে এবং সে আর সে পাপ প্রায় করিতে পারে না। পাপ বিদিত কিন্বা অবিদিত। যে পাপ লোকে জানে, সে পাপ বিদিত। সে পাপের রাজদণ্ড আছে, প্রায়শ্চিত্তও আছে। যে পাপ আর কেহ জানে না, সেই অবিদিত পাপ অন্যের নিকট খ্যাপন করিতে হইবে। সংসারে একমাত্র মাতা আছেন, যাহাঁর নিকট পত্রে নিজকৃত পাপ স্বীকার করিতে পারে। কারণ, "কুপত্র যদিবা হয়, কুমাতা কদাপি নয়"। গৎগা মাতস্বরূপা মনে করিয়া তাঁহার নিকট পাপ স্বীকার করিতে হইবে। রোমান ক্যার্থালক সম্প্রদায়ের মধ্যে পাপখ্যাপনের (কন্ফেশন) বিধি আছে। এক পাদরী এক নিভূতগৃহে পাপস্বীকার শ্বনেন।

স্থালে উদ্দেশ্য একই। কিন্তু নারী পরপ্রব্যবের নিকটে কৃতপাপ মৃত্ত-কপ্টে স্বীকার করিতে পারে কি না সন্দেহ।

পাপ গ্রিবিধ—কায়িক, বাচিক ও মানস। অদন্ত দ্রব্যের গ্রহণ (চুরি), অবৈধ হিংসা, পরদারোপসেবা, এই গ্রিবিধ কায়িক পাপ। পার্ব্যা, অন্ত বচন, পৈশ্না (অন্যের অর্থহানির নিমিত্ত দোষখ্যাপন), অসম্বন্ধ প্রলাপ, এই চতুর্বিধ বাচিক পাপ। পরদ্রব্যে লোভ, অপরের অনিন্ট-চিন্তা ও অসত্যে অভিনিবেশ, এই গ্রিবিধ মানস পাপ। সেদিন কেবল গুজার নিকট পাপখ্যাপন নয়, অন্তাপ করিতে হইবে; তপস্যা, বেদাধ্যয়ন ও দান করিতে হইবে। তপস্যার স্থানে উপবাস বিহিত হইয়াছে।

গঙ্গার জন্ম

প্রাণে ও রামায়ণে গণ্গার মাহাত্ম্য বর্ণিত হইয়ছে। স্বর্গ হইতে গণ্গাবতরণের কথাও আছে। গণ্গা দ্বইটি। একটি স্বর্গে, স্বর্গণ্গা; অপরটি প্থিবীতে, ভাগীরথী। স্বর্গণ্গা ছায়াপথ। জ্যৈন্ঠ মাসের শেষাশেষি সন্ধ্যার পর প্রে আকাশে স্বর্গণ্গার উদয় দেখিতে পাওয়া যায়। প্রায় উত্তর বিন্দর্ হইতে দক্ষিণ বিন্দর্ পর্যন্ত একটি দ্বংধবর্ণ বলয়ার্ধ উঠিতে দেখা যায়। ইহা বিষ্ণুগণ্গা। (অপরার্ধ অগ্রহায়ণ মাসে, ইহা শিবগণ্গা)। উদয়ের নাম জন্ম। এই অর্থ বহর প্রাচীন। এই অর্থে প্রত্যহ স্বর্থের জন্ম হয়। এই বলয়ার্ধের উত্তর সীমার একট্র দ্বের ধ্রবমৎস্য নক্ষর। ইহার চারিদিকে সর্বোচ্চ স্বর্গে বিষ্ণুলোক। এই হেতু গণ্গা বিষ্ণুপাদোল্ভবা। দক্ষিণে উল্জব্রল আলোহিত জ্যোন্ঠা তারা দেখিতে পাওয়া যায়। বোধ হয় এই স্বর্গণ্গার উদয় হেতু জ্যান্ঠা প্রেণিমায় জগলাথদেবের স্নান্যান্না কল্পত হইয়াছে। মনে করিতে হইবে, স্বগলাথদেব মন্দাকিনীতে স্নান করিতেছেন।

কিন্তু আমরা ন্বর্গের মন্দাকিনী পাই না। তাহারই তুল্য পবিচ্চ ভূ-গংগা পাইতেছি। আমরা ভারতভূমিকে মাতা বলি। সেইর্প গংগাও মাতৃন্বর্পা। এক উপাখ্যান আছে, ভগীরথ ন্বর্গ হইতে এই গংগা মতের্গ আনিয়াছিলেন! এখানে দ্বইটি উপাখ্যান মিশ্রিত হইয়াছে। একটি স্বর্গের গণগার, অপরটি মর্ত্যের। ভগীরথ পার্থিব গণগার স্রোত ধরিয়া সমন্দ্র পর্যক্ত আসিয়াছিলেন। এই গণগা-আনয়নের উপাখ্যানে দুইটি বিষয় ব্যাখ্যাত হইয়ছে। ছায়াপথের দীগ্তির কারণ কি? কবি বিলতেছেন, সগর রাজার র্যাণ্ট সহস্র পরুর তারকা হইয়া স্বর্গণগা উৎপন্ন করিয়াছেন। কপিল মর্নানর ক্রোধাগ্নিতে সগরসক্তানগণ ভঙ্গাভূত হইয়াছিলেন। জাহাবীর জলস্পর্শে তাঁহারা স্বর্গে তারকা হইয়াছিলেন।

ভগীরথ রাজমহল পর্যন্ত আসিয়া সম্দ্র পাইয়াছিলেন। রাজমহল পাহাড়ে আন্মেরগিরিছিল। এখনও তাহার চিহ্ন আছে। ম্বুগেরের সীতাকুন্ডও তাহার আর এক প্রমাণ। উপাখ্যানে, সেখানেই কপিল ম্নির আশ্রম ছিল। তংকালে গণ্গার ম্বুথে একটা দ্বীপ জন্মিয়াছিল। সেখানে জহ্মুন্নির আশ্রম ছিল। সেই দ্বীপ বর্তমান মালদহ। জোয়ারের জলে সে দ্বীপ ছবিয়া যাইত। জহ্মুন্নির আশ্রমও ছবিত। তিনি ভগীরথের গণ্গা পান করিয়া ফেলিলেন, পরে ভাগীরথের স্তবে প্রীত হইয়া ম্বনি মালদহের দ্বই দিক দিয়া দ্বই স্রোত করিয়া দিলেন। মালদহ নামের অর্থ, যে দহ মাল (উচ্চ) হইয়াছে। নদীর ম্বুথে দ্বীপ হইলে প্রবাহে বাধা পড়ে, কোলের দিকে শাখা বাহির হয়। সেই শাখা বঙ্গে ভাগীরথা।

কতকাল প্রের ঘটনা? তাহার মোটাম্বটি হিসাব করিতে পারা যায়। কুর্ক্ষেত্রম্বেধ স্থাবংশীয় রাজা বৃহদ্বল নিহত হইয়াছিলেন। ভগীরথ তাঁহার প্রেপ্র্য্ম। উভয়ের মধ্যে বাহায় প্র্র্মের ব্যবধান। বাহায়প্র্র্মে ১৩০০ বংসর। কুর্ক্ষেত্র যুদ্ধ খ্রী-প্র ১৪৪১ অব্দে। অতএব ভগীরথ খ্রী-প্র (১৪৪১+১৩০০=) ২৭৪১ অব্দে ছিলেন। অতএব প্রায় পাঁচ হাজার বংসর প্রের্মিয়বংগ জলময় ছিল। অসম্ভবনয়।

ইন্দুপ্জা

উপরে পাইয়াছি, এককালে জ্যৈতি শ্বক্র-নবমীতে মহাবিষ্ব হইয়াছিল। ইহার ৩ মাস ৩ তিথি পরে, অর্থাৎ ভাদ্র শ্বক্র-ল্বাদশীতে রবির দক্ষিণায়ন আরশ্ভ হইয়াছিল। সে তিথির নাম বামন-দ্বাদশী।
সেদিন ভারতের কোন কোন দেশীয় রাজ্যে ইন্দ্র-ধ্বজ-রোপণ নামক বৃহৎ
উৎসব হয়। সে দিন রাজা অমাত্য ও প্রজাবর্গের সহিত মিলিত হইয়া
এক দীর্ঘ ধ্বজ রোপণ করেন। ধ্বজের শীর্ষে এক দীর্ঘ
পতাকা থাকে। কোন্ দিন রবির দক্ষিণায়ন আরশ্ভ হইবে, তাহা
ধ্বজের ছায়া দ্বারা এবং বায়্ব-প্রবাহের দিক্ পতাকা দ্বারা নিণীত
হইত। বহ্বলাল প্রে চেদী দেশের রাজা উপরিচর-বস্ব এই উৎসব
প্রবিতিত করিয়া ছিলেন। অদ্যাপি বাঁকুড়া জেলার খাতড়া নামক স্থানে
এই ইন্দ্রপ্রজা সমারোহের সহিত অন্বিচিত হইতেছে। পাঁজিতে
ইহারই নাম শক্তোত্থান লিখিত হইতেছে। বিবাহের প্রে আভ্যুদিয়িক
শ্রান্থের সময়ে গৃহ-ভিত্তিতে ঘ্তের বস্বধারা করা হয়। অভিপ্রায়
এই, বিবাহের ফলস্বর্প সন্ততিবর্গও যেন ধারার তুল্য বিধিত হয়ঃ
উপরিচর-বস্বর নামান্বসারে এই ধারার নাম বস্বধারা।

বার্ণী

বার্ণী-স্নানও বহ্ফলজনক। সেদিন অমানত ফালগ্ন-কৃষ্ণারয়োদশী। চন্দ্র শতভিষা নক্ষরে থাকেন। শতভিষা নক্ষরের অধিপতি
বর্ণ। এই হেতু শতভিষার এক নাম বার্ণী। পরিগিল্টে প্রদত্ত গণিতকর্ম
ন্বারা পাইতেছি, সেদিন রবি উত্তর-ভাদ্রপদা নক্ষরে থাকেন। প্রচলিত
দোলযারার দিন রবি প্রে-ভাদ্রপদায় থাকেন। রবি ভাদ্রপদা নক্ষরে আসিলে
প্রকালে উত্তরায়ণ আরম্ভ হইত। সেদিন ফলগ্নী নক্ষরে প্রিণাম
হইত। ফলগ্নী দ্বইটি, ভাদ্রপদাও দ্বইটি। বর্তমান প্রচলিত দোলযাত্রার দিন রবি প্রে-ভাদ্রপদা নক্ষরে থাকেন এবং চন্দ্র প্রে-ফলগ্নী
নক্ষরে প্রে হয়। অতএব যে সময়ে প্রে-ফলগ্নীতে রবি আসিলে
দক্ষিণায়ন আরম্ভ হইত, এই দোলপ্রিমা তাহারই স্মৃতি। বার্ণী
ইহার এক নক্ষর প্রের্র, প্রায়্ম সহস্র বংসর প্রের্র স্মৃতি। আরও
সহজে বার্ণীর উৎপত্তি ব্রিকতে পারা যায়। দোল-প্রণিমার
১৩ তিথি পরে বার্ণী। ১৩ তিথিতে চন্দ্র প্রায় এক নক্ষর অতিক্রম

করেন। অতএব, দোলপ্রণিমার সময় হইতে প্রায় সহস্র বংসর প্রের স্মৃতি বার্ণীতে পালিত হইতেছে।

কোজাগরী পর্নিশমা

উপরে দেখিয়াছি, ভাদ্র-প্রণিমায় দক্ষিণায়ন হইত, অর্থাৎ সেদিন অম্ব্রাচী হইত। ভাদ্র-প্রণিমা হইতে আম্বিন-প্রণিমা এক মাস। অতএব আম্বিন মাস বর্ষার প্রথম মাস ছিল। ভাদ্র-প্রণিমায় অম্ব্রাচী হইবার অন্ততঃ দ্বই সহস্র বৎসর প্রে, অর্থাৎ খ্রী-প্র ৪৫০০+২০০০=৬৫০০ অবেদ, আম্বিন-প্রণিমায় অম্ব্রাচী হইয়াছিল। কোজাগরী লক্ষ্মীপ্রজা তাহারই ম্মৃতি। এই কাল অন্য প্রকারেও পাইতে পারি। আম্বিন-প্রণিমায় দিন রবি অম্বিনী হইতে চতুর্দশ নক্ষ্র পশ্চাতে অর্থাৎ চিন্নানক্ষন্তে অবশ্য থাকেন। অতএব প্রেকালে চিন্নানক্ষন্তে রবি আসিলে দাক্ষিণায়ন হইতে। বর্তমানে রবি আর্দ্রায় আসিলে দক্ষিণায়ন হইতেছে। আর্দ্রা হইতে চিন্না নবম নক্ষত্র। অয়ন এক এক নক্ষত্র পিছাইতে প্রায় সহস্র বৎসর লাগে। অতএব অদ্যাবধি আটিনয় সহস্র বৎসর প্রের সম্তি পাইতেছি।

লক্ষ্মীদেবী বেদের ইলা বা ইড়া। অন্ব্বাচী দিবসে তাঁহার জন্ম হইত। রঘ্ননন্দন ব্রহাপ্রাণ হইতে এক উপাখ্যান তুলিয়াছেন। "নিকুম্ভনামে এক রাক্ষস যুদ্ধ করিয়া সেনার সহিত সেদিন বাল্কা-সাগর হইতে আসে।" এই বাল্কাসাগর নিশ্চয় শ্রু বাল্কাসাগর, ছায়াপথ। প্রাণে আছে, রাক্ষসেরা সাগর কিম্বা বিস্তীর্ণ জলরাশির নিক্ট বাস করিত। নিকুম্ভের সাগরও নিশ্চয় জলরাশি। আর সে জলরাশি স্বর্গগো। ইহারই নামান্তর ক্ষীরোদ সাগর। সে অপ্র্ব কাহিনী ঋণ্বেদে আছে। সেখানে রাক্ষস নাই, অস্ব আছে। ইন্দ্র সেই অস্ব্রের সহিত অম্ব্বাচীর দিন যুদ্ধ করিতেন। কোজাগরী প্রিমাতে অম্ব্বাচী হইত। এই কথাই প্রাণকার উপাখ্যানে বর্ণনা করিয়াছেন। সেই হেতু কোজাগরী লক্ষ্মীকে চারি দিক-হস্তী স্নান করায়। সেদিন অরন্ধন; এই হেতু চিপিটক-নারিকেল-ভক্ষণ বিহিত।

মহালয়া ও দীপালী

এ পর্যন্ত আমরা প্রিণিমাই দেখিয়া আসিতেছি। অমাবস্যাতেও অনেক কৃত্য আছে। বিশেষতঃ সেদিন পিতৃপ্রব্ষের শ্রান্ধ বিহিত। যে বংসর ভাদ্রপর্নিশায় দক্ষিণায়ন হয়, তাহার চতুর্থ বর্ষে অমাবস্যায় <mark>দক্ষিণায়ন হইবে। কারণ বর্ষে বর্ষে ১১০৬ তিথি বৃদ্ধি হইয়া চতুর্থ</mark> বর্ষে ৪৪ ২৪ তিথি হয়; অর্থাৎ একমাস ও একপক্ষ গতে অমাবস্যা আসে। অতএব, যেকালে ভাদ্রপর্নির্মায় দক্ষিণায়ন হইত, সেকালে ভাদ্র-অমাবস্যাতেও হইত, কেবল চারি বংসরের অন্তর। প্রাচীনেরা বিশ্বাস করিতেন, পর্ণ্যাত্মা পিতৃপর্রুষগণ মৃত্যুর পরেই উচ্চ স্বর্গে গমন করেন ও দেবতাদের সহিত দেবলোকে বাস করেন। দেবলোক সদা আলোকময়। <mark>কিন্তু স</mark>কলের ভাগ্যে স্বর্গবাস হয় না। তাহাঁরা দক্ষিণে অন্ধকার যমলোকে গমন করেন ও সেখানে বাস করেন। এই কারণে দক্ষিণ দিকে পা রাখিয়া শয়ন নিষিন্ধ। দক্ষিণ হইতে উত্তরে যাইবার পথ আছে। ধ্ব ও দক্ষিণায়নাদি বিন্দ্ব এক রেখা ন্বারা যোগ করিয়া সেই রেখা বর্ধিত করিলে, সেই রেখাই সে পথ। এই পথের নাম পিতৃযান। ইহা <mark>উত্তরে পিতৃলোকে যাইবার পথ। এইর</mark>প দেবলোকে যাইবার একপথ আছে। ধ্রব ও উত্তরায়নাদি বিন্দর্র যোগরেখা বর্ধিত করিলে সে পথ হয়। ইহা দেবযান। কুর্কুলপতি ভীষ্ম দেবযান পথ পাইবার নিমিত্ত ৫৮ দিন শরশয্যায় শয়ান ছিলেন। অয়নাদি বিন্দু ক্রমশঃ পশ্চিমগামী হইতেছে, এই দুই পথও স্থান পরিবর্তন করিতেছে। এককালে ছায়া-পথের এক অর্ধ পিত্যান হইতে পারিয়াছিল। জ্যৈন্ঠ মাসে সে অর্ধের উদয় হয়। সেই ঘটনা হইতে সে পথের নাম বৈতরণী হইয়াছিল।

অমানত ভাদ্রঅমাবস্যা মহালয়া। সেদিন পিতৃপ্রান্ধ করিয়া পিতৃগণকে দীপ দেখাইতে হয়। অন্ধকার যমলোক হইতে তাহাঁরা পিতৃযানপথে মহা-আলয়ে গমন করেন। এই কারণে মহালয়া দীপান্বিতা
অমাবস্যা। ফাবিকল সেই কারণে আন্বিন-অমাবস্যা দীপান্বিতা। সেদিন
দীপালী। সেদিনও লক্ষ্মীপ্জা করিতে হয়। বংগর গ্রামবাসী
জানে, কেন সেদিন দীপদান ও ই'জল-পি'জল করে। পান্চম ভারতে

যেমন গ্রুজরাট ও বোম্বাই প্রদেশের লোকে জানে না। তাহারা কার্ত্তিকশরুক প্রতিপদে নতেন বংসর গণে। এই কারণে মনে করে, দীপালী
নববর্ষের পর্বে রাচির উৎসব। যেকালে আম্বিনপর্ণিমায় দক্ষিণায়ন
হইত (অমান্ত) আম্বিনঅমাবস্যাও সেই কালের। খ্রী-প্ ছয় সহস্র
বংসর বলিলেও অত্যক্তি হইবে না। পাঠক ভাবিয়া দেখ্ন, কোন্
অতীত কালের স্মৃতি রক্ষা করিতেছেন!

আমি ব্রিকতেছি, অনেক পাঠক এই প্রাচীনতা বিশ্বাস করিতে পারিবেন না। তাঁহারা শ্র্ধাইবেন, আর্যেরা কি আট সহস্র বংসর পূর্বে ভারতখণ্ডে আসিয়াছিলেন? আর আশ্বন মাসের শেষ দিকে বর্ষা নামিতে দেখিয়াছিলেন? অসম্ভব! আরও দশ-পনর সহস্র বংসর প্রে কি হইয়াছিল, তাহা গণিত দ্বারা বলিতে পারি। কিন্তু গণিত দ্বারা বাস্তব প্রমাণিত হয় না। ঋগ্বেদের কালে ভাদ্র-আশ্বন ইত্যাদি মাস নামই ছিল না।

আমি এখানে সম্পূর্ণ নৃতন বৃত্তানত শুনাইতেছি; পাঠকের সংশয় স্বাভাবিক। কিন্তু তিনি দেখিবেন, প্রত্যেক স্থলে প্রথমে তথ্য দিয়াছি। পরে তাহা হইতে কাল অনুমান করিয়াছি। কুরাপি গণিত দ্বারা তথ্য আনি নাই। পুনর্বার লিখিতেছি।

(১) বিষ্ণুপ্রাণে (২।৮।৭১) ও বায়্প্রাণে আছে, মেষান্তে বৈশাখী প্রিমায় মহাবিষ্ব হইয়াছিল। ৩১৯ খ্রীষ্টান্দে মেষের আদিতে হইত। আমরা অদ্যাপি তাহা স্বীকার করিয়া আসিতেছি। এখন গণিত আসিতেছে। কত বংসর প্রে মেষান্তে মহাবিষ্ব হইত? কিঞ্চিদিধক দ্বই সহস্র বংসর প্রে অর্থাৎ খ্রী-প্র ১৮৫০ অন্দের নিকটবতী সময়ে হইত। দেখিয়াছি, এই সময়ের পরে ক্ষের জন্মান্টমী, রাস ও ব্লানের দিনের হেতু মিলিয়াছে।

(২) কৃষ্ণ বজ্ববেদে অভিজিৎ লইয়া ২৮ নক্ষত্রের নাম আছে। এই সকল নক্ষত্র তারাময় প্রতাক্ষ নক্ষত্র, নক্ষত্র-ভাগ নয়। ইহা হইতে এবং অন্য দ্বই তিন প্রমাণ হইতে পাইতেছি, যজ্ববেদের কাল খ্রী-প্ ২৫০০ অব্দের নিকটবতী। সে সময়ে বৈশাখী প্রণিমায় মহাবিষ্ব হইত। জিজ্ঞাস্ব পাঠক বঙ্গীয় সাহিত্য পরিষৎ পত্রিকায় (২য় সংখ্যা, ৪৬ বর্ষ) প্রকাশিত "বৈদিক কৃষ্টির কাল-নির্ণয়ে যজ্ববেদের কাল", এই প্রকরণ পড়িতে পারেন।

- (৩) ইহার প্রের্থ ঋগ্রেদের কাল চলিয়াছিল। আমরা ইহার আদি জানি না, কিল্টু মধ্য ও অল্ট জানি। এখানে বৈদিক গ্রন্থ হইতে তথ্য বিচার অসম্ভব। কিল্টু পোরাণিক প্রমাণ সর্বোধ্য। প্রের্বেদেখিয়াছি, এই সময়ের খ্রী-প্র ৪৫০০ হইতে ৩৫০০ অব্দের মধ্যে ফালগ্রনী প্রিমায় উত্তরায়ণ হইত। এই হেতু অগ্রহায়ণ মাস শরংঋতুর প্রথম মাস হইতে পারিয়াছিল। প্ররাণে জ্যান্টী প্রিমা ও দশহরার দিন পাইয়াছি। একটা কথা পাঠক সহজে ব্রিমতে পারিবেন। জ্যোন্টা এক নক্ষত্রের নাম কেন হইল? নিশ্চর ইহা নক্ষ্র-চক্রের প্রথমে ছিল। জ্যোন্টার পর ম্লা। এই নক্ষত্রের নামও প্রাকালের সাক্ষ্মী। জ্যোন্টা নক্ষত্রে পরিবিমা হইলে জ্যোন্টার পশিচমে চতুর্দশি নক্ষত্রে অর্থাৎ র্রোহণীতে সর্থ থাকিতেন। তংকালে র্রোহণী, জ্যোন্টা প্রভৃতি নক্ষ্য্র তারাময় আকৃতি ব্র্ঝাইত। ইহা হইতে গণিতক্রমে খ্রী-প্র ৩২৫০ অব্দে জ্যোন্টা প্র্নিশ্বায় ও খ্রী-প্র ৩২৫৬ অব্দে জ্যোন্টাল্যাছ।
- (৪) যদি খ্নী-প্ ৪৫০০ অব্দে ফাল্গ্ননী প্রিণিমায় উত্তরায়ণ হয়,
 তাহা হইলে অন্ততঃ ইহার দ্ই সহস্র বংসর প্রে চৈত্রী প্রিণমায়
 উত্তরায়ণ হইত; অতএব আন্বিনপ্রিমায় দক্ষিণায়ন হইত। ইহা হইতে
 পাইতেছি, আন্বিনীর চতুদাশ নক্ষ্য পন্চিমে চিত্রা নক্ষ্যে রবি আসিলে
 দক্ষিণায়র্ন হইত। এখন আর্দ্রা প্রবেশে দক্ষিণায়ন হইতেছে। আর্দ্রা ৬,
 চিত্রা ১৪ নক্ষ্য: ৮ নক্ষ্যের ব্যবধান। অতএব এখন হইতে অন্ততঃ ৮
 সহস্র বংসর প্রের কথা। প্রাণে ইহার প্রমাণ, আন্বিনী প্রিমায়
 কোজাগরী ও আন্বিনঅমাবস্যায় দীপালী পাইতেছি। ঋগ্রেদে এই
 কালের প্রমাণ অবশ্য আছে। কিন্তু সেখানে অন্বিনী ও চিত্রার নামগন্ধও
 নাই। নক্ষ্যগ্রলা আছে, অন্য নামে আছে। যাঁহার চক্ষ্ব আছে
 তিনি দেখিতে পান, যাঁহার বর্ণজ্ঞান হইয়াছে তিনি পাড়তে পারেন।
 যে অন্ধ সে কী দেখিবে। যে বিধির সে কী শ্রনিবে। ভারতের অতীত
 প্রত্যক্ষ হইয়া কথা কহিতেছেন। প্রগণ প্রাবৃত্ত। প্রগণকার যাহা

দেখিয়াছিলেন, যাঁহা শ্রনিয়াছিলেন, তাহা লিপিবন্ধ করিয়াছিলেন। পাঠক ভাবিয়া দেখ্নন, কি স্কোশলে প্রাণকার জনসাধারণের মনে ধর্মভাব জাগাইয়া রাখিয়াছেন এবং আমাদের প্রাতন ইতিহাস রক্ষা করিয়াছেন!



দ্বিতীয় খণ্ড দ**্বগেশংসব**্



দ্ব গোঁৎ সব-প্রশ্ন

বহু বিজ্ঞ জনে দুর্গাপ্জার উৎপত্তি অনুসন্ধান করিয়াছেন। কোন্য কোন ঐতিহাসিক বিজয়া দশমীর শবরোৎসব দেখিয়া মনে করিয়াছেন, কিরাত ও শবর জাতির একটি উৎসব মার্জিত হইয়া দুর্গাপ্জায় পরিণত হইয়াছে। কেহ নবপত্রিকা দেখিয়া ব্রিয়াছেন, শরৎকালে আশ্বধান্য সংগ্রহ হয়, দুর্গাপ্জা নবামের উৎসব। কাহারও মতে বসন্তাগমে আমরা যেমন বসন্তোৎসব করি, শরৎঋতু দেখিয়া তেমন শরদ্বৎসব করি। এইর্প, যিনি দুর্গোৎসবের যে অংগ দেখিয়াছেন, তিনি অন্থের মতন হসতী-দর্শন করিয়াছেন।

কয়েক বংসর হইতে দুর্গাপ্জার পূর্বে ভক্ত ও ভাব্কে দেবীর পুরাণাক্ত মহিমা কীর্তান করিতেছেন। কোন কোন পণ্ডিত বৈদিক প্রন্থে ও পুরাণে দেবীর নামোল্লেখ প্রদর্শন করিতেছেন। এতন্দরারা দেবী-কল্পনার প্রাচীনতা জানিতে পারিতেছি, কিন্তু দুর্গাপ্জা ও উৎসবের উৎপত্তি ও স্বর্প পাইতেছি না।

বাস্তবিক প্রশ্নটি সোজা নয়। দ্বর্গাপ্জা ও তৎসম্পৃত্ত উৎসব, এই দ্বই অভগের উৎপত্তি ও প্রকৃতি চিন্তা করিতে হইবে। ইহাদের আন্বশ্রেক ইতিহাস সম্কলন দ্বঃশক্য। কারণ আমাদের অধিকাংশ প্জায় বহুর প্রাচীন স্মৃতি জড়িত আছে। সে প্রাচীন যে কোন্ অতীত কালের সাক্ষী, কোন্ মানব-চিত্ত-বৃত্তির বাহ্য প্রকাশ, তাহা বলিবার উপায় নাই। কালে কালে দেশে দেশে প্জা-পদ্ধতির পরিবর্তন অবশ্যসভাবী। প্রাতন অনুষ্ঠান গিয়াছে, নৃতন আসিয়াছে, তথাপি নৃতনে প্রাতনের চিন্ত কিছুর কিছুর রহিয়া গিয়াছে। কারণ মানবের স্বভাব এই, নৃতন কিছুর করিতে হইলে প্রাতনকে আগ্রয় করে।

দেবীর প্জার উৎপত্তি ও স্বর্প চিন্তা করিতে হইলে প্জা-প্রকরণ অন্ধাবন কর্তব্য। কিন্তু প্র্বকালের প্জা-পদ্ধতি কিছ্ই জানা নাই। এই সম্বন্ধে কয়েকটি প্রশ্ন উত্থাপন করিতেছি। যথা— (১) আশ্বিন শ্রু নবমীতে ষোড়শোপচারে সমারোহে দেবীর প্জা বিহিত, কিন্তু প্জারম্ভের কয়েকটি দিন আছে। তবে অণ্টমী-নবমীর সন্ধিক্ষণের মাহাত্ম্য কেন? ভাদ্র কৃষ্ণ-নবমী, আশ্বিন শক্ত্র প্রতিপদ, ষণ্ঠী, সণ্তমী ও অণ্টমী হইতে প্জো আরম্ভ করা যাইতে পারে। বিভিন্ন দিনে প্জোরন্ভের হেতু কি? কেবল অন্টমীতে, কেবল নব্মীতে প্জা করা যাইতে পারে। এত দিনের মধ্যে সপ্তমী অন্টমী নবমী মাত্র এই তিন দিন প্রতিমার প্রজা হয়। অধিকাংশ গ্রহে আশ্বিন শুকু প্রতিপদ হইতে প্রা আরম্ভ হইয়া থাকে। অবশিষ্ট দিনে জলপূর্ণ ঘটে দেবীর প্জা হয়। জলপ্রে ঘট, মুখে আম্র-পল্লব, কিসের দ্যোতক? ঘটে পটে প্রতিমায় দেবীর প্রজা করা যাইতে পারে। ঘটে প্জা সিন্ধ হয়, প্রতিমার প্রয়োজন থাকে না। ষণ্ঠীর সায়ংকালে বিল্বব্ক্ষম,লে, তদভাবে যুংমফলযুক্ত বিল্ব-শাখায় দেবীর বোধন এবং আমন্ত্রণ ও অধিবাস হয়। ইহার অর্থ কি? তবে কি প্রতিপদ হইতে পণ্ডমী পর্যন্ত পূজা বৃথা হইতেছিল? বোধন শব্দের অর্থ কি? দেবীকে জাগরিত করা? তিনি কি এত দিন নিদ্রিত ছিলেন? হইতে পারে না। যিনি স্ফি-স্থিতি-প্রলয়-কারিণী জগজ্জননী তাঁহার নিদ্রায় প্রলয় হয়। বোধন সময়ে বিল্ববৃক্ষে প্র্জা করিতে হয়। বিশ্ব-ব্ক্ষ অন্বিকার প্রিয়। ইহার কারণ কি? আরও, বিল্বব্লের সমীপে নবপত্রিকা স্থাপন করিতে হয়। নাম নবপত্রিকা, কিন্তু নয়টি ব্কের পত্র না হইয়া নয়টি বৃক্ষ কিশ্বা নয়টি বৃক্কের শাখা শ্বেত অপরাজিতার লতা দ্বারা বাঁধিয়া স্থাপন করিতে হয়। সে নয়টি বৃক্ষ এই—রম্ভা, কচু, হরিদ্রা, জয়ন্তী, বিল্ব, দাড়িম, অশোক, মান ও ধান্য। নব পত্রিকার অর্থ কি ? বাঁকুড়ায় কেহ কেহ প্রতিমায় প্জা না করিয়া নবপত্রিকায় প্জা করেন। অতএব মনে হয়, নবপত্রিকা দ্বর্গার স্বর্পে বা নবদ্বর্গা। তাহা হইলে প্রতিমার প্রয়োজন কি? নবদ্বর্গাই বা কি? বিল্বশাখা ও নবপত্রিকা স্থাপনের নিমিত্ত চন্ডীমন্ডপ হইতে প্থক্ এক স্থানে স্ত্র-বেণ্টনন্বারা এক বন্দ্রগৃহ নিমিত হয়। ইহারই বা হেতু কি? এই গৃহে অলন্তক, সূত্র ও ছ্রিরকা রাখা হয়। এ সকলের প্রয়োজন কি? সপ্তমীতে নবপত্রিকা চন্ডীমন্ডপে প্রতিমার পার্দের্ব স্থাপিত হয় এবং প্রত্যেক বৃক্ষ প্রিত হয়। নবমীতে প্জার সময় ছাগ বলিদানের প্রে (কোথাও পরে) ইক্ষ্ব ও কুষ্মান্ড বলি দেওয়া হইয়া থাকে। পশ্বলির সহিত এই দ্বই উন্ভিদের বলি বিসদৃশ নয় কি?

কালিকা-প্রাণে নরবলির ব্যবস্থা আছে। সে লোমহর্ষণ ব্যাপার পাড়লে আমাদের হংকম্প হয়। কিন্তু দেবীকে প্রসন্ন করিবার নিমিত্ত নরবিল প্রেণ্ঠবলি গণ্য হইত। শত্রুরাজ্যের রাজপ্রেকে পাইলে উত্তম। অভাবে, রাহুরণ ব্যতীত অপর উচ্চজাতির যুবককে কয়েকদিন উত্তমর্বুপে ভোজন করাইয়া দেবীর প্রীত্যথে বিল দেওয়া হইত। শ্রুধ্ব দ্বর্গাপ্জায় কেন, কাপালিকেরাও নরবিলম্বারা অভীষ্টলাভের আশা করিত। সেই নরবিলর স্মৃতি অদ্যাপি প্রবিশেগ এবং কলিকাতাতেও রাক্ষত হইতেছে। কোথাও পিটালীর, কোথাও ঘনীভূত ক্ষীরের, কোথাও ময়দার নরিশিশ্ব নির্মাণ করিয়া বিল দেওয়া হয়। ইহার নাম শত্রুবিল।* কলিকাতার এক ধনাত্য বৈষ্ণব কায়স্থ গ্রেহ পশ্বুবিল দেওয়া হয় না, কিন্তু ক্ষীরের শত্রুবিল দেওয়া হয়। বালপ্রদন্ত নরের মাংস মহামাংস। দেবী মহামাংসে ও স্বায় সম্যক্ প্রীত হন। লোকে জানে না, কুম্মান্ড নরবিলর পরিবর্ত। এই কারণে প্রবিশ্বেগ বিধবারা কুম্মান্ড ভক্ষণ করেন না। ইক্ষ্ব হইতে গ্রুড় এবং গ্রুড় হইতে গোড়ী মদ্য হয়। ইক্ষ্ব স্বায়র প্রতীক।

কুমারীপ্জা দুর্গাপ্জার এক বিশেষ অঙ্গ। কুমারীপ্জার হেতু কি? ইত্যাদি নানা প্রশ্ন উদিত হয়।

উংসব সম্বন্ধেও প্রম্ন আছে। দ্বর্গপের্জার প্রের্ব পথ-ঘাট গৃহ্ পরিভক্ত, চন্ডীমন্ডপে বনমালা লম্বিত, মন্ডপের দ্বই পাশ্বের্ব কদলী-বৃক্ষ রোপিত হয়। প্রাকালে ধর্জা উত্তোলিত হইত। বহ্বকাল হইতে আর হয় না। নববদ্য পরিধান উৎসবের এক প্রধান অংগ। আমরা

শ্ববিণেগ দ্বর্গাপ্জায় সণ্তমী, অন্টমী, নবমী, এই তিন দিন ছাগ, মহিষ, ইক্ষ্ব, কুজ্মাণ্ড ইত্যাদি বলি দেওয়া হয়। নবমীর দিন ১০।১২ ইণ্ডি লম্বা পিটালীর নরম্তি নির্মাণ করিয়া মানকচুর পাতায় ম্বিডয়া হাড়িকাঠে চাপাইয়া বলি দেয়া হয়। এই নরম্তির বলির নাম শত্রবলি।

লক্ষ্মী-সরস্বতী প্জা করি, কিন্তু তদ্বপলক্ষ্যে নববস্য পরিধানের রীতি নাই। স্থানবিশেষে শ্যামাপ্জার সময় ও বিষ্ণুর দোলযাত্রার সময় নববস্ত্র পরিধানের বিধি আছে। দশমী তিথিতে দেবীর বিস-র্জনের পর নদীতে কিম্বা তড়াগে দেবীর প্রতিমা, বিল্বশাখা ও নবপত্রিকা নিক্ষিণ্ত হয়। তথন জল ও কাদা পরস্পরের গাত্রে নিক্ষেপ করিয়া ক্রীড়া করা হয়। আর, সে সময়ে অশ্রাব্য অকথা ভাষা প্রয়োগদ্বারা শবরোৎসব হয়। ইহা উৎসবের এক অঙ্গ নির্দিষ্ট হইয়াছে। দক্ষিণ রাঢ়ে জল-কর্দম নিক্ষেপ ও ক্রীড়া-কোতুক আছে, কিন্তু অশ্লীল ভাষা প্রয়োগ কখনও শ্বনি নাই। বোধহয় প্রেকালে প্রচলিত ছিল। শবরক্রীড়ার পর গৃহে আসিয়া গ্রুর্জনকে প্রণাম, বন্ধ্জনের পরস্পরের কুশল-সম্ভাষণ ও সকলের সিন্ধিপানের ব্যবস্থা আছে। এখানে জিজ্ঞাস্য, অন্য দেবীর প্রায় শবরোৎসব হয় না, সিদ্ধি পানও হয় না। দ্বর্গোৎসবে হয় কেন? দশমীতে দেশীয় রাজ্যে নীরাজন হয়। যুদ্ধের অস্ত্রশস্ত মার্জিত, তৈললিণ্ড, অশ্ব-গজাদির গাত্র ধৌত, অলংকৃত, পদাতি রণ-সজ্জায় ভূষিত হয়। মৃল্যুন্বারা তাহাদের পূজা হয়। অপরাহে রাজা কিম্বা সেনাপতি যুদ্ধযাত্রা করেন। সে দিন যাত্রা করিয়া রাখিলে পরে আবশ্যক কালের যুদ্ধে জয়লাভ হয়।

সিংহ-বাহিনী মহিষাস্বমদিনী ব্রণচণ্ডী ব্রেপে দশভুজার প্জা হয়। প্রতিমায় যে বীর ও রৌদ্র রস প্রকটিত হয়, তাহা বঙগদেশে বাৎসল্য রসে পরিণত হইয়াছে। কবে হইতে এবং কেন চণ্ডী শিবের ঘরণী হইলেন, বঙগের ইতিহাসবেক্তারা অন্সন্ধান করিয়াছেন কিনা জানি না। যজমান গহী ও গহিণী মনে করেন, পার্বতী উমা পিতৃগ্হে তিন দিন আসিয়াছেন। তিন দিন থাকিয়া কন্যা শ্বশ্ব-গ্হে প্রত্যাবর্তন করেন। গ্হিণী কন্যাকে নির্মাণ্ডন করেন। তাঁহার চক্ষ্ম ছল ছল করিতে থাকে, আর বলেন, মা, আসছে বছর আবার এসো। পাঁজিতে দ্বর্ণা-

^{*} লোকে বলে, বরণ। কিল্ডু বিসর্জনকালে বরণ হইতে পারে না। প্রাচীন সাহিত্যে "নিছিয়া ফেলিল পান" সেই কর্ম। আমায় ভোজা তাশ্বল প্রভৃতি দেবী-প্রতিমার সম্মুখে ধরিয়া প্রতিমার পশ্চাতে নিক্ষিণ্ড হয়। স০ মণ্ড ধাতু প্রায়। কেহ কেহ নির্মপ্থন বলেন। কিল্ডু মঞ্থ ধাতু আছে কি?

প্রতিমার চিত্রে শিবের অন্চর নন্দীকে মেলানি মোট বাঁধিতে দেখা যায়। এসব কোথা হইতে কবে আসিল?

মহাভারতের বিরাট পর্বে ও ভীষ্ম পর্বে, দুই স্থানে দুর্গার স্তব আছে। মহাভারতে এই দ্বই দ্তব প্রক্ষিণ্ত বিবেচিত হয়। প্রক্ষিণ্ত হুউক, অন্ততঃ দুই সহস্র বংসরের প্রাতন। সেই দুই স্তব পাঠ করিলে আরও অনেক প্রশ্ন উদিত হয়। কিছ, কিছ, তুলিতেছি। যথা—বিরাট পর্বের ৬এর অধ্যায়ে য্বিধিষ্ঠির বলিতেছেন, "হে যশোদা-নন্দিনি, নারায়ণ-প্রণিয়নি, কংসধনংসকারিণি কৃষ্ণে, হে বালার্কসদ্দে চতুর্বন্তে: বিল্ধ্যাচল আপনার শাশ্বত বাসস্থান।" দুর্গা যশোদা-গর্ভসম্ভূতা, ইহা মার্ক েডয় প্রাণে ও অন্য প্রোণেও আছে। ইনি কংসাস্ত্র বধ করিয়াছিলেন? দুর্গার এক নাম বিন্ধাবাসিনী কেন হইল? কিন্তু সেইখানেই আছে, কংস তাঁহাকে শিলাতলে নিক্ষেপ করিতে উদ্যত হইলে তিনি আকাশপথে গমন করিয়াছিলেন। ভীত্ম-পর্বে ২৩-এর অধ্যায়ে অর্জ্বন বাস্বদেবের বাক্যান্বসারে স্তব করিতেছেন, "হে গোপেন্দ্রান্জে, নন্দগোপকুলসম্ভবে, কোকম্থে! তুমি জন্ব্, কটক ও চৈত্যব্রকের সন্নিধানে নিরন্তর অবস্থান কর। হে কান্তার-বাসিনি, তোমার প্রসাদে রণক্ষেত্রে আমরা যেন জয়লাভ করিতে সমর্থ হই।"। দুর্গা চতুর্মুখা। বহুয়া চতুর্মুখ। কারণ চারি বেদ তাঁহার মুখ-কমল হইতে নিগতি হইয়াছে। মহেশ্বর মহাকাল, চতুর্যুগ নিরীক্ষণ করেন। দ্বর্গা কালী, তাঁহারও চতুম্বে হইতে পারে। কিন্তু এমন প্রতিমা দেখিতে পাই না। দ্বর্গা কোকম্বা। কোক, বন্য-কুক্রের। দ্বর্গার মুখ কুক্র্রের তুলা। শিবা শব্দে দ্বর্গা ও শ্রালী ব্ঝায়। ইহার কারণ কি? তিনি থাকেন কোথায়? কান্তারে জম্ব্, কটক ও চৈত্যব্ক্ষ সন্নিধানে। জম্ব্রগাছ জামগাছ, কটক—কতক, অরিন্ট—নির্মালী ফলের গাছ। চৈত্যবৃক্ষ অশ্বত্থ বোধ হয়। দুর্গা ও কালী স্বর্পতঃ একই। বজ্গদেশে অনেক স্থানে শমশান-কালীর মন্দির দেখিতে পাওয়া যায়। মন্দিরে মর্তি নাই, নন্ট হইয়া গিয়াছে, কিন্তু শ্মশানকালী নাম আছে। বোধ হয় কাশ্তারে ঐ সকল ব্লের সমীপস্থ কালী পরে শ্মশান-কালী নাম পাইয়াছেন। বাঁকুড়া রাইপ্রের দুর্গার কোকমুখা পাষাণময়ী মুতি পুজিত হইতেছে। পুরে এক বৃক্ষমুলে ছিল, এক্ষণে এক মন্দিরে স্থাপিত হইয়াছে। কোন্ প্রদেশে এই দুই
স্তব রচিত হইয়াছিল তাহা বৃত্তিবার উপায় নাই। মহাভারতে বনপর্বে
২২৯-এর অধ্যায়ে আরও আশ্চর্য কথা আছে। দুর্গা মহিষাস্ত্র বধ
করেন নাই, কাত্তিকেয় করিয়াছিলেন।

এইর্প-বিরোধের মীমাংসা করিতে গিয়া প্রাণ-কারেরা বলেন, কল্পান্তরে দেবী নানা মুর্তি ধারণ করিয়া নানা অসুর বধ করিয়াছিলেন। কিন্তু কল্পান্তর সামান্য কথা নয়। ব্রহ্মার এক দিনের নাম কল্প। ব্রহ্মার স্বাণ্ট যত কাল থাকে তত কাল। এক স্টিট লয় পাইয়া আর এক স্থিট আরুল্ড হইলে কল্পান্তর বলা যায়। আমরা দুই-চারি শত বর্ষের কথা স্মরণ রাখিতে পারি না। কল্পান্তরে কি হইয়াছিল কে জানিতে পারে? বোধ হয় ভিন্ন ভিন্ন দ্রেবতী প্রদেশে দুর্গার কীতির সম্বন্ধে যেসকল কাহিনী প্রচলিত ছিল প্রাণ-কারেরা সেসকল স্ব স্ব বৃদ্ধি ও কল্পনাবলে লিখিয়া গিয়াছেন। পরে স্মার্ত ভট্টাচার্যেরা প্রজা-পন্ধতিও দুর্গামাহাজ্যের মধ্যে নিবিষ্ট করিয়াছেন।

কালী-ও দুর্গা-প্জায় জাতিবর্ণনির্বিশেষে সকলেরই অধিকার আছে। শাস্ত্রকারেরা দেবী প্রজায় এই অধিকার দিয়াছেন, একথা বলিতে পারা যায় না। সম্কটকালে ও যুদ্ধোদ্যমে দেবীর আশীর্বাদ প্রার্থনা সকলেই করিতে পারে ও করিয়া থাকে। অধিক কালের কথা নয়, ডাকাতেরা কাটারীতে কালীপজ্বা করিয়া ডাকাতি করিতে বাহির হইত।

বাণ্গালী কালীপ্জা করেন। আশ্চর্যের বিষয়, দক্ষিণ-ভারতের পশ্চিম-দক্ষিণ প্রান্তে কেরল দেশে কালীপ্জা বহু, প্রচলিত আছে। এমন গ্রাম নাই যে গ্রামে কালীপ্জা ও তৎসম্পর্কে উৎসব হয় না।*

^{*} Kali Cult in Kerala—Bulletin No. 4 of the Sri Rama Varma Research Institute, Cochin, 1936 এই প্রবন্ধে অনেক মালয়লী শব্দ আছে, সমৃদ্য় বিবরণ বৃত্তিকে পারা যায় না। ইহার পরে ১৯৪৩ সালে, Kali Worship in Kerala by Dr. C. Achyuta Menon M.A., Ph.D. Published by the Madras University, English Translation of the Original Malayli Text বাহির ইইয়াছে। আমি দেখি নাই। কেবল

ভারতের প্রেণিত্তর অংশে আসামে ও বংগদেশে এবং দক্ষিণ-পশ্চিম অংশে কেরলে একই দেবীর প্জায় প্রায় একই প্রকার উৎসব হইয়া থাকে। কিন্তু আসাম বিহার ও বংগ ব্যতীত আর কুর্রাপি মৃশ্ময়ী দশভুজার প্জা হয় না। ইহারই বা হেতু কি?

দুর্গাপ্তার পর্দ্ধতিতে অনেক দেশাচার বিধিবন্ধ হইয়াছে। রঘ্নন্দন ভট্টাচার্য দ্বর্গাপ্জাতত্ত্ব ও দ্বর্গোৎসবতত্ত্ব লিখিয়াছেন। <mark>তিনি চারি শত বংসর প্রের্ব ছিলেন। তিনি কোন কোন বিধানের</mark> পোরাণিক প্রমাণ তুলিতে পারেন নাই। সে সে স্থলে ইহাই আচার বলিয়াছেন। দেশাচারের উৎপত্তি নির্ণয় দ্বঃসাধ্য। দেশাচার ব্যতীত কুলাচার আছে। প্রাসন্ধ প্ররোহিত-বংশের এক এক দুর্গাপ্জার পর্ম্বতির প্রথী আছে। তদন্সারে প্ররোহিত যজমানের দর্গাপ্জা করিয়া থাকেন। সপ্তমীতে পশ্ববিলর বিধান নাই। কিন্তু কোন কোন বাড়ীতে ছাগবলি হইয়া থাকে। বাঁকুড়া বিষ্ণুপ্ররের মল্লরাজারা বৈষ্ণব ধর্ম' এত প্রচলিত করিয়াছিলেন যে দুর্গাপ্জায় পশ্বলি উঠিয়া গিয়াছে। এক কায়স্থ জমিদার-বাড়ীতে বস্তাচ্ছাদিত নবপত্তিকার উপর একটি মূন্ময় নারীমুন্ড বন্ধ হয়, এবং নবপত্রিকা দুর্গার্পে প্রিজত হয়, পশ্বিলি হয় না। কিন্তু অন্ন ও মাগ্বে মাছের ঝোল ভোগ দেওয়া হয়। বিষ্ফুপুরের এক ভট্টাচার্যের বাড়ীতে দুর্গাপ্জা হয়। ধাতু-নিমিতি দশভূজা প্রতিমা আছে। তদ্বপরি একটি ম্কায় নারীম্বড স্থাপিত হয়, প্রতিমা বস্তাচ্ছাদিত থাকে। ইহার নাম মুন্ডপ্রজা। প্রশাবলি নাই, কিন্তু বিসর্জনের সময় পান্ত-ভাত ও পোড়া চেং মাছ জামিরের রস ও ন্ন মাখিয়া ভোগ দেওয়া হয়। কন্যা পতি-গৃহে যাইতেছেন, অন্ন ভোজন করিয়া যাইবার রীতি নাই, তিনি দই ও মুভাকির ফলার করিয়া যান। এইর্পে নানা স্থানে নানাবিধ কুলাচার প্জার অঙ্গ হইয়া গিয়াছে।

বই-পড়ায় ব্যাপার সম্পন্ন হইবে না। কালীপ্জায় অভিজ্ঞ কোন বাণ্গালী কেরল দেশে গিয়া প্জা ও উৎসব দেখিয়া দ্বই দেশের অনুষ্ঠান মিলাইলে বণ্ণের ইতিহাসের একটা গ্র্পততত্ত্ব আবিষ্কৃত হইতে পারিবে। কেরলের কালীপ্জায় তান্ত্রিকমন্ত্র কোথা হইতে গিয়াছে? কেরলীয়ের সহিত বাণ্গালীর আরও সাদ্শা আছে।

প্রতিমা-নির্মাণেও দেশাচার প্রবল হইয়াছে। রাঢ়দেশে স্ত্রধর প্রতিমা-নির্মাণ করে। কারণ স্ত্রধর সেকালের ইঞ্জিনীয়র। প্রতিমা-নির্মাণে মাপ-জোথের বিশেষ প্রয়োজন আছে। কলিকাতা ও প্র্ববঙ্গে কুল্ডকার এবং প্রবিদকে মৈমনিসং ও ত্রিপ্রায় গ্রহাচার্য প্রতিমা-নির্মাণ করেন। প্রতিমা-নির্মাণ শিলপকর্ম। বিশ্বকর্মার প্রজা না করিলে শিলপক্মে অধিকার জন্মে না। শাস্তজ্ঞান, কর্মাভ্যাস ও ধ্যান, এই তিনের যোগে প্রতিমা-নির্মাণ সার্থক হয়।

বংগদেশে মৃশ্যয়ী দশভুজার প্জা অধিক প্রোতন মনে হয় না।
য়াঁহারা এ বিষয়ে অন্সন্ধান করিয়াছেন, তাঁহারা শ্লপাণি কৃত
"দ্রেগাংসব বিবেক" নাম উল্লেখ করিয়া থাকেন। শ্লপাণি বংগীয়
নিবন্ধকার ছিলেন। তিনি চতুদ শ খ্রীষ্ট-শতাব্দে ছিলেন। মিথিলার
কবি বিদ্যাপতি "দ্রগভিত্ত তরিংগণী" লিখিয়াছিলেন। তিনিও এই
শতাব্দে ছিলেন। ইংহাদের প্রেব বংগীয় ভবদেব ভট্ট দ্রগার ম্নয়য়ী
ম্তি প্জার ব্যবস্থা দিয়াছেন। তিনি একাদশ খ্রীষ্ট-শতাব্দে ছিলেন।
তিনি কতিপয় প্রবিতী স্মৃতি-কারের নাম উল্লেখ করিয়াছেন। দ্রগার
প্রতিমা প্জার লিখিত নিদশনি দশম খ্রীষ্ট-শতাব্দের সেদিকে পাওয়া
যায় নাই। এই প্জা কোথা হইতে আসিল?

নিবন্ধ থাকিলেও দ্বৰ্গাপ্জা অধিক প্ৰচলিত ছিল না। লোকবল ও ধনবল না থাকিলে এই প্জা সম্পন্ন হইতে পারিত না। ইহার পরিবর্তে লোকে মণ্গল-৮ন্ডীর প্জা করিত। এই প্জা আট দিনে সম্পন্ন হইত।

প্রায় শত বংসর পূর্বে রাঢ়দেশে অনেক বাড়ীতে দুর্গেণিংসব হইত।
বর্তমানে তাহার এক আনা মাত্র আছে কিনা সন্দেহ। শরংঋতু যমদংখ্রা,
লক্ষ্মীও চণ্ডলা। মেলেরিয়ায় ও কালদোষে যাবতীয় উৎসব শ্রীহীন ও
লক্ষ্মীও চণ্ডলা। মেলেরিয়ায় ও কালদোষে যাবতীয় উৎসব শ্রীহীন ও
লক্ষ্মীও চণ্ডলা। বাংগালীর জীবন-যাত্রায় কত ব্রত, কত প্জা, কত
পরব ছিল তাহা পাঁজি দেখিলে ব্যক্তিত পারা যায়। প্রত্যেকটিতেই
অস্ফ্রট আশংকা ও বিমল তৃণ্তি মিলিত হইয়া জীবন মধ্ময় ও
উপভোগ্য হইত।

পূর্ববিংগে গ্রামে গ্রামে অনেক বাড়ীতে দশভূজার প্জা হইয়া থাকে।

সে দেশ নিশ্চয় ধন্য। দ্বঃখের বিষয় আমি সে দেশের দ্বর্গাপ্জা দেখিবার স্বযোগ পাই নাই। পশ্চিমবঙেগর আর সে দিন নাই। এখন গ্রাম উৎসবহীন নিরানন্দ। সে উৎসাহ সে ভক্তি সে আনন্দ সে দিয়িরতাং ভুজ্যতাম্' ধর্নি আর নাই। "গিরি হে, গৌরী আমার এসেছিল," এই হ্দয়স্পশী গানও নাই। এখন যাঁহারা প্রজা করিতেছেন, তাঁহারা পিতৃপ্ররুষের অন্বিঠিত ব্রত পালন করিতেছেন। অধিকাংশ স্থলে মহানবমীতে ঘটে প্রজা করিয়া নিয়ম রক্ষা করিতেছেন।

কয়েক বংসর হইতে নগরে নগরে সর্বজনীন দ্র্গাপ্জা হইতেছে।
সে কালে আমরা যাহা বারোয়ারী বলিতাম এখন তাহা সর্বজনীন নাম
পাইয়াছে। কারণ বার শব্দ সংস্কৃত। ইহার অর্থ 'সম্হ'। সম্হ মিলিয়া
যে প্জা, তাহা বার-আরী, বারোয়ারী প্জা। বারোয়ারী কালীপ্জা
প্রচলিত ছিল। গ্রামস্থ সকলে মিলিয়া কালীপ্জা করিত। বিশেষতঃ
মহামারী হইলে গ্রামস্থ সকলে মিলিয়া রক্ষাকালীর প্জা করিত।
সর্বজনীন হউক, বারোয়ারী হউক, কবি বলিয়াছেন, "শক্তিপ্জা ম্থের
কথা নয়।"

এখনকার ইংরেজী-পড়া যুবকেরা দেবদেবীর প্জার অর্থ ব্রিকতে পারে না। কেহ কেহ মনে করে কুসংস্কার। অনেকে প্জা শব্দের অর্থ ও জানে না। মনে করে প্রুপ নৈবেদ্য না দিলে প্রজা হয় না। তাহারা ভাবে না, মহাত্মা গান্ধী বল্গদেশে আসিলে সহস্র সহস্র নরনারী তাহাঁর প্রজা করিয়াছিল। আচরণ দ্বারা, কেহ তাহাঁর প্রিয় চরকায় স্তা কাটিয়া, কেহ তাহাঁর কর্ম নির্বাহের নিমিত্ত অর্থ দিয়া প্রজা করিয়াছিল। লাটসাহের নগরে আসিবার প্রের্ব পথ পরিষ্কৃত ও জলসিক্ত, পথের দ্বই পাশ্বের্ব বনমালা লান্বিত, স্থানে স্থানে তোরণ নির্মিত, সভামন্ডপ স্বস্কিত হয়। আগমন কালে তুর্যধর্নি হয়, বাদির আগমন ঘোষণা করে। তিনি সভামন্ডপে প্রবেশ করিলে সমবেত ভদুমন্ডলী দন্তায়মান হইয়া তাহাঁর স্তব করেন, তাহাঁর গ্রণ ও কর্ম কীর্তন করেন। ইংরেজীতে বিল address পাঠ করেন। স্তবের শেষে বর প্রার্থনা করেন। যেমন, আমাদের জলকণ্ট হইয়াছে জল দান কর্ন, আমানের মেলেরিয়া রোগে ভূগিতেছি, চিকিৎসার ব্যবস্থা কর্ন, আমাদের

যাতায়াতের স্বিধা করিয়া দিউন ইত্যাদি। আমরা গ্রহ্জনের প্জা করি, বন্ধ্র প্জা করি। আচরণ দ্বারা প্রসন্ন করিয়া গ্রহ্জনের আশীর্বাদ, বন্ধ্জনের সহ্দয়তা কামনা করি। যাহা হইতে উপকার আশা করি, তাহা আমাদের প্জার্হা। আমরা গাভীর প্জা করি। গাভীর দ্বারা আমাদের কি উপকার হয়, তাহা দ্মরণ করি। গ্রের অংগণে তুলসী গাছ পালন করি, দেখিলে হরি দ্মরণ হয়। ইহার মধ্যে কু কোথায়? বর্ষে বর্ষে এক নিদিশ্ট দিনে রবীন্দ্রনাথের প্জা হইতেছে। তাঁহার চিত্র প্রপমাল্য বেণ্টিত হইয়া উচ্চ মঞ্চে স্থাপিত হইতেছে। ভজেরা তাহাঁর স্তব করেন। কেহ কি চিত্রের প্জা করেন? তবে চিত্র কেন? প্রপমাল্য কেন? দিন নিদিশ্ট কেন?

দ্বর্গাপ্জা জটিল হইয়া দাঁড়াইয়াছে। ইহার কল্পান্তর ও আন্বর্ষিণক অসংলান অব্য দেখিলে মনে হয়, এই প্জা একদেশে প্রবাতিত ও বিধিত হয় নাই। নানা দেশের প্রচলিত বিধি ও আচার যুক্ত হইয়াছে। ঐতিহাসিকেরা এইসকল আগান্তুক অনুন্ঠান দেখিয়া উৎপত্তি চিন্তা করিয়াছেন। কেবল শাখা-পল্লব দেখিলে এইর্প ভ্রম অবশ্যান্তাবী। আমি ছয়টি প্রকরণে ম্ল ও ম্ল হইতে শাখা অনুসন্ধান করিতে যাইতেছি।

श्रीशी मृंगी

অনেক প্রাণে দ্রগার দতবে, দ্রগা কে তাহা বিশদর্পে বর্ণিত আছে। যে শক্তি বিশ্বচরাচরে পরিব্যাপ্ত হইয়া আছেন, পরমাণ্ হইতে বিশাল ব্রহ্যাপ্ত—যাহার আদি নাই, যাহার অন্ত নাই, যাহার মধ্য নাই, যাহা চিন্তার অতীত, যেখানে দিক নাই, কাল নাই, তাহা যে শক্তির প্রকাশ, সে শক্তিই দ্রগা। শক্তি ব্যতিরেকে কর্ম হয় না। এই যে বিশ্ব স্থিট, তৃণ জন্মতেছে, বাতাস বহিতেছে, স্র্থ তাপ দিতেছে, রাত্রে চন্দ্র উঠিতেছে, তারা দীপ্তি পাইতেছে, শক্তি ব্যতীত সম্ভবিতে পারে না। তিনি আমাদের ক্ষ্ধা, তৃষা, দেনহ, দয়া, ব্রন্দি, মেধ্য ও প্রজ্ঞা রূপে প্রকাশিত হইতেছেন। কত কাল হইতে এই ভাবনা আমাদের প্রবিশ্বতামহ আর্যগণের চিত্তে উদিত হইয়াছিল?

ঋগ্বেদের দশম মণ্ডলে ১২৫-এর স্তু দেবী-স্তু নামে খ্যাত (স্তু, দেতাত্র)। ইহাতে আটটি ঋক্ (মন্ত্র) আছে। রমেশ দত্তের বঙ্গান্বাদ হইতে কিছ্ব কিছ্ব উন্ধার করিতেছি।

১। আমি র্দ্রগণ ও বস্বগণের সঙ্গে বিচরণ করি, আমি আদিত্য-দিগের সঙ্গে এবং তাবং দেবতাদিগের সঙ্গে থাকি, আমি মিত্র ও বর্ণ এই উভয়কে ধারণ করি, আমিই ইন্দ্র ও অণ্নি এবং অন্বিশ্বয়কে অবল্বন করি।

৪। ফিনি দর্শন করেন, প্রাণ ধারণ করেন, কথা শ্রবণ করেন, অথবা অন্ন ভোজন করেন, তিনি আমারই সহায়তাতে সেইসকল কার্য করেন।

৭। আমি পিতা আকাশকে প্রসব করিয়াছি, সেই আকাশ এই জগতের মুহতকম্বর্প। সম্দ্রে জলের মধ্যে আমার স্থান। সেই স্থান হুইতে সকল ভুবনে বিস্তারিত হুই, আপনার উন্নত দেহ দ্বারা এই দ্যুলোককে আমি স্পর্শ করি।

৮। আমিই তাবং ভুবন নির্মাণ করিতে করিতে বায়্র ন্যায় বহমান হই। আমার মহিমা এতাদৃশ বৃহৎ হইয়াছে যে দা্লোককেও অতিক্রম করিয়াছে, প্থিবীকেও অতিক্রম করিয়াছে। রুদ্র, বস্কু, আদিত্য, মিত্র, বর্ণে, ইন্দ্র, অণ্নি, অশ্বিদ্বয় প্রভৃতি দেবতা প্রকৃতির এক এক শন্তির নাম। তিনিই তাবং শন্তিকে ধারণ করিয়া আছেন। তিনিই তাবং ভূবন নিমাণ করিতে করিতে বায়ুর ন্যায় বহমান হইতেছেন। তিনি সলিলময় আকাশ-সম্বদ্র ব্যাপ্ত হইয়া আছেন। ইত্যাদি। তিনিই দুর্গা নামে অভিহিত হইয়াছেন।

এই স্তের বন্ধা কে? নিশ্চয় তিনি দুর্গা। ঋগ্বেদে এই স্তের দেবতাকে বাক্ বলা হইয়াছে। অবশ্য কোন ঋষি প্রজ্ঞা-র্পা বাক্দেবীর দ্বারা আবিষ্ট হইয়া এই মহিমা কীর্তন করিয়াছেন।

দ্বর্গা ভাবনার মূল পাইলাম। কতকাল প্রের্ব এই ম্বলের উৎপত্তি?
খাগ্বেদের দশম মণ্ডলের অন্যান্য স্তু পর্যালোচনা করিলে মনে হয়,
বৈদিক ক্বাণ্ডির অন্তিম কালে এই স্তু অন্ভূত হইয়াছিল। সে কাল
খ্রাণ্ডি-প্র্ব ৩৫০০ হইতে ২৫০০ অব্দ। খ্রাণ্ডি-প্র্ব ২৫০০ অব্দ
যজ্বেদি, সামবেদ ও অথব্বেদের কাল। ঋগ্বেদ হইতে এই তিন বেদ
উল্ভূত হইয়াছে। এইসব কাল-নির্গরে পশ্চিমম্ব্র্খী পাঠকেরা বিস্মিত
হইতে পারেন। যখন তাহাঁরা মহিষাস্ব্রবধ ব্তাল্ত শ্রনিবেন, তখন
আরও বিস্মিত হইবেন।

এই স্ভই যে দেবীপ্জার ম্ল, তাহার প্রমাণ দিতেছি।
(১) মার্ক ডেম্বর প্রবাণের অন্তর্গত চণ্ডীমাহাজ্যে আছে, 'রাজা স্রথ চণ্ডীপ্জার সময় দেবীস্তু জপ করিতেন। তদ্দ্রারা তিনি সিম্ধকাম হইয়াছিলেন। (২) মার্ক ডেম্বর প্রাণোক্ত চণ্ডীমাহাজ্য দেবীস্ত্তের বিস্তার। বেদ পাঠে ও শ্রবণে যাহাদের অধিকার ছিল না, তাহাদের শ্রবণনিমিত্ত প্রবাণকার দেবীস্তের অন্-বাদ করিয়াছিলেন। তাহাদের প্রতীতির নিমিত্ত অস্বরগণের সহিত দেবীর যুদ্ধ ও অস্বরপরাজয় বর্ণিত হইয়াছে। ইন্দ্র দেবগণের রাজা। দেবগণকে লইয়া ইন্দ্র মহিষাস্বরকে পরাজিত করিতে পারেন নাই। রহমা, বিষ্কু, মহেশ্বর ও ইন্দ্রাদি দেবগণের শরীর হইতে তেজঃ নির্গত হইল। সকল তেজঃ মিলিত হইয়া জ্বলনশীল পর্বতের ন্যায় দীগ্তি পাইতে লাগিল। পরে সেই তেজোরাশি এক নারীর্পে আবির্ভূত হইল। তিনিই মহিষাস্বর বধ করেন। এইজন্য তাহাঁর নাম মহিষ্মাদ্নিনী। তিনি সকল দেবের

সন্দিলত শক্তি, বিশ্বশক্তি। এই কারণে দুর্গপি,জায় চণ্ডীপাঠ অবশ্য-কর্তব্য হইয়াছে। (৩) পঞ্জাবে, মহারাজ্যে ও তামিল দেশে দুর্গপি,জা হয় না, সে সময়ে সরস্বতী প্,জা হয়। আমরা বঙ্গদেশে যেমন শ্রীপঞ্চমীতে সরস্বতীর প্,জা করি, সে সে দেশের বিদ্যার্থীরা আশ্বিন শ্রুক সণ্তমী, অন্টমী, নবমীতে সরস্বতীর প্,জা করে। অতএব দেবী-স্তের বাক্ দুর্গারই নামান্তর।

কার এই শক্তি?

কেন-উপনিষদ নামে একখানি উপনিষদ আছে। তাহার প্রথমে কেন' শব্দ আছে। এই হেতু সে উপনিষদের নাম কেন-উপনিষদ। এই উপনিষদে উক্ত প্রশেনর বিস্পন্ট ব্যাখ্যা আছে।

কে মনকে নিজ বিষয়ের প্রতিগমন করায়, কে প্রাণকে নিজ বিষয়ের প্রতিগমন করায়? কাহার ইচ্ছাতে লোকে এইসকল বাক্য উচ্চারণ করে? কোন্ দেবই বা চক্ষ্ম ও কর্ণকে নিজ নিজ বিষয়ে নিয়ম্ভ করেন? তিনি (ব্রহা) চক্ষ্মর গম্য নহেন, বাক্যের গম্য নহেন, মনেরও গম্য নহেন।

একদা দেবাস্ব্র-সংগ্রামে দেবগণ জয়ী হইলেন। তাহাঁরা মনে করিলেন, এই বিজয় তাহাঁদেরই। তিনি জানিতে পারিলেন, তাহাঁদের সম্ম্বথে প্রকাশিত হইলেন। কিন্তু এই মহদ্ভূত কে, ইহা তাহাঁরা জানিতে পারিলেন না।

তাহাঁরা অণ্নিকে বলিলেন, "হে সর্বজ্ঞ, এই মহদ্ভূত কে, তুমি জানিয়া আইস।" অণ্নি তাহাঁর নিকটে গমন করিলেন, তিনি জিজ্ঞাসিলেন,

"তুমি কে? তোমাতে কি শক্তি আছে?"

"আমি অণিন, প্রথিবীতে যাহা কিছ্ব আছে, আমি তৎসম্দর দশ্ধ করিতে পারি।"

"ইহা দশ্ধ কর," এই বলিয়া রহা তাহাঁকে একটি তৃণ দিলেন। আশ্ন সম্দের বল প্রয়োগ করিয়াও দশ্ধ করিতে পারিলেন না। তিনি ফিরিয়া আসিলেন। দেবতারা বায়নকে পাঠাইলেন।

"তুমি কে?"

"আমি বায়, মাতরিশ্বা (আমি আকাশে নিঃশ্বাস-প্রশ্বাস করি। অর্থাৎ আমি বহুমান বায়,।)"

"তোমার কি শক্তি আছে?"

"প্থিবীতে যাহা কিছ্ আছে আমি তংসম্দয় গ্রহণ করিতে পারি।" "এই তৃণটি গ্রহণ কর।"

বার, সম্দের বল প্রয়োগ করিলেন, কিন্তু গ্রহণ করিতে পারিলেন না। তিনি ফিরিয়া আসিলেন। দেবতারা ইন্দ্রকে পাঠাইলেন। ইন্দ্র গিয়া দেখিলেন সেই আকাশে স্থার, পিণা অতিসৌন্দর্য শালিনা হৈমবতী উমা আবিভূতা। ইন্দ্র তাহাঁর নিকটবতী হইয়া তাহাঁকে জিজ্ঞাসা করিলেন,

"ইনি কে?"

"ইনি রহা। বহাের বিজয়েই তােমরা মহিমান্বিত হইয়ছ।"

ইন্দ্রাদি দেবতা যাহাঁকে জানিতে পারিলেন না, তাহাঁকে কির্পে উমা জানিলেন? উমা কে? তিনি হিমালয়ের কন্যাই হউন, আর যিনিই হউন, তিনি নিশ্চয় রহ্মস্বর্পিণী, নচেৎ রহ্মকে জানিতে পারিতেন না। তিনি রহেয়র শক্তি। সে শক্তি আদ্যাপ্রকৃতি, আদ্যাশিতি। আদ্যাশিত্তি ইন্দ্রকে রহয় দেখাইয়াছিলেন। অতএব আদ্যাশিত্তর উপাসনা ব্যতীত রহয়জ্ঞান অসম্ভব। তল্মশাস্ত্রেও এই উপদেশ প্রদত্ত হইয়ছে। রহয় প্রকৃতির শ্বারাই অভিবাক্ত হন। প্রকৃতি-ব্যাপার ব্যতীত নিরাকার গ্রেণাতীত রহয়কে ব্রিধবার আর কি উপায় আছে?

পাদ্যা প্রকৃতির নামই দুর্গা। শক্তি নিরাকার, কর্মন্বারা শক্তি
অভিবান্ত হয়। আমাদের জ্ঞানে বিশ্বরহ্মান্ড সেই কর্ম। অতএব দুর্গা
বিশ্বর্পা। জড় ও শক্তি একই পদার্থ, ইহা আধুনিক ভূতবিদ্যাবেত্তা
পরীক্ষা শ্বারা প্রতিপন্ন করিয়াছেন। কল্পনা শ্বারা অন্নি ও ইহার
দাহিকাশক্তি প্থক্ ভাবিতে পারি। কিন্তু বস্তুতঃ পৃথক করিতে
পারি না।

ঋগ্বেদের ঋষিগণ আঁশকে যাবতীয় শক্তির প্রতিনিধি করিয়া-ছিলেন। আঁশনর এক প্রাসন্ধ বৈদিক নাম জাতবেদা, যাহা কিছ্ব জন্মিয়াছে, যাহা কিছ্ব হইয়াছে, তিনি সব জানেন। বিশ্ববিং, তাহাঁর আর এক বৈদিক নাম। তিনি বিশ্ববেত্তা। তিনি কেমন করিয়া জানেন? কারণ তিনি সকল পদার্থেই আছেন। ঋগ্বেদে ঋষিগণ বৃণিটর নিমিত্ত ইন্দ্রকে আহ্বান করিতেছেন। বিলতেছেন, "হে ইন্দ্র! তুমি এই যজ্ঞে উপস্থিত হও, আর আমাদের প্রদত্ত হব্য-কব্য গ্রহণ কর। এই সোমরস পান কর।" এই বিলয়া তাহাঁরা অন্নিতে সে সে দ্রব্য অপ্রপান করিতেন। কারণ ইন্দ্র এক শক্তি, অনি ইন্দ্রশক্তির প্রতিনিধি। অতএব ইন্দ্রের উন্দেশে অন্নিতে যাহা অপিত হয় তাহা ইন্দ্র পাইয়া থাকেন।

ঋগ্বেদ হইতে (রমেশ দত্তের বঙ্গান্বাদ) অণ্নির গ্ল ও ষংকিণ্ডিং পরিচয় তুলিতেছি।

অণিন সমস্ত ভুবন পর্যবেক্ষণ করেন (১০।১৮৭।৪)। হে অণিন! কর্ম তোমা হইতে উৎপন্ন হয়। স্তুতি সম্দয় তোমা হইতে উৎপল্ল হয় (৪।১১।৩)। হে আন্ন! তুমি শক্তি-পন্ত, যুবা, যবিষ্ঠ (অতিশয় যুবা) জ্ঞানসম্পন্ন (৬।৫।১)। হে জাতবেদা! তুমি মহত্ত্ দ্বারা দেবগণকে শ্রন্থ হইতে মুক্ত করিয়াছ (৭।১৩।২)। হে আন্ন! যেহেতু তুমি প্রভু, অতএব সংগ্রামে তোমাকে আহ্বান করিতেছি (৮।৪৩।২১)। অগ্নির মাহাত্ম্য মহৎ আকাশ হইতেও অধিক (১।৫৯।৫)। হে অণ্ন! তুমি ইন্দ্র, তুমি বিষদ্ধ, তুমি বিবিধ পদার্থ স্থিত কর ও বহু প্রকার বৃদ্ধিতে অবস্থিতি কর। তুমি বর্ণ, তুমি শ্বনুবিনাশক মিত্র, তুমি আকাশের অসন্র রন্তু, (২।১।৩...৭)। তুমি মর্ংগণের বলস্বর্প। হে আঁন। তোমাতে সমস্ত দেবগণ অবস্থিতি করেন (৫।৩।১)। তুমি অমিত তেজোবলে অপরিমিত অয়ো-নিমিত নগরীর দ্বারা আমাদিগকে রক্ষা কর। সেই জাতবেদা নিজ মহত্ত্বের দ্বারা সমস্ত পাপ অভিভব করেন। অণিন মন্যা ও দেবগণের নিয়ামক, সত্যকারী সনাতন সর্বজ্ঞ। হে শক্তি-প্রত! তুমি আমাদিগকে অম প্রদান কর, আমাদের রিপ্রগণকে জয় কর (৬।৪।৪)। .আগন দ্রাতা (৮।৪৩।১৬)। তিনি পিত্মাতৃস্থানীয় (৬।১।৫)। তিনি স্বৃত্তি দ্বারা আমাদিগকে পালন করেন (৭।১১।৫)। ইত্যাদি। এইরপে অণ্ন-স্তুতি অনেক আছে। অণ্ন শক্তি-পত্ত বা বলের প্র । ম্লে আছে, 'সহসো স্নুং।' 'সহসো বলস্য স্নুং প্রম্'।
সায়ন ব্নিঝাছেন, ষেহেতু মন্থন ন্বারা আণন উৎপাদন করিতে হয়, সেই
হেতু এই নাম (৬।৫।১)। এই ব্যাখ্যা ঠিক মনে হয় না। কারণ
বালকেও অরণির ন্বারা আণন উৎপাদন করিতে পারে। "শক্তির প্র",
ইহার অর্থ শক্তিমান্। যেমন, মিয় বর্ণকে মহান্ বলের পোর ও
বেগের প্র বলা হইয়াছে (৮।২৫।৫)। এইসকল স্তে আণনর
যে যে গ্ল ও কর্ম ব্যক্ত হইয়াছে, সে সে গ্ল ও কর্ম সংক্ষেপে দেবীস্তেও হইয়াছে, প্রাণোভ দ্র্গার স্তোরে সবিস্তরে হইয়াছে।
অতএব দ্র্গাতে যে শক্তি, আণনতেও সেই শক্তি অন্ভূত হইয়াছিল।
আণন তেজাময়। দ্র্গা যাবতীয় দেবতার সন্মিলিত তেজঃ। ঋষিগণ
যজ্জীয় আণনতে সন্মিলিত তেজঃ অন্ভব করিয়াছিলেন। ঋণ্বেদ্ে
পার্থিব আণনরও বর্ণনা আছে। কান্টাণিন, বাড়বাণিন, পাষাণাণিন,
বিদ্যুদ্ণিন, স্যুণাণিন, সকল আণনরই দাহিকা শক্তি আছে। সকল আণন
ম্লতঃ এক। কিন্তু যজ্ঞীয় অণিনর পৃথক ভাবনা হইয়াছিল।

নারায়ণ উপনিষদ্ নামে এক উপনিষদ্ আছে। তাহাতে আছে,

তামণিনবর্ণাং তপসা জবলন্তীং বৈরোচনীং কর্ম ফলেষ্ জ্বুষ্টাম্ দ্বর্গাং দেবীং শ্রণমহং প্রপদ্যে স্বত্রসি তরসে নমঃ॥

যিনি অণ্নিবরণা, স্বীয় তাপ স্বারা জনলন্তী, যিনি স্বপ্রকাশা, যিনি কর্মফলের নিমিত্ত উপাসিতা, সে দ্বর্গাদেবীর শরণ লইতেছি। সেই সংসার তরণের হেতু তারিণীকে নমস্কার।

বেদের ঋষিগণ যজ্ঞীয় অণ্নিকে বিশ্বশক্তির প্রতিনিধি ভাবিয়াছিলেন এবং সেই হেতু অণ্নিকে ইন্দ্র, বিষ্কু, মিত্র, বর্ণ, রুদ্র, মর্থ ইত্যাদি দেব বলিয়াছিলেন। কারণ এক এক দেব বিশ্বশক্তির অংশাংশ মাত্র। নারায়ণ উপনিষদ্ সে শক্তিকে দ্বর্গা বলিয়াছেন। (এই উপনিষদ্ তত প্রোতন বোধ হয় না। প্রোতন না-ই হউক, বেদোক্ত বর্ণনা হইতে এই মন্তের ভাব গৃহীত হইয়াছে)। যদি দুর্গার প্রজা করিতে হয়, কোন্ দেবের যজ্ঞাণনর প্রজাকরিব? ইন্দ্র, বিষ্ণু, মিন্র, বর্বণ প্রভৃতি দেব কেইই ঈশ্বর নাম পান নাই। কেবল র্দ্র, মহেশ্বর, মহাদেব এই এই নাম পাইয়াছিলেন। অতএব র্দ্র যজ্ঞাণনকে দুর্গার্পে প্রজা করিতে পারি। ঋগ্বেদে র্দ্র, মহেশ্বর র্পে প্রজিত না হইলেও তিনি শিব (মঙ্গলময়) বিবেচিত ইইয়াছিলেন। বিশেবশ্বর, ভুবনেশ্বর, ওঙ্কারেশ্বর, রামেশ্বর ইত্যাদি মহাদেবের নামে ঈশ্বর আছে, আর কোন দেবের নামে নাই। মহেশ্বরের যজ্ঞাণন, মহেশ্বরের শক্তি বা মহেশ্বরা। এই আশি র্দ্রের র্দ্রাণী। ইন্দ্রাণিন ইন্দর্শন্তি, ইন্দ্রাণী। বর্বাণিন বর্ব-শন্তি বর্বানী, বিষ্কৃশন্তি বৈষ্ণবী। মহেশ্বর ও মহেশ্বরী, র্দ্র ও র্দ্রাণী ইত্যাদি নাম হইতে দুই পৃথক্ মনে হইতে পারে, কিন্তু পৃথক্ ভাব কাল্পনিক, বাস্তবিক নয়। অতএব র্দ্রের যে গ্রুণ ও কর্ম র্দ্রাণীরও তাহাই। দেব ও তাঁহার আশ্নকে পতি-পত্নী কিন্বা ভাতা-ভগিনী, দুইই কল্পনা করা যাইতে পারে। এক উন্দেশ্যে দেবের স্তৃতি ও আশ্নির সাহায্য আবশ্যক হয়। এই হেতু র্দ্রাণ্নিকে র্দ্রের ভগিনী বলিতে পারা যায়। যজ্বের্বদে ইহাই আছে।

কোন্ ঋতুতে র্দু-যজ্ঞ হইত, ঋগ্বেদে তাহার কোন উল্লেখ নাই। কোন দেবতারই নাই। কয়েকটি লক্ষণ দেখিয়া মনে হয় শরংঋতুর আরশ্ভে র্দু-যজ্ঞ হইত। ইহার বিশেষ প্রমাণ যজ্ববেদে আছে। সেখানে র্দ্রাণী অন্বিকা নামে উক্ত হইয়াছেন। এক স্থানে শরং ঋতু অন্বিকা-রূপে বণিত হইয়াছে।

যজ্বেদের কাল নিশ্চিতর্পে জানা গিয়াছে। জিজ্ঞাস্ব পাঠক বঙ্গীয় সাহিত্য-পরিষৎ-পত্তিকায় (৪৬শ বর্ষ, ২য় সংখ্যা) প্রকাশিত "বৈদিক কৃষ্টির কাল নির্ণয়" প্রবন্ধাবলীর "যজ্ববেদের কাল" পড়িতে পারেন। সেকাল খনীষ্ট-পর্ব ২৫০০ অন্দ। অথর্ব বেদেরও সেই কাল।

দ্বর্গাপ্,জা বৈদিক যজ্ঞের রুপান্তর, তন্ত ন্বারা সমাচ্ছন্ন। তন্তের উৎপত্তি বহু প্রাচীন। ঋগ্বেদে ইহার অঙ্কুর আছে। অথববিদে তন্তের প্রসার হইয়ছে। তন্তে রেখা ন্বারা নির্মিত প্রতিকৃতির নাম বন্তা। বর্ণমালার এক এক বর্ণ এক এক দেবতার দ্যোতক। এইসকল বর্ণের নাম বীজ। প্রাচীনেরা তন্তকে প্রুতি মনে করিতেন। তাহাঁরা বিলতেন, প্রুতি ন্বিবিধা, বৈদিকী ও তান্ত্রিকী। ইহা দেবী-ভাগবতে ও মন্সংহিতার কুল্লুক ভট্টের টীকায় আছে। দেবীপ্রাণ দ্বর্গাপ্ জাকে বৈদিক বিলয়ছেন।

দেবীর বোধন

বোধন নিদ্রা-ভপ্তন। দেবী নিদ্রিতা থাকেন। তাহাঁকে জাগাইয়া প্জা করিতে হয়। কেন নিদ্রিতা থাকেন? যেহেতু রবির উত্তরায়ণ ছয় মাস দেবতার দিবা, দক্ষিণায়ন ছয় মাস তাহাঁদের রাত্রি। দিবা কর্মের কাল, রাত্রি নিদ্রার কাল। শরংঋতু দক্ষিণায়নে পড়ে। দেবী তখন নিদ্রিতা থাকেন।

কালিকাপ্রাণ বোধনের এই প্রয়োজন লিখিয়াছেন। কিন্তু এমন
অসম্ভব ব্যাখ্যা প্রাণে কদাচিৎ আছে। জগলয়য়ী নিদ্রিতা, বাতুলের
প্রলাপ। বোধনের প্রকৃত তাৎপর্য ভুলিয়া গিয়া এই অদ্ভূত ব্যাখ্যার
উৎপত্তি হইয়াছে। কালিকাপ্রাণে আরও আছে, রাবণবধার্থে রামচন্দ্রকে
অন্গ্রহ করিয়া প্রাকালে ব্রহ্যা দেবীর অকাল বোধন করিয়াছিলেন।
কালিকাপ্রাণ আলোচনার সময় দেখা যাইবে প্রাণ-কর্তা জ্যোতিষ্চর্চা

করিতেন। তিনি প্রকৃত তত্ত্ব ঢাকা দিয়াছেন, অসংগতি চিন্তা করেন নাই। পরে পরে দেখাইতেছি।

প্রথম কথা, বাল্মিকী-রামায়ণে দুর্গাপ্জার কোন উল্লেখ নাই। রাবণবধের প্রে রামচন্দ্র আদিতাহ্দয়স্তব পাঠ করিয়াছিলেন। দ্বিতীয় কথা, শ্রৎঋতুতে রামরাবণের যুদ্ধও হয় নাই। শ্রৎঋতু য, দ্ধকালও নয়, হেম্বত ও বস্বত য, দেধাদ্যমের কাল। ইহা বহুকাল হইতে প্রসিদ্ধ আছে। তৃতীয় কথা, যদি দক্ষিণায়ন কালে দেবতারা নিদ্রিত থাকেন, কোজাগরী লক্ষ্মীপ্রজায়, শ্যামাপ্রজায়, জগন্ধাতীপ্রজায়, কাত্তিকপ্জায় বোধন নাই কেন? চতুর্থ কথা, সম্তম্যাদি অন্তম্যাদি ও কেবল অন্টমী ও নবমীতে প্জায় বোধন করিতে হয় না কেন? আশ্বিন শ্ক্লাপ্রতিপদ হইতে প্জা আরম্ভ, বণ্ঠীর সায়ংকালে বোধন। তবে কি প্রতিপদ হইতে ষষ্ঠী পর্যন্ত ঘটে যে প্রো হয়, তাহা নিজ্ফল? পশুম কথা, নবরাত্র ব্রতে বোধন নাই কেন? ষণ্ঠ কথা, ঘটে নয়, প্রতিমায় नस, विन्व न् एक, विन्य भाषात्र एमवीत त्वाधन! त्कन विन्वव् एक त्वाधन? ইহার তার্থ কি?

এইসকল বিষয় চিন্তা করিয়া আমার মনে হইয়াছে, অরণি দ্বারা অিণ্ন-উৎপাদনের নাম বোধন। বিল্বকান্ঠের অরণি; এই হেতু দেবী বিল্ববাসিনী। দুর্গা অণ্ন-স্বর্পা। অণ্ন সকল শক্তির প্রতিনিধি। <mark>অরণিতে অণিন উৎপল্ল হয়। সেই অণিন কুমার। তিনিই কুমারী</mark> দ্বর্গা। কাণ্ডেঠ যে অণিন স্বংত থাকে, মন্থন দ্বারা তাহার আবিভাব ইয়, যেন নিদ্রিত অণ্নি জাগ্রত হয়।

ব্হদ্-ধর্মপর্রাণে (প্. ২২) এই ব্যাখ্যার আভাস আছে। লিখিত আছে, "রাবণের বধার্থে ব্রহ্যাদিদেবগণ দেবীর স্তব করিলে তিনি বিল্ব-ব্লেফ বোধন করিতে বলিলেন। তাহাঁরা ভূতলে আসিয়া এক দ্বৰ্গম নিজন স্থানে একটি বিল্বব্ক দেখিলেন। তাহার এক পত্তে তণ্ণতকাঞ্চন-বর্ণা স্বর্চিরা অচিরপ্রস্তা এক বালিকা নিদ্রিতা। বালিকা অনাব্তাঙ্গা, নিশেচ্টা। দেবগণের স্তবে বালিকা প্রবৃদ্ধা হইয়া যুবতীর প ধারণ করিলেন।" অতএব দেখিতেছি বিল্বব্যক্ষর কুমারীর জন্ম ইয়। কুমারীকে শ্বুত্ক বিল্বপত্তে প্রথমে নিদ্রিতা পরে প্রবৃদ্ধা দেখা যায়।

প্রথমে দ্বর্গপিজা-প্রকরণ স্মরণ করিতেছি। প্রজার সাতটি <mark>কল্প</mark> অর্থাৎ সাতটি বিধি আছে। যথা—

- ১। ভাদ্রকৃষ্ণনবমী। সেদিন দেবীর বোধন করিতে হয়। তদবধি আশ্বিনশ্কুনবমী পর্যক্ত ১৬ দিন প্রজা।
- ২। আশ্বিনশ্কপ্রতিপদ। প্রতিপদে কেশসংস্কারদ্রর দিতে হয়। দ্বিতীয়ায় কেশবন্ধনের পট্টডোর, তৃতীয়ায় পদরঞ্জনের জন্য অলম্ভক, ললাটের জন্য সিন্দ্র, ম্খদশনের জন্য দর্পণ, চতুথীতে মধ্পর্ক, নেত্রের কজ্জল, পঞ্চমীতে অগ্রেন্টন্দন প্রভৃতি অংগ-রাগ দ্রব্য ও অলংকার দিতে হয়।
- ৩। আশ্বিনশ্কেষণ্ঠী। সন্ধ্যাকালে বিল্বশাখায় দেবীর বোধন, দেবীর আমন্ত্রণ ও অধিবাস।
- ৪। উন্ত তিন কল্পেই ষষ্ঠী পর্যান্ত ঘটে প্জা। সংত্যী হইতে তিন দিন ম্ময়ী প্রতিমায় প্জা। প্রাছে প্রতিমার পাশ্বে নবপত্রিকা স্থাপন।
 - ৫। শ্রু-অন্ট্রমী। অন্ট্রমী নব্মী দুই দিন প্রো।
 - ৬। কিম্বা কেবল অণ্টমীতে প্রজা এবং সেই দিনই বিসর্জন।
- ৭। শ্কু-নবমী। কেবল সেই দিনই প্জাও বিসর্জন। কেবল অন্টমী কিম্বা কেবল নবমীতে ঘটে প্জা করা হয়।

দশমীতে বিসর্জন। সন্ধ্যাকালে ঘট ও প্রতিমা নদী কিন্বা ব্হৎ
প্রুকরিণীর জলে নিক্ষেপ করিয়া জল ও কর্দম লইয়া কোতুকক্রীড়া।
ইহার নাম শবরোৎসব। গ্রে প্রত্যাগমনকালে খঞ্জন পক্ষী (কিন্বা নীল-কণ্ঠ পক্ষী) দৃষ্ট হইলে শ্ভ। গ্রে প্রত্যাগত হইয়া গ্রের্জনের আশীর্বাদ, আত্মীয়-স্বজনের কুশল কামনা ও তদনন্তর অলপ সিদ্ধিপান
প্রচলিত আছে।

এক্ষণে প্জা দেখি। ঋগ্বেদের কালে হিম. (শীত) ঋতু ও শরৎ ঋতু হইতে দ্ই বংসর গণিত হইত। রবির উত্তরায়ণ আরশ্ভ হইতে হিম. বংসর এবং তাহার চারি ঋতুর পরে শরংঋতু হইতে শরং বংসর আরশ্ভ হইত। ইহা প্রে মহিষমদিনী প্রকরণে বলা গিয়াছে। প্রত্যেক খতু আরন্তেই যজ্ঞ হইত। হিম.খতু ও শরংখতু আরন্তেও যজ্ঞ হইত। শরংকালীন যজ্ঞই রূপান্তরিত হইয়া দুর্গাপ্জো হইয়াছে।

যজের ও প্লার কর্মে প্রভেদ আছে। কিন্তু উভয়ের অভিপ্রায়
একই। দেবতার প্রসাদের নিমিত্ত তাহাঁকে প্রীতিকর দ্রব্য সমর্পাদের নাম
যজ্ঞ। যে দ্রব্য আমরা প্রতি হই, আমরা মনে করি, সে দ্রব্যে দেবতাও
প্রতি হন। ঘৃতাহর্তি যজ্ঞের এক প্রধান অভগ। দর্গাপ্রজায় হোম
একান্ত কর্তব্য। যজ্ঞবিশেষে ঘৃতান্ত প্ররোডাশ (পিল্টক-বিশেষ) মাংস
ও সোমরস দেবতার উদ্দেশে অগিনতে অপিতি হইত। দেবতার স্তব
অর্থাৎ গর্ন ও কর্মের প্রশংসা উচ্চারিত হইত। ধন দাও, প্রচুর অর
দাও, বীর প্রত্র দাও, শত্র্র বিনাশ কর ইত্যাদি স্বাভাবিক মান্বের প্রার্থনা
থাকিত। দর্গাপ্রজাতেও তাহাই হয়। চন্ডীমাহাত্ম্য তাহাঁর স্তব।
নৈবেদ্য ও পশ্র্বলি ন্বারা তাহাঁকে প্রসল্ল করা হয়। আর দেবীর চরণে
প্রপোঞ্জালি দিয়া প্রার্থনা করা হয়,

"আর্রারোগ্যং বিজয়ং দেহি দেবি নমস্তুতে। র্পং দেহি যশো দেহি ভাগাং ভগবতি দেহি মে। প্রান্ দেহি ধনং দেহি সর্বকামাংশ্চ দেহি মে।"

দ্বর্গাপ্তার মন্তে যজ্ঞ শব্দ বহ্ব বার ব্যবহৃত হইয়াছে। "দেবি
যজ্ঞভাগান্ গ্হাণ," হে দেবি ! যজ্ঞভাগ গ্রহণ কর্ন। পশ্বলি দিবার সময়
বলা হয়়, "যজ্ঞার্থে পশবঃ স্টাঃ তিস্মিন্ যজ্ঞে বধোহবধঃ"। যজ্ঞের
নিমিত্তই পশ্ব স্ট হইয়াছে। সে যজ্ঞে যে বধ, তাহা অবধ। দ্বর্গাপ্তাঃ
যজ্ঞ না হইলে পশ্বলি প্রাণিহিংসায় দাঁড়ায়। আরও আশ্চর্যের বিষয়,
পশ্বছেদের সময় ভন্তদর্শকেরা "মো মো" শব্দ করিতে থাকেন। সংস্কৃত
মহস্ শব্দের সংক্ষেপে এই "মো মো" আসিয়াছে। মহস্ শব্দের অর্থ
যজ্ঞ।* হোমের সম্বদ্র ক্রিয়া বৈদিক (পশ্ডিত শ্রীশ্যামাচরণ কবিরয়
প্রণীত কালিকাপ্রাণোভ্ড প্জা-পশ্বতি পশ্য)। যাগ ও হোমের
অন্বংগে প্রভেদ আছে। রামেন্দ্রন্দর বিবেদী লিখিয়াছেন, দাঁড়াইয়া

শ্ববিভেগর মাধ্যক্তল রতের ছড়ায়, "আম কাঠালিয়া প্রীড়িথানি ঘ্তে য়
য় করে।" কাঠালের প্রীড়ি ঘ্তসিত্ত হইয়া উৎসবগন্ধ ছড়াইতেছে।

আহ্বতি দিলে যাগ, বিসয়া দিলে হোম। কিন্তু কর্মে প্রভেদ নাই।
দ্বর্গাপ্রেল পশ্বাগ। ইহাকে সোমবাগ বালতে পারি। সোমবাগে
পশ্ববিল হইত ও সোমরস প্রদত্ত হইত। আমার অন্মানে বেদের সোমব্দ সিদ্ধিগাছ। সিদ্ধির প্রসিদ্ধ সংস্কৃত নাম ভংগা। বাংলায় বলি ভাং। ইহার অপর প্রসিদ্ধ নাম বিজয়া। রঘ্নন্দন বিজয়াকালে দেবীকে সিদ্ধি দিবার ব্যবস্থা লিখেন নাই। কিন্তু ইহা বঙ্গের সর্বত্র প্রচলিত আছে।

দ্বর্গাপ্জা বৈদিক যজ্ঞের র্পান্তর, তল্প দ্বারা সমাচ্ছন। তল্পের উৎপত্তি বহু প্রাচীন। ঋগ্বেদে ইহার অংকুর আছে। অথববিদে তল্পের প্রসার হইয়ছে। তল্পে রেখা দ্বারা নির্মিত প্রতিকৃতির নাম বল্প। বর্ণমালার এক এক বর্ণ এক এক দেবতার দ্যোতক। এইসকল বর্ণের নাম বীজ। প্রাচীনেরা তল্পকে প্রত্তি মনে করিতেন। তাহাঁরা বলিতেন, শ্র্তি দ্বিবিধা, বৈদিকী ও তাল্পিকী। ইহা দেবী-ভাগবতে ও মন্সংহিতার কুল্লুক ভট্টের টীকায় আছে। দেবীপ্রাণ দ্বর্গাপ্জাকে বৈদিক বলিয়াছেন।

দেবীর বোধন

বোধন নিদ্রা-ভঞ্জন। দেবী নিদ্রিতা থাকেন। তাহাঁকে জাগাইয়া প্জা করিতে হয়। কেন নিদ্রিতা থাকেন? যেহেতু রবির উত্তরায়ণ ছয় মাস দেবতার দিবা, দক্ষিণায়ন ছয় মাস তাহাঁদের রাত্রি। দিবা কর্মের কাল, রাত্রি নিদ্রার কাল। শরংঋতু দক্ষিণায়নে পড়ে। দেবী তখন নিদ্রিতা থাকেন।

কালিকাপ্রাণ বোধনের এই প্রয়োজন লিখিয়াছেন। কিন্তু এমন অসম্ভব ব্যাখ্যা প্রাণে কদাচিৎ আছে। জগন্ময়ী নিদ্রিতা, বাতুলের প্রলাপ। বোধনের প্রকৃত তাৎপর্য ভুলিয়া গিয়া এই অদ্ভূত ব্যাখ্যার উৎপত্তি হইয়াছে। কালিকাপ্রাণে আরও আছে, রাবণবধার্থে রামচন্দ্রকে অনুগ্রহ করিয়া প্রাকালে ব্রহ্যা দেবীর অকাল বোধন করিয়াছিলেন। কালিকাপ্রাণ আলোচনার সময় দেখা যাইবে প্রাণ-কর্তা জ্যোতিষচর্চা

করিতেন। তিনি প্রকৃত তত্ত্ব ঢাকা দিয়াছেন, অসংগতি চিন্তা করেন নাই। পরে পরে দেখাইতেছি।

প্রথম কথা, বাল্মকী-রামায়ণে দুর্গাপ্জার কোন উল্লেখ নাই।
রাবণবধের প্রের্ব রামচন্দ্র আদিত্যহ্দয়স্তব পাঠ করিয়াছিলেন।
দ্বিতীয় কথা, শরংঋতুতে রামরাবণের যুদ্ধও হয় নাই। শরংঋতু
যুদ্ধকালও নয়, হেমনত ও বসনত যুদ্ধাদ্যমের কাল। ইহা বহুকাল
হইতে প্রসিদ্ধ আছে। তৃতীয় কথা, যদি দক্ষিণায়ন কালে দেবতারা
নিদ্রিত থাকেন, কোজাগরী লক্ষ্মীপ্রজায়, শ্যামাপ্রজায়, জগদ্ধান্তীপ্রজায়,
কার্ত্তিকপ্রজায় বোধন নাই কেন? চতুর্থ কথা, সপ্তম্যাদি অভ্যুম্যাদি
ও কেবল অভ্যুমী ও নবমীতে প্রজায় বোধন করিতে হয় না কেন?
আন্বিন শ্রুপ্রতিপদ হইতে প্রজা আরশ্ভ, ষভীর সায়ংকালে বোধন।
তবে কি প্রতিপদ হইতে ষভী পর্যন্ত ঘটে যে প্রজা হয়, তাহা নিজ্ঞল?
পর্তম কথা, নবরাত রতে বোধন নাই কেন? ষভ্য কথা, ঘটে নয়, প্রতিমায়
নয়, বিল্ব ব্লে, বিল্ব শাখায় দেবীর বোধন! কেন বিল্বব্লে বোধন?
ইহার অর্থ কি?

এইসকল বিষয় চিন্তা করিয়া আমার মনে হইয়াছে, অরণি দ্বারা
আন্নি-উৎপাদনের নাম বোধন। বিল্বকান্টের অরণি; এই হেতু দেবী
বিল্ববাসিনী। দুর্গা অন্নি-স্বর্পা। আন্নি সকল শক্তির প্রতিনিধি।
অরণিতে অন্নি উৎপন্ন হয়। সেই অন্নি কুমার। তিনিই কুমারী
দুর্গা। কান্টে যে অন্নি স্কৃত থাকে, মন্থন দ্বারা তাহার আবিভাব
হয়, যেন নিদ্রিত অন্নি জাগ্রত হয়।

বৃহদ্-ধর্মপন্রাণে (প্. ২২) এই ব্যাখ্যার আভাস আছে। লিখিত আছে, "রাবণের বধার্থে ব্রহ্মাদিদেবগণ দেবীর দতব করিলে তিনি বিল্ব-বৃক্ষে বোধন করিতে বলিলেন। তাহাঁরা ভূতলে আসিয়া এক দ্বর্গম নিজ'ন দ্থানে একটি বিল্ববৃক্ষ দেখিলেন। তাহার এক পত্রে তপ্তকাণ্ডন-বর্ণা স্বর্চিরা অচিরপ্রস্তা এক বালিকা নিদ্রিতা। বালিকা অনাব্তাণ্গা, নিশেচ্টা। দেবগণের দতবে বালিকা প্রবৃদ্ধা হইয়া য্বতীর্প ধারণ করিলেন।" অতএব দেখিতেছি বিল্ববৃক্ষের কুমারীর জন্ম হয়়। কুমারীকে শৃত্ব বিশ্বপত্রে প্রথমে নিদ্রিতা পরে প্রবৃদ্ধা দেখা যায়।

শ্মী-কাণ্ঠই অরণির প্রসিদ্ধ কাণ্ঠ, ঋগ্রেদের কাল হইতে চলিয়া আসিতেছে। দুর্গাপ্জা-যজ্ঞের নিমিত্ত অণিন উৎপাদন আবশ্যক।
শ্মীবৃক্ষ ভারতের পশ্চিমাংশে স্বলভ, কিন্তু প্রবাংশে দ্বর্লভ। বংগদেশে প্রায় অজ্ঞাত। দেখা যাইতেছে, যে দেশে শ্মীবৃক্ষ দ্বর্লভ, সে
দেশে বিল্ব কাণ্ঠের অরণি দ্বারা অণিন উৎপাদন প্রচলিত হইয়াছিল।
অমরকোশে বিল্বব্কের এক নাম শাণ্ডিলা; মেদিনীকোশে এক অণিনর
নাম শাণ্ডিলা এবং শাণ্ডিলা এক মুনির নাম। বোধ হয় শাণ্ডিলা
গোত্রের কোন ব্রাহারণ বিল্বকাণ্ডের অরণি প্রচলিত করিয়াছিলেন।

পূর্বকালে রাক্ষস ও পিশাচেরা যজের বিঘা করিত। দুর্গাপ্জা দুর্গাযজ্ঞ, বোধনের সময় যজ্ঞ-বিঘাকারকদিগকে মন্তিত শ্বেত সর্মপ বিক্ষেপের ন্বারা অপসারিত করা হয়।

চণ্ডীমণ্ডপে বোধন হয় না। বোধনের নিমিত্ত স্ত্রুল্বারা এক পৃথক
বন্দ্রগৃহ নিমিত হয়। (এক বেদীর চারি কোণে শর পর্টিয়া করেকবার
স্ত্রু বেন্টন প্র্ক বন্দ্রগৃহ মনে করা হয়)। সেই বন্দ্রগৃহে যুগ্মফলবিশিন্ট বিল্বশাখা স্থাপিত হয়। বেদীতে অলন্তক, স্তু ও ছুরির রাখা
হয়। ভাবিয়া দেখিলে এই বন্দ্রগৃহ স্তিকাগৃহ, যুগ্মফলের একটি
মাতার কুন্দি, অপরটি ছুণ। নাড়ীচ্ছেদের নিমিত্ত ছুরি। নাড়ীবন্ধনের
নিমিত্ত স্তুর্ । অলন্তক শোণিতের দ্যোতক। ইতিপ্রের্প প্রতিপদ হইতে
পশ্চমী পর্যন্ত ঘটন্থ দেবীর নিমিত্ত কেশসংন্দ্রার দ্রব্য, অভগরাগ দ্রব্য,
অলভকার ও মধ্পক প্রদত্ত হইয়ছে। গর্ভ সন্ভাবনা না করিলে এসবের
প্রয়োজন থাকে না। অতএব বিল্বশাখা ও ফলে দেবীর বোধন অর্থে
ব্রুবিতে হইতেছে বিল্বশাখায় দুর্গার্প অণিনর আবিভাব। বিল্বফল
দেবীর প্রতির্পক। স্থেদিয়ের পর অণিনমন্থন ও যক্ত হইত, রাত্রিকালে হইত না। অতএব সায়ংকালের বোধন অকালবোধন। সায়ংকালে
কেন? কারণ রাত্রি সন্তানপ্রসবের কাল।

এই ব্যাখ্যায় অসংগতি দেখা যাইতেছে। প্রথমতঃ, দেবীকে ঘটে প্রজা করিতেছি। তখন তাহাঁর বোধন হয় নাই। দ্বিতীয়তঃ, প্রতিপদ হইতে পশুমী পর্যন্ত কেশসংস্কারাদি দ্ব্য কাহাকে প্রদত্ত হয়? কাহার জন্মের নিমিত্ত স্কৃতিকাগ্য নিমিত হয়? দেবীর হইতে পারে না। আদ্যা বিশ্বারণির জন্ম-কলপনা করা যাইতে পারে না। আমার বোধ-হয়, দ্বইটি পূথক ভাবনা মিগ্রিত হইয়াছে। একটি বিল্বশাখায় অণ্নি-উৎপাদন, অপরটি অন্যের জন্ম কল্পিত হয়। পরবতী প্রকরণে সে অন্যের অনুসন্ধান করা যাইবে।

আমি নবপত্রিকার উৎপত্তি ও প্রয়োজন বিন্দর্মাত্র ব্রিক্তে পারি নাই।
নবপত্রিকা নবদর্গা, ইহার ন্বারাও কিছুই ব্রিক্লাম না। দেবীপর্রাণে
নবদর্গা আছে, কিন্তু নবপত্রিকা নাই। ইহা কোন্ প্রাণে প্রথম পাওয়া
যায় তাহার অন্সম্থান কর্তব্য। নবপত্রিকা দর্গা প্রজার এক আগন্তুক
অঙগ হইয়াছে। কোন্ দেশে কবে ইহার উৎপত্তি? বোধ হয় কোনও
প্রদেশে শ্বরাদি জাতি নয়িট গাছের পাতা সম্মুখে রাখিয়া নবরাত্রি
উৎসব করিত। তাহাদের নবপত্রী দর্গা-প্রতিমার পাশের্ব স্থাপিত
হইতেছে। মান্বের স্বভাব যেটা কোথাও হয়, সেটা অন্যত্র প্রচারিত হয়।
নবপত্রের মধ্যে জয়ন্তী একটা। জয়ন্তী কি গাছ? জয়ন্তী নাম সংস্কৃত।
অনিন্মন্থের নাম জয়ন্তী আছে। আমরা বঙ্গদেশে যে গাছকে জয়ন্তী
বালি, সে আর এক জয়ন্তী। সে গাছই সংস্কৃত নামের জয়ন্তী, তাহার
কিছুমাত্র প্রমাণ নাই। রঘ্নন্দন ভবিষ্যপর্রাণ হইতে নবপত্রিকার নয়টি
গাছের নাম দিয়াছেন। ভবিষ্যপ্রোণের বচন কোন্ দেশের, কোন্
কালের
তাহার অন্সন্থান কর্তব্য।

দুৰ্গোৎসৰ নৰৰৰেণিংসৰ

দ্বৰ্গাপ্জা কৰে? পূৰ্বে দেখিয়াছি, কেবল আশ্বিন শ্ক্লান্টমীতে, কিশ্বা কেবল শ্ক্লনবমীতে প্জা করিতে পারা যায়। হেতু কি? ঘটে প্জা হইলেও প্জা সিন্ধ হয়।

শরংঋতু আরশ্ভে প্জা করিতে হয়। দৈবক্রমে চান্দ্র আশ্বিন মাসে
শরংঋতুর আরশ্ভ, কিন্তু প্জা আশ্বিনমাসীয়া নয়, শারদীয়া। খ্রী-প্
২৫০০ অব্দে কৃষ্ণযজ্বেদের কালে বসন্তাদি ছয় ঋতু ও প্রত্যেক ঋতুর
দ্বই সমান ভাগ প্রচলিত হইয়াছিল। যথা—মধ্ব ও মাধব বসন্ত, ইয় ও
উর্জ শরং, ইত্যাদি ঋতু-সম্বন্ধীয় ভাগ। এইসকল ভাগকে আর্তব মাস
বলা যাইতে পারে। ইয় শরংঋতুর প্রথম মাস। প্জার সংকল্পে ইয়
মাস বলিতে হয়। আশ্বিন মাস অশ্বিনী নক্ষ্যের সহিত যুক্ত আছে।
অতএব সে মাস স্থির ও নির্দিণ্ট আছে। কিন্তু ইয় মাস স্থির নাই।
ঋতু পিছাইতেছে, ইয় মাসের আরশ্ভেও পিছাইতেছে। বর্তমানে ভাদ্র
মাসের ১৮ই ইয় মাসের আরশ্ভ হইতেছে।

দেখা গেল, স্থের ভোগ দেখিয়া প্জার দিন নির্পিত হইয়াছে।
সোর মাসে নির্পিত হইলে বর্ষে বর্ষে সোর মাসের একই দিবসে প্জা
হইত। চাল্দ্র মাস ধরিয়া তিথির দ্বারা দিন গণিত হইতেছে। কিল্তু তিথি
যথেত নয়। কেবল তিথি জানিলে কিদ্বা চল্দ্রের নক্ষর জানিলে স্থের ভোগ জানিতে পারা যায় না। তিথি ও চল্দের নক্ষর, এই দ্বই না পাইলে
স্থেরি ভোগ জানিতে পারা যায় না। এই কারণে স্মৃতিকার তিথির
সহিত নক্ষর দেখিতে বলিয়াছেন (পরিশিক্ট পশ্য)।

পদ্বে লিখিত হইয়াছে, রবির উত্তরায়ণ আরম্ভ হইতে হিম.বংসর আরম্ভ হয়। চান্দ্রমাঘ শ্রুক প্রতিপদে উত্তরায়ণ আরম্ভ ধরা হইতেছে। ইহার আট মাস পরে এবং প্রতি মাসে এক তিথি বৃদ্ধি ধরিয়া আশ্বিন শ্রুক অন্টমী-নবমীর সন্ধিক্ষণে শরংঋতুর আরম্ভ ধরিতে হইতেছে। এই কারণে সন্ধিক্ষণের মাহাত্ম্য। মাঘ শ্রুক প্রতিপদের প্রতিথি পৌষ অমাবস্যা। যদি সেদিন মধ্যরাত্রিতে অমাবস্যা পূর্ণ হয় এবং সেই সময়ে উত্তরায়ণ আরুভ হয়, তাহা হইলে আশ্বিন শ্রুজান্টমীর মধ্যরাত্রে আট তিথি পূর্ণ হয়। মধ্যরাত্রে সন্ধিক্ষণের আরও মাহাত্ম।

এই আলোচনা দ্বারা শারদীয়া প্রজা প্রচলনের প্র্রসীমা পাইতেছি। বৈদিক যজ্ঞান্তয়ার দিন গণনার নিমিত্ত এক প্রস্কিতকা ছিল। তাহার নাম বেদালা জ্যোতিষ। ইহা খ্রী-প্র ১৩৭২ অব্দে প্রণীত হইয়াছিল। তাহাতে দ্বাদশ মাসে দ্বাদশ তিথি ব্দিধ এবং মাঘ শ্রক প্রতিপদে উত্তরায়ণ গ্হীত হইয়াছে। দ্বর্গাপ্রো যজ্ঞান্তয়াবিশেষ মনে করিলে উত্ত অব্দের পরে প্রবিত্ত হইয়াছে।

ইহার পূর্বে কবে হইত? দৈবক্রমে তাহার প্রমাণ আছে। আমরা জানি আশ্বিন অমাবস্যায় শ্যামাপ্জা এবং প্রদোষে লক্ষ্মীপ্জা। পর্বাদন কার্ত্তিক শক্রু প্রতিপদে দাতে ক্রীড়া। এই দিন গ্রেজরাটে বণিকেরা নতেন বংসর আরম্ভ করে এবং নৃতন খাতা খুলে। সে প্রদেশে এই দি<mark>ন</mark> হুইতে ন্তন বংসর আরম্ভ হয়। হেতু কি? তাহারা যজ্বরেদের ও অথর্ব বেদের কালের শরৎ বৎসর গণনা করে। এই দুই বেদে মাঘ কুষ্ণান্টমীতে উত্তরায়ণ ধরা হইত। এই তিথির নাম একাণ্টকা ছিল। "একাণ্টকা সম্বংসরের প্রথমা রাত্রি"। (রাত্রি দিবস)। সেদিন হইতে আট মাস আট তিথি গণিলে আশ্বিন অমাবস্যা আসে। পর্রাদন কার্ত্তিক শুকুপ্রতিপদে শরং বংসর আরম্ভ। দ্যুতক্রীড়া দ্বারা ভাগ্য-পরীক্ষা হয়। নতেন বংসর কেমন যাইবে, তাহা জানিবার ইচ্ছা। এখন কোথাও ভাগ্য-প্রীক্ষার এই বিধি প্রচলিত আছে কিনা জানি না। যদি থাকে, সকলেরই ভাগ্য স্থসন্ন দেখিবার কথা। অমাবস্যার প্রদোবে লক্ষ্মীপ্জার বিধিরও সেই অভিপ্রায়। নববর্ষের প্রেদিন লক্ষ্মীর প্রসাদ ও শ্যামার নিকট অভয় প্রার্থনা করা হয়। আশ্বিন শ্রুলবমীতে যেমন দ্বর্গাপ্জা, আশ্বিন অমাবস্যায় তেমন শ্যামাপ্জা। সে রাত্রের দীপালীর সহিত এই প্জার ও নববর্ষোৎসবের কোন সম্বন্ধ নাই। দীপালীর হেতু ভিন্ন। মহালয়ায় যেমন পিতৃগণের উদ্দেশে শ্রান্ধ ও দীপদান, আশ্বিন অমাবস্যাতেও তেমন পিতৃগণের উদ্দেশে শ্রাম্থ ও দীপদান করা হয়।

মাসপ্রতি একদিন বৃদ্ধি স্থলে গণনা। সংক্ষা গণনায় আশ্বিন শ্রু-

ন্বমীতে বর্ষাঋতুর শেষ হয়। দশ্মীতে শরংঋতু ও শরং বংসর আরম্ভ হয়। ন্বমী অন্তে রবির ভোগ ৫ রাশি প্র্ণ হয় (পরিশিষ্ট পশ্য)। ২৪১ শক=৩১৯ খ্রীষ্টাব্দ হইতে বর্তমান কালের গণনা চলিয়াছে। অতএব মনে হয়, ঐ শকের প্রের্ব নর্যাদন দ্বর্গাপ্জা ও ন্বরাচিত্রত প্রচলিত ছিল না।

কিন্তু এতদ্দ্বারা সপ্তমীতে ও ষণ্ঠীতে কলপারন্ভের হৈতু ও নবরাত্র, ব্রতের উৎপত্তি পাইতেছি না। বংগদেশে আমরা প্রতিমায় প্র্জা করি, নবরাত্রত্ত ভুলিয়া গিয়াছি। দক্ষিণ-পশ্চিম-উত্তর ভারতে নবরাত্র প্রসিম্ধ। নবরাত্র, নয় রাত্রি, নয় তিথির ব্রত। আশ্বিন শ্রুপ্রতিপদ হইতে নবমী পর্যন্ত নয় তিথির ব্রত। রাত্রি শব্দে তিথি বর্ঝায়। দশমী দশ্রাত্রি। ইহার সংক্ষেপে দশ-রা। সে সে প্রদেশের লোক "দশরা পরব" বলে, ঘট স্থাপন করিয়া প্রজা করে। ঘটের সম্মুথে নয় দিন চন্ডীপাঠ হয়। দশমীতে ঘটের বিসর্জন।

আমাদের কোনও রত বা প্জা বংসরের যে-সে দিনে অন্থিত হয় না। প্রত্যেকের দিন নিদিশ্ট আছে। সে দিন জ্যোতিষে বিশেষ দিন। সফল জাতিই এই বিধি অন্সরণ করে। ব্রতপালন ও দেবদেবীর প্জার দ্বারা আমরা সেদিন স্মরণ করি। কোন্ স্মরণীয় দিনের সহিত নব-রাত্রত যুক্ত হইয়াছে? কিন্তু কোন অন্থোনের উৎপত্তি নির্ণয় অতিশয় কঠিন। এখানে একটা উৎপত্তি উপন্যুক্ত করিতেছি।

মাহেশ্বরয্গ নামে এক য্গ-গণনা প্রচলিত ছিল (পরিশিষ্ট পশ্য)। ২৪৭ সায়ন বংসর ও ১ মাস এই যুগের পরিমাণ। প্রত্যেক যুগ শত্ক সক্তমীতে আরম্ভ হইত। ইহা এই যুগের বিশেষ লক্ষণ। প্রত্যেক শ্রুক সক্তমীর এক নাম ছিল। কয়েকটি নাম মংস্যপ্রাণে আছে, কয়েকটি পাঁজিতে লিখিত হইতেছে। যেমন মিত্র সক্তমী, রথ সক্তমী। শ্রুক ষষ্ঠীতে যুগ সমাক্ত হইত। শ্রুক ষষ্ঠীরও নাম ছিল। কয়েকটি নাম পাঁজিতে লিখিত হইতেছে। যেমন গ্রুহষ্ঠী, আরণ্য ষষ্ঠী। ইহা হইতে প্রতিমাসের শ্রুক সক্তমী রবির এবং শ্রুক ষষ্ঠীলক্ষ্মীর তিথি হইয়াছে। যদি কোন যুগ আশ্বিন শ্রুক সক্তমীতে আরম্ভ হয়, পরবতী যুগ কার্ত্তিক শ্রুক সক্তমীতে আরম্ভ হয়, পরবতী যুগ কার্ত্তিক শ্রুক সক্তমীতে আরম্ভ হইত। এই

ক্রমে প্রাপর যুগ গণনা চলিতে থাকে। এই কারণে এই যুগগণনা কবে আরুভ হইয়াছিল, তাহা বালিতে পারা যায় না। আমার অনুমান, কুর,ক্ষেত্র য, দেধর পর-বংসর হইতে এই গণনার প্রচলন হইয়াছিল। খ্রী-প্ ১৪৪১ অন্দের হেমন্তে কুর্কেত্ত যুন্ধ হইয়াছিল। পরবৎসর খ্রী-প্র ১৪৪০ অব্দে প্রথম যুগ ভাদ্র শ্রুসপ্তমীতে আরুভ হইয়া ২৪৭ বংসর একমাস পরে খ্রী-প্র ১১৯৩ অব্দের আশ্বিন শত্রু ষণ্ঠীতে প্রণ হইয়াছিল। এই ষণ্ঠীর নাম আদিকলপ ষণ্ঠী ছিল। পর্নদন সপ্তমীতে দ্বিতীয় যুগের আরম্ভ, ইত্যাদিক্রমে যুগগণনা চলিয়াছিল। প্রথম যুগে আশ্বিন শ্রু সংত্মীতে রবির ভোগ ১৫০০ অংশ হইয়াছিল। দ্বিতীয় যুগে আশ্বিন শুকু ষণ্ঠীতে, তৃতীয় যুগে আশ্বিন শ্রুক্র পঞ্চমীতে ইত্যাদিক্রমে সপ্তম্যুগে খ্রী-পর ২৯১ অব্দে (২১৩ শকে) আশ্বিন শ্রুক প্রতিপদে রবির ভোগ ১৫০০ হইয়াছিল। আমার বোধ হয়, শ্কু অণ্টমী ও নবমীর সহিত এই সাতদিন যুক্ত হইয়া নবরাত্র হইয়াছে। দ্বিতীয় যুগের আরম্ভ খ্রী-প্র ১১৯৩ অব্দে এক বিশেষ যোগ ঘটিয়াছিল। আশ্বিন শ্রুষ্ঠীতে রবির ভোগ ১৫০০ অংশ পূর্ণ হইয়া পরদিন সংতমীতে নবযুগ ও নব শরৎ বৎসর আরম্ভ হইয়াছিল। এমন যোগ দ্বর্ল ভ। যুগচক্র একবার ঘ্রবিয়া না আসিলে আর ঘটে না। খ্রী-পর ২৯১ অব্দে সপ্তম যুগে আশ্বিন শ্রু প্রতিপদে রবির ভোগ ১৫০০ হইয়াছিল। ইহা হইতে অন্মান হয় এই অব্দের পরে ও অণ্টম যুগের পূর্বে নবরাত্র রতের উৎপত্তি হইয়াছে। ইহার সহিত পূর্বো-ল্লিখিত খ্রী-পর ৩১৯ অব্দের ঐক্য হইতেছে। এই অনুমানের এক প্রমাণ দিতেছি। কালিকা-পর্রাণ লিখিয়াছেন, আশ্বিন কৃষ্ণ চতুর্দ শীতে দশভুজা আবিভূতি। হইয়াছিলেন। অর্থাৎ সেদিন শরংঋতুর আরুভ হুইয়াছিল। কালিকা-প্রোণের মাস প্রিশমান্ত। আমরা যে অমান্ত মাস গণি, তদন্সারে ইহার নাম ভাদকৃষ্ণ চতুর্দশী হয়। ৭৮৫ খ্ৰীফীব্দে সে যুগ আরুভ হইয়াছিল। কালিকা-প্ররাণে উহার পরের তিথি নাই। অতএব মনে হয় কালিকা-প্রাণ অন্টম খ্রীষ্ট শতাব্দ হইতে একাদশ খ্ৰীষ্ট শতাব্দের মধ্যে প্রণীত হইয়াছিল।

উক্ত যুগগণনায় খ্রী-প্ ১১৯৩ অব্দের যুগে আশ্বিন-শ্বক্র ষণ্ঠীর

নাম আদিকলপ্ষণ্ঠী ছিল। বোধ হয় ইহাকেই আমরা ষণ্ঠ্যাদি কলপ বলিতেছি। ষণ্ঠীতে বোধন সংগত হইতেছে। প্রনিদন শ্রুক সপত্মীতে ন্তন যুগের সহিত নব বর্ষের রবির উদর হইয়াছিল। ষণ্ঠীর রাগ্রে এই রবির বোধন হয়। উদয়ের নাম জন্ম, বেদে প্রসিদ্ধ আছে। সপত্মী রবির তিথি। রবির নিকট পশ্রবলি নিষিদ্ধ। বোধ হয়, এই কারণে দ্বর্গাপ্রতিমা প্রোতেও নিষিদ্ধ হইয়াছে। কোথাও কোথাও সপত্মীতেও পশ্রবলি হয়, সে-টা অশাদ্বীয়।

রঘনন্দন দেবীপন্রাণের প্রমাণে ভাদ্রকৃষ্ণনবমীতেও কল্পান্তর লিথিয়াছেন। দেবীপন্রাণের মাস প্রতিমান্ত। তদন্সারে আমরা যাহা ভাদ্রকৃষ্ণনবমী বলিতেছি, তাহা আশ্বিনকৃষ্ণনবমী। এই আশ্বিনকৃষ্ণনবমী হইতে আশ্বিনশনুক্লনবমী পর্যন্ত ১৬ দিন প্রজা হয়।

১৩২৯ বঙ্গান্দের আশ্বিনের "প্রবাসী"তে বন্ধ্বর বিজয়চন্দ্র
মজনুমদার লিখিয়াছিলেন, ছত্রিশগড় অগুলে গ্রামের কুমারীরা "কুমারী ওষা"
(কুমারীর উপবাস) নামক ব্রত করে। ভাদ্রক্ষঅন্টমীতে আরুল্ড ও
আশ্বিনশনুক্রনবমীতে শেষ। এই ১৭ দিন তাহারা একবেলা ভোজন করে,
কুমারী দেবীর প্জা করে। পাড়ায় পাড়ায় বাজনা বাজে, নিদ্নশ্রেণীর
নারীরা নাচিয়া গাহিয়া বেড়ায়। শেষদিন বেহায়া ব্যায়সী নারী
অশ্লীল গান গাহিয়া থাকে। তিনি আরও লিখিয়াছিলেন; "কুমারী
ওষার কুমারীরা প্রের্ব অনার্য ছিল। এখন আর্যসমাজভুক্ত হইয়াছে।"
তাহারা আর্য হউক, অনার্য হউক ১৭ দিন প্রায়র সমর্থন
পাইতেছি।

প্রণিমানত আনিবন, অমানত ভাদ্রক্ষনবমীতে প্রার হেতু ব্রবিতে
কণ্ট নাই। রবির উত্তরায়ণ হইতে হিমবৎসর আরম্ভ। আমরা অমানত
চান্দ্রমাস গণি। তদন্দ্রমারে পৌষ অমাবস্যায় উত্তরায়ণ। প্রণিদন, মাঘ
শক্ষ প্রতিপদ হইতে ন্তন বংসর। কিন্তু প্রণিমানত মাস গণিলে
পোষ প্রণিমায় উত্তরায়ণ, এবং পর্রাদন মাঘ কৃষ্পপ্রতিপদে হিম্বৎসর
আরম্ভ হইবে। অবশ্য একই বংসরের পোষ প্রণিমায় ও পোষ
অমাবস্যায় উত্তরায়ণ হইতে পারে না। একের চারি বংসর পরে অপরটি
হয়। পৌষ প্রণিমা হইতে ৮ মাস ৮ তিথি গণিলে ভাদ্রক্ষ নবমীতে

শরংখতুর আরশ্ভ হয়। সেদিন দেবীপ্জা সমাণত হইবার কথা (পরিশিষ্ট পশ্য)। সেদিন বোধন ও প্জার আরশ্ভ হইবার হেতু পাই না, নবরাত্র ব্রতও পাই না। প্জার এত কলপ কদাপি একদেশে কিশ্বা এককালে আসে নাই। একের সহিত অন্যের স্বাভাবিক যোগও নাই। ফলে দ্বর্গাপ্জাপদ্ধতি জটিল হইয়া পড়িয়াছে।

দ্রগাপ্জার সংকল্পে দেখিতেছি, কেই অতুল বিভূতি, কেই সম্বংসর
সম্থপ্রাণিত, কেই দ্রগাপ্রীতিকামনায় বার্ষিক শরংকালীন দ্রগামহান
প্জা করেন। রাজা প্রথমটি, প্রজা দ্বিতীয়টি এবং ভক্ত তৃতীয়টির
কামনা করেন। সম্বংসর সম্প্রাণিত, অর্থাৎ দ্রগাপ্জা ইইতে
সম্বংসর আরম্ভ। "বৃহদ্ধর্মপর্রাণে" আশ্বিনাদি মতাঃ মাসাঃ, আশ্বিন
ইইতে বংসরের মাস গণনা ইইয়াছে। বিজয়া দশ্মী ইইতে ন্তন
বংসর আরম্ভ হয়। এই প্রাণ রঘ্নন্দনের প্রায় আড়াই শত বংসর
প্রেবি বংগদেশে রচিত ইইয়াছিল।

সকল জাতিই নববর্ষের আরক্ষে উৎসব করিয়া থাকে। গৃহ মার্জিত ও সন্জিত হয়, সকলে নববন্দ্র পরিধান করে, আত্মীয়ন্বজনের সহিত সন্মিলিত হয়, সন্মান্ত অয় ভোজন করে, ন্তন বৎসরে স্থান্তাগা ও বিজয় কামনা করে। প্জা-প্রাণগণে মণ্ডলেঘট স্থাপিত হয়, মণ্ডপের চারি দিকে বনমালা লাম্বিত হয়, তোরণ নির্মিত হয়, ধরজা উল্রোলিত হয়, নানাবিধ বাদির উৎসব ঘোষণা করিতে থাকে। গ্রামে কাহারও বাড়ীতে দেবীর প্জা হইলে, গ্রামম্থ সকলে মনে করে তাহাদেরও মণ্ডল হইবে। যিনি প্জা করেন, তিনি গ্রামম্থ সকলকে উৎসবে আহ্বান করেন। সকলেই হ্রটচিত্তে দেবীর চরণে প্রশাজালি প্রদান করেন। (কয়েক বৎসর হইতে কালধর্মে এই ভাব ক্ষীণ হইয়া আসিয়াছে)।

গ্রুজরাট ও কাঠিবাড় প্রদেশে নবরাত্রের সময় নারীরা "গর্বা" নৃত্য করে। এক শতচ্ছিদ্র শ্বেতরঞ্জিত হাঁড়ির ভিতরে প্রজন্ত্রিত দীপ রাথে এবং তাহাকে বেল্টন করিয়া মঙ্গলাকারে নৃত্য করিতে করিতে গান গায়। এই নৃত্য ও গীতের নাম গর্বা। শব্দটি গর্ভ (ভ্রুণ) তাহাতে সন্দেহ নাই। হাঁড়ির শতচ্ছিদ্র পথে রশ্মি বাহির হইতে থাকে, যেন সূর্ষ। নববর্ষের সূর্যাই গর্ভা। নবরাত্রের অন্তে নববর্ষের সহিত নবস্থা উদিত হইবে, এই আহ্মাদে নৃত্যগীত করে। বিবাহাদি উৎসবেও গর্বা-নৃত্য হয়। বোধ হয় সেখানেও গর্ভাসম্ভাবনা কল্পিত হয়।

নদীর স্লোতে প্রতিমা বিসর্জানের পর শবরোৎসব, জল ও কর্দম-ক্রীড়া। সে সময়ে অশ্রাব্য অকথ্য ভাষায় গান হইত। ইহা দুর্গোণ-সবের অন্গ, কালিকাপ্রাণ ব্যবস্থা করিয়াছেন। তাহাতে কেহ র্ফ হইত না। উত্তর-ভারতে হোলি খেলায় এইর্প অশ্রাব্য ভাষায় গান হয়। দোল্যাত্রায় আমরা পূর্বকালের হিম বর্ষারশ্ভের স্মৃতি পাল্ন করিতেছি। সে দিন মহারাষ্ট্র দেশে কোন কোন ব্রাহারণ অন্তাজ স্পর্শ-পূর্বেক দেহ <mark>অশ্বাচ করেন,</mark> অভিপ্রায় একই। নববর্ষ প্রবেশহেতু সেই কারণে শবরোৎসবের উৎপত্তি হইয়া থাকিবে। বিন্ধ্যপর্বতের দক্ষিণ পাশ্বের্ব শবরজাতির বাস ছিল। বোধ হয় তাহাদের রাজা নবরাত্র <mark>করিতেন। তাহাঁর শ</mark>বরজাতীয় প্রজা ঘট বিসর্জানের পর জলকাদা লইয়া খেলা করিত। নববর্ষারন্তে হর্ষক্রীড়া স্বাভাবিক। এই আচার দ্বর্গাপ্জা-পদ্ধতির অংগীভূত হইয়াছে। কিন্তু ক্রীড়াকোতুক এক কথা, আর 'ক্ষেউড়' আর এক কথা। ছত্রিশগড় অণ্ডলে কুমারী ওষা নামক ব্রতের সমাণিত দিনেও নিল্ভিজা নারী অশ্লীল গান গাহিয়া বৈড়ায়। কৃষ্ণযজ্বর্বেদে আছে, সন্বংসরব্যাপী সত্রের পর ঋত্বিকরা হর্ষ-ক্রীড়া করিতেন, আর তাহাঁদের সম্মুখে দাসজাতীয়া বারাখ্যনা কুৎসিত অঙ্গভঙিগসহ নৃত্য ও অশ্লীল গীত করিত। আমার বোধ হয় লোকে<mark>র</mark> বিশ্বাস ছিল, নববর্ষের প্রথম দিন অশ্লীল ভাষা শর্নিলে দেহ অশ্রীচ হয়, ষমরাজা সে বংসর স্পর্শ করেন না।

দশরা দিনে দেশীয় রাজ্যে মহাসমারোহে নীরাজনা হয়। দশমীর প্রে হইতে যুদ্ধের অস্ত্রশস্ত্র পরিষ্কৃত ও তৈল-মার্জিত হয়। সেদিন অশ্ব-গজের গান্র ধৌত ও অলম্কৃত হয়। রাজপ্রুরোহিত অশ্ব-গজ ও অস্ত্রের প্রজা করেন। অপরাহে রাজা স্ববেশে স্ক্রেজিত হিস্তপ্র্তেঠ আরোহণ করেন। অমাত্য, সামন্ত ও উচ্চপদস্থ পার্নমিত্র স্ব-স্ব মর্যাদা অন্সারে অন্যান্য হিস্তপ্রতেঠ উপবিষ্ট হন। পদাতিক ও অশ্বারোহী রণবেশে প্রাসাদের বহিন্বারে অপেক্ষা করিতে থাকে। রাজা দেবী প্রণাম করিয়া প্রাসাদ হইতে বহিপত হন। দামামা বাজিতে আরম্ভ হয়।
পথের জনাকীর্ণ দুই পাশ্বের মধ্য দিয়া রাজা সদলবলে যাত্রা করেন।
কিছ্ম দুরস্থিত মন্দিরে দেবীকে প্রণাম করেন এবং শমীপত্র লইয়া
প্রত্যাব্ত হন। সেদিন যাত্রা করিলে সম্বংসর বিজয় হয়। এই উৎসবের
নাম দশরা।

প্রের আলোচনা হইতে মনে হয়, তৃতীয় খ্রীন্ট শতান্দের পরে নবরাত্র ও দশরা আসিয়াছে। তংপরের্ব উত্তর-ভারতের কোথাও কোথাও মহিষ-মদিনীর পাষাণ প্রতিমা নিমিত্ত ও প্রজিত হইত। মনে হয় দক্ষিণ-পশ্চিম ভারতে মহিষমদিনী কল্পনার বিস্তার হইয়াছিল। চাম্ব্রুল মহিশরে রাজ্যের অধিষ্ঠাত্রী দেবী ও মহারাজার কুলদেবী। মংস্যপ্রেরে মহিষমদিনী-দশভূজা প্রতিমা লক্ষণ আছে, অন্য প্রেরেণ নাই। মংস্যপ্রাণ দক্ষিণ-পশ্চিম ভারতে রচিত মনে হয়, পরবতী প্রকরণে প্রমাণ দেওয়া যাইবে। সেখান হইতে কামর্পে কালিকাপ্রেরেণ দ্বর্গাপ্রা বিস্তৃত হইয়াছিল। এই প্রেণ বেংগর দ্বর্গাপ্রাের আদি। এই অন্মান সত্য হইলে দশম খ্রীন্ট শতান্দের পরে বংগদেশে দ্বর্গা-প্রােরত হইয়াছে। ইহার প্রের্বর দ্বর্গাপ্রা-বিষয়ক নিবন্ধও পাওয়া যায় নাই।

কিন্তু মার্ক দেওয় প্রাণে আছে, রাজা স্বথ দ্বর্গার ম্নয়ম্তি প্জা করিয়াছিলেন। পরে সেই রাজা সাবর্গি মন্ ইইয়াছিলেন। দেবী-ভাগবত অন্য রাজারও নাম করিয়াছেন। এইর্প দেবীর মাহাত্ম্য প্রদর্শনের নিমিত্ত কালিকাপ্রাণ লিখিয়াছেন, ত্রেতাষ্ট্রে রাবণ বধের নিমিত্ত রামচন্দ্রের হিতার্থে রহয়া দেবীপ্জা করিয়াছিলেন। আরও আছে, রাবণ বসন্তকালে দেবীপ্জা করিত। এইসকল উপাথ্যানের হেতু পাওয়া যায় না।

মার্ক'ন্ডের পর্রাণোক্ত স্বর্থ রাজার উপাখ্যানে কিছু সত্য থাকিতে পারে। কিণ্ডিং আলোচনা করিতেছি।

মন্ এক কাল-সংখ্যা। এক মন্-কাল ২৮৪ বংসর (পরিশিষ্ট পশ্য)। এই গণনার আদি হইতে প্রথম দ্বিতীয় তৃতীয় মন্ ইত্যাদি না বলিয়া এক এক নাম হইয়াছিল। প্রথম দ্বিতীয় তৃতীয় নক্ষর ইত্যাদি না বলিয়া যেমন অশ্বিনী ভরণী কৃত্তিকা ইত্যাদি নাম আছে, তেমন মন্
গণনাতেও আছে। আমরা শ্নিরা আসিতেছি বৈবন্ধত মন্র অষ্টাবিংশতিতম যুগের ল্বাপরে কুরুক্ষের যুল্থ হইয়াছিল। সে কোন্
বংসর? আমার মতে খ্রী-প্ ১৪৪১ অব্দ। তখন বৈবন্ধত মন্কাল
চলিতেছিল। পরে সাবর্ণি মন্ব আসিয়াছিলেন। খ্রী-প্ ১২৬৮
অব্দে সাবর্ণি মন্র আরন্ভ এবং ১৮৪ অব্দে শেষ। প্রাণ মানিলে
এই দুই অব্দের মধ্যে স্রুথ রাজা ছিলেন। রাজা অব্শ্য মন্ হন নাই।
মন্বনামগ্রিল সংজ্ঞা মার। ব্রিষতে হইবে, রাজা স্বুথ সাবর্ণি-মন্ব্

ইহার সহিত প্রেবিণিত মাহেশ্বর যুগ স্মরণ করিতে হইবে।
দেখিয়াছি, খ্রী-প্র ১১৯৩ অন্দে মাহেশ্বর যুগ আশ্বিন শ্রেক্র-ষণ্ঠীতে
প্রে হইয়া পর্রদিন সপ্তমীতে শরং বংসর আরম্ভ হইয়াছিল। ইহা
সপ্তমীতে দ্রগাপ্রতিমায় প্রজা হইবার হেতু মনে হয়। দেখা
যাইতেছে, দ্বিবিধ গণনাতে খ্রী-প্র দ্বাদশ শতাব্দ আসিতেছে। ইহা
আকস্মিকও হইতে পারে।

স্বাথ কোল দেশের রাজা ছিলেন। ছোটনাগপ্রের বিন্ধ্য পর্বতের প্রাণিলে এখনও কোল জাতির বাস আছে। মার্কভেয় প্রোণ নাগপ্র প্রদেশে পণ্ডম খ্রীণ্ট-শতাব্দে প্রণীত হইয়াছিল। বোধ হয় সে দেশে দ্বর্গার ম্ন্ময়ী প্রতিমা নিমিতি হইত। অদ্যাপি জব্দলপ্র অণ্ডলে হিন্দীভাষীর মধ্যে দেবী-প্রতিমায় দ্বর্গাপ্রজা চলিতেছে। এই প্রাণ কিন্বদল্তী আশ্রয় করিয়া স্বর্থ রাজার উপাখ্যান লিখিয়া খ্যাকিবেন।

মার্কেণ্ডেয় পর্রাণ-মতে আর এক কলেপ বৈবন্ধত মন্র পর সার্বাণ্
মন্কালে মহিষাস্বের সহিত দেবীর যুন্ধ হইয়াছিল। ঋগ্রেদে বৈবস্বত মন্র জন্মব্তান্ত আছে। বিবন্ধান্ অন্ব্রাচী দিনের স্থা।
এই স্যের পর বৈবন্ধত মন্। সব কথা দেবলোকের। মহিষাস্ববধও দেব-লোকে হইয়াছিল। মার্কণ্ডেয়পর্রাণে বৈবন্ধত মন্র, যম
ও সার্বাণ্ মন্র জন্মব্তান্ত উপাখ্যান আকারে লিখিত হইয়াছে।
অতএব সেকালের সহিত স্বর্থ রাজার কালের বিরোধ নাই। পাঠকের

কৌত্হল নিবারণার্থে উপাখ্যানের অর্থ করা গিয়াছে। যে অর্থই করি, মনে রাখিতে হইবে, আখ্যান নয়, উপাখ্যান। খ্রী-প্র দশম শতাব্দে দ্বর্গার কিন্বা অন্য দেবদেবীর মূন্ময়ী প্রতিমা নির্মাণের অন্য কোন প্রমাণ নাই।

দুর্গোৎসবের প্ররাণের দেশ ও কাল

দ্বর্গেণিসবের প্রমাণ কি? কে দ্বর্গাপ্জা করিতে বলিয়াছেন?
বিনি বলিয়াছেন, তিনি প্রমাণ। যে পদ্ধতিতে দ্বর্গোণসব হইতেছে, কে তাহার ব্যবস্থা করিয়াছেন? বিনি করিয়াছেন, তিনি প্রমাণ।
একজনে করেন নাই, বহুজনে করিয়াছেন, বহুজন প্রমাণ। যে
প্ররাণে লিখিত আছে, সে প্ররাণ প্রমাণ। কোন্ প্রাণ মান্য,
কোন্ প্ররাণ নয়, তাহা স্মৃতির ব্যবস্থাপকের বিচার্য। প্রসিদ্ধি
এই, বেদব্যাস অভাদশ প্রাণ রচনা করিয়াছিলেন। ইহার অর্থ, তিনি
প্ররাণের বীজ দিয়াছিলেন। তাহাঁর শিষ্য-পরম্পরা অভাদশ প্রয়াণ
লিখিয়াছেন। এর্প ক্ষেত্রে প্রাণে প্রাণে বিরোধ থাকিতে পারে না।
উপ-প্রাণ ব্যাস-সম্প্রদায়ের বহিন্ত্ত অন্যের রচিত।

রঘ্নন্দন ভট্টাচার্য কতকগ্বলি প্ররাণ ও উপপ্রেগণ হইতে প্রমাণ উদ্ধার করিয়াছেন। তন্মধ্যে কালিকাপ্রেগণ, দেবীপ্রেগণ, ভবিষ্যপ্রাণ, মংস্যপ্রেগণ, মার্ক ভেষপ্রেগণ, নিন্দকেশ্বরপ্রাণ প্রধান। যে প্রেগ্রেগ্রহউক, তাহার রচনার দেশ ও কাল না জানিলে দ্বর্গোংসবের ইতিহাস সংকলনের সাহায্য হয় না।

আমি এইখানে কয়েকটি পর্রাণের রচনার দেশ-ও কাল নির্ণয়ে প্রবৃত্ত হইতেছি। বলা বাহ্লা, এই কর্ম অতিশয় কঠিন। যদি বা প্রাণ-রচনার দেশ অনুমান করিতে পারা যায়, প্রাণ-রচনার কাল অনুমান দর্ঃসাধ্য। কারণ প্রাণ প্রাবৃত্ত, ইহাতে স্বসময়ের বৃত্তান্ত থাকে না, প্র্কালের বৃত্তান্ত থাকে। আর এক বিঘা আছে। জনপ্রিয় গ্রেশ্থে নৃত্ন নৃত্ন বিষয় যোজিত হয়। শেলাক, অধ্যায়, সন্দর্ভাষাে হতু প্রাতনের সহিত নৃত্ন মিশ্রিত হইয়া যায়।

প্রাণকর্তাকে কবি বলা যাউক। তিনি প্রাব্ত রচনা করিলেও কদাপি স্বদেশ ভূলিতে পারেন না। দেখিতে হইবে, কবি কোন্ দেব বা দেবীর, কোন্ তীর্থের মাহাত্ম্য সবিশেষ বর্ণনা করিয়াছেন, কোন্ কোন্ বৃক্ষ তাহাঁর স্মৃতিপথে উদিত হইরাছে। সকল বৃক্ষ সকল দেশে জন্মে না। কিন্তু দেখিতে হইবে, যে যে বৃক্ষের উল্লেখ আছে, সে সে বৃক্ষ প্রাণের দেশের না কবির স্মৃতি। প্রাণ প্রাবৃত্ত বটে, কিন্তু কবি স্বসময়ের ও স্বদেশের আচার-ব্যবহার বর্জন করিতে পারেন না।

কাল-অন্মানের নিমিত্ত এর্প সাহায্য অত্যলপ পাওয়া যায়। অম্ক দেশে অম্ক শতাব্দে এই আচার ছিল কিন্দা প্রে ছিল না, পরেও ছিল না, এ কথা বলিতে পারা যায় না। এই প্রাণ জ্ঞাতকাল অম্ক গ্রন্থের কিন্দা প্রর্ষের প্রে কিন্দা পরে, এই সঙ্কেত ধরিতে হয়। বহুর প্রাণ মনোযোগ প্রেক পাঠ করিলে তাহার কাল-অন্মানের প্রজ্ঞা জন্মে। ভারতবর্ষ বিস্তীর্ণ না হইলে প্রাণসকল কালান্মারে সাজাইতে পারা যাইত। মরাঠী ভাষায় প্রী গ্রান্দক-গ্রব্নাথ কালে "প্রাণ নিরীক্ষণ" লিখিয়াছেন। তিনি প্রায়় অন্টাদশ মহাপ্রাণ ও কয়েকখানি উপপ্রাণের রচনার কাল অন্মান করিয়াছেন। আমি অতি জলপ প্রাণ দেখিয়াছি। যাহা দেখিয়াছি তাহাতে কালে মহাশয়ের মত গ্রাহ্য মনে হইতেছে। ভবিষ্যপ্রাণ ও নিন্দকেন্বরপ্রাণ দেখিতে পাইলাম না। দেবী-ভাগবত বহু জনের আদ্ত, বৃহন্ধ্যপ্রাণ রঘ্নন্দনের প্রে রাঢ়ে প্রণীত। এই দুই প্রাণেরও দেশ ও কাল চিন্তা করা যাইবে।

মংস্যপর্রাণ

মংস্যপর্রাণ মহাপর্রাণ। মহাভারতে (বনপর্বে) বায়্ব-ও মংস্য-পর্রাণের নাম আছে। মহাভারতের বর্তমান আকার খ্রী-প্রে দ্বিতীয় শতাব্দ হইতে চলিয়া আসিতেছে। ইহার পরে কোথাও কিছু প্রক্ষিণত হইয়া থাকিতে পারে। কিন্তু তাহা নগণ্য। অতএব মংস্যপর্রাণ প্রাচীন বলিতে হইবে। কিন্তু মংস্যপ্রাণের বর্তমান আকার কোনও এক সময়ে আসে নাই। ইহাতে বহুবিধ বিষয় বর্ণিত হইয়াছে। কোন্ বিষয় কবে যোজিত হইয়াছে, তাহা বলিবার উপায় নাই। মংস্যপরাণ মহাভারত হইতে অনেক উপাখ্যান গ্রহণ করিয়াছেন।
কিন্তু মহাভারতোত্ত উপাখ্যানে নৃতন রূপ প্রদত্ত হইয়াছে। দৃই-একটা
উদাহরণ দিতেছি। মহাভারতে তারকাস্বর-বধের নিমিত্ত কার্তিকেয়ের
জন্ম-বৃত্তান্ত যের্প আছে, মংস্যপ্ররণে তাহার ব্যতিক্রম হইয়াছে। চৈত্র
মাসের অমাবস্যায় পার্বতীর কৃন্দি ভেদ করিয়া কুমার ষড়ানন আবিভূতি
হইয়াছিলেন। মহাভারতের মতে কার্ত্তিক অমাবস্যায় শরবনে কুমারের
জন্ম হইয়াছিল। মংস্যপ্রাণে কার্তিকেয় পার্বতীর প্রা। মহাভারতে
পার্বতী উমার নামও নাই। মংস্যপ্রাণ কুমারসম্ভব নামে কার্য রচনা
করিয়াছেন। কালিদাস তাহা অন্সরণ করিয়াছেন।

মংস্যর্পী ভগবান্ মংস্যপ্রাণের বন্তা, বৈবস্বত মন্ শ্রোতা।
অতএব মংস্যপ্রাণ বৈষ্ণবপ্রাণ হইবার কথা। কিন্তু বাস্তবিক ইহা
শৈবপ্রাণ। ইহাতে বিষ্ণুর পাঁচ দিব্য অবতার বর্ণিত হইয়াছে বটে,
কিন্তু বিষ্ণুর প্রাধান্য ও আরাধনা নাই। প্রতিমা-লক্ষণে উমা-মহেশ্বরের
প্রতিমা বর্ণিত হইয়াছে, কিন্তু বিষ্ণুর হয় নাই। শ্রুক্ত সপ্তমীতে
বহর্বিধ ব্রত করিতে বলা হইয়াছেন। এইসকল ব্রতে দিবাকরের
আরাধনা প্রথিত হইয়াছে। এইসকল ব্রত ও বহর্বিধ দানের আড়ন্বর
দেখিলে মনে হয়, কোন প্থানের প্ররোহত ব্রাহ্মণ যজমানের অর্থ দোহন
করিতে মৎস্যপ্রাণে এই সকল বিষয় সন্মিবিণ্টি করিয়াছেন। এইর্প
প্রোণের দেশ ও কাল অন্মান দ্বঃসাধ্য।

তথাপি মনে হয় মংস্যপর্রাণ দক্ষিণ-ভারতে প্রণীত হইয়াছিল।
মংস্যপর্রাণে লিখিত শ্রান্ধকলপ প্রাচীন। লিখিত আছে, শ্রান্ধে দ্রবিড়
ও কোকন ব্রাহরণ বর্জন করিবে (১৬)। কোকন কোজ্কন, বোদ্বাই নগর
হইতে দক্ষিণে গোয়া পর্যন্ত পশ্চিম সাগরের উপক্ল ভাগ। ইহার
দক্ষিণে কেরল দেশ; বর্তমান নাম মালাবার। কেরল দেশের প্রের্ব দ্রাবিড়। শ্রান্ধে দ্রাবিড় ব্রাহরণ ও কোজ্কন ব্রাহরণ বর্জনীয় হইয়াছে।
অতএব মনে হয় মংস্যপ্রাণ কেরল দেশে প্রণীত হইয়াছিল। কোচিন রাজ্যে নন্বর্দ্রি ব্রাহরণের বাস আছে। শ্রনিয়াছি শ্রীমং শজ্করাচার্য নন্বর্দ্রি ব্রাহরণ ছিলেন। কিন্বদন্তী এই, ভাহাঁদের প্রেপ্রুষ্ক বহন্কাল প্রেণ্ডিব্রর-ভারত হইতে সে দেশে গিয়া বাস করিয়াছিলেন। তাহাঁদের দেহে ও বর্ণে এখনও বৈদিকত্ব প্রমাণিত হইতেছে। শৈব ও শান্তের বিরোধ নাই। তথাপি দ্রাবিড় দেশ শৈব দেশ, মহীশ্র হইতে পশ্চিম-সম্দ্র ও কন্যাকুমারিকা পর্যন্ত শান্ত দেশ বলা যাইতে পারে। কেরলে গ্রামে গ্রামে কালীপ্জা হইতেছে। ন্তন হইতে পারে না। দ্রাবিড় পশ্ডিতেরা মনে করেন, তাহাঁদের দেশ শিবপ্জার আদি-স্থান।

মৎসাপ্ররাণে দ্বই তিন স্থানে আছে, উমা বিশ্বের অরণি (জনক-জননী)। তিনি নীলে।ৎপলবর্ণা ছিলেন। তপস্যা করিয়া তিনি গোরবর্ণা হইয়াছিলেন। কালিকাপ্রবাণ এই উপাখ্যান গ্রহণ করিয়াছেন। তাহাঁর কৃষ্ণবর্ণ স্বক্ হইতে কোশিকী ম্তি আবিভূত হইয়াছিল। কৌশিকী কালীমূৰ্তি। লিখিত আছে, এই কৌশিকী মূ্তি বিন্ধ্যা-চলে প্রসিন্ধ। বোধ হয় এই কোশিকী দেবী বিন্ধ্যাচলে বহু পুরাতন এবং ইনিই বিন্ধ্যবাসিনী। (বিন্ধ্যাচল ই. আই. রেল ভৌশন)। সেখানে এক পাহাড়ের গ্রহায় দেবীমূর্তি আছে। বন্দ্রাবৃত থাকে, কেহ দেখিতে পায় না। সম্ভবতঃ অণ্টভুজা ভদ্রকালী, যিনি যশোদার কন্যা হইয়া-ছিলেন। মাক'ণ্ডেয়পুরাণ ইহাঁকে বিন্ধ্যাচলবাসিনী লিখিয়াছেন (৯১।৩৮)। মৎস্যপর্রাণে দেউলের গোপরে (বহির্ন্বার) আছে। গোপরে দক্ষিণ-ভারতে প্রসিদ্ধ। একস্থানে দেউলে দেবদাসীর উল্লেখ আছে. ইহাও দক্ষিণ-ভারতের। এক স্থানে অন্যান্য ফলের সহিত তাল, নারিকেল, ও শমীর উল্লেখ আছে। তাল নারিকেল পূর্ব দিকেও আছে. কিন্তু বোধ হয় পূর্ব দিকে শমী নাই, শমী পশ্চিম দিকে আছে। এইসব কারণে মনে হয় মৎস্যপরাণ কেরল দেশে রচিত হইয়াছিল। এই দেশ উত্তর-ভারত হইতে বহু দুরে অবিদ্থিত। উত্তর-ভারতের প্রচলিত উপাখ্যান, বহুদুরিস্থিত দক্ষিণ-ভারতে ভিন্ন আকার প্রাণ্ত হইয়াছিল। কালান্তরও বিস্তর হইয়া থাকিবে।

মৎস্যপর্রাণে নানা ঋষিবংশ ও রাজবংশ বর্ণিত হইয়াছে। সেসকল বংশের বর্ণনান্বারা মৎস্যপ্রাণের প্রাচীনত্বই প্রমাণিত হইতেছে। নারদপ্রাণে অভ্যাদশ প্রাণের স্চী আছে। আমি নারদপ্রাণ দেখি নাই। শ্রীয্ত কালে মনে করেন, বর্তমান নারদপ্রাণের প্রাণস্চী ষণ্ঠ খ্রীণ্ট শতাব্দে প্রণীত ইইয়াছিল। তাহাতে বর্তমান মৎস্যপ্রাণের করেকটি বিষয় ও ভবিষ্যৎ রাজবংশের বর্ণনা আছে। অতএব মৎস্য-প্রাণ পণ্ডম খ্রীণ্ট শতাব্দে বর্তমান আকারে বিদ্যমান ছিল। মৎস্য-প্রাণে প্রতিমা-লক্ষণ বর্ণতি আছে। প্রতিমা-লক্ষণ অধ্যায় চতুর্থ খ্রীণ্ট শতাব্দের মনে ইইতেছে।

মার্কণেডয়পর্রাণ

আমরা যে মার্ক'ন্ডেয়পরুরাণ পাইয়াছি তাহা খণ্ডিত। নারদপরুরাণ-স্চী অনুসারে মার্ককেডয়পুরাণে নয় সহস্র শ্লোক ছিল। বর্তমান বংগবাসী-প্রকাশিত পরাণে ৬৩০০ শেলাক আছে। অবশিষ্ট ২৭০০ শ্লোকের অভাব পড়িতেছে। সেসব শ্লোকে কি ছিল তাহা নারদসূচী হইতে জানিতে পারা যায়। বর্তমান প্ররাণের নরিষ্যন্ত চরিতের পর রামচন্দ্রের কথা, কুশবংশ. সোমবংশ, প্রব্রবা, নহ্ব, য্যাতি, যদ্বংশ, <u>শ্রীকৃষ্ণবালচরিত, মাথ্রচরিত, দ্বারকাচরিত, সর্বাবতার কথা ছিল। মনে</u> হয় যেন কেহ ইচ্ছা করিয়া প্রোণের বৈষ্ণব অংশ ছিণ্ডুয়া ফেলিয়া দিয়াছে। তথাপি চতুর্থ অধ্যায়ে কবির বিষ-প্রতীতি ও বাস-দেব-ভক্তি প্রকটিত আছে, কৃষ্ণের মাথুর মূর্তির উল্লেখও আছে। ইহা বৈষ্ণবপ্রুরাণ কি শান্তপ্রোণ তাহা ব্রিকতে পারা যায় না। স্বেরও এত মহিমা বার্ণত হইয়াছে, প্রনাণ সৌর কিনা তাহাও তর্কের বিষয় হইতে পারে। মার্ক'ল্ডেয়প্রাণে অনেক উপাখ্যান আছে। সেসব উপাখ্যান অন্য পুরাণে পাওয়া যায় না। উপাখ্যান মনোহর ও হিতোপদেশপূর্ণ। চতদ শ মন্ত্রর উৎপত্তি—বিশেষতঃ অন্তম মন্ত্র সাবর্ণি মন্ত্র উৎপত্তি অন্য প্ররোণে নাই। সাবণি মন্ সম্পর্কে চ ডীমাহাত্ম্য আসিয়াছে। নারদস্চীতে উল্লেখ আছে। বোধ হয় মার্কক্তেয়পুরাণ মৎস্যপুরাণ হইতে শ্ৰুভনিশ্ৰুভ, মধ্বকৈটভ ও মহিষাস্বর লইয়াছেন। মহাভারত হইতে বৃক্ষ পর্যন্ত লইয়াছেন। বলরাম রৈবতক বনে নানাব্ক্ষ দেখিলেন (৬।১২-১৭)। যথা, আয়, আয়াতক, (আমড়া), ভব্য (চালতা), নারিকেল, তিন্দর্ক (গাব)। "আবিন্বকান্ স্তথাজীরান্ দাড়িমান্ বীজপ্রকান্।" ইত্যাদি মহাভারত বনপর্ব (যক্ষযুদ্ধপর্ব) হইতে গৃহীত।*

মার্ক দেওরপরাণ-রচনার দেশ-নির্ণয় সহজ। ইহা বিন্ধ্য পর্বতে নর্মাদা নদীর নিকটে (৪২।২)। সে দেশে অতিশয় গ্রীষ্ম। সে দেশে করম্ভ-বাল্কা (বাল্কার সহিত অলপ কর্দম মিশ্রিত করিয়া নির্মাত) কুম্ভমধ্যম্থ শীতল সমীরণ স্থাসেব্য হইত (১৩।৫)। বোধ হয় বাল্কা মাটির ক্লসীতে জল রাখিয়া তাহার উপরিম্থ বায়্ব বায়্বপ্রেরক যাল্কা মাটির ক্লসীতে জল রাখিয়া তাহার উপরিম্থ বায়্ব বায়্বপ্রেরক যাহালের দ্বই হাত ব্যাসের তায়্ম-নির্মাত বায়্ব-প্রেরক দেখিয়াছি। বোধ হয় ভিতরে পাখা আছে, বাহিরে একজন ঘ্রয়া।। তালব্লত, অনিলম্থান, চন্দন, উশীর (বেনাম্ল, খস্খস্) অপহরণ করিলে নরকভোগ হইত (১৪।১৮)। ঘটিয়াল দ্বায়া ক্প হইতে জল উর্টোলিত হইত (১১।১৬)। ধান্য, যব, গোধ্ম, ম্দ্রণ ও তিল প্রভৃতির সহিত অতসীর চাষ হইত (১৫।১৮)। সে দেশে ক্লোম, দ্বল্ল, কার্পাস, বিশেষতঃ কোন্যের ও প্রোর্ণ পাওয়া যাইত।

এই কয়েক লক্ষণ যথেন্ট। 'মধ্যপ্রদেশ' এই নামে দেশ ব্রবিতে পারা যায় না। নাগপরে প্রদেশ বলিব। এই প্রদেশের অনেক বিশেষত্ব আছে। বংগদেশের উত্তর, দক্ষিণ, প্রেব, পশ্চিম সর্বত্ব একপ্রকার আচার-ব্যবহার, একপ্রকার সংস্কৃতি, একপ্রকার ভাষা। 'নাগপরে প্রদেশে এই তিন বিষয়ে ঐক্য নাই। সে প্রদেশে হিন্দী ও ঘরাঠী, দুই ভাষা। বৈষ্ণব, শৈব, শান্ত নামের কোন অর্থ নাই। ব্রাহারণ ও কুমী নিরামিষাশী, অন্য সকলে আমিষাশী। প্রা বলিতে এক গণেশ-প্রা আছে, অন্য প্রা নাই, পরব আছে। নবরাত্রে প্রা নাই, ইহা এক পরব। নবরাত্র

^{*} মহাভারতে এইসকল বৃক্ষ গণ্ধমাদন পর্বতে ছিল, মার্কণ্ডেরপ্রাণের কবি রৈবতক বনে আনিরাছেন। গণ্ধমাদন পর্বত, বর্তমান নাম করকোরম। এইসকল বৃক্ষ সেথানে অসম্ভব। তথা জীরান্ শথনে মহাভারতের পাঠে অজীরান্ আছে, বিশ্বংসমাজে তর্ক উঠিয়াছে। অজীর নাম ফাসী, অর্থ সিরিয়া দেশের মধ্র বড় ভুমুর। মহাভারতে ঐ নাম থাকা অতীব বিশ্ময়কর।—মার্কণ্ডেরপ্রাণের পাঠ জীর। এই জীর বন্য ফল-তর; জীরক (জীরা) নামক শাক নহে। জীর কেমন্তর্ব তাহা অজ্ঞাত।

কৃষকদের পরব। তাহারা নবরাত্রের পরের দিন গোধ্ম বপন করে।
শারদীয়া প্জার সময় পনর দিন "রামলীলা" নামক যাত্রাগান হয়।
জব্বলপ্র নগরে মহিষমদিনী ও কালীর পাষাণ প্রতিমা আছে। বর্ষে
বর্ষে শরংকালে মহিষমদিনী দ্বর্গা ও কালীর মান্ময়ী প্রতিমা নিমিত
ও প্রজিত হয়। এইর্প প্জা গ্রামেও প্রচলিত আছে। আরও
আশ্চর্ষের বিষয় এক বিজ্ঞ বহ্বতীর্থদশী আমায় বলিয়াছেন, তিনি গত
দ্বর্গাপ্জার মহান্টমীতে জব্বলপ্র নগর হইতে টোল্গায় আরোহী
হইয়া তের মাইল দ্রে শ্বেত পাহাড় দেখিতে যাইতেছিলেন। পাঁচ
মাইলের পর গ্রামপথে চারি-পাঁচখানি ম্নয়য়ী সিংহবাহিনী দশভুজার
প্রজা দেখিয়াছিলেন। অতএব বোধ হইতেছে এককালে জব্বলপ্রের
দিকে শক্তিপ্জা ও তালিক প্জা বহ্ব প্রচলিত ছিল। জব্বলপ্রের
বোড়শ যোগিনীর মন্দির আছে। কোন কোন দেশীয় রাজ্যে তৈরবীর
প্রাণের উৎপত্তি হইয়াছিল।

জন্বলপ্রের দিকে গোধ্যের চাষ হয়, ক্প হইতে ক্ষেত্রে জলসেচন হয়। কেহ কেহ ঘটিয়ন্দ্রুবারা জল তোলে। অন্য উপায়ও আছে। কবি কামর্প গিয়াছিলেন। সেখানে "সিম্ধক্ষেত্রে" ভাস্করের মন্দির দেখিয়াছিলেন (১০৯।৩৯)। বিজয়নগর দেখিয়াছিলেন (৬৬।৮)! 'ময়নামতীর গানের' ও 'গোরক্ষবিজয়ে'র বিজয়নগর। কদলীরাজ্য আসামে। তিনি সিম্ধক্তেরে কেন গিয়াছিলেন? তান্ত্রিক মন্ত্র শিখিতে? তিনি উচ্চাটন মন্ত্র (৭০:২২) আভিচারিক ক্রিয়া (১১৭) ও তান্ত্রিক যোগের (৩৯) উল্লেখ করিয়াছেন।

নাগপ্রের প্রথব গ্রীন্ম। ভারতের আর কোথাও তত গ্রীষ্ম হয় না।
বিশেষতঃ জলের অভাবেঁ লোকের আরও কন্ট হয়। নদীক্লে বালিয়া
মাটিতে তালগাছ আছে, কিন্তু অলপ। সেখানে তালবৃন্ত হয় না, অন্যস্থান হইতে অলপ আসে। বাঁশের সর্র চাঁচের পাথা অধিক প্রচলিত।
স্থা ও ধনী লোকে থস্খসের পর্দা জলসিস্ক করিয়া গ্হের দ্বারে
ঝ্লাইয়া দেয়। বোধ হয় প্রাণের কালেও এই উপায় করিত। প্রাণে
নাগকুলের অনেক বর্ণনা আছে। নাগেরা মান্য, স্প্র নহে। সেই

নাম হইতে নাগপরে নাম হইয়াছে। প্রাণের কালে অতসীর চাষ হইত, অংশ্ব ল্বারা ক্ষোম ও দ্বক্ল নিমিত হইত। এই দ্বই বন্দ্র চারি শত বংসর অজ্ঞাত হইয়াছে। কয়েক বংসর হইতে নাগপরে প্রদেশে ক্ষ্মার নিমিত্ত অতসীর চাষ আরম্ভ হইয়াছে। নাগপরে প্রদেশে কোশেয় (তসর) উৎপন্ন হয়, কিন্তু পত্রোর্ণ (সাদা তসর) হয় কিনা, সন্দেহ। গংগা ও বিন্ধ্যপর্বতের মধ্যভাগে, বিশেষতঃ ছোটনাগপরে—যেমন চাইবাসায়, তসরের উৎপত্তি।*

এই প্রাণে অণ্নিশ্বিচ বন্দের উল্লেখ আছে (৮৫।৫২), যে বন্দ্র
আণ্নিশ্বারা শ্বন্ধ হয়। সে কি বন্দ্র যাহা অণ্নিশ্বারা দণ্ধ হয় না?
আণ্নির অস্প্শ্য বন্দ্র একটি আছে। ইংরেজী নাম Asbestos। মিশর
দেশের প্ররোহিতেরা এই বন্দ্র পরিধান করিতেন। বোধ হয় সেই দেশ
হইতে মার্কণ্ডেরপ্রাণের দেশে আসিয়াছিল। ব্রহ্মবৈবর্তপ্রাণে
অণ্নির অস্প্শ্য বন্দের উল্লেখ বহু স্থানে আছে।

মার্ক'ন্ডেরপ্ররণের রচনাকালে রাজা বিক্রমাদিত্যের তালবেতাল নামক নিশাচর প্রসিন্ধ হইয়াছিল (৭১)। ফলজ্যোতিষ (৭২), মেষাদি রাশি (৫৮) ইত্যাদির উল্লেখ আছে। বালকৃষ্ণচরিত ইত্যাদি চিন্তা ক্রিলে পণ্ডম খ্রীন্ট শতাব্দে মার্ক'ন্ডেরপ্রবাবের রচনাকাল মনে হয়।

দৈবীপ,্রাণ

দেবীপ্রাণ উপপ্রাণ। ইহাতে দেবীর প্রাবিধি ও মাহাত্ম্য বার্ণত হইয়াছে, অন্য কথা প্রায় নাই। প্রাণের প্রথম কয়েক পাতা প্রতিলেই ব্রিষতে পারা যায়, এক রাজগ্রের রাজাকে উপদেশ দিবার

^{*} নাগপরে প্রদেশের রাইপ্রের কার্যান্তক ইঞ্জিনীয়র রায় সাহেব প্রীবিশ্বনাথ
ভট্টাচার্যের নিকট হইতে নাগপরে প্রদেশের অনেক বিবরণ পাইয়াছি। ইঞ্জিনীয়রকে
নানা স্থানে ঘর্নরতে হয়, চোখ কান খ্রিলয়া রাখিতে হয়। এখানকার ডিড্টিস্ট বোর্ডের ইঞ্জিনীয়র রায় সাহেব প্রীতারাপ্রসন্ন বন্দ্যোপাধয়য় কৈলাস-দর্শনে
গিয়াছিলেন। হিমাব্ত মানস সরোবরে স্নান ও রজতোম্জনল কৈলাসগিরি
পরিক্রম করিয়াছিলেন। তাহাঁর মুখে না শ্রনিলে মুঞ্জবান্ পর্বতের সে পারে
রুদ্রের আলয় মানস নেত্রে স্পতী হইত না।

নিমিত্ত এই প্রাণ লিখিয়াছিলেন। তিনি গ্রহ্প্জাবিধিও দিয়াছেন।
বস্তুতঃ কোন রাজার পোষকতায় উপপ্রাণের উৎপত্তি ও প্রতিষ্ঠা হইয়া
থাকে। তিনি নানাছন্দে শেলাক রচনা করিয়াছেন। তান্ত্রিক মন্ত্র ও
কবচ প্রকাশ করিয়াছেন।

রঘ্ননন্দন স্মার্তাচার্য দেবীপ্রাণ হইতে অনেক গ্রন্তর প্রমাণ উদ্ধার করিয়াছেন। যেমন "ইয়ে মাস্যাসিতে পক্ষে" ইত্যাদি ইয় মাসে আশ্বিন মাসে কৃষ্ণনবমাতৈ বিল্বশাখায় দেবীর বোধন। বর্তমান বঙগবাসী প্রকাশিত দেবীপ্রাণে সেসব শেলাক নাই। এক স্থানে (৮৯) আছে আশ্বিন কৃষ্ণান্টমী হইতে শ্রুক্ত নবমী পর্যন্ত সর্বমঙ্গলার প্রজাকরিবে। এখানে বোধন কিম্বা পত্তী-প্রবেশের উল্লেখ নাই। আশ্বিন শ্রুজভট্মী ও নবমীতে দেবীপ্রজা (২১), আশ্বিন শ্রুপ্রতিপদ হইতে নবমী পর্যন্ত প্রজা (২২) বিহিত হইয়াছে। ইহার সহিত প্রাতন বিধির বিরোধ হইতেছে।

প্রাণের দেশ নর্মাণ ও বিন্ধ্যপর্বতের নিকটবতী। সেখানে অনেক ব্রাহাণ শৈব ছিলেন (১০০)। নিকটে জৈনেরা থাকিত। কবি তাহাদিগকে পাষণ্ড বলিয়াছেন (১৩।১০)। উল্ট এক যান ছিল। ঘটিষল্য বারা ক্প হইতে জল উন্তোলিত হইত (৩৩।৭)। শ্মী কাপ্টের অরণি হইত। বিন্ধ্যপর্বতের দক্ষিণ পাশ্বের্ব বর্বর, প্র্লিন্দ, শবর, প্রভৃতি ন্লেছ জাতির বাস ছিল। তাহারা বামাচারে দেবী প্রজা করিত। তাহাদের দেহ কৃষ্ণ বর্ণ, তাহারা গ্মুঞ্জাবীজের আভরণ পরিধান করিত। তাহাদের দেহ কৃষ্ণ বর্ণ, তাহারা গ্মুঞ্জাবীজের আভরণ পরিধান করিত। দোণ, বিশ্ব, আয়,* জাতি, নাগ ও চন্পকপ্রুজ্পে প্রজার বিধি ছিল। সে দেশে নাগরাক্ষর প্রচলিত ছিল না (৯১।৫৩)। এইসকল লক্ষণ হইতে মনে হয়, এই দেশ বিন্ধ্যপর্বতের উত্তরে, রাজপ্রতনার দক্ষিণে অবস্থিত। বোধ হয় উল্জায়নী এই প্রাণের দেশ (৩২)।

এই প্রাণ রচনার কাল অন্মানের কয়েকটি ক্ষীণস্ত্র পাওয়া যায়। এই প্রাণ মার্ক েডয়প্রাণের পরবতী । কারণ, ইহাতে মার্ক েডয়-প্রাণোক্ত 'সর্বমঙ্গল মঙ্গল্যে শিবে সর্বার্থ সাধিকে' ইত্যাদি নামের

^{*} শরংকালে আমের ম্কুল কোথায় দেখা যায়? রঘুনন্দনধ্ত ভবিষাপ্রাণে দেবীকে আয়ুফল দিতে বলা হইয়াছে। ইহা কি দো-ফলা আম?

নির্বান্ত প্রদত্ত হইয়াছে (৩৭)। আরও লিখিত আছে, দেবী মহিষের বধার্থে দেবগণের তেজে পরিবৃত হইয়া জনালামালা সদৃশী (১৪২)। তিনি মহাদেবের তেজাময় শরীর হইতে আবিভূতা হইয়াছিলেন, তিনি ম্বীয় তেজে জনলতী। কালরাত্রি মহামায়া দীপতকাঞ্চনসপ্রভাতা (১২৭)। এই প্রাণে চন্দ্র সূর্যে গ্রহণের কারণ বিচারে বরাহার্মাহরের জন্বরন আছে। প্রাণের নানাম্থানে নক্ষত্র তিথি করণের নাম আছে কিন্তু যোগের উল্লেখ নাই। (অভ্যম খ্রীভ্যশতান্দে যোগ গণনা আসিয়াছে)। প্রাণকালে হ্ণ জাতি ভারতে আসিয়াছিল। একাদশ অবতারের নাম, যথা—মংস্য, কুর্ম, বরাহ, নরিসংহ, বামন, পরশ্রাম, শ্রীরাম, বলরাম, কৃষ্ণ, বরাহ ও কিল্ক (৬), অর্থাৎ তৎকালে দশ অবতার গণনা বিধিবন্ধ হয় নাই। বোধ হয় দেবীপ্রাণ সপ্তম খ্রীভ্টশতান্দে রচিত হইয়াছিল।

এই প্রাণ মতে দেবী উন্নদেন প্র কংসসেনকে নিহত করিয়াছিলেন (১০২)। গজাননের উৎপত্তি ন্তন। বিষ্কৃ স্বীয় পাণিতল মন্থন করিয়া গজাননের স্টি করিয়াছিলেন (১১২)। গণেশ ম্তির বাম হস্তে পরশ্ব ও মোদক, দক্ষিণ হস্তে অক্ষস্ত্র ও অভ্যাদান অথবা দন্ত র মংস্য (৫০।৩৯)। ম্তির দক্ষিণ ভাগে রতি নাম্নী স্র্কৃপা য্বতী ম্তি। মহালক্ষ্মী কপাল-ধারিণী, ন্ত্যমানা, হস্তে ম্কৃত ও খট্টাজ্য (৫০। ৫২)। দেবীর রথষাত্রা ও দোলষাত্রা (২১) কোন প্রাণে নাই। একটা উৎসব করিতে হইবে, এই ভাবিয়া রথষাত্রা (৩১) আসিয়াছিল। এইরপে নানাবিধ বিচিত্র কথা আছে।

কবি মৎস্যপর্রাণ, মার্ক'ন্ডেয়পর্রাণ ও মহাভারত অগ্রাহ্য করিয়াছেন।
কবি মন্ত্রতন্তের বহন্ প্রশংসা করিয়াছেন, কিন্তু গার্ড্ণীর নিন্দা
ক্রিয়াছেন। (গার্ড়ী মন্ত্র দ্বারা সপবিষ নন্ট হয়)। কবি
লিখিয়াছেন, প্রিলন্দ, শবরাদি জাতি অন্টবিদ্যা দেবীর বামাচারে প্জা
করে। হ্ণদেশে, বরেন্দ্রে, রাঢ়দেশে ভোট্টদেশে, কামাখ্যায়, উল্জয়িনীতে,
ইত্যাদি স্থানে অন্টবিদ্যাদেবীর অধিন্টান আছে (৩৯।১৪৩-১৪৫)।
"গর্ব্ ভিন্ন আর কেহ সংসার হইতে নিস্তার করিতে পারে না।" এই
প্রাণে সেই গ্রুর্ বহুর ধন রত্ন বায়ে বিবিধ র্পধারিণী দেবীর প্জা
প্রচার করিয়াছেন। প্রাণে নবরাত্রের উল্লেখ নাই। প্রতিমায়, প্রে

কিন্বা শ্ল খজ বা পাদ্কায় প্জা বিহিত হইয়াছে। বোধ হয় প্রাণের কালে ও দেশে নবরার বত প্রবিতিত ছিল না। আশ্বিন কৃষ্ণনবমী হইতে শ্রুকনবমী পর্যন্ত প্জায় নবরার আসিতে পারিত না। কবি কতগর্নল পীঠস্থানের উল্লেখ করিয়াছেন, তন্মধ্যে ওদ্রদেশ (ওড়িষ্যা), স্নীরাজ্য (কেরল), কামর্প, উজ্জিয়ান (আসাম) ও বরেন্দ্র নাম আছে (৪২।৮,৯)।

কালিকাপ্ররাণ

কালিকাপ্রাণ এক উপপ্রাণ। প্রাণ ইইতে উপপ্রাণের উৎপত্তি ইইয়াছে। প্রাণ মতে উপপ্রাণ ব্যাসপ্রান্ত নহে। খাষির নাম না করিলে উপপ্রাণ আদরণীয় হয় না। এই কারণে উপপ্রাণের বন্তার্পে কোন দেব বা খাষির নাম করা ইইয়া থাকে। এইর্পে মার্ক ডেয় মর্নন কালিকাপ্রাণের বন্তা ইইয়াছেন। রাজার আশ্রয় ব্যতীত উপপ্রাণ লিখিত সদাচার, নীতিশাদ্ব প্রাবিধি প্রভৃতির বর্ণনার সার্থকতা থাকে না। কালিকাপ্রাণ কামর্পে কোন রাজার আদেশে রচিত ইইয়াছিল।

কালিকাপ্রাণ পাঠ করিলে মনে হয় ইহার কবি গ্রহবিপ্র ছিলেন।
গ্রহবিপ্রেরা শাকদ্বীপী ব্রাহারণ। বঙ্গদেশে আচার্য নামে খ্যাত। কবি
জ্যোতিষ চর্চা করিতেন। দৈবযর্গ ও মান্র যুর্গ, যুর্গ গণনার দর্ই ক্রম
আছে। দর্ই যুর্গের পরিমাণে বহু অন্তর। কালিকাপ্ররাণে যেখানে
কোন ঘটনার উল্লেখ আছে, সেখানেই কবি মান্র যুর্গের উল্লেখ
করিয়াছেন। মান্র্যর্গ মান্র্যের ব্যবহার-যোগ্য। কবি সেই যুর্গের
উল্লেখ করিয়াছেন, দৈবযুগের করেন নাই। কবে দক্ষের কতগর্নলি কন্যা
জন্ম গ্রহণ করিয়াছিলেন? কবি লিখিয়াছেন, মান্র্য গ্রেতাযুগের প্রথম
ভাগে (২২।১৩)। কবে পার্বতীর জন্ম হইয়াছিল? কবি বলিতেছেন,
বসন্ত কালে ম্গশিরা নক্ষত্রে নবমী তিথিতে অর্ধরাত্রে পার্বতীর জন্ম
হইয়াছিল (৪১)। অর্থাৎ সৌর চৈত্রমাস প্রবেশের দিন। তিনি চৈত্র
বৈশাথ বসন্ত গণিয়াছেন। কবে শিবপার্বতীর বিবাহ হইয়াছিল? কবি

বলিতেছেন, বৈশাথ মাসে পঞ্চমী তিথিতে বৃহস্পতিবারে, যেদিন স্থা ভরণীনক্ষত্রে প্রবেশ করেন (৪৪।৪৬)।*

কামর্পের নাম প্রাগ্জ্যোতিষপার হইয়াছিল। কেন হইয়াছিল? কবি বলিতেছেন, যেহেতু প্রাকালে রহ্মা কামর্পে থাকিয়া নক্ষচক নিম্বাণ করিয়াছিলেন (৩৮।১১৯)। এই ব্যাখ্যা সত্য নহে। মহাভারতে ও রামায়ণে প্রাণ্জ্যোতিষপ্রের দিক্ নির্ণয় আছে। সে দেশ শাক-দ্বীপে, পেশোয়ারের উত্তরে, দিল্লীর পশ্চিমোত্তরে বোধ হয় বর্তমান চিত্রল নামক স্থানে ছিল। কবি স্বয়ং জ্যোতিষী না হইলে, শাকদ্বীপী না হইলে প্রাগ্জ্যোতিষপ্র নামের এই কাম্পনিক উৎপত্তি জানাইতে প্রয়াসী হইতেন না। মহাভারতে ভগদত্ত প্রাগ্জ্যোতিষপর্রের অধিপতি ছিলেন। কামর্পের এক বিখ্যাত রাজবংশ তামশাসনে ভগদত্তবংশ নামে কীতিত হইয়াছে। বোধ হয় এই রাজবংশের পর্ব প্রেয়ুষ আর্যেতর জাতি ছিলেন। ভগদত্তের পিতার নাম নরক। নরক দ্বইটি, একটি স্বগীরে, অপরটি ভৌম। স্বগীর নরক বলির ন্যায় এক দৈত্য, কৌটিল্যের অর্থশান্তে আছে। দেবীপর্রাণে নরক যমের অন্জ। ভৌম নরক ভূমি জাত, ভূমিজ, মৃত্তিজ, অর্থাৎ যে অন্য দেশ হইতে আসে নাই। কবি দুই নরককে অভিন্ন মনে করিয়া ভৌম নরকের পিতা বরাহর্পী বিষ্কু এবং মাতা প্রথিবী বলিয়াছেন। এইর্পে কবি স্বীয় প্রতিপালক রাজার মহত্ত বাড়াইয়াছেন। তিনি রাজার প্ররোহিত ছিলেন, ইহার প্রমাণ পরে দিতেছি।

কালিকাপ্রাণকে দুই ভাগে ভাগ করিতে পারা ষায়। প্রথম ভাগে প্রাণ, দ্বিতীয় ভাগে কামর্পের মাহাদ্মা ও প্রাবিধি। রঘ্নদন দুইখানা কলিকাপ্রাণ পাইয়াছিলেন। তিনি একখানিকে 'দ্বুপ্রাপ' বিলিয়াছেন। তাহা হইতে প্রমাণ-উদ্ধার করিয়াছেন, সে প্রাণ ল্বুপ্ত

গণিত দ্বারা জানিতেছি ইহা খ্রীণ্ট-প্র্ব ৫৭১ অব্দে মহাবিষ্ক্র সংক্রান্তির
পরাদিন ও চন্দ্র নক্ষর আর্দ্রার পর্রাদন, বর্তমান পাঁজির ১৩ই বৈশাখ। আশ্চর্যের
বিষয় বাঁকুড়ায় বিশেষতঃ বিষ্কৃপ্রের মহাজনেরা সেদিন ন্তন খাতা খ্লেন। সেদিন
তাহাঁদের 'হালখাতা'। এক উপাখ্যানে আছে, সেদিন ধর্মপ্জা-প্রবর্তক রামাই
পাশ্চিতের জন্ম হইয়াছিল। তাহাঁর ডোমশিষোরা ১৩ই বৈশাখ প্রাদিন মনে করে।

হইরাছে। সে প্রমাণ প্জা-বিধির। বোধ হয় প্রাণের প্রথম ভাগে পরিবর্তন হয় নাই। পরিবর্তনের কারণ থাকিতে পারে না। দ্বিতীয় ভাগে দেবদেবীর ও কামর্পের বিশেষ বিশেষ স্থানের মাহাত্ম্য বৃদ্ধির নিমিত্ত পরিবর্তন আকাজ্ফিত হইতে পারিত। একটা উদাহরণ দিতেছি। মাঘ শ্রু পঞ্চমী গ্রীপঞ্চমী। এক স্থানে আছে সেদিন শিবার প্রাক্রিবে (৫১।২৫)। অন্য দ্বুই স্থানে আছে লক্ষ্মীর প্রজা করিবে (৮৫।১০,৮৮।২২)। দ্বুইটিই প্রজাবিধির ভাগে আছে।

উপাখ্যান ভাগের সহিত প্জাবিধি ভাগের ঐক্য নাই। প্রথম ভাগে লবংগলতা য্থীর নাম (১০।৪২), দ্বিতীয় ভাগে লবংগলতা না হইয়া য্থী নাম আছে (৬৯।৫৯)।

কবি প্রথম ভাগে মৎস্যপ্রোণ হইতে হর-পার্বতীর ব্তাদ্ত, বি<mark>ফুর</mark> মংস্যাবতার, দশভুজাদেবীর র্প ইত্যাদি, মার্কনেডয় প্রাণ হইতে দেবী<mark>র</mark> ম্বর্প বর্ণনা, "সর্বমঙ্গল-মঙ্গল্যে" ইত্যাদি শেলাক, দেবীপ্রাণ হইতে "জয়নতী মঙগলা কালী" ইত্যাদি মন্ত্র ও পর্বিশমানত আনিবন মাস গণনা ও আশ্বিন কৃষ্ণনব্মীতে দেবীর প্জা ইত্যাদি গ্রহণ করিয়াছেন। অতএব কালিকাপ্রাণ দেবীপ্রাণের পরে রচিত হইয়াছিল। কত পরে তাহা বলা কঠিন। ষণ্ঠ প্রকরণে লিখিয়াছি, কালিকাপ_ররাণের ভাদ্র <mark>কৃষ্ণ</mark> চতুর্দশীতে দেবীর আবিভাব হইতে মনে হয় ৭৮৫ খ্রীষ্টাব্দে মাহেশ্বর য্বগের পর কালিকাপ্ররাণ রচিত হইয়াছিল। এই অন্মান অদ্রান্ত নয়। কারণ দেবীপরোণেও কৃষ্ণ চতুর্দশীতে দেবীর প্জা লিখিত হইয়াছে, কিন্তু কালিকাপ্রাণে কারণ প্রদাশিত হইয়াছে। সকল প্রমাণ একত করিলে কালিকাপ্রাণ অন্টম খ্রীন্টশতান্দের বলিতে হইতেছে। কত বংসর ইহাতে ন্তন বিষয় যোজিত হইয়াছে তাহা বলা আরও কঠিন। িদ্বতীয় ভাগে (৮৮।৭০) বিষ্ণুধর্মোত্তরের উল্লেখ আছে। বিষ্ণুধর্মোত্তর পুরাণ অষ্টম খ্রীষ্টশতাব্দে প্রণীত হইয়াছিল। স্থ্লতঃ বলা যাইতে পারে বর্তমান কালিকাপ্রাণ অন্টম হইতে একাদশ খ্রীন্টশতাব্দে রচিত হইয়াছিল। সপ্তম হইতে দশম খ্ৰীষ্টশতাৰু পৰ্যন্ত আসামে শালভঞ্জ বংশ রাজত্ব করিয়াছিলেন। রাজার নিমিত্ত রাজনীতি, দুর্গ নির্মাণ, প্রুষ্য স্নানাদি বার্ণত হইয়াছে। এই বংশের শ্রেষ্ঠ নৃপতি শ্রীহর্ষদেব (৭৩০-৭৫০ খ্রীন্টাব্দে) প্রবল পরাক্রান্ত ছিলেন। বােধ হয় কবি এই রাজার প্র্রোহিত ছিলেন। প্ররোহিতের জ্ঞাতব্য প্রজার বাবতীয় উপচার ও প্রজাবিধি এই প্রাণে বিণিত আছে। কিন্তু আশ্চর্যের বিষয় হােম ও যজ্ঞের বিধি নাই। তংকালে ক্ষৌমবন্দ্র দ্বর্লভ হইতেছিল, শাণ (ভংগার অংশ্ব দ্বারা নিমিতি) বন্দ্র স্বলভ ছিল (৬৮।১২)।

দেবী-ভাগবত

বঙ্গদেশে দেবী ভাগবতের তাদৃশ প্রচার নাই। দক্ষিণভারতে শৈবদিগের মধ্যে ইহা এক প্রামাণিক গ্রন্থ। মহাভারতের টীকাকার নীল-কণ্ঠ দেবী-ভাগবতেরও টীকা লিখিয়াছিলেন।

বিষ্ণুভাগবত বঙ্গদেশে শ্রীমশ্ভাগবত নামে খ্যাত। বহুকাল হইতে একটা তর্ক চলিয়া আসিতেছে, বিষ্ণুভাগবত ও দেবী-ভাগবত, এই দুই ভাগবতের মধ্যে কোন্টা পুরাণ, কোন্টা উপপুরাণ।

বৈষ্ণবিদিশের মতে বিষ্ণুভাগবতই প্রাণ, দেবী-ভাগবত উপপ্রাণ।
শান্তদের মতে ঠিক বিপরীত। কোন কোন প্রাণও দেবী-ভাগবতকে
অন্টাদশ প্রাণের মধ্যে গণনা করিয়াছেন। শ্রীয়্ত কালে তাহাঁর
"প্রাণ নিরীক্ষণে" দুই ভাগবতের স্বপক্ষে বিপক্ষে অনেক মত
তুলিয়াছেন। এখানে সেসব আলোচনা নিষ্প্রয়োজন। দুই তিন
প্রকারে উক্ত তর্কের নিরাস করা যাইতে পারে। (১) কোন্ ভাগবতে
প্রাণের লক্ষণ আছে, কোন্ ভাগবতে নাই? (২) কোন্ ভাগবতের
ভাষায় প্রাচীনতা দুট হয়, কোন্ ভাগবতে হয় না? (৩) কোন্ ভাগবত
পরে রচিত হইয়াছিল? এই তিন তর্ক যথকিঞ্চিৎ আলোচনা
করিয়া আমার বোধ হইয়াছে বৈষ্ণব-ভাগবতই প্রাণ, দেবী-ভাগবত
উপপ্রাণ।

বিষ্ণুভাগবত স্কল্ধে ও অধ্যায়ে বিভক্ত। দেবী-ভাগবতও স্কল্ধে ও অধ্যায়ে বিভক্ত, উভয়েই দ্বাদশ স্কল্ধ। কবির মতে দেবী-ভাগবত প্রুরাণ, বিষ্ণুভাগবত উপপ্রোণ। তিনি উপপ্রোণের নাম করিয়াছেন। ইহাদের মধ্যে ভাগবত, কালিকাপ্রোণ, নন্দিপ্রোণের নাম আছে (১।৩।১৫)। অর্থাৎ কবি তাহাঁর প্রুরাণকে উস্তু তিন প্ররাণের পরে আনিয়াছেন। এই শেলাক পরে যোজিত মনে করিবার হেতু নাই।

কবি নানাবিধ ছন্দে তাহাঁর প্রোণ লিখিয়াছেন কিন্তু ভাষায় গাঢ়তা নাই। তিনি অনেক প্রাণ পড়িয়াছিলেন এবং সেসকল প্রাণ হইতে বিষয় সংগ্রহ করিয়াছেন। মার্ক'ন্ডেয়প্রাণ হইতে মহিষাস্ত্র বধ (৫ম স্কন্ধ), রহমুবৈবর্তপারাণ হইতে লক্ষ্মী-সরস্বতীর ভূলোকে অবতার, তুলসীর উপাখ্যান (৯ম স্কন্ধ), বিষ্ণুভাবত হইতে ব্যাস্ব-বধ, বোধ হয় দেবী-প্রাণ হইতে সারস্বত বীজ (৩।১১) গ্রহীত হইয়াছে। বিষ্ণুপ্রাণ হইতে কৃষ্ণ অবতার ইত্যাদি, মহাভারত হইতে রামায়ণ সংগ্রহ আশ্চর্যের বিষয় নহে, কিন্তু কালিকাপুরাণের অনুকরণে <u>রামচন্দ্র কর্তৃক দেবী প্রজা লিখিত হইয়াছে। যজ্ঞকর্মে পশ্ব-বধ</u> <mark>অহিংসা। ইহাও দেবীপ্রাণ ও কালিকাপ্রাণের অন্করণ।</mark> সহিত ইন্দ্রের "যুদ্ধং বেদে প্রসিদ্ধণ্ড তথা প্রাণে" (৬।২)। এখানে কবি আপনাকে বিষ্ণুভাগবতের পরে আনিয়া ফেলিয়াছেন, কারণ ব্তের <mark>সহিত ইন্দের য্দ্ধ বিষ্ণুভাগবতের এক লক্ষণ। কবির সময়ে পঞ্চ-</mark> দেবতার উপাসনা প্রচলিত ছিল (৯।৩৬)। ইহাও তাহাঁর অর্বাচীনত্বের প্রমাণ। শ্রীযত্ত কালে লিখিয়াছেন, বিষ্ণুপর্রাণের টীকাকার শ্রীধরস্বামী দেবী ভাগবতের নাম করিয়াছেন। তিনি একাদশ খ্ৰীষ্টশতাব্দে ছিলেন। এইসকল কারণে মনে হয় দশম খ্রীষ্টশতাব্দে এই প্রুরাণ রচিত হইয়াছিল।

কাশী কিম্বা নিকটম্থ কোন স্থান দেবী-ভাগবত রচনার দেশ। কাশীর এবং কোশলের কয়েকটি উপাখ্যান এই প্রাণে ন্তন। বিষ্ণু-ভাগবত দক্ষিণ-ভারতে, দেবী-ভাগবত উত্তর-ভারতে প্রণীত হইয়াছিল। কবি নবরার ব্রতবিধি আন্মুপ্রিক লিখিয়াছেন (৩।২৬)। বসনত ও শরং দ্বই ঋতু যমদংজ্মা। চৈর ও আম্বিন দ্বই মাসেই দেবী প্রভাকতব্য। "প্রাণং পঞ্চলক্ষণং" কবি এই প্রাণ পঞ্চলক্ষণান্বিত করিয়াছেন। কবি বৈদিক গ্রন্থ হইতেও প্রাবৃত্ত সঙ্কলন করিয়াছেন। এই একখানি প্রাণ পাঠ করিলে বহু প্রাণ পাঠের ফল লাভ হইবে, এই ভাবিয়া রচিত হইয়াছে।

ব্হদ্ধম প্রাণ

বৃহন্ধর্মপ্ররাণ একখানি উপপ্ররাণ। এই প্ররাণ রচনার দেশ নির্পেণের মধ্যে দেখিতেছি, কবি বঙেগর প্রসিদ্ধ ছত্তিশ জাতির নাম করিয়াছেন। যথা,—(১) ব্রাহমুণ-ক্ষতিয়-বৈশ্য-শ্দে, এই চারি শুন্ধ জাতি: (২) প্রথম সন্কর জাতি ২০; (৩) দ্বিতীয় সন্কর জাতি ১২। মোট ছন্ত্রিশ জাতি। এতদ্ভিন্ন কয়েকটি অন্ত্যজ জাতি ছিল, তাহারা ছত্রিশ জাতির মধ্যে নহে। এইসকল জাতি কেবল বংগদেশের মধ্যে রাঢ়ে প্রাসিদ্ধ। কবি প্রত্যহ গঙ্গাস্নায়ী হইতে বলিয়াছেন, ত্রিবেণীর মাহাত্ম্য বর্ণনা করিয়াছেন, নারিকেল ও হিন্তাল ব্লের উল্লেখ করিয়াছেন। অতএব মনে হয়, তিনি ত্রিবেণীর নিকটে কোথাও; এই পুরাণ রচনা করিয়াছিলেন। কিন্তু তিনি বেতস ও বেত্রের উল্লেখ করিয়াছেন। বেতস হ্রগলী জেলায় নাই, বর্ধমান জেলায় ছিল। ভরত মল্লিকের সময়ে বয়সা মামে প্রসিন্ধ ছিল। কবির জ্ঞাতিরা তদণ্ডলে বর্ধমান জেলার পূর্বেত্তির-অংশে বাস করিতেন। আমরা কবিকঙ্কণ মুকুন্দরামের চণ্ডীকাব্যে কালকেতু ব্যাধের, উজানী নগরের শ্রীমন্ত স্দাগরের ও, কালীদহে কমলে কামিনী আবির্ভাবের উপাখ্যান পাঠ করি। সে সে উপাখ্যানের বীজ বৃহন্ধর্মপর্রাণে এক এক শ্লোকে আছে। কবিকংকণ ও ভারতচন্দ্র এই প্রোণ হইতে দক্ষযজ্ঞ-নাশ ও আরও কতিপয় বিষয় লইয়াছেন।

প্রাণখানি প্র', মধ্য ও উত্তর এই তিন খণ্ডে বিভক্ত। প্র'থণ্ডে তংকাল প্রচলিত দেবদেবীর প্জার ও ব্রত আচরণের দিন নির্পিত হইয়াছে। রঘ্নন্দনে অধিক আছে। কোন কোন প্জায় প্রভেদ ঘটিয়াছে। একটা উদাহরণ দিতেছি। রঘ্নন্দন মাঘ শ্রু পণ্ডমীতে সরস্বতী প্জা করিতে বলিয়াছেন। এই প্রাণের কবি সেদিন শিবা, লক্ষ্মী ও সরস্বতী প্জার ব্যবস্থা দিয়াছেন। কালিকাপ্রাণের এক স্থানে শিবার, অন্য স্থানে লক্ষ্মীর প্জা বিহিত হইয়াছে। বৃহদ্ধর্ম-প্রাণে এই দ্ই দেবীর সহিত সরস্বতী আসিয়াছেন। সরস্বতীর প্রতিমাতে প্রভেদ ছিল। এই প্রাণে সরস্বতী শ্রুবণা, চতুর্ভুজা ও

চিনেত্র। তাহাঁর মসতকে চন্দ্রকলা, হসেত স্থা বিদ্যা মন্দ্রা অক্ষমালা (প্রঃ ১৫, প্রঃ ২৫।২৯)। চৈত্রশক্ষ পঞ্চমী আর এক শ্রীপঞ্চমী (প্রঃ ১৬)। সেদিন লক্ষ্মীপ্রজা।

কবি কালিকাপ্রাণ মতে দ্বের্গাৎসবের প্রমাণ কিছ্র মানিয়া কিছ্র ছাড়িয়া রামরাবণের যুদ্ধকালের সহিত জর্ভ়িয়া দিয়াছেন, কিন্তু প্রেপির সংগতি রক্ষা করিতে পারেন নাই। তিনি লিখিয়াছেন প্রাবণ মাসে স্থাবৈর সহিত রামের মিত্রতা হয়, এবং কার্ত্তিকী প্রিণিমায় স্থাবৈ ভল্ল্বক ও বানরগণ আনাইয়া এক মাসের সময় দিয়া সীতা অন্বেষণে প্রেরণ করিলেন (প্র.১৯)। (বালিমকী রামায়ণে আছে চারিমাস বর্ষার পরে যথন আকাশ ও সলিল নির্মাল হইয়াছিল, অর্থাৎ শরৎকালে স্থাবি দ্তে প্রেরণ করিয়াছিলেন। কবি প্রাবণ, ভার, আশ্বিন, কার্ত্তিক, এই চারি মাস বর্ষা ধরিয়াছেন। অতএব অগ্রহায়ণ প্রিণমার পর পৌষ্মাসে রামরাবণের য়্বান্ধ হইয়াছিল)। সেই কবিই লিখিয়াছেন, রাম ভারে প্রেশিমার পরিদান অর্থাৎ প্রিশিমালত আশ্বিন্ধ ক্ষ প্রতিপদে লঙ্কায় প্রবেশ করিলেন (প্র. ২১।২১)। সেদিন হইতে রাক্ষ্স ও বানরের মুদ্ধ আরশ্ভ হইয়াছিল। বহয়াদি দেবগণ দেবীর অন্ত্রেহ লাভার্থ আর্দ্রা নক্ষরসংযুক্ত কৃষ্ণনব্দীতে বিল্বব্রেক্ষ বোধন করিলেন। আশ্বিন শ্রুল্ব নব্মীর অপরাহে রাবণ ধরাতলে পতিত হইল।

কবি বিধান দিয়াছেন, বোধনের দিন হইতে ষণ্ঠী প্র্যাণত ত্রয়োদশ্ব দিবস বিল্বশাখায় প্রজা করিবে। সংত্যমীতে সে শাখা গ্রে আনিয়া দিবসত্ত্র প্রজা করিবে। পনর (যোল) দিন প্রজা করিতে না পারিলে অণ্ট্রমী, নবমী কিম্বা নবমীতে প্রজা করিবে। কবি এক রাজার সভাপ্রিভত কিম্বা গ্রুর্ছলেন। সে রাজ্যে নিশ্চয় উক্ত বিধি অনুসারে দ্বর্গার অর্চনা হইত। আশ্বিন শ্রুক ষণ্ঠী সায়ংকালে বোধন হইত না, পত্রী প্রবেশ হইত না, বোধ হয় দ্বর্গার প্রতিমাও নিমিত হইত না।


পর্রাণের উত্তর খণ্ড হইতে জানিতে পারিতেছি কবির কালে রাঢ়ে হিন্দ্রাজ্য ছিল, পরিথা খনন ন্বারা দ্বর্গ নিমিতি হইত। ব্রাহ্মণাদি চতুর্ব বিভাগ ছিল, অন্বলাম বিবাহ প্রচলিত ছিল। তৎকালে ষ্বনের বলব্দিধ হইতেছিল। কেহ কেহ যবন সংসর্গ করিত, যবন ভাষায় কথা কহিত। এইসব লক্ষণ হইতে মনে হইতেছে প্রাণখানি চতুদ'শ খ্রীফ্র্মতান্দের প্রথম দিকে রচিত হইয়াছিল।*

এই প্রকরণ সমাণিত কালে বঙ্গবাসী প্রেসের স্বত্বাধিকারী 'বোগেন্দ্রচন্দ্র বস্ত্রম্বাধ্যারে পর্রাণ্যান্দ্র-দান-কীতি স্মরণ করিতেছি।




পরিভাষা

১। অয়ন ও বিষ্ক্র। নির্মল অন্ধকার রাত্রে আকাশের প্রতি দৃষ্টি ক্রিলে মনে হয় যেন এক বৃহৎ কটাহে অসংখ্য হীরক-খণ্ড খচিত আছে। দিবাভাগে আকাশ সম্দুতুল্য নীলবর্ণ দেখায়। এই হেতু প্রাচীনেরা ইহাকে আকাশ-সম্বদ্র বলিতেন, কখনও বা কেবল সম্বদ্র বলিতেন। হীরকখণ্ড সকল পূর্ব হইতে পশ্চিম দিকে সে সমৃদ্র উত্তীর্ণ হইতে থাকে। এই হেতু তাহাদের নাম তারা। পরম্পর নিকটম্থ কতক-গুলি তারা দেখিলে এক একটা আরুতি মনে আসে। তারাময় আরুতির নাম নক্ষর। যেমন মঘা নক্ষর; ইহার ৫টি তারা হলের আকারে সন্তিজত। ইহাদের মধ্যে উল্জ্বলতর ভারাটির নাম মঘা। কোন নক্ষ<u>্রে</u> একটি তারা, যেমন চিত্রা। কোন নক্ষত্রে দৃইটি, কোন নক্ষত্রে তিনটি, ইত্যাদি। কৃত্তিকানক্ষত্রে ছয়টি তারা। এক্ষণে সাতটি অক্লেশে গণিতে পারা যায়। বোধ হয় প্র্বকালে একটি তারা তেমন স্পন্ট দেখা যাইত না। সূর্য প্রত্যহ পূর্ব সমন্ত হইতে উঠে, পশ্চিম সমন্ত্রে ডুবে। সূর্য উঠিবার আগে নক্ষয় সকল দীপ্তি পাইতেছিল, আগন্তু স্থেকিরণে তাহারা ক্রমে ক্রমে অদৃশ্য হয়। সূর্য উঠিবার পূর্বে তাহার নিকটে যে নক্ষত্র দেখা যায়, কিছ্বদিন পরে সেথানে প্রেদিকের অন্য নক্ষত্র দেখা যায়। এইর্পে পরে পরে প্রেদিকের নক্ষর দৃষ্ট হয়। অতএব, আমরা বুরি সূর্য পশ্চিম হইতে পূর্ব দিকে নক্ষত্রগণের মাঝ দিয়া গমন করিতেছে। সূর্য এই ক্রমে যে পথে ভ্রমণ করে, তাহার নাম রবিপথ। সেটা এক বৃহৎ বৃত্ত। কোন নক্ষত্র (যেমন মঘা) হইতে প্রবিদকে ভ্রমণ করিয়া প্রনর্বার সে নক্ষত্রের নিকটে আসিলে রবির ব্তুপ্থ পূর্ণ হয়। রবিপথে চারিটি বিশেষ স্থান আছে। সে বিশেষ স্থানের নাম বিষ্কুপদ। রবি এক বিষ্কুপদে আসিলে দিবা পরম দীর্ঘ হয়, যেমন ২১ জন। অন্য এক পদে আসিলে দিবা পরম হুস্ব হয়, যেমন ২২ ডিসেম্বর। কোন এক স্থান হইতে দিক্চক্রে স্থের উদয়-স্থান দেখিতে থাকিলে তাহাকে উত্তর হইতে দক্ষিণে, দক্ষিণ হইতে উত্তরে যাইতে দেখা যায়। যে যে বিষ্কৃপদে আসিলে রবির উত্তরা কিশ্বা দক্ষিণা গতি হয়, তাহাদের নাম আয়ন পদ বা অয়ন-বিন্দ্র। অপর দ্রই বিষ্কৃত্ব পদে আসিলে দিবারাত্রির পরিমাণ সমান হয়। এই দ্রই পদের নাম বিষ্কৃব পদ বা বিষ্কৃব বিন্দ্র; যেমন ২১ মার্চ্ ও ২২ সেপ্টেশ্বর। বসন্তকালের বিষ্কৃব পদ বাসন্ত বিষ্কৃব বা মহাবিষ্কৃব এবং শরং কালের বিষ্কৃব পদ শারদ বিষ্কৃব বা জলবিষ্কৃব (চিত্র ২১)।



চিত্র ২১। অয়নাদি ও বিষ্ব। বা-বি—বাসন্ত বিষ্ব, দ-অ—দক্ষিণায়নাদি, শা-বি—শারদ বিষ্ব, উ-অ—উত্তরায়ণাদি

এই চারি বিষ্ক্রপদ দ্বারা রবিপথ চারি পাদে বিভক্ত হইয়াছে। ব্তকে ৩৬০ ভাগ করিলে এক এক ভাগের নাম অংশ (ডিগ্রী); অংশকে ৬০ ভাগ করিলে এক এক ভাগের নাম কলা (মিনিট); কলাকে ৬০ ভাগ করিলে এক এক ভাগের নাম বিকলা (সেকেড)। এক এক রবি-চক্রপাদে ৯০' অংশ। দুই অয়নের অন্তর ১৮০° অংশ। দুই বিষ্কুবের অন্তরও ১৮০° অংশ (চিত্র ২১)। চন্দ্র পশ্চিম হইতে প্রিদিকে নক্ষরগণের মাঝ দিয়া শ্রমণ করিতেছে।
আজ যে সময়ে যে নক্ষরের নিকট চন্দ্র দেখা যায়, কাল সে নক্ষর ছাড়িয়া
প্রেদিকে আর এক নক্ষরে দেখা যায়। এইর্পে প্রতিদিন এক এক
নক্ষর অতিক্রম করিয়া প্রেদিকে যাইতে যাইতে প্রায় ২৭।২৮ দিন
পরে চন্দ্র প্রথম নক্ষরের নিকটে ফিরিয়া আসে। এইহেতু চন্দ্রপথে
২৭ দিনে ২৭টি নক্ষর কলিপত হইয়াছে। প্রাণে ২৭টি নক্ষরনাম্নী



চিত্র ২২। মাসচিত্র। × রবিপথে তারার স্থান। কয়েকটি তারার স্থান প্রদর্শিত হইয়াছে। ক্ষুদ্র শ্না বৃত্ত প্র্ণচন্দ্র; ক্ষুদ্র কৃষ্ণ বৃত্ত অমা-চন্দ্র। র—রবি, চ— চন্দ্র। বাহিরের বৃত্তের প্রিণিমান্ত মাস; ভিতরের বৃত্তে অমান্ত মাস। অয়ন-বিন্দ্র পূর্ব হইতে সরিতেছে।

কন্যার সহিত চন্দ্রের বিবাহ হইয়াছিল। এই ২৭ নক্ষত্রের নাম,— ১। অশ্বিনী, ২। ভরণী, ৩। কৃত্তিকা, ৪। রোহিণী, ৫। ম্গশিরা, ৬। আর্দ্রা, ৭। প্রবর্তম, ৮। পর্য্যা, ৯। অশ্লেষা, ১০। মঘা, ১১। প্রেক্তগ্রনী, ১২। উত্তরফ্লগ্রনী, ১৩। হস্তা, ১৪। চিত্রা, ১৫। স্বাতী, ১৬। বিশাখা, ১৭। অন্রাধা, ১৮। জ্যোন্ঠা, ১৯। ম্লা, ২০। প্রাধাঢ়া, ২১। উত্তরাধাঢ়া, ২২। শ্রবণা, ২৩। ধনিষ্ঠা, ২৪। শতভিষা, ২৫। প্রেভাদ্রপদা, ২৬। উত্তর ভাদ্রপদা, ২৭। রেবতী। কিন্তু এইসকল নক্ষত্র (তারাময় আকৃতি) সমান সমান দ্রে নয়। জ্যোতির্বিদেরা রবিপথ ২৭ সমান ভাগে বিভক্ত করিয়া যে তারাময় আকৃতি যে ভাগে পড়ে, সে নক্ষত্রের নামে সে ভাগের নাম রাখিয়াছেন। নক্ষত্র ২৭টি; অতএব কোন এক নক্ষত্র হইতে আরম্ভ করিয়া ১৩॥ নক্ষত্রগতে অর্থাৎ ১৪শ নক্ষত্রে রবি-বা চন্দ্র-পথের অর্ধাংশ (চিত্র ২২)।

রবি মৃদ্র মৃদ্র প্রেদিকে অগ্রসর হইতেছে, চন্দ্র দ্রতবেগে হইতেছে। রবি ও চন্দ্র একই নক্ষত্রের একই অংশে থাকিলে চন্দ্র দেখিতে পাওয়া যায় না: অমাবস্যা হয়। আর, সন্ধ্যাকালে ১৩॥ নক্ষত্র অন্তরে থাকিলে পূর্ণচন্দ্রের উদয় হয়; সেদিন পূর্ণিমা। সেদিন চন্দ্র-সূর্যের অন্তর ১৩॥ নক্ষর বা ১৮০° অংশ। দুই বিষ্ববেরও সেই অন্তর। অতএব রবি যদি এক অয়ন-বিন্দ্বতে অস্ত যায়, অপর অয়নে পর্নুর্ণমা হইবে। এইরূপ, যদি কোন এক নক্ষত্রে পূর্ণচন্দ্রের উদয় হয়, তবে তাহার ১৪শ নক্ষরে রবি অস্তগত হইবে। এইর্প, এক বিষ্ববে প্রির্ণমা হইলে অপর বিষ্কবে স্কান্ত হইবে। একটা উদাহরণ দিতেছি। পূর্বফল্মনী নক্ষতে প্রণচন্দ্রের উদয় দেখিতেছি। (১) তখন স্থ-নক্ষর কত? প্রেফল্ম্নীর অঞ্চ ১১। অতএব স্র্র্ব ১১+১৪=২৫ নক্ষতে, পূর্বভাদ্রপদায়। (২) কোন্ নক্ষতে রবির দক্ষিণায়নাদি হইবে? [অয়নাদি=অয়নের আদি বা আরম্ভ]। নিশ্চয় পূর্বফলগ্রনী নক্ষত্রে। যেহেতু পর্নিশমার দিন রবি-চন্দের অন্তর ১৩॥ নক্ষত্র এবং যেহেতু দুই অয়নাদির মধ্যেও সেই অন্তর, অতএব যে অয়নাদি-নক্ষত্রে পূর্ণিমা, সে নক্ষত্রেই রবির জন্য অয়নাদি। যদি পূর্ব-ফল্গুনী নক্ষত্রে চন্দ্রোদয়ে উত্তরায়ণাদি হয়, সেই নক্ষত্রে রবির দক্ষিণায়নাদি হইতেই হইবে।

রাশি নক্ষর তিথি

রবি এক বৃহৎ বৃত্তপথে ভ্রমণ করিতেছে। এক তারা হইতে সে-তারায় প্নরাগমন হইতে রবির যতদিন লাগে তাহা বংসরের পরিমাণ। এই বংসর নাক্ষর বংসর। ইহা ৩৬০° অংশে বিভন্ত। এই বৃত্তকে ১২ ভাগ করিলে এক এক ভাগের নাম রাশি। ... ১ রাশি=৩০° অংশ। রবির এক রাশি ভ্রমণ কালের নাম এক সৌর মাস। কিন্তু বৃত্তের আদি নাই, অন্ত নাই। কোন্ বিন্দু হইতে ১২ ভাগ করা যাইবে? এই প্রশন লইয়া বহু আলোচনা হইয়া গিয়াছে। অধিকাংশের মতে ৪২১ শকে (৪৯৯ খ্রেনিটান্দে) যে বিন্দুতে বাসন্ত-বিষুব হইয়াছিল, সেই বিন্দু রাশিভাগের আরম্ভ। কিন্তু পূর্বকাল হইতে যে পারম্পর্য চালিয়া আসিতেছিল, তাহার সহিত এই আদি বিন্দুর বিরোধ ঘটে। এই কারণে ৪২১ শক পরিত্যাগ করিয়া ২৪১ শকের (৩১৯ খ্রেনিটান্দের) বাসন্ত-বিষুব স্থানে আদি-বিন্দু স্বীকার করিতে হইয়াছে। সে বংসর গ্র্ভান্দেরও আরম্ভ।

সে বংসরকে ৬ ঋতুতে ভাগ করিলে এইর্পে দাঁড়ায়—

| বসন্ত | চৈত্ৰ ৩৩০°—৩৬০° (বাসস্ত-বিষুব) বৈশাখ ০°—৩০° |
|---------|---|
| গ্রীষ্ম | জ্যৈষ্ঠ ৩০°—৬০° আধাঢ় ৬০°—৯০° (দক্ষিণায়নাদি) |
| বৰ্ষা | জাবণ ৯০°—১২০° ভাদ্র ১২০°—১৫০° |
| শরৎ | আখিন ১৫০°—১৮০° (শারদ-বিষুব) কার্তিক ১৮০°—২১০° |
| হেমস্ত | অগ্রহায়ণ ২১০°—২৪০° পৌষ ২৪০°—২৭০° (উত্তরায়ণাদি) |
| শিশির | মাঘ ২৭০°—৩০০° ফাস্তুন ৩০০°—৩৩০° |

শিশির ঋতুর বৈদিক নাম হিম । দেখা যাইতেছে সূ্র্য ১৫০^০ অংশে আসিলে শরৎঋতুর আরম্ভ হয়।

তারা দিথর আছে। উক্ত বংসরের পরিমাণও দিথর আছে। তারার তুলনার বিষ্ব-বিন্দ্র মৃদ্বগতিতে পশ্চিম দিকে সরিরা আসিতেছে। প্রার ৭২ বংসরে ১ অংশ। ২৪১ শকে বাসন্ত-বিষ্ব বিন্দ্র যে তারার সমস্ত্রে ছিল, পরে উভয়ের মধ্যে অন্তর দাঁড়াইয়াছে। বর্তমান ১৮৬৮ শকে ১৮৬৮–২৪১=১৬২৭ বংসরে সে অন্তর ২২.৬৫ অংশ হইয়াছে। এই অন্তর গমন করিতে রবির প্রায় ২৩ দিন লাগে। চৈত্র আশিবন মাসে ৩০ দিন। এই হেতু ৭ই চৈত্র ও ৭ই আশিবন বিষ্ব দিন হইতেছে। ভাদ্র মাসে ৩১ দিন; এই হেতু ৮ই ভাদ্র ইষ মাসের আরন্ত হইতেছে। কিন্তু আমরা ২৪১ শকের মাস ও ঋতু বিভাগ মানিয়া চলিয়াছি।

বিষন্ধ-বিনদন্ধ পশ্চিমগতি যত, বলা বাহন্ল্য, অয়নাদি বিনদন্ধও
তত। এক অয়নাদি হইতে সেই অয়নাদিতে প্নন্ধাগত হইতে ধ্বির যত
দিন লাগে, তাহার নাম, সায়নবর্ষ। অয়নের সহিত যন্ত বিলিয়া নাম
সায়ন। অয়নের সহিত যন্ত না হইলে নিরয়ণ। ইহার ১২ ভাগের ১ ভাগের
নাম আতবি মাস। সায়নবর্ষের পরিমাণ ৩৬৫ ২৪২২ দিন। নাক্ষ্য বা
নিরয়ণ বর্ষের পরিমাণ ৩৬৫ ২৫৬৪ দিন। যেহেতু এই সময়ের মধ্যে
অয়নবিন্দ্র প্রায় ৫০ বিকলা পশ্চাদ্গত হয়, সেহেতু সায়নবর্ষ পরিমাণ
উনা হয়। নিরয়ণ বর্ষ অচল ঠাট, সায়নবর্ষ সচল ঠাট বলা যাইতে
পারে। সায়নবর্ষের মাস ও ঋতু বিভাগ এইর প—

| শিশির | তপস্ তপস্থ | 29°°—৩°°° |
|-------|---------------|--------------------------|
| | তপস্তা | 9000 |
| বসন্ত | মধু | ৩৩০°—৩৬০° (বাসন্ত-বিষুব) |
| | মধ্ মাধব | 00-000 |
| গ্রীম | শুক্র | o° <u>~</u> 6°° |
| | শুচি | ৬0°৯0° (मिक्कभाग्रनामि) |

| বৰ্ষা | নভস্ নভস্থ | >>°~~><°° >>*°°~>><°° |
|--------|---------------|---------------------------------------|
| শরৎ | ইষ উৰ্জ | ১৫০°—১৮০° (শারদ বিষুব) ১৮০°—২১০° |
| হেমন্ত | সহস্ সহস্থ | ২১০°—২৪০° ২৪০°—২৭০° (উত্তরায়ণাদি) |

রবিপথ-বৃত্ত ২৭ ভাগ করিলে এক এক ভাগের নাম নক্ষত। অতএব এক নক্ষত্র=৩৬০÷২৭=-ভি°=১৩°২০' অংশাদি। সেই একই আদিবিলদ্ধ হইতে নক্ষত্র ভাগ হইয়াছে। প্রথম দ্বিতীয় তৃতীয় নক্ষত্র ইত্যাদি না বিলিয়া অশ্বিনী ভরণী কৃত্তিকা ইত্যাদি নাম আছে। রবি যে নক্ষত্রভাগে থাকে তাহার নাম রবিনক্ষত্র। চন্দ্র যে নক্ষত্রভাগে থাকে তাহা চন্দ্রনক্ষত্র। পাঁজিতে প্রতি দিনের যে নক্ষত্রের নাম থাকে তাহা চন্দ্রনক্ষত্র। পাঁজিতে প্রতি দিনের যে নক্ষত্রের নাম থাকে তাহা চন্দ্রনক্ষত্র। চন্দ্রস্থাদি গ্রহ রাশিচক্রের বা নক্ষত্রচক্রের যত অংশাদি অতিক্রম করিয়াছে, তাহার নাম ভোগ।

তিথি এক কাল-মান। রবি ও চন্দ্র প্রেদিকে গমন করিতেছে। রবির গতি মন্দ। কিন্তু প্রতাহ সমান নয়। চন্দ্রের গতি দ্বত। কিন্তু প্রতাহ সমান নয়। চন্দ্রের গতি দ্বত। কিন্তু প্রতাহ সমান নয়। অমাবস্যায় রবি ও চন্দ্রের ভোগ সমান হইয়া থাকে। চন্দ্র রবিকে ছাড়িয়া প্রেদিকে দ্বত অগ্রসর হয়। উভয়ের ১২° অংশ অন্তর হইতে যত দন্ডাদি লাগে, তাহার নাম তিথি। ৩০ তিথিতে এক চান্দ্র মাস। ১, ২, ৩ ইত্যাদি গণিয়া গেলে প্রেণিমা ১৫ তিথি, অমাবস্যা ৩০ তিথি। ১২° অংশকে নক্ষর করিলে,

তিথির অর্থ হইতে পাইতেছি,

এখানে চ° চন্দ্রের ভোগাংশ, র° রবির ভোগাংশ, তি তিথির সংখ্যা। রবি ১৫০° অংশে আসিলে শরংঋতুর আরশ্ভ ও আশ্বিন শ্রুকনবমীর অন্ত। তথন চন্দ্র ভোগাংশ কত?

শ্বক্লনবমী=৯ \times ১২=১০৮°। র=১৫০°। অতএব চ=১০৮ + ১৫০°=২৫৮°। ইহাকে নক্ষরে আনিলে ২৫৮ \times $\frac{8}{8}$ =১৯.৩৫ নক্ষর অর্থাৎ ১৯ নক্ষর গতে ২০ নক্ষরের অর্থাৎ প্রাধাঢ়ার ৩৫ শতাংশ গত। অথবা, নক্ষরে গণিলে রবি ১৫০ \times $\frac{8}{8}$ =১১·২৫ নক্ষর। তিথি শ্বক্লনবমী=৯ \times $\frac{8}{8}$ =৮·১, অতএব চন্দ্র নক্ষর=৮·১+১১·২৫=১৯·৩৫।

রঘ্নন্দনধ্ত দেবীপ্রাণ মতে আর্দ্রা-নক্ষত্রযুক্ত ভাদ্র কৃষ্ণনব্মীতে নব্ম্যাদি-কল্প আর্ক্ত হয়। সেদিন রবির ভোগ কত? প্রেদিন ধরি। কৃষ্ণ-অন্ট্রমী=২৩ তিথি। চন্দ্র নক্ষত্র, ম্গশিরা=৫ন=৫×- ৬-৬৬ অংশ।

চ°—র°=১২×তি। ৬৬·৬—র=১২×২৩=২৭৬°। অতএব র= ২৭৬°—৬৬·৬°=২০৯°৪।

+3=040°-202.8°=260.4°1

দেখা যাইতেছে কৃষ্ণ-অন্টমীর দিনে রবি শরৎঋতুতে প্রবেশ করে।
নবমী শরৎঋতুর প্রথম দিন।

মাহেশ্বর যুগ

এই যুগ অজ্ঞাত হইয়া গিয়াছে। শতাধিক বর্ষ হইল জন বেণ্টলী নামে এক ইংরেজ বঙ্গদেশে ঈল্ট ইণ্ডিয়া কোম্পানীর কর্মচারী ছিলেন। তিনি জ্যোতিগণিত চর্চা করিতেন। হিন্দ্ধ জ্যোতিষ সম্বন্ধে গবেষণা করিতেন। কিন্তু অধিকাংশ গবেষণা বিকৃত ও হিন্দ্ধ জ্যোতিষের প্রতি

বিদ্বেষপ্রস্ত। তিনি এক প্রুস্তক লিখিয়াছিলেন, তাহাঁর প্রুস্তকের নাম Historical view of Hindoo Astronomy. (ইন্পিরিয়াল লাইব্রেরিতে এক খণ্ড আছে।) তাহাতে সংক্ষেপে কয়েকটা যুগের তালিকা আছে। কিন্তু কোন বিবরণ নাই, যুংগের উপযোগ নাই, প্রয়োগও নাই। বোদ্বাইয়ের জ্যোতির্বিং কেতকর মহাশয় সেই তালিকা প্রনর্দ্ধার করিয়া প্রয়োগ ব্রাইয়া দিয়াছেন। প্রত্যেক যুগ শ্রুক-সপ্তমীতে আরম্ভ হইয়াছে। যুগের পরিমাণ=২৪৭ সায়নবর্ষ ১ মাস। প্রথম যুগ ভাদ্র শুকুসপ্তমীতে আরুভ হইয়া ২৪৭ বংসর ১ মাস পরে আশ্বিন শ্কুষণ্ঠীতে পূর্ণ হইয়াছিল। দ্বিতীয় যুগ প্রদিন আশ্বিন শ্রুসপ্তমীতে আরুভ হইয়াছিল। আশ্বিন শ্রুষ্ঠীর নাম আদিকল্পষ্ঠী ছিল। বোধ হয় কল্প শব্দের অর্থ যুগ। আদিকল্প-ষণ্ঠী প্রথম যুগের ষণ্ঠী, সেদিন রবির ভোগ ১৫০° অংশ হইয়াছিল। প্রদিন আশ্বিন শ্রুসুপ্তমীতে দ্বিতীয় যুগের আরশ্ভ। তৃতীয় যু<mark>গ</mark> কাত্তিক শ্কুসপ্তমীতে হইয়াছিল ইত্যাদি ক্রমে এক এক যুগ এক এক মাস আগাইয়া আসিয়াছিল। খ্রী-প্র ১৪৪০ (শকপ্রের্ব ১৫১৭) অব্দে প্রথম যুগ। সে যুগের বৈশাখ শ্রুত্তীয়া বাসন্ত-বিষুব হইয়াছিল। পাঁজিতে অক্ষয়া তৃতীয়া নামে প্রসিন্ধ হইয়াছে। শ্রাবণ শ্রুপঞ্মীতে দক্ষিণায়নাদি। সেদিন নাগপগুমী। কার্ত্তিক শ্রুকাণ্টমীতে শারদ-বিষ্ব। পাঁজিতে এই দিনের বিশেষ নাম পাওয়া যায় না। মাঘ শ্রুক-একাদশীতে উত্তরায়ণাদি। সেদিন ভীম-একাদশী নামে খ্যাত। এই চারি দিনের প্রসিন্ধি ও ঐক্য হেতু আমি মনে করি খ্রী-প্ ১৪৪০ অব্দে এই যুগমালিকা আরুভ হইয়াছে। ইহার অন্য প্রমাণও আছে। বেণ্টলী এইসকল যুগের কোন নাম দেন নাই। কেতকরও কোন নাম আবিষ্কার করিতে পারেন নাই। সোমসিদ্ধান্তে (মধ্যমাধিকারে) এক <mark>গাগা দেলাক উদ্ধৃত আছে। তাহার অর্থ অধ্না সপ্তম মন্</mark>র অহ্টা- বিংশ দ্বাপরে মহেশ্বর ব্রহ্মা হইয়াছেন। অর্থাৎ, মহেশ্বর কালবিভাগ-কর্তা হইয়াছেন। বায়_নপ্ররাণে (৩২) চতুর্ম্বথ মহেশ্বর সত্য দ্রেতা <u>দ্বাপর কলি যুগের কর্তা হইয়াছেন। চতুর্ম্বথ মহেশ্বরের প্রতিমা</u> আবিষ্কৃত হইয়াছে। সোমসিন্ধান্ত ও বায়্বপ্রাণের শৈলাক হইতে

আমার মনে হয় এই যুগের নাম মাহেশ্বর যুগ ছিল। মাহেশ্বর যুগের ক্য়েকটি তিথি ধরিয়া আমাদের কয়েকটি প্জার তিথি নির্দিণ্ট হইয়াছে।

মাহেশ্বর যুগ সাহায্যে বিষুব, অয়নাদি ও আর্তব মাস সংক্রান্তি দিনের তিথি বাহির করিতে পারা যায়। ১২ আর্তব মাসে ১২ যুগ প্র্ হয়। অতএব ১২×২৪৭ ৢৢ = ২৯৬৫ সায়নবর্ষে য়ৢগ-চক্র একবার আবর্তন করে। খ্রী-প্র ১১৯৩ অব্দে=১২৭০ শকপ্রে আশ্বিন শ্রুক্র সংত্যাতে এক য়ৢগ আরুভ হইয়াছিল। অতএব ২৯৬৫—১২৭০=১৬৯৫ শকেও সেইর্প য়ৢগ আসিয়াছিল। বর্তমান ১৮৬৮ শকে সে

উদাহরণ দ্বারা যুগের উপযোগিতা দেখাইতেছি। উদাহরণ ১। ১৮৬৮ শকে বাসন্ত-বিষ্কুব দিনে কি তিথি হইয়াছিল? শকের প্রথম মাসে যুগ আরম্ভ ইইয়াছিল। অতএব সে বৎসরের ৭ মাস অবশিষ্ট ছিল। ১৮৬৮ শকের বাসন্ত বিষ্কুব দিন=১৮৬৭ বৎসর+১২ মাস। এখন বিয়োগ: কর,—

26464 d

১৭২ বংসর+৫ মাস সায়ন বংসরে ১১·০৪৮ তিথি মাসে ১২ তিথি বৃদ্ধি হয়।

অতএব

১৭২×১১·০৪৮=১৯০০·২৬ ৫×·৯২= ৪·৬০ যুগার্ভে গ্রু ৬০০

7770.49

৩০ দিয়া ভাগ করিলে অবশেষ ২০ ৮৬ তিথি থাকে। অর্থাৎ সেদিন ২১ তিথি কৃষ্ণষণ্ঠী হইয়াছিল। কোন্ চান্দ্রমাসের? আমরা জানি বাসন্ত-বিষত্ত্ব দিন চৈত্র মাসের ৭ই হইয়াছিল। অতএব সেদিন চান্দ্রচৈত্র হইতে পারে না। প্রবিত্তি চান্দ্র ফাল্গনে কৃষ্ণষণ্ঠী হইয়াছিল। ২। ১৮৬৮ শকের উত্তরায়ণাদি দিবসে কি তিথি ছিল? ২৭০ জংশে উত্তরায়ণাদি, ও নবম আর্তব মাস আরম্ভ। অতএব

ንନፇፍ+ժ ንନନ୍⊦୬

১৭৩ বর্ষ ২ মাস গত ১৭৩ বর্ষে ১৭৩×১১·০৪৮=১৯১১·৩০ তিথি ২ মাসে ২×·৯২ = ১·৮৪ যোগ = ৬·০

2929.28

৩০ দিয়া ভাগ করিলে অবশেষ ২৯·১৪ থাকে। এই পৌষ উত্তরায়ণাদি। সেদিন চান্দ্রপৌষ অমাবস্যা হইতে পারে না। অতএব চান্দ্র অগ্রহায়ণ অমাবস্যা।

অথবা, সে বংসর বাসন্ত-বিষ ব দিনে তিথি ২০ ৮৬। ১ মাসে ৮ ২৮ তিথি বৃদ্ধ। যোগ করিলে ২৯ ১৪ তিথি হয়। রবির ভোগ জানা আছে। তিথি জানা গেল। প্রপ্রদত্ত সমীকরণ দ্বারা নক্ষর পাওয়া যাইবে। তিন সহস্র বর্ষ প্রের্ব পরিকল্পিত যুগদ্বারা অদ্যাপি প্রায় শৃদ্ধফল পাওয়া যাইতেছে। ইহা সামান্য প্রশংসার কথা নয়।

বংসর যুগ মন্

প্রয়োজনান, সারে বহু বিধ কালমান প্রচলিত ছিল। তল্মধ্যে মান, ব্যমান ও দেব বা দৈবমান প্রসিদ্ধ। মান, বের ব্যবহারের নিমিত্ত মান, ব্যমান ও নৈস্থিকি ঘটনার কাল জ্ঞাপনের নিমিত্ত দৈবমান। আমাদের দিবস, বংসর, যুগ বা কতিপয় বংসরের সমণ্টি আছে। দৈবমানেও তেমন দিবস বংসর ও যুগ আছে। আমাদের ছয় মাসে উত্তরায়ণ, দেবমানে নাম দৈবদিবা। ছয়মাস দক্ষিণায়ন দৈবরায়ি। আমাদের এক বংসর এক দৈবদিবস। আমাদের ৩৬০ বংসর দৈববংসর ইত্যাদি।

বর্তমানে আমাদের দৈবমানে প্রয়োজন নাই। যাহা লিখিতেছি, তাহা মান্বমানের ব্বিথতে হইবে।


১ কল্প যুন্ন-সহস্ৰ অৰ্থাৎ ৪০০০ বংসর। ১ কল্পে ১৪ মন্ বা মন্বন্তর। অতএব ১ মন্ব-কাল ২৮৫ ৭ বংসর। কিণ্ডিদ্ধিক ৭১ য্রুগে ১ মন্। অতএব ১ ফ্রগ=৪ বংসর। এই চারি বংসরের নাম কৃত বা সত্য, ত্রেতা, দ্বাপর, কলি। এখানে এই চারি নাম চারি বংসরের, যুগের নয়। ইহার প্রমাণ দিতেছি। মহাভারতে বনপর্বে পাণ্ডবদিগের বনবাসকালে লোমশ ঋষি বলিতেছেন, "হে নরশ্রেষ্ঠ! ইহা ত্রেতা-ম্বাপরের সন্ধি।" (১২১।১৯)। আর এক স্থানে (১২৫।১৪), সেইর্প কথা আছে। পাণ্ডবেরা বনবাসে দ্বাদশ বংসর অতিবাহিত করিয়াছিলেন। সেই সময় মধ্যে অন্ততঃ দ্বইবার ত্রেতা-ন্বাপরের সন্ধি হইয়াছিল। আর একস্থানে (১৪৮।৩৭), ভীম ও হন্মানের তর্ক্কালে উক্ত হইয়াছে, "অচিরে কলিম্বল প্রবর্তিত হইয়াছে।" <mark>অতএব ৪ বর্ষে</mark> ১ যুগ জানিতে হইতেছে। এই মন্-গণনার আদি কোথায়? সেই আদি আমাদের জ্ঞাত কোন অব্দ দ্বারা ব্যক্ত না করিলে মন্দ্র দ্বারা কাল নির্ণায় হইতে পারে না। নানা কারণে আমার মনে হইয়াছে, খ্রী-পূ ৩২৫৬ অব্দে মন্বণনার আদি বা কল্পাদি। এই বংসর রোহিণী তারার সমস্ত্রে বাসন্ত-বিষ্ব হইয়াছিল। সেদিন জ্যৈত মাসের শ্রু-নবমী, প্রদিন শ্রুদশ্মী আমরা দশহরা নামে পালন করিতেছি। এখন আমরা সণ্তম মন্, বৈবস্বত মন্র অন্টাবিংশতি য্লের ন্বাপরের খ্ৰীন্টাৰূ পাইতেছি। যথা। কল্পাদি=খ্ৰী-প্ত ৩২৫৬ অৰু হইতে গত, ৬ মন্ ২৮৪×৬=১৭০৪ বংসর, সংতম মন্ব ২৭ য্গ ৪×২৭= ১০৮, কৃত ত্তেতা ন্বাপর ৩ বর্ষ=১৮১৫ বর্ষ। খ্রী-প্র ৩২৫৬-১৮১৫ =খ্রী-প্র ১৪৪১ অব্দ। ইহা কলি বংসর। অতএব খ্রী-প্র ১৪৪১ অব্দে ভারতয় প হইয়াছিল। ইহার পর বংসর প্রথম মাহেশ্বর যুগ আরম্ভ হইয়াছিল।

বৈবন্দত মন্ব সংতম মন্। অতএব ২০০০ বংসরে সমাণত হইয়া-ছিল। অর্থাৎ খ্রী-প্ত ১২৫৬–২০০০=১২৫৬ অব্দের পরে অত্যম মন্ব সাবণি মন্ব আরুভ হইয়া ২৮৪ বংসর চলিয়াছিল। ঋগ্বেদের কাল হইতে যাজ্ঞিকেরা পাঁচ বংসরে যুগ গণনা করিতেন।

এই পাঁচ বংসরের সম্বংসর, পরিবংসর ইত্যাদি পাঁচ নাম ছিল। প্রাণে

ও পাঁজিতে এই পাঁচ বংসরের নাম আছে।

কৃত, ত্রেতা, দ্বাপর, কলি এই চারি যুগ প্রাসিদ্ধ। প্রথমে প্রত্যেক যুগের পরিমাণ সহস্র মান্যবর্ষ ছিল। চারি যুগে চারি সহস্র বংসর এক কলপ। পরে ধর্মের হ্রাস-ব্দিধ অন্সারে কলির পরিমাণ ১২০০ মান্য বংসর হইয়াছিল। দ্বাপর কলির দ্বিগণ, ত্রেতা ত্রিগণ, কৃত বা সত্য চতুর্গণ। একুনে চারি যুগে দ্বাদশ সহস্র বংসর হইয়াছিল। পাঁজিতে যে সত্য, ত্রেতা, দ্বাপর, কলির পরিমাণ লিখিত হইতেছে তাহা দৈবযুগের। মান্যকলি ১২০০ মান্যবংসর, দৈবকলি১২০০×৩৬০=
৪৩২০০০ মান্যবংসর। তদন্সারে মন্বন্তরাদি দৈবমানে অতিশয় দীর্ঘ হইয়াছে। পাঁজিতে দৈবমান লিখিত হয়।



কারখানা; সেঁই "মুড়গ্তনির রসম্" * সহিত ভাত "সাপড়ান"—যার এক এক গরসে বুক ধড় কড় কোরে ওঠে (এমনি ঝাল আর তেঁতুল!); সে "মিঠে নিমের পাতা, ছোলার দাল, মুগের দাল" ফোড়ন, দধ্যোদন ইত্যাদি ভোজন; আর সে রেড়ির তেল মেখে স্লান, রেড়ির তেলে মাছ ভাজা,—এ না হলে, কি দক্ষিণ মুলুক হয় ?

আবার, এই দক্ষিণ মূলুক, মুসলমান রাজত্বের সময় এবং তার কত দিনের আগে থেকেও হিন্দুধর্ম্ম বাঁচিয়ে রেখেচে। এই দক্ষিণ মুলুকেই —সামনে টিকি, নারকেল-তেল খেকো দান্দিণতোর জাতে—শঙ্করাচার্য্যের জন্ম; এই দেশেই ধর্মগোরব রামানুজ জন্মেছিলেন; এই—মধ্বমুনির জন্মভূমি। এঁদেরই পায়ের নীচে বর্ত্তমান হিন্দুধর্ম্ম। তোনাদের চৈততাসম্প্রদায় এ মধ্বসম্প্রদায়ের শাখামাত্র: ঐ শঙ্করের প্রতিধ্বনি কবীর, দাছ, নানক, রাম-সেনহী প্রভৃতি সকলেই; ঐ রামান্থজের শিগ্রসম্প্রদায় অযোধ্যা প্রভৃতি দখল কোরে বসে আছে। এই দক্ষিণী ব্রাহ্মণরা হিন্দুস্থানের ব্রাহ্মণকে ব্রাহ্মণ বলে য় অতিরিক্ত বালি তেঁতুল সংবৃক্ত অড়হর দালের বোল বিশেষ। উহা দক্ষিণীদের প্রিয় খান্ত। মুড়গ্ অর্থে কাল মরিচ ও তন্ত্রি

অর্থে দাল।

স্বীকার করে না, শিশ্ব করতে চায় না, দৈ দিন পর্যান্ত সন্যাস দিত না। এই মাল্রাজীরাই এখনও বড় বড় তীর্থস্থান দথল কোরে বদে আছে। এই দক্ষিণ-দেশেই —যখন উত্তর ভারতবাসী, "আল্লা হু আকবার, দীন্ দীন্' শব্দের সামনে ভয়ে ধনরত্ন ঠাকুর দেবতা স্ত্রী পুত্র ফেলে ঝোড়ে জঙ্গলে লুক্চ্ছিল,—রাজচক্রবর্ত্তী বিভানগরাধিপের অচল সিংহাসন প্রতিষ্ঠিত ছিল। এই দিফিণ-দেশেই দেই অভুত সায়নের জন্ম—যাঁর যবন-বিজয়ী বাহুবলে বুকরাজের সিংহাসন, মন্ত্রণায় বিভানগর শাম্রাজ্য, নয়মার্গে দাক্ষিণাত্যের স্থুখ স্বাচ্ছন্দ্য প্রতিষ্ঠিত ছিল—যাঁর অমানব প্রতিভা ও অলৌকিক পরিশ্রমের ফলম্বরূপ সমগ্র বেদরাশির টীকা—যাঁর আশ্চর্য্য ত্যাগ, বৈরাগ্য ও গবেষণার ফলস্বরূপ পঞ্চদী গ্রন্থ—দেই সন্ন্যাসী বিভারণ্যমূনি সায়নের * এই জন্মভূমি। এই মাক্রাজ সেই "তামিল" জাতির আবাস—যাদের সভ্যতা সর্ব্যপ্রাচীন—যাদের "স্থমের" নামক শাখা "ইউফ্রেটিস" তীরে প্রকাণ্ড সভ্যতা-বিস্তার অতি প্রাচীনকালে করেছিল —যাদের জ্যোতিষ, ধর্ম্মকথা, নীতি, আচার প্রভৃতি আসিরি বাবিলি সভ্যতার ভিত্তি—যাদের পুরাণসংগ্রহ বাইবেলের মূল—যাদের আর এক শাখা মলবর উপকূল # কাহারও কাহারও মতে বেদভায়াকার সায়ন বিভারণামুনির ত্রতা।

হয়ে অভূত মিসরি সভ্যতার সৃষ্টি করেছিল—যাদের কাছে আর্য্যেরা অনেক বিষয়ে ঋণী। এদেরি প্রকাণ্ড প্রকাণ্ড মন্দির দাক্ষিণাত্যে বীর শৈব বা বীর বৈষ্ণব-সম্প্রদায়ের জয় ঘোষণা কর্চে। এই যে এত বড় বৈষ্ণবধর্ম্ম—এ-ও এই "তামিল" নীচবংশোভূত ষট্কোপ হতে উৎপন্ন, যিনি "বিক্রীয় স্পূর্গং স চচার যোগী"। এই তামিল আলওয়াড় বা ভক্তগণ এখনও সমগ্র বৈষ্ণবসম্প্রদায়ের পূজ্য হয়ে রয়েচেন। এখনও এদেশে বেদান্তের দৈত, বিশিষ্ট বা অদ্বৈত, সমস্ত মতের যেমন চর্চ্চা, তেমন আর কুত্রাপি নাই। এখনও ধর্ম্মের জনুরাগ এদেশে যত প্রবল, তেমন আর কোথাও নাই।

চবিবশে জুন রাত্রে আমাদের জাহাজ মান্দ্রাজে
পৌছিল। প্রাতঃকালে উঠে দেখি, সমুদ্রের মধ্যে
পাঁচিল দিয়ে ঘিরে নেওয়া মান্দ্রাজের
বন্দরে রয়েচি। ভেতরে স্থির জল;
বন্ধুগণের আর বাইরে উত্তাল তরঙ্গ গজরাচেচ,
অভার্থনা আর এক এক বার বন্দরের ছালে লেগে
দশ বার হাত লাফিয়ে উঠ্চে আর

কেনময় হয়ে ছড়িয়ে পড়্চে। সামনে স্থপরিচিত মান্দ্রাজের ট্রাণ্ড রোড্। ছজন ইংরেজ পুলিশ ইন্সপেক্টর, একজন মান্দ্রাজি জমাদার, এক ডজন পাহারাওয়ালা জাহাজে উঠ্লো। অতি ভদ্রতাসহকারে আমায় জানালে

যে, কালা আদমির কিনারায় যাবার হুকুম নাই, গোরার আছে। কালা যেই হোক্ না কেন, সে যে রকম নোংরা থাকে, তাতে তার প্লেগবীজ নিয়ে বেড়াবার বড়ই সম্ভাবনা—তবে আমার জন্ম মান্দ্রাজিরা বিশেষ হুকুম পাবার দরখাস্ত করেচে—বোধ হয় পাবে। ক্রমে ছচারিটি কোরে মান্দ্রাজি বন্ধুরা নৌকায় চড়ে, জাহাজের কাছে আসতে লাগ্ল। ছোঁয়াছুঁয়ি হবার জো নাই, জাহাজ থেকে কথা কও। আলাসিঙ্গা, বিলিগিরি, নর-দিংহাচার্য্য, ডাক্তার নঞ্জনরাও, কীডি প্রভৃতি সকল বন্ধু-দেরই দেখতে পেলুম। গাঁব, কলা, নারিকেল, রাঁধা দধ্যোদন, রাশীকৃত গজা, নিম্কি ইত্যাদির বোঝা <mark>আসতে লাগল। ক্রমে ভিড় হতে লাগ্ল—ছেলে</mark> মেয়ে, বুড়ো, নৌকায় নৌকা। আমার বিলাভী বন্ধ মিঃ শ্রামিএর ব্যারিষ্টার হয়ে মাল্রাজে এসেচেন, তাঁকেও দেখ্তে পেলেম। রামকৃঞানন আর নির্ভয় বারকতক আনাগোনা কর্লে। তারা সারাদিন সেই রোজে নৌকায় থাক্বে—শেষে ধম্কাতে তবে যায়। ক্রমে যত খবর হল যে আমাকে নাবতে হুকুম দেবে না, তত নৌকার ভিড় আরও বাড়তে লাগ্ল। শরীরও ক্রমাগত জাহাজের বারাণ্ডায় ঠেদ দিয়ে দাঁভিয়ে দাঁভিয়ে অবসন্ন হয়ে আদতে লাগ্ল। তখন মান্দ্রাজি বন্ধুদের কাছে বিদায় চাহিলাম, ক্যাবিনের মধ্যে প্রবেশ কর্লাম।

আলাদিঙ্গা, "ব্রহ্মবাদিন্" ও মান্রাজি কাজ কর্ম্ম সম্বরে পরামর্শ কর্বার অবসর পায় না; কাজেই সে কলম্বো পর্যান্ত জাহাজে চল্লো। সন্ধ্যার সময় জাহাজ ছাড়লে। তথন একটা রোল উঠলো। জান্লা দিয়ে উকি মেরে দেথি, হাজারখানেক মান্রাজি স্ত্রী, পুরুষ, বালক, বালিকা, বন্দরের বাঁধের উপর বসেছিল—জাহাজ ছাড়তেই, তাদের এই বিদায়-সূচক রব! মান্রাজিরা আনন্দ হলে বঙ্গদেশের মত ছলু দেয়।

মাদ্রাজ হতে কলম্বে। চারি দিন। যে তরঙ্গভঙ্গ গঙ্গাদাগর থেকে আরম্ভ হয়েছিল, তা ক্রমে বাড়তে লাগ্ল। মান্দ্রাজের পর আরও বেড়ে গেল। জাহাজ বেজায় গুল্তে লাগ্ল। ভারত যাত্রীরা মাথা ধরে স্থাকার কোরে মহাদাগ্র অস্থির। বাঙ্গালীর ছেলে ছটিও ভারি "দিক্"। একটি ত ঠাউরেচে মরে যাবে; তাকে অনেক বুঝিয়ে সুঝিয়ে দেওয়া গেল যে কিছু ভয় নেই, অমন সকলেরই হয়, ওতে কেউ মরেও না, কিছুই না। দেকেণ্ড কেলাসটা আবার "স্কুর" ঠিক উপরে। ছেলে ছুটিকে কালা আদমি বলে, একট। অন্ধকূপের মত ঘর ছিল, তারির মধ্যে পুরেছে। সেখানে প্রনদেবেরও যাবার হুকুম নাই, সূর্য্যেরও প্রবেশ নিষেধ। ছেলে ছটির ঘরের মধ্যে যাবার যো নেই; আর ছাতের উপর—দে কি দোল। আবার যথন জাহাজের সামনেটা একটা চেউয়ের গহ্বরে বলে যাচে, আর পেছনটা উচু হয়ে উঠ্চে, তখন জুটা জল ছাড়া হয়ে শ্ন্যে ঘুর্চে, আর সমস্ত জাহাজটা চক্ চক্ চক্ চক্ কোরে নড়ে উঠ্চে। সেকেণ্ড কেলাসটা ঐ সময়, যেমন বেড়ালে ইত্বর ধরে এক একবার ঝাড়া দেয়, তেমনি কোরে নড়্চে।

যাই হউক এখন মন্সুনের সময়। যত ভারত মহাসাগরে জাহাজ পশ্চিমে চল্বে, ততই বাড়বে এই ঝড়ঝাপট। মাক্রাজিরা অনেক ফলপাকড় দিয়ে-ছিল; তার অধিকাংশ, আর গজা, দধ্যোদন প্রভৃতি সমস্তই ছেলেদের দেওয়া গেল। আলাসিঙ্গা তাড়া-তাড়ি একখানা টিকিট কিনে শুধু পায়ে জাহাজে চড়ে বসলো। আলা-জ!হাজে মালাজি যাত্রী শিঙ্গ। বলে, দে কখন কখন জুতো পারে দেয়। দেশে দেশে রক্সারি চাল। ইউরোপে মেয়েদের পা দেখান বড় লজ্জা; কিন্তু আধ্রথানা গা আত্ড় রাখ্তে লজা নেই। আমাদের দেশে মাথাটা ঢাক্তে হবেই হবে, তা প্রনে কাপড় থাক বা না থাক্। আলাসিফা পেরুমল, এডিটার বন্ধবাদিন্, মাইদোরি রামানুজী "রসম" খেকো বান্ধা, কামান মাথায় সমস্ত কপাল জুড়ে "তেলালে" তিলক

পরিব্রাজক

"সঙ্গের সম্বল গোপনে অতি যত্নে" ছুটো পুঁটলি! একটায় চিড়া ভাজা, আর একটায় মুড়ি মটর। জাত বাঁচিয়ে, ঐ মুড়ি মটর চিবিয়ে, সিলোনে যেতে হবে! আলাসিঙ্গা আর একবার সিলোনে গিয়েছিল। তাতে বেরাদারি লোক একট গোল কর্বার চেষ্টা করে; কিন্তু পেরে ওঠে নি। ভারতবর্ষে ঐ টুকুই বাঁচোয়া। বেরাদারি যদি কিছ না বল্ল ত আর কারো কিছু বল্বার অধিকার নেই। আর দে দক্ষিণী বেরাদারি—কোনটায় আছেন সবশুদ্ধ পাঁচশ, কোনটায় সাতশ, কোনটায় হাজারটি প্রাণী— কনের অভাবে ভাগনিকে বে করে! যখন মাইদোরে প্রথম রেল হয়, যে যে ব্লিকাণ দূর থেকে বেলগাড়ি দেখতে গিছল, তারা জাতচ্যুত হয়! যাই হোক, এই আলাসিঙ্গার মত মানুষ পৃথিবীতে অতি অল্ল; অমন নিঃস্বার্থ, অমন প্রাণপণ খাটুনি, অমন গুরু-ভক্ত, আজ্ঞাধীন শিষ্য, জগতে অল্প হে ভায়া। মাথা কামান, ঝুট বাঁধা, শুধু পায়, ধুতি পরা মান্দ্রাজি ফাষ্ট ক্লামে উঠ্লো; বেড়াচ্চে-চেড়াচ্চে, থিদে পেলে মৃতি মটর চিবুচ্চে! চাকররা মান্দ্রাজিমাত্রকেই ঠাও-রায় "চেট্টি" আর "ওদের অনেক টাকা আছে, কিন্তু কাপড়ও পর্বে না, আর খাবেও না!" তবে আমা-দের সঙ্গে পড়ে ওর জাতের দফ। ঘোলা হচ্চে---

চাকররা বল্চে। বাস্তবিক কথা,—তোমাদের পাল্লায় পড়ে মান্দ্রাজিদের জাতের দফা অনেকটা ঘোলা কেন থক্থকিয়ে এসেচে!

আলাসিঙ্গার 'সি-সিক্নেস্' হল না। 'তু'—ভায়া প্রথমে একটু আধটু গোল কোরে নিলোনি ঢং সামলে বদে আছেন। চার দিন কাজেই নানা বাৰ্ত্তালাপে, "ইণ্ট গোষ্টি"তে কাটলো। সামনে কলম্বো। এই—সিংহল, লঙ্কা। শ্রীরামচন্দ্র সেতু বেঁধে পার হয়ে লন্ধার রাবণ-রাজাকে জয় করেছিলেন। সেতু ত দেখ্ছি; সেতুপতি মহা-রাজার বাড়ীতে, যে পাথরখানির উপর ভগবান্ রামচন্দ্র তার পূর্ব্বপুরুষকে প্রথম সেতুপতি-রাজা করেন, তাও দেখ্চি। কিন্তু এ পাপ বৌদ্ধ সিলোনি লোকগুলো ত মানতে চায় না! বলে—আমাদের দেশে ও কিংবদন্তী পর্যান্ত নাই। আর নাই বললে কি হবে !—"গোঁসাইজী পুঁথিতে লিখ্চেন যে।" তার ওপর ওরা নিজের দেশকে বলে—সিংহল। লঙ্কা বল্বে না, বল্বে কোখেকে ? ওদের না কথায় ঝাল, না কাজে ঝাল, না প্রকৃতিতে ঝাল!! রাম বলো— ঘাগরা পরা, থোঁপা বাঁধা, আবার থোঁপায় মস্ত একখানা চিক্রনি দেওয়া মেয়েমান্যি চেহারা! আবার— রোগা রোগা, বেঁটে বেঁটে, নরম নরম শরীর! এরা

রাবণ কুম্বন্ধরে বাচ্চা ? গেচি আর কি ! বলে—
বাঙ্গালা দেশ থেকে এসেছিল—তা ভালই করেছিল।
ঐ যে একদল দেশে উঠচে, মেয়েমান্বের মত বেশভূবা, নরম নরম বুলি কাটেন, একে বেঁকে চলেন,
কারুর চোথের উপর চোখ রেথে কথা কইতে পারেন
না, আর ভূমিষ্ঠি হয়ে অবধি পিরীতের কবিতা লেখেন,
আর বিরহের জালায় "হসেন হোকেন" করেন—ওরা
কেন যাক্ না বাপু দিলোনে। পোড়া গবর্গমেণ্ট কি
ঘুমুচ্চে গা ? সেদিন "মরীতে" কাদের ধরা পাক্ড়া
করতে গিয়ে ভলতুল বাধালে, বিলি—ভাজধানীতে পাক্ড়া
কোরে প্যাক করবারও যে অনেক রয়েচে।

একটা ছিল মহ। ছুষ্টু বাঙ্গালী রাজার ছেলে— বিজয়দিংহ বলে। সেটা বাপের সঙ্গে ঝগড়া-বিবাদ কোরে, নিজের মত আরও কতকগুলো

দিংহলের সঙ্গী জুটিয়ে জাহাজে কোরে ভেনে ইতিহাস ভেনে, লঙ্কা নামক টাপুতে হাজির। তখন ওদেশে বুনো জাতের আবাস,

যাদের বংশধরেরা এক্ষণে "বেন্দা" নামে বিখ্যাত। বুনো রাজা বড় খাতির কোরে রাখলে, মেয়ে বে দিলে। কিছু দিন ভাল মান্যের মত রইল; তারপর একদিন মাগের সঙ্গে যুক্তি কোরে, হঠাৎ রাত্রে সদলবলে উঠে, বুনো রাজাকে সরদারগণ সহিত কতল কোরে ফেল্লে। তারপর বিজয়নিংহ হলেন রাজা, ছণ্টু,মির এইখানেই বড় অন্ত হলেন না। তারপর আর তাঁর বুনোর মেয়ে রাণী ভাল লাগ্ল না। তখন ভারতবর্ষ থেকে আরও লোকজন, আরও অনেক মেয়ে আনালেন। অন্তরাধা বলে এক মেয়ে ত নিজে কল্লেন বিয়ে; আর সে বুনোর মেয়েকে জলাঞ্জলি দিলেন; সে জাতকে জাত নিপাত করতে লাগলেন। বেচারীরা প্রায় সব মারা গেল, কিছু অংশ ঝাড় জঙ্গলে আজও বাস কর্চে। এই রকম কোরে লম্বার নাম হল সিংহল, আর হল বাঙ্গালী বদমায়েসের উপনিবেশ! ক্রমে অশোক মহারাজার আমলে, তাঁর ছেলে মাহিন্দো,

কার মেয়ে সংঘমিত্তা, সন্ন্যাস নিয়ে ধর্মা নিংহলে বৌদ্ধ- প্রচার করতে সিংহল টাপুতে উপস্থিত ধর্ম প্রচার
হলেন। এঁরা গিয়ে দেখলেন যে, লোকগুলো বড়ই আদাড়ে হয়ে গিয়েচে।

আজীবন পরিশ্রম কোরে, সেগুলোকে যথাসম্ভব সভ্য কর্লেন, উত্তম উত্তম নিয়ম কর্লেন; আর শাক্য-মুনির সম্প্রদায়ে আনলেন। দেখতে দেখতে সিলোনিরা বেজায় গোঁড়া বৌদ্ধ হয়ে উঠলো। লঙ্কাদ্বীপের মধ্যভাগে এক প্রকাণ্ড শহর বানালে, তাঁর নাম দিলে অন্তরাধাপুরম্, এখনও সে শহরের ভগ্নাবশেব দেখ্লে আক্রোকা হাররান হয়ে যায়। প্রকাণ্ড প্রকাণ্ড স্তুপ, কোশ কোশ পাথরের ভাঙ্গা বাড়ী দাঁড়িয়ে আছে।
আরও কত জঙ্গল হয়ে রয়েচে, এখনও সাফ্ হয়
নাই। সিলোনময় নেড়া মাথা, করোয়াধারী, হল্দে
চাদর মোড়া, ভিক্লু ভিক্ল্ণী ছড়িয়ে পোড়লো। জায়গায়
জায়গায় বড় বড় মন্দির উঠলো—মস্ত মস্ত ধ্যানমূর্তি,
জ্ঞান মুজা কোরে প্রচারমূর্তি, কাং হয়ে শুয়ে মহানির্কাণ
মূর্ত্তি—ভার মধ্যে। আর দেয়ালের গায়ে সিলোনিরা
ছুষ্টুমি করলে—নরকে তাদের কি হাল

বৌদ্ধর্মের হয় তাই আকা; কোনটাকে ভূতে অবনতি ঠেঙ্গাচেচ, কোনটাকে করাতে চিরচে, কে'নটাকে পোড়াচেচ, কোনটাকে তপ্ত

তেলে ভাজচে, কোনটার ছাল ছাড়িয়ে নিচ্চে—দে মহাত্রীভংদ কারখানা! এ 'অহিংদা পরমোধর্মে'র ভেতরে যে এমন কারখানা কে জানে বাপু! চীনেও ঐ হাল; জাপানেও ঐ! এদিকে ত অহিংদা, আর সাজার পরিপাটি দেখলে আত্মাপুরুষ শুকিয়ে যায়। এক 'অহিংদা পরমোধর্মে'র বাড়ীতে চুকেচে—চোর। কর্ত্তার ছেলেরা তাকে পাক্ড়া কোরে, বেদম পিট্চে। তখন কর্ত্তা দোতলার বারাণ্ডায় এদে, গোলমাল দেখে, খবর নিয়ে চেঁচাতে লাগলেন, "ওরে মারিস্ নি, মারিস্ নি; অহিংদা পরমোধর্ম্মঃ।" বাচ্চা-অহিংদারা, মার থামিয়ে, জিজ্ঞাদা কর্লে, "তবে চোরকে কি করা যায় ?"

কর্ত্তা আদেশ করলেন, "ওকে থলিতে পুরে, জলে ফেলে দাও।" চোর যোড় হাত কোরে, আপ্যায়িত হয়ে বল্লে, "আহা কর্তার কি দয়া!" বৌদ্ধরা বড় শান্ত, সকল ধর্ম্মের উপর সমদৃষ্টি, এইত শুনেছিলুম। বৌদ্ধপ্রচারকেরা আমাদের কল্কেতায় এসে, রং বেরঙ্গের গাল ঝাড়ে, অথচ আমরা তাদের যথেষ্ট পূজো কোরে থাকি। অনুরাধাপুরে প্রচার করচি একবার, হিঁহুদের মধ্যে—বৌদ্ধদের নয়—তাও থোলা মাঠে, কারুর জমিতে নয়। ইতিসধ্যে ছনিয়ার বৌদ্ধ "ভিক্ষু", গৃহস্থ, মেরে, মন্দ, ঢাক ঢোল কাঁসি নিয়ে এসে, সে যে বিট্কেল আওয়াজ আরম্ভ কর্লে, তা আর কি বল্ব! লেক্চার ত অলমিতি হল; রক্তারক্তি হয় আর কি! অনেক করে হি[°]ত্নের ব্ঝিয়ে দেওয়া গেল যে, আমরা নয় একটু অহিংসা করি এস—তখন শান্ত হয়।

ক্রমে উত্তর দিক্ থেকে হি হু তামিলকুল ধীরে ধীরে
লঙ্কায় প্রবেশ কর্লে। বৌদ্ধরা বেগতিক দেখে
রাজধানী ছেড়ে, কান্দি নামক পার্বত্য
শৌদ্ধাধিকারের শহর স্থাপন কর্লে। তামিলরা কিছু
পর্বভান্ত দিনে তাও ছিনিয়ে নিলে এবং হিন্দুরাজা
খাড়া কর্লে। তারপর এলো ফিরিঙ্গির
দল, স্পানিয়ার্ড, পোর্তু গিজ, ওলন্দার্জ। শেষ ইংরাজ

রাজা হয়েচেন। কান্দির রাজবংশ তাঞ্চোরে প্রেরিত হয়েচেন, পেনসন্ আর মুড়গ্তন্নির ভাত খাচেচন।

উত্তর-দিলোনে হিঁহুর ভাগ অনেক অধিক; দক্ষিণ ভাগে বৌদ্ধ, আর রং বেরঙ্গের স্থান, দোর্খাসলা ফিরিঙ্গি। বৌদ্ধদের প্রধান স্থান, রর্ত্তমান রাজধানী কলম্বে।, আর হিন্দুদের জাফনা। জাতের বর্ত্তমান আচার ব্যবহার গোলমাল ভারতবর্ঘ হতে এখানে অনেক কম। বৌদ্ধদের একট আছে বে-থার সময়। খাওয়া দাওয়ায় বৌদ্ধদের আদতে নেই; হিঁছদের কিছু কিছু। যত কদাই, সব বৌদ্ধ ছিল। আজকাল কমে যাচেচ; ধর্ম্ম প্রতার হচেচ। বৌদ্ধদের অধিকাংশ ইউরোপী নাম ইন্দুম পিল্ৰুম এখন বদ্লে নিচ্চে। হিঁহুদের সব রকম জাত মিলে একটা হিঁহু জাত হয়েচে; তাতে অনেকট। পাঞ্জাবী জাঠদের মত স্ব জাতের মেয়ে, মায় বিবি পর্য্যস্ত বে করা চলে। ছেলে মন্দিরে গিয়ে ত্রিপুণ্ডু কেটে 'শিব শিব' বলে হিঁছ হয়! স্বামী হি[°]ছ স্ত্ৰী ক্ৰিশ্চিয়ান। কপালে বিভূতি মেথে 'নমঃ পাৰ্ব্বতীপতয়ে' বল্লেই ক্ৰিশ্চিয়ান সভ হিঁতু হয়ে যায়। তাতেই তোমাদের উপর এখানকার পাদরীর। এত চটা। তোমাদের আনাগোনা হয়ে অবধি, বহুৎ ক্রিশ্চিয়ান বিভূতি মেখে 'নমঃ পার্ব্বতীপতয়ে' বলে, হিঁছ হয়ে জার্তে উঠেচে। অদ্বৈতবাদ, আর বীর শৈববাদ

এখানকার ধর্ম। হিঁছ শব্দের জায়গায় শৈব বল্তে হয়। চৈতভাদেব যে নৃত্য কীর্ত্তন বঙ্গদেশে প্রচার করেন, তার জন্মভূমি দান্দিণাত্যে, এই তামিল জাতির মধ্যে। দিলোনের তামিল ভাষা, খাটি তামিল। দিলোনের ধর্ম্ম খাঁটি তামিল ধর্ম—দে লক লোকের উমাদ কীর্ত্তন, শিবের স্তব গান, সে হাজারো মৃদঙ্গের আওয়াজ ও বড় বড় কতালের ঝাঁজ আর এই বিভূতি মাথা, মোটা মোটা ক্রজাক গলায়, পাহলওয়ানি চেহারা, লাল চোখ, মহাবীরের মত, তামিলদের মাতওয়ারা নাচনা দেখ্লে বুঝতে পার্বে না।

কলম্বের বন্ধুরা নাব্বার হুকুম আনিয়ে রেখেছিল,
তাত এব ডাঙ্গায় নেবে বন্ধু বান্ধবদের সঙ্গে দেখা গুনা
হল। সার কুমার স্বামী হিন্দুদের মধ্যে
কলম্বের বন্ধুগ্রেষ্ঠ ব্যক্তি; তাঁর স্ত্রী ইংরেজ, ছেলেটি
কলম্বের বন্ধু পারে, কপালে বিভূতি। শ্রীযুক্ত
তারুণাচলম্ প্রমুখ বন্ধু বান্ধবেরা এলেন।
তানেক দিনের পর মুড়গ্তনির খাওরা হল, আর কিং
কোকোনাট। ডাব কতকগুলো জাহাজে তুলে দিলে।
নিসেদ্ হিগিন্সের সঙ্গে দেখা হল—তাঁর বৌদ্ধ মেরের
বোর্ডিং স্কুল দেখ্লাম। কাউণ্টেসের বাড়িটি মিসেদ্
হিগিন্সের তাপেক্ষা প্রশস্ত ও সাজান। কাউণ্টেস্ ঘর
থেকে টাকা এনেচেন, আর মিসেদ্ হিগিন্স ভিক্ষে

কোরে কোরেচেন। কাউণ্টেস্ নিজে গেরুয়া কাপড় বাঙ্গলার শাড়ীর মত পরেন। সিলোনের বৌদ্ধদের মধ্যে ঐ ঢঙ্গ খুব ধরে গেচে দেখ্লাম। গাড়ী গাড়ী মেয়ে দেখলাম, সব ঐ রঙ্গের শাড়ী পরা।

বৌদ্ধদের প্রধান তীর্থ কান্দিতে দন্ত-মন্দির। ঐ মন্দিরে বুদ্ধ-ভগবানের একটি দাঁত আছে।

বুদ্ধেদন্তেতিহাস ও বর্ত্তমান বৌদ্ধধর্ম সিলোনিরা জানে কাজ আগে পুরীতে জানে মান্দরে ছিল, পরে নানা হাজান হয়ে সিলোনে উপস্থিত হয়। সেখানে ইপ্লিয়া কম হয় নাই। এখন নিরাপদে অবস্থান কর্চেন!

দিলোনিরা আপনাদের ইতিহাদ উত্তমরূপে লিখে রেখেচে। আমাদের মত নয়—খালি আবাঢ়ে গল্প। আর বৌদ্ধদের শাস্ত্র নাকি প্রাচীন মাগধী ভাষায় এই দেশেই সুরক্ষিত আছে। এ স্থান হতেই ব্রহ্ম শ্রাম প্রভৃতি দেশে ধর্ম্ম গেচে। দিলোনি বৌদ্ধের। তাদের শাস্ত্রোক্ত এক শাক্যমুনিকেই মানে, আর তাঁর উপদেশ মেনে চলতে চেষ্টা করে। নেপালি, দিকিমি, ভূটানি, লাদাকি, চীনে, জাপানিদের মত শিবের পূজা করে না; আর "হ্রীং তারা" ওসব জানেনা। তবে ভূতটুত নামানো আছে। বৌদ্ধেরা এখন উত্তর আর দক্ষিণ ছ আয়ায় হয়ে গেচে। উত্তর

আমায়ের। নিজেদের বলে মহাযান; আর দক্ষিণী অর্থাৎ সিংহলী ব্রহ্ম শ্রামি প্রভৃতিদের বলে হীনযান। মহাযানওয়ালারা বৃদ্ধের পূজা নামমাত্র করে; আসল পূজো তারাদেবীর, আর অবলোকিতেশ্বরের (জাপানি, চীনে ও কোরিয়ানরা বলে কানয়ন্); আর হ্রীং ক্লীং তত্ত্ব মন্ত্রের বড় ধুম। টিবেটীগুলো আসল শিবের ভূত। ওরা সব হিঁহুর দেবতা মানে, ডমরু বাজায়, মদ মাংদের যম। আর খালি মন্ত্র আওড়ে রোগ, ভূত, প্রেত তাড়াচ্চে। চীন আর জাপানে সব মন্দিরের গায়ে ওঁ হ্রীং ক্লীং—সব বড় বড় সোনালী অক্ষরে লেখা দেখেচি। সে অক্ষর বাঙ্গালার এত কাছাকাছি যে বেশ বোঝা যায়।

আলাসিঙ্গা কলম্বে। থেকে মান্দ্রাজ ফিরে গেল।
আমরাও কুমার স্বামীর (কার্তিকের নাম—স্ব্রহ্মণ্য,
কুমার স্বামী ইত্যাদি; দক্ষিণ দেশে কার্তিকের ভারি
পূজো, ভারি মান; কার্তিককে ওঁ-কারের অবতার
বলে।) বাগানের নেবু, কতকগুলো ডাবের রাজা
(কিং কোকোনাট), ছু বোতল সরবং ইত্যাদি উপহার
সহিত আবার জাহাজে উঠলাম।

পঁচিশে জুন প্রাতঃকাল জাহাজ কলম্বো ছাড়লো। এবার ভরা মনস্থনের মধ্য দিয়া গমন। জাহাজ

যত এগিয়ে যাচেচ, ঝড় ততই বাড়চে, বাতাস ততই বিকট নিনাদ কর্চে—উভশ্রান্ত বৃষ্টি, অন্ধকার; প্রকাণ্ড প্রকাণ্ড ঢেউ গর্জে মন্হন গর্জে জাহাজের উপর এসে পড়চে; ভেকের ওপর তিষ্ঠুন দায়। খাবার টেবিলের উপর আড়ে লম্বায় কাঠ দিয়ে চৌকো চৌকো খুবরি কোরে দিয়েছে, তার নাম ফিডল। তার ওপর দিয়ে থাবার দাবার লাফিয়ে উঠ্চে। জাহাজ ক্যাঁচ ক্যোঁচ শব্দ কোরে উঠচে, যেন বা ভেঙ্গে চুরমার হয়ে যায়। কাপ্তেন বল্চেন, "তাইত এবারকার মন্স্নটা ত ভারি বিট্কেল !" কাপ্তেনটি বেশ লোক; চীন ও ভারতবর্ষের নিকটবর্ত্তী সমুদ্রে অনেক দিন কাটিয়েছেন; আমুদে লোক, আবাঢ়ে গল্প করতে ভারি মজবুত। কত রকম বোম্বেটের গল্প ;— চীনে কুলি, জাহাজের অফিসারদের মেরে ফেলে কেমন কোরে জাহাজ শুদ্ধ লুটে নিয়ে পালাত—এই রকম বহুৎ গল্প কর্চেন। আর কি করা যায়; লেখা পড়া এ ছলুনির চোটে মুশকিল। ক্যাবিনের ভেতর বসা দায়; জানালাটা এঁটে দিয়েচে—চেওয়ের ভয়ে। এক দিন তু— ভায়া একটু খুলে রেখেছিলেন, একটা চেউয়ের এক টুকরো এদে জলপ্লাবন কোরে গেল<u>।</u> উপরে সে ওছল পাছলের ধুম কি! তারি ভেতরে তোমার 'উদ্বোধনের' কাজ অল্প স্বল্প চল্ছে মনে রেখো। জাহাজে হুই পাদ্রী উঠেচেন। একটি আমেরিকান—সম্ভ্রীক, বড় ভাল মানুষ, নাম

একটি গাদ্রী
বার্ত্রী
হয়েচে; ছেলে মেয়েতে ছটি সন্তান—
চাকররা বলে খোদার বিশেষ মেহের-

বানি—ছেলেগুলোর সে অনুভব হয় না বোধ হয়। একখানা কাঁথা পেতে বোগেশ-ঘরণী ছেলেপিলেগুলিকে ডেকের উপর শুইয়ে চলে যায়। তারা নোংরা হয়ে কেঁদেকেটে গভাগড়ি দেয়। যাত্রীরা সদাই সভয়। ভেকে বেডাবার জো নেই; পাছে বোগেশের ছেলে মাড়িয়ে ফেলে। খুব ছোটটিকে একটি কানাতোলা চৌকো চুবজিতে শুইয়ে, বোগেশ আর বোগেশের পাড়িণী জড়াজড়ি হয়ে কোণে চার ঘণ্টা বদে থাকে। তোমার ইউরোপীয় সভ্যতা বোঝা দায়। আমরা যদি বাইরে কুলুকুটো করি, কি দাত মাজি-বলে কি অসভ্য-ও কাজগুলো গোপনে করা উচিত। আর জড়াজড়িগুলো গোপনে কল্লে ভাল হয় না কি ? তোমরা আবার এই সভ্যতার নকল করতে যাও! যাহকু প্রোটেষ্টাণ্ট ধর্ম্মে উত্তর-ইউরোপের যে কি উপকার করেচে, তা পাদ্রী পুরুষ না দেখলে তোমরা বুঝতে পারবে না। যদি এই দশ ক্রোর ইংরেজ সব মরে যায়, থালি পুরোহিতকুল বেঁচে থাকে, বিশ বৎসরে আবার দশ ক্রোরের 'স্ষ্টি!

জাহাজের টালমাটালে অনেকেরই মাথা ধরে উঠেচে। টুটল্ বলে একটি ছোট, মেয়ে বাপের সঙ্গে যাচেচ ; তার মা নেই। আমাদের নিবেদিত। টুটলের ও বোগেশের ছেলেপিলের মা হয়ে বসেচে। টুটল্ কাছে মাইশোরে মানুষ হয়েচে। বাপ প্রাণ্টার। টুটল্কে জিজ্ঞাসা কর্লুম, "টুটল! কেমন আছ ?" টুটল্ বল্লে, "এ বাঙ্গলাটা ভাল নয়, বডড দোলে, আর আমার অস্ত্র্য করে।" টুটলের কাছে ঘর দোর সব বাঙ্গ্লা। বোগেশের একটি এঁড়েলাগা ছেলের বড় অযত্ন; বেচারা সারাদিন ডেকের কাঠের ওপর গড়িয়ে বেড়াচ্চে! বুড়ো কাপ্তেন মাঝে মাঝে ঘর থেকে বেরিয়ে এসে তাকে চাম্চে কোরে স্ক্রা খাইরে যায় আর তার পা-টি দেখিয়ে বলে, "কি রোগা ছেলে, কি অ্যত্ন।"

অনেকে অনন্ত সুখ চায়। সুখ অনন্ত হলে ছঃখও
যে অনন্ত হোত—তার কি ? তা হলে কি আর আমরা

এডেন পৌছুতুম। ভাগ্যিস্ সুখ ছঃখ
কিছুই অনন্ত নয়, তাই ছয় দিনের
কিন্তু পথ চৌদ্দ দিন কোরে, দিনরাত বিষম
বাড় বাদলের মধ্য দিয়েও শেষটা
এডেনে পৌছে গেলুম। কলম্বো থেকে যত এগুনো
যায়, ততই বাড় বাড়ে, ততই আকাশ—পুকুর, ততই

বৃষ্টি, ততই বাতাসের জোর, ততই টেউ—সে বাতাস, সে টেউ ঠেলে কি জাহাজ চলে ? জাহাজের গতি আন্দেক হয়ে গেল—সকোত্রা দ্বীপের কাছাকাছি গিয়ে বেজায় বাড়লো। কাপ্তেন বল্লেন, "এইখানটা মন্-স্থনের কেন্দ্র; এইটা পেরুতে পার্লেই ক্রমে ঠাণ্ডা সমুদ্র।" তাই হলো। এ ফুঃস্বপ্নও কাট্লো।

৮ই সন্ত্যাকালে এডেন। কাউকে নামতে দেবে না, কালা গোরা মানে না। কোনও জিনিস ওঠাতে দেবে না, দেখবার জিনিদও এডেন বড় নেই। কেবল ধুধু বালি,—রাজপুত-নার ভাব--বৃক্ষহীন তৃণহীন পাহাড। পাহাডের ভেতরে ভেতরে কেন্না; ওপরে পণ্টনের ব্যারাক। সামনে অর্দ্ধতন্দ্রাকৃতি হোটেল; আর দোকানগুলি জাহাজ থেকে দেখা যাচে। অনেক-গুলি জাহাজ দাঁড়িয়ে। একথানি ইংরাজী যুদ্ধ জাহাজ. একথানি জার্ম্মান এলো; বাকিগুলি মালের বা যাত্রীর জাহাজ। গেলবারে এডেন দেখা আছে। পাহাড়ের পেছনে দিশি পল্টনের ছাউনি, বাজার। সেখান থেকে মাইল কতক গিয়ে পাহাড়ের গায় বড় বড় গহরর তৈয়ারি করা, ভাতে বৃষ্টির জল জমে। পূর্বেব ঐ জলই ছিল ভরসা। এখন যন্ত্রযোগে সমুদ্রজল বাষ্প কোরে, আবার জমিয়ে, পরিষ্কার জল হচ্চে। তা

কিন্তু মাগ্গি। এডেন ভারতবর্ষেরই একটি শহর যেন— দিশি ফৌজ, দিশি লোক অনেক। পার্সি দোকানদার, সিন্ধি ব্যাপারী অনেক। এ এডেন বড় প্রাচীন স্থান— রোমান বাদ্সা কন্ষ্টান্ সিউস্ এখানে এক দল পাজী পাঠিয়ে ক্রিশ্চিয়ান ধর্ম্ম প্রচার করান। পরে আরবেরা ক্রিশ্চিয়ানদের মেরে ফেলে। তাতে সুলতান প্রাচীন ক্রিশ্চিয়ান হাব্সি দেশের বাদ্সাকে তাদের সাজা দিতে এডেনের অনুরোধ করেন। হাব্সি-রাজ ফৌজ ই ভিবত্ত পাঠিয়ে এডেনের আরববের খুব সাজা দেন। পরে এডেন ইরাণের সামা-নিডি বাদ্সাহদের হাতে যায়। তাঁরাই নাকি প্রথমে জলের জন্ম ঐ সকল গহ্বর খোদান। তারপর, মুদলমান ধর্ম্মের অভ্যুদয়ের পর এডেন আরবদের হাতে যায়। কতক কাল পরে পোর্ত্ত সিনাপতি ঐ স্থান দখলের বৃথা উত্তম করেন। পরে তুরক্ষের স্থলতান ঐ স্থানকে, পোর্ত্ত্বনীজদের ভারত মহাসাগর হতে তাড়াবার জন্মে দরিয়াই জঙ্গের জাহাজের বন্দর করেন।

আবার উহা নিকটবর্তী আরব-মালিকের অধিকারে যায়। পরে ইংরাজেরা ক্রয় কোরে বর্ত্তমান এডেন করেচেন। এখন প্রত্যেক শক্তিমান জাতির যুদ্ধ-পোতনিচয় পৃথিবীময় ঘুরে বেড়াচেচ। কোথায় কি গোলযোগ হচেচ, তাতে সকলেই চুকথা কইতে চায়। নিজেদের প্রাধান্ত, স্বার্থ, বাণিজ্য রক্ষা করতে চায়। কাজেই মাঝে মাঝে কয়লার দরকার। পরের জায়-গায় কয়লা লওয়া যুদ্ধকালে চল্বে না বলে, আপন আপন কয়লা নেওয়ার স্থান করতে চায়। ভাল ভাল গুলি ইংরেজ ত নিয়ে বসেচেন; তারপর ফ্রান্স; তারপর যে যেথায় পায়—কেড়ে, কিনে, খোশামোদ কোরে—এক একটা জায়গা করেচে এবং কর্চে। সুয়েজ থাল হচ্চে এখন ইউরোপ-আসিয়ার সংযোগ স্থান। সেটা ফরাসিদের হাতে। কাজেই ইংরেজ এডেনে থুব চেপে বদেচে, আর অন্তান্ত জাতও রেড্-সির ধারে ধারে এক একটা জায়গা করেচে। কখনও বা জায়গা নিয়ে উল্টো উৎপাত হয়ে বসে। সাত-শ বৎসরের পর-পদদলিত ইতালি কত কণ্টে পায়ের উপর খাড়া হলো, হয়েই ভাব্লে কি হলুম রে! এখন দিগ্রিজয় কর্তে হবে। ইউরোপের এক টুকরোও কারও নেবার জো নাই; সকলে মিলে তাকে মার্বে! আসিয়ায়—বড় বড় বাঘা ভাল্কো —ইংরেজ, রুষ, ফ্রেঞ্চ, ডচ—এরা আর কি কিছু রেখেচে ? এখন বাকী আছে ছ্চার টুক্রো আফ্রিকার। ইতালি সেই দিকে চল্লো। প্রথমে উত্তর আফ্রি-কায় চেষ্টা করলে। সেথায় ফ্রান্সের °তাড়া খেয়ে পালিয়ে এল। তারপর ইংরেজরা রেড্-সির ধারে একটা জমি দান করলে। মতলব,—সেই কেন্দ্র হতে, ইতালি হাব্সি রাজ্য উদরসাৎ করেন। ইতালিও সৈম্ম সামন্ত নিয়ে এগুলেন। কিন্তু হাব্সি বাদ্সা মেনেলিক্ এমনি গোবেড়েন দিলে যে, এখন ইতালির আফ্রিকা ছেড়ে প্রাণবাঁচান দায় হয়েচে। আবার, রুশের ক্রিশ্চানি এবং হাব্সির ক্রিশ্চানি নাকি এক রকমের—তাই রুবের বাদ্সা ভেতরে ভেতরে হাব্সিদের সহায়।

জাহাজ ত রেড্-সির মধ্য দিয়ে যাচে। পাজী বল্লেন, "এই—এই রেড্-সি,—য়াহুদী নেতা মুদা সদল-

বলে পদব্রজে পার হয়েছিলেন। আর

গাদ্রী বোগেশ তাদের ধরে নিয়ে যাবার জন্মে মিসরি
ও রেড্-দি বাদ্সা ফেরো যে ফৌজ পাঠিয়েছিলেন,
সুহুন্দীর তারা—কাদায় রুথচক্র ভুবে কর্ণের
কণা মত আট্কে—জলে ভুবে মারা গেল।"

পান্দী আরও বল্লেন যে, একথা এখন
আধুনিক বিজ্ঞান-যুক্তির দ্বারা প্রমাণ হতে পারে। এখন
সব দেশে ধর্মের আজগুবিগুলি বিজ্ঞানের যুক্তি দিয়ে
প্রমাণ করবার এক ঢেউ উঠেচে। মিঞা! যদি
প্রাকৃতিক নিয়মে ঐ সবগুলি হয়ে থাকে ত আর
তোমার য়াভে দেবতা মাঝখান থেকে আসেন কেন গুবডুই মুশকিল! যদি বিজ্ঞানবিরুদ্ধ হয় ত ও কেরামত্র

গুলি আজগুবি এবং তোমার ধর্ম্ম মিথা। যদি বিজ্ঞানসমত হয়, তা হলেও, তোমার দেবতার মহিমাটি
বাড়ার ভাগ ও আর সব প্রাকৃতিক ঘটনার স্থায় আপনা
আপনি হয়েচে। পাজী বোগেশ বল্লে, "আমি অতশত জানিনি, আমি বিশ্বাস করি।" একথা মন্দ নয়—
এ সহিহ হয়। তবে ঐ যে একদল আছে—পরের
বেলা দোষটি দেখাতে, যুক্তিটি আন্তে, কেমন তৈয়ার;
নিজের বেলায় বলে, "আমি বিশ্বাস করি, আমার মন
সাক্ষ্য দেয়"—তাদের কথাগুলো একদম অসহা। আ
মরি!—ওঁদের আবার মন! ছটাকও নয় আবার মণ—
পরের বেলায় সব কুসংস্কার, বিশেষ যেগুলো সাহেবে
বলেচে; আর নিজে একটা কিস্তুত্তিমাকার কল্পনা
কোরে কেঁদেই অস্থির!!

জাহাজ ক্রমেই উত্তরে চলেচে। এই রেড্-সির
কিনার—প্রাচীন সভ্যতার এক মহাকেন্দ্র। এ—
প্রপারে, আরবের মক্তভূমি; এপারে—
ফিগরি সভাতার মিসর। এই—সেই প্রাচীন মিসর;
উৎপত্তি ও
(সম্ভবতঃ
ভারত্বর্ধ
মালাবার) হতে, রেড্-সি পার হয়ে,
কত হাজার বৎসর আগে, ক্রমে
ক্রমে রাজ্য বিস্তার কোরে উত্তরে
পৌচেছিল। এদের আশ্চর্য্য শক্তিবিস্তার, রাজ্য-

বিস্তার, সভ্যতাবিস্তার। যবনের। এদের শিষ্য। এদের বাদ্সাদের পিরামিড নামক আশ্চর্য্য সমাধিমন্দির, নারীসিংহী মূর্ত্তি। এদের মৃত দেহগুলি পর্যান্ত আজও বিভামান। বাবরিকাটা চুল, কাছাহীন ধপ্ধপে ধুতি পরা, কানে কুণ্ডল, মিসরি লোক সব, এই দেশে বাস করতো। এই—হিক্স বংশ, ফেরো বংশ, ইরাণী বাদসাহি, সিকন্দর, টলেমি বংশ এবং রোমক ও আরব বীরদের রঙ্গভূমি—মিসর। সেই ততকাল আগে এরা আপনাদের বৃত্তান্ত পাপিরস্পত্র, পাথরে, মাটির বাসনের গায়ে চিত্রাক্ষরে তন্ত্র তন্ত্র কোরে লিখে গেচে।

এই ভূমিতে আইসিসের পূজা, হোরসের প্রাত্তাব। এই প্রাচীন মিদরিদের মতে—মানুষ মলে তার সূক্ষ শরীর বেড়িয়ে বেড়ায়, কিন্তু মৃত দেহের কোন অনিষ্ট হলেই সূক্ম শরীরে মিসরি:দর আঘাত লাগে, আর মৃত শরীরের আধ্যাত্মিক ধ্বংস হইলেই সূক্ষ শরীরের একান্ত নাশ, মত: মামি বা মিসরি তাই শ্রীর রাখবার এত যত্ন। তাই রাজা রাজগণের মৃত বাদ্দাদের পিরামিড। কত কৌশল! নেহ কি পরিশ্রম! সবই আহা বিফল!! ঐ পিরামিড খুঁড়ে, নানা কৌশলের রাস্তার রহস্ত ভেদ

কোরে রত্নলোভে দস্থারা সে রাজ-শরীর চুরি করেচে।

আজ নয়, প্রাচীন মিসরিরা নিজেরাই করেচে। পাঁচ সাত-শ বংসর আগে এই সকল গুক্নো মরা য়াছদি ও আরব ডাক্তারেরা, মহৌষধি জ্ঞানে, ইউরোপ গুদ্ধ রোগীকে খাওয়াত। এখনও উহা বোধ হয় ইউনানি হাকিমির আসল "মামিয়া"!!

এই মিসরে, টলেমি বাদ্সার সময়ে স্মাট্ ধর্ম্মানোক ধর্ম্মপ্রচারক পাঠান। তারা ধর্ম্ম প্রচার করত, রোগ ভাল করত, নিরামিয খেত, বিবাহ করতো না, সন্ন্যাসী শিষ্য করতো। রাজা অশোক ও মিসরদেশে তারা নানা সম্প্রদায়ের সৃষ্টি করলে— বৌদ্ধধর্ম্ম থেরাপিউট্, অস্সিনি, মানিকি, ইত্যাদি: প্রচার —যা হতে বর্ত্তমান ক্রি***চানি ধর্ম্মের সমুদ্ভব**। এই মিদরই টলেমিদের রাজ্যকালে সর্ক্বিছার আকর হয়ে উঠেছিল। এই মিসরেই সে আলেকজেন্দ্রিয়া নগর,—যেখানকার বিভালয়, পুস্তকা-গার, বিদ্বজ্জন জগৎপ্রসিদ্ধ হয়েছিল। ক্রিশ্চিয়ানদের অভাচার সে আলেকজেন্দ্রিয়া মূর্থ গোঁড়া ইতর ক্রিশ্চিয়ানদের হাতে পড়ে ধ্বংস হয় গেল—পুস্তকালয় ভস্মরাশি হল—বিভার সর্বনাশ . হল! শেষ বিছ্যী নারীকে * ক্রিশ্চিয়ানেরা নিহত কোরে, তাঁর নগুদেহ রাস্তায় রাস্তায় সকল প্রাকার

* হাইপেশিয়া (Hypatia)

বীভংস অপমান কোরে টেনে বেড়িয়ে, অস্থি হতে টুকরা টুকরা মাংস আলাদা কোরে ফেলেছিল !

আর দক্ষিণে—বীরপ্রস্থ আরবের মরুভূমি। কখন আলখালা ঝোলান, পশমের গোছা দড়ি দিয়ে ঁএকথানা মস্ত রুমাল মাথায় গাঁটা, বন্দু আরব দেখেচ ?—দে চলন, সে দাঁড়াবার ভঙ্গি, সে চাউনি, আর কোনও দেশে আরবের নাই। আপাদমস্তক দিয়ে মরুভূমির অভ্যুদয় অনবরুদ্ধ হওয়ার স্বাধীনতা ফুটে বেরুচ্চে—সেই আরব। যখন ক্রিশ্চিয়ানদের গোঁড়ামি আর জাঠদের বর্ববরতা প্রাচীন ইউনান ও রোমান সভ্যতালোককে নির্বাণ কোরে দিলে, যখন ইরাণ অন্তরের পৃতিগন্ধ ক্রমাণত সোনার পাত দিয়ে মোড্বার চেষ্টা কর্ছিল, যথন ভারতে—পাটলিপুত্র ও উজ্জায়িনীর গৌরবরবি অস্তাচলে, উপরে মূর্য ক্রুর রাজবর্গ, ভিতরে ভীষণ অশ্লীলতা ও কামপূজার আবর্জনারাশি—দেই

ভূমগুলে পরিবাণ্ড হয়ে পড়্লো।

ক্রি ষ্টিমার মন্ধা হতে আসচে, যাত্রী ভরা; ঐ দেখ

—ইউরোপী পোষাকপরা ভুর্ক, আধা ইউরোপীবেশে

মিসরি, ঐ স্থরিয়াবাসী মুসলমান ইরাণীবেশে, আর ঐ

আসল আরব ধ্তিপরা—কাছা নেই। মহম্মদের

সময়ে এই নগণ্য পশুপ্রায় আরবজাতি বিহ্যুদ্বেগে

পূর্বেক কাবার মন্দিরে উলঙ্গ হয়ে প্রদক্ষিণ কর্তে হোত; তাঁর সময় থেকে একট। ধুতি জড়াতে হয়। তাই আমাদের মুদলমানের। -বৰ্ত্তমান আরব নমাজের সময় ইজারের দড়ি খোলে, ধৃতির কাছা খুলে দেয়। আর আরবদের সেকাল নেই। ক্রমাগত কাফরি, সিদি, স্থাব্সি রক্ত প্রবেশ কোরে, চেহার। উভাম সব বদ্লে দেচে—মরুভূমির আরব পুন্মূষিক হয়েচেন। যার। উত্তরে, তারা তুরচ্চের রাজ্যে বাস করে—চুপচাপ কোরে। কিন্ত স্থলতানের ক্রিন্চিয়ান প্রজারা তুরচ্চকে ঘূণা করে, আরবকে ভালবাদে, "আরবরা লেখাপড়া শেখে, ভদ্রলোক হয়, অত উংপেতে নয়"—তারা বলে। আর খাঁটী তুর্করা ক্রিম্চিয়ানদের উপর বড়ই অত্যাচার করে।

মরুভূমি অত্যন্ত উত্তপ্ত হলেও সে গ্রম তুর্ববল করে না। তাতে, কাপড়ে গা মাথা ঢেকে রাখলেই আর গোল নেই। শুক্ষ গরমি,—তুর্ববল অরহি না, বরং বিশেষ বলকারক। গর্মি রাজপুতনার, আরবের, আফ্রিকার লোকগুলি এর নিদর্শন। মারোয়ারের এক এক জেলায় মানুষ, গরু, ঘোড়া সবই সবল ও আকারে বৃহং। আরবী মানুষ ও সিদিদের দেখলে আনন্দ হয়। যেখানে জোলো গরমি, যেমন বাঙ্গালা দেশ, সেথানে শরীর অত্যস্ত অবসন্ন হয়ে পড়ে আর সব মুর্বল।

রেড্-সির নামে যাত্রীদের হৃংকম্প হয়—ভ্য়ানক
গরম—তায়, এই গরমি কাল। ডেকে বসে যে যেমন
পার্চে, একটা ভীষণ হুর্ঘটনার গল্প
রেড্-সির গরমি শোনাচেচ। কাপ্তেন সকলের চেয়ে উচিয়ে
বল্চেন। তিনি বল্লেন, "দিন কতক
আগে একখানা চীনে যুদ্ধজাহাজ এই রেড্-সি দিয়ে
যাচিল, তার কাপ্তেন ও আট জন কয়লা-ওয়ালা খালাসি
গরমে মরে গেচে।"

বাস্তবিক কয়লা-ওয়ালা একে অগ্নিকুণ্ডের মধ্যে দাঁড়িয়ে থাকে, তায় রেড-্সির নিদারুণ গরম। কখন কখন থেপে ওপরে দৌড়ে এসে ঝাঁপ দিয়ে জলে পড়ে, আর ডুরে মরে; কখনও বা গরমে নীচেই মারা যায়।

এই সকল গল্প শুনে [ফ্রংকম্প] হবার ত যোগাড়। কিন্তু অদৃষ্ট ভাল, আমরা বিশেষ গরম কিছুই পেলুম না। হাওয়া দক্ষিণী না হয়ে উত্তর থেকে আসতে লাগল—দে ভূমধ্যসাগরের ঠাও। হাওয়া।

১৪ই জূলাই রেড্-িস পার হয়ে জাহাজ স্থয়েজ পৌছুল। সাম্নে—স্থয়েজখাল। জাহাজে, স্থয়েজে নাবাবার মাল আছে। তার উপর এদেচেন মিদরে প্রেগ, আর আমরা আন্চি প্রেগ, সম্ভবতঃ —কাজেই দোতরকা ছোঁয়াছু যির ভয়। সুয়েজ বন্দর ও এ ছু ৎছাতের স্থাটার কাছে, আমাদের কার টোন দিশি ছু[°]ৎছাঁত কোথায় লাগে। মাল নাব্বে, কিন্তু স্থয়েজের কুলি জাহাজ ছুঁতে পারবে না। জাহাজে থালাসী বেচারাদের আপদ আর কি! তারাই কুলি হয়ে ক্রেনে কোরে মাল তুলে, আলটপ্কা নীচে স্থয়েজী নৌকায় ফেলচে— তারা নিয়ে ডাঙ্গায় যাচেচ! কোম্পানীর এজেণ্ট, ছোট লাঞ্চ কোরে জাহাজের কাছে এদেচেন, ওঠ্বার হুকুম নেই। কাপ্তেনের সঙ্গে জাহাজে নৌকায় কথা হচ্চে। এ ত ভারতবর্ষ নয় যে, গোরা আদুমি **প্রেগ আইনকাইন সকলের পার—এথানে ইউরোপের** আরম্ভ। স্বর্গে ইচুর-বাহন প্রেগ পাছে ওঠে, তাই এত আয়োজন। প্রেগ-বিষ, প্রবেশ থেকে দশ দিনের মধ্যে ফুটে বেরোন; তাই দশ দিনের আটক। আমাদের কিন্তু দশ দিন হয়ে গেচে—কাঁড়া কেটে গেচে। কিন্তু মিসরি আদমিকে ছুঁলেই আবার দশ দিন আটক—তা হলে আর নেপল্দেও লোক নাবান হবে না, মার্সাইতেও নয়—কাজেই যা কিছু কাজ হচ্চে, সব আলগোচে; কাজেই ধীরে ধীরে মাল নাবাতে সারাদিন লাগবে।

রাত্রিতে জাহাজ অনায়াসেই খাল পার হতে পারে, যদি
সামনে বিজলী-আলো পায়; কিন্তু সে আলো পরাতে
গেলে, স্থয়েজের লোককে জাহাজ ছুঁতে হবে, বস—
দশ দিন কারাটান্। কাজেই রাতেও যাওয়া হবে না,
চবিবশ ঘণ্টা এইখানে পড়ে থাক, স্থয়েজ বন্দরে।
এটি বড় স্থন্দর প্রাকৃতিক বন্দর, প্রায় তিন দিকে বালির
টিপি আর পাহাড়—জলও খুব গভীর। জলে অসংখ্য
মাছ আর হাঙ্গর ভেসে ভেসে বেড়াচেচ। এই বন্দরে,
আর অষ্ট্রেলিয়ার সিড্নি বন্দরে, যত হাঙ্গর, এমন আর
ছনিয়ার কোথাও নাই—বাগে পেলেই মান্থয়কে
থেয়েচে। জলে নাবে কে প সাপ আর হাঙ্গরের ওপর
মান্থবেরও জাতক্রোধ; মান্থয়ও বাগে পেলে ওদের
ছাড়ে না।

সকাল বেলা খাবার-দাবার আগেই শোনা গেল যে, জাহাজের পেছনে বড় বড় হাঙ্গর ভেমে ভেমে বেড়াচ্চে।

জল-জেন্ত হাঙ্গর পূর্বের আর কখন
হাঙ্গর ও
দেখা যায়নি—গতবারে আসবার সময়ে
বনিটো সুয়েজে জাহাজ অল্পকণ্ট ছিল, তা-ও
আবার শহরের গ্লায়ে। হাঙ্গরের খব্র

শুনেই, আমরা তাড়াতাড়ি উপস্থিত। সেকেণ্ড কেলাসটি জাহাজের পাছার উপর—সেই ছাদ হতে বারান্দা ধরে কাতারে কাতারে স্ত্রী পুরুষ, ছেলে মেয়ে, ঝুঁকে হাঙ্গর দেখ্চে। আমরা যখন হাজির হলুম, তখন হাঙ্গর মিঞারা একটু সরে গেচেন; মনটা বড়ই কুন্ন হল। কিন্তু দেখি যে, জলে গাঙ্ধাড়ার মত এক প্রকার মাছ ঝাঁকে ঝাঁকে ভাসচে। আর এক রকম খুব ছোট মাছ, জলে থিক্ থিক্ কর্চে। মাঝে মাঝে এক একটা বড় মাছ, অনেকটা ইলিস মাছের চেহারা, তীরের মত এদিক্ ওদিক কোরে দৌড়ুচ্চে। মনে হল, বুঝি উনি হাঙ্গরের বাচ্চা। কিন্তু জিজ্ঞাস। করে জানলুম—তা নয়। ওঁর নাম বনিটো। পূর্ব্বে ওঁর বিষয় পড়া গেছলো বটে; এবং মালদ্বীপ হতে উনি শুটকিরূপে আমদানি হন, হুড়ি চডে,—তাও পড়া ছিল। ওঁর মাংস লাল ও বড় স্থবাদ—তাও শোনা আছে। এখন ওঁর তেজ আর বেগ দেখে খুণী হওয়া গেল। অত বড় মাছটা তীরের মত জলের ভিতর ছুট্চে, আর সে সমুদ্রের কাচের মত জল, তার প্রত্যেক অঙ্গ-ভঙ্গি দেখা যাচেচ। বিশ মিনিট, আধ ঘণ্টাটাক, এই প্রকার বনিটোর ছুটোছুটী আর ছোট মাছের কিলিবিলি ত দেখা যাচ্চে। আধ ঘণ্টা, তিন কোয়ার্টারু—ক্রমে তিতিবিরক্ত হয়ে আসচি, এমন সময়ে একজন বললে—এ এ! দশ বার জনে राल छेर् (ला, ঐ बामरह, ঐ बामरह!! हिस्स দেখি, দূরে একটা প্রকাণ্ড কাল বস্তু ভেমে আসচে,

পাঁচ সাত ইঞ্চি জলের নীচে। ক্রমে বস্তুটা এগিয়ে আসতে লাগ্লো। প্রকাণ্ড থ্যাবড়া মাথা দেখা দিলে: সে গদাইলস্করি চাল ; বনিটোর সোঁ সোঁ তাতে নেই : তবে একবার ঘাড় ফেরালেই একটা মস্ত চক্কর হল। বিভীষণ মাছ; গম্ভীর চালে চলে আসচে--আর আগে আগে ছুএকটা ছোট মাছ; আর কতকগুলো ছোট মাছ তার পিঠে গায়ে পেটে খেলে বেড়াচ্চে। কোন কোনটা বা জেঁকে তার ঘাড়ে চড়ে বসচে। ইনিই সসাঙ্গোপাঙ্গ হাঙ্গর। যে মাছগুলি হাঙ্গরের আগে আগে যাচ্চে, তাদের নাম "আড়কাটি মাছ—পাইলট ফিস্।" তারা হাঙ্গরকে শিকার দেখিয়ে দেয়, আর বোধ হয় প্রদাদটা-আসটা পায়। কিন্তু হাঙ্গরের সে মুখ-ব্যাদান দেখলে তারা যে বেশী সফল হয়, তা বোধ হয় না। যে মাছগুলি আশেপাশে ঘুরচে, পিঠে চড়ে বদচে, তারা হাঙ্গর-"চোষক"। তাদের বুকের কাছে প্রায় চার ইঞ্চি লম্বা ও হুই ইঞ্চি চওড়া চেপ টা গোলপানা একটি স্থান আছে। তার মাঝে, যেমন ইংরাজী অনেক রবারের জুতোর তলায় লম্বা জুলি কাটা কির্কিরে থাকে, তেমনি জুলি কাটা কাটা। সেই জায়গাটা ঐ মাছ, হাঙ্গরের গায়ে দিয়ে চিঞ্দে ধরে; তাই হাঙ্গরের গায়ে পিঠে চড়ে চলচে দেখায়। এরা নাকি হাঙ্গরের গায়ের পোকা মাকড় খেয়ে বাঁচে।

এই ছুই প্রকার মাছ পরিবেষ্টিত না হয়ে হাঙ্গর চলেন না। আর এদের, নিজের সহায় পরিষদ্ জ্ঞানে কিছু বলেনও না। এই মাছ একটা ছোট হাতস্মতোয় ধরা পড়লো। তার বুকে জুতোর তলা একটু চেপে দিয়ে পা তুল্তেই সেটা পায়ের সঙ্গে চিপ্সে উঠতে লাগল। এ রকম কোরে সে হাঙ্গরের গায়ে লেগে

সেকেণ্ড কেলাদের লোকগুলির বড়ই উৎসাহ। তাদের মধ্যে একজন ফৌজি লোক—তার ত উৎসাহের সীমা নেই। কোথা থেকে জাহাজ থুঁজে একটা ভীষণ বঁড়শির যোগাড় করলে। হাকর ধরা সে "কুঁয়োর ঘটি তোলার" ঠাকুরদাদা। তাতে সেরখানেক মাংস আচ্ছা-দড়ি দিয়ে জোর কোরে জড়িয়ে বাঁধলে। তাতে এক মোটা কাছি বাঁধা হল। হাত চার বাদ দিয়ে, একখানা মস্ত কাঠ ফাতনার জন্ম লাগান হল। তারপর, ফাতনা শুদ্ধ বঁড়শি, ঝুপ কোরে জলে ফেলে দেওয়া হল। জাহাজের নীচে একথানি পুলিশের নৌকা আমরা আসা পর্যান্ত চৌকি দিচ্ছিল —পাছে ডাঙ্গার সঙ্গে আমাদের কোন রকম ছোঁয়াছু[°]য়ি হয়। সেই নৌকার উপর আবার ছজন দিব্বি पুমুচ্ছিল, আর যাত্রীদের যথেষ্ট ঘূণার কারণ হচ্ছিল। এক্ষনে তারা বড় বন্ধু হয়ে উঠ্লো। হাঁকাহাঁকির চোটে আরব

মিঞা চোথ মুছতে মুছতে উঠে দাঁড়ালেন। কি একটা হাঙ্গামা উপস্থিত বলে, কোমর আটিবার যোগাড় কর্ছেন, এমন সময়ে বুঝতে পারলেন যে অত হাঁকাহাঁকি, কেবল তাঁকে কড়িকাষ্ঠরূপ হাঙ্গর ধরবার ফাতনাটিকে টোপ সহিত কিঞ্চিৎ দূরে সরাইয়া দিবার অন্থরোধ-ধ্বনি। তখন তিনি নিঃশ্বাস ছেড়ে, আকর্ণ-বিস্তার হাসি হেসে একটা বল্লির ডগায় কোরে ঠেলেঠুলে ফাতানাটাকে ত দূরে ফেল্লেন; আর আমরা উদ্গ্রীব হয়ে, পায়ের ভগায় দাঁড়িয়ে বারাণ্ডায় ঝুঁকে, এ আসে এ আসে —শ্রীহাঙ্গরের জন্ত 'সচকিতনয়নং পশ্ততি তব পন্থানং' হয়ে রইলাম; এবং যার জন্তে মানুষ এ প্রকার ধড়্ফড় করে, সে চিরকাল যা করে, তাই হতে লাগলো— অর্থাৎ 'স্থি শ্রাম না এলো'। কিন্তু সকল তঃথেরই একটা পার আছে। তখন সহসা জাহাজ হতে প্রায় তুশ' হাত দূরে, বৃহৎ ভিস্তির মৃষকের আকার কি একটা ভেমে উঠ্লো; সঙ্গে সঙ্গে, ঐ হাঙ্গর ঐ হাঙ্গর ब्रव। हुभ हुभ — एहलव मन ! — राष्ट्रव भीनारव। विन, ওহে! সাদা টুপিগুলো একবার নাবাও না, হাঙ্গরটা যে ভড়কে যাবে—ইত্যাকার আওয়াজ যথন কর্ণকুহরে প্রবেশ কর্চে, তাবং সেই হাঙ্গর লবণসমুজজন্মা, বঁড়শি-সংলগ্ন শোরের মাংসের তালটি উদরাগ্নিতে ভস্মাবশেষ করবার জন্তে, পালভরে নৌকার মত সেঁ। করে সামনে

এসে পড়লেন। আর পাঁচ হাত—এইবার হাঙ্গরের মুখ টোপে ঠেকেছে! সে ভীম পুচ্ছ একটু হেল্লে। – সোজা গতি চক্রাকারে পরিণত হল। যাঃ, হাঙ্গর চলে গেল যে হে! আবার পুক্ত একটু বাঁকলো, আর দেই প্রকাণ্ড শরীর ঘুরে, বঁড়শিমুখো দাঁড়ালো। আবার দোঁ৷ কোরে আস্চে—এ হাঁ কোরে, বঁড়শি ধরে ধরে! আবার সেই পাপ লেজ নড়্লো, আর হাঙ্গর শরীর ঘুরিয়ে দূরে চল্লো। আবার ঐ চক্র দিয়ে আস্চে, আবার হাঁ করচে; এ—টোপটা মুখে নিয়েচে, এইবার — धे के हिन्दिय পড়্লো; হয়েচে, টোপ খেয়েচে— টান্ টান্ টান্, ৪০।৫০ জনে টান্, প্রাণপণে টান্! কি জোর মাছের। কি ঝটাপট—কি হাঁ। টান্ টান্। জল থেকে এই উঠ্লো, ঐ যে জলে ঘুর্চে, আবার চিতুচ্চে, টান্ টান্। যাঃ টোপ খুলে গেল! হাঙ্গর পালাল। তাই ত হে, তোমাদের কি তাড়াতাড়ি বাপু! একটু সময় দিলে না টোপ খেতে! যেই চিতিয়েচে অমনিই কি টান্তে হয় ? আর—"গতস্ম শোচনা নাস্তি"; হাঙ্গর ত বঁড়শি ছাড়িয়ে চোঁচা দৌড়। আড়কাঠী মাছকে, উপযুক্ত শিক্ষা দিলে কিনা ত খবর পাইনি—মোদ্ধা হাঙ্গর ত চোঁচা। আবার সেটা ছিল "বাঘ।"—বাঘের মত কালো কালো ডোরা কাটা। যা হোক্ "বাঘা" বঁড়শি-সন্নিধি পরিত্যাগ করবার জন্ম, স-"আড়কাঠি"–"রক্তচোষা" অন্তর্দধে।

কিন্তু নেহাৎ হতাশ হবার প্রয়োজন নেই—ঐ যে পলায়মান "বাঘার" গা ঘেঁসে আর একটা প্রকাণ্ড "থ্যাব্ড়া মুখো" চলে আস্চে! আহা হাঙ্গরদের <mark>ভাষা</mark> নেই! নইলে "বাঘা" নিশ্চিত পেটের খবর তাকে * দিয়ে সাবধান করে দিতো। নিশ্চিত বল্তো, "দেখ হে সাবধান, ওখানে একটা নৃতন জানোয়ার এসেচে, বড় সুস্বাদ সুগন্ধ মাংস তার, কিন্তু কি শক্ত হাড় ! এতকাল হাঙ্গর-গিরি কর্চি, কত রকম জানোয়ার— জেন্ত, মরা, আধমরা—উদরস্থ করেচি, কত রকম হাড়-গোড়, ইট-পাথর, কাঠ-কুটরো, পেটে পুরেচি, কিন্তু এ হাড়ের কাছে আর সব মাথম হে—মাথম!! এই দেখ না —আমার দাঁতের দশা, চোয়ালের দশা কি হয়েচে" বলে, একবার সেই আকটিদেশ-বিস্তৃত মুখ ব্যাদান কোরে আগন্তুক হাঙ্গরকে অবশ্যই দেখাতো। সেও প্রাচীনবয়স-স্থলভ অভিজ্ঞতা সহকারে—চ্যাঙ্গ মাছের পিত্তি, কুঁজো ভেটকির পিলে, ঝিন্থকের ঠাণ্ডা স্থরুয়া ইত্যাদি সমুদ্রজ মহৌষধির কোন না কোনটা ব্যবহারের উপদেশ দিতই দিতো। কিন্তু যখন ওসব কিছুই হল না তখন হয় হাঙ্গরদের অত্যন্ত ভাষার অভাব, নতুবা ভাষা আছে, কিন্তু জলের মধ্যে কথা কওয়া চলে না! অতএব যতদিন না কোনও প্রকার হাঙ্গুরে অক্ষর আবিকার হচ্চে, ততদিন সে ভাষার ব্যবহার কেমন

কোরে হয় ?—অথবা "বাঘা" মান্ত্যবেঁদা হয়ে মান্ত্যের ধাত পেয়েচে, তাই "থ্যাব্ড়া"কে আদল খবর কিছু না বলে, মুচ্কে হেদে, 'ভাল আছ ত হে' বলে দরে গেল।—"আমি একাই ঠক্বো ?"

"আগে যান ভগীরথ শদ্ধ বাজাইয়ে পাছু পাছু যান
গঙ্গা — শদ্ধবানি ত শোনা যায় না, কিন্তু আগে
আগে চলেচেন "পাইলট ফিস্", আর পাছু পাছু
প্রকাণ্ড শরীর নাড়িয়ে আসচেন "থাবড়া"; তাঁর
আশেপাশে নেত্য করচেন "হাঙ্গর-চোষা" মাছ। আহা,
ও-লোভ কি ছাড়া যায় ? দশ হাত দরিয়ার উপর
বিক্ বিক্ কোরে তেল ভাস্চে, আর খোসব্ কত দ্র
ছুটেচে, তা "থাবড়াই" বলতে পারে। তার উপর সে
কি দৃষ্য — সাদা, লাল, জরদা — এক জায়গায়! আসল
ইংরেজি শুয়ারের মাংস, কালো প্রকাণ্ড বঁড়শির চারি
ধারে বাঁধা, জলের মধ্যে, রং-বেরঙ্গের গোপীমণ্ডলমধ্যস্থ কৃষ্ণের স্থায় দোল খাচেছ!!

এবার সব চুপ্—নোড়ো চোড় না, আর দেখ
—তাড়াতাড়ি কোরো না। মোদ্দা—কাছির কাছে কাছে
থেকো। ঐ,—বঁড়শির কাছে কাছে ঘুরচে; টোপটা
মুখে নিয়ে নেড়েচেড়ে দেখচে। দেখুক। চুপ্ চুপ্—
এইবার চিং হল—ঐ যে আড়ে গিল্চে; চুপ্—গিল্তে
দাও। তখন "খ্যাব্ড়া" অবসরক্রমে, তাড় হয়ে,

টোপ উদরস্থ কোরে যেমন চলে যাবে, অমনি পড়লো টানু! বিশ্বিত "থ্যাব্ড়া," মুখ ঝেড়ে, চাইলে সেটাকে ফেলে দিতে—উল্টো উৎপত্তি!! বঁড়শি গেল বিংধ, আর ওপরে ছেলে বুড়ো, জোয়ান, দে টান্—কাছি ধরে দে টান্। ঐ হাঙ্গরের মাথাটা জল ছাড়িয়ে উঠ্লো—টান্ ভাই টান্। ঐ যে—প্রায় আধখানা হাঙ্গর জলের ওপর! বাপ ্কি মুখ ! প্রেম্বটাই মুখ আর शना हर ! छोन् — के अवछ। किन छास्ट्रिकेक के य वँ एमिटे। विंदशर एक किंग्रिक क থাম্ থাম্—ও আরব পুলিস ক্ষিত্তির বাসজর দিকে একটা দড়ি বেঁধে দাও ত সংক্ষেত্ৰ এত বড় জানোয়ার টেনে তোলা দায়। সারধান হয়ে ভাই, ও-ল্যাজের ঝাপটায় ঘোড়ার ঠ্যাং ভেঙ্গে যায়। আবার টান্—কি ভারি হে ? ও মা, ও কি ? তাইত হে, হাঙ্গরের পেটের নীচে দিয়ে ও বুল্চে কি? ও যে—নাড়ি ভুঁড়ি! নিজের ভারে নিজের নাড়ি ভুঁড়ি বেরুল যে ! যাক্, ওটা কেটে দাও, জলে পড়ুক, বোঝা কমুক; টান্ ভাই টান্। এ যে রক্তের ফোয়ারা হে! আর কাপড়ের মায়া কর্লে চল্বে না। টান —এই এলো। এইবার জাহাজের ওপর ফেল; ভাই হুঁশিয়ার, খুব হুঁশিয়ার, তেড়ে এক কামড়ে একট। হাত ওয়ার--তার ঐ ল্যাজ সাবধান। এইবার, এইবার

দড়ি ছাড়—ধুপ্! বাবা, কি হাঙ্গর! কি ধপাৎ কোরেই জাহাজের উপর পড়লো! সাবধানের মার নেই—এ কড়ি কঠিখানা দিয়ে ওর মাথায় মার— ^ওহে—ফৌজি-ম্যান, তুমি সেপাই লোক, এ তোমারি কাজ।—"বটে ত"। রক্ত মাথা গায়, কাপড়ে, কৌজি যাত্রী, কড়ি কাঠ উঠিয়ে, হুম্ ছুম্ দিতে লাগলো হাঙ্গরের মাথায়। আর মেয়েরা—আহা কি নিষ্ঠুর, মের না ইত্যাদি চীৎকার কর্তে লাগ্লো—অথচ দেখ্তেও ছাড়বে না। তারপর সে বীভৎস কাণ্ড এইখানেই বিরাম হোক্। কেমন কোরে সে হাঙ্গরের পেট চেরা হল, কেমন রক্তের নদী বইতে লাগ্লো, কেমন সে হাঙ্গর ছিন্ন অন্ত্র, ভিন্ন দেহ, ছিন্ন হৃদেয় হয়েও কতক্ষণ্ কাঁপ্তে লাগ্লো, নড়তে লাগ্লো; কেমন কোরে তার পেট থেকে অস্থি, চর্ম্ম, মাংস, কাঠ-কুটরো, এক রাশ বেরুলো—সে সব কথা থাক্। এই পর্যান্ত যে, সেদিন আমার খাওয়া দাওয়ার দফা মাটি হয়ে গিয়েছিলো। সব জিনিসেই সেই হাঙ্গরের গন্ধ বোধ হতে লাগলো।

এ সুয়েজ খাল থাতস্থাপত্যের এক অন্তুত নিদর্শন।
কডিনেণ্ড লেসেপ্স নামক এক ফরাসী
সংবেজ থাল স্থান করেন। ভূমধ্যসাগার আর লোহিতসাগারের সংযোগ
হয়ে, ইউরোপ আর ভারতবর্ষের মধ্যে ব্যবসা বাণিজ্যের

স্থবিধা হয়েচে। মানব জাতির উন্নতির অতান্ত অবস্থার জন্ম যতগুলি কারণ প্রাচীন কাল বৰ্ত্তমান থেকে কাজ কর্চে, তার মধ্যে বোধ হয়, ভারতের বাণিজ্য সর্বপ্রধান। ভারতের অনাদি কাল হতে, উর্ব্রতায় আর বাণিজাই প্ৰকল জাতির বাণিজ্য-শিল্পে, ভারতের মত দেশ কি উন্নতির কারণ আর আছে ? ছনিয়ার যত সৃতি কাপড়, তুলা, পাট, নীল, লাক্ষা, চাল, হীরে, মতি ইত্যাদির ব্যবহার ১০০ বংসর আগে পর্য্যন্ত ছিল, তা সমস্তই ভারতবর্ষ হতে যেতো। তা ছাড়া উংকৃষ্ট রেশমি পশমিনা কিংখাব ইত্যাদি এদেশের মত কোথাও হোত না। আবার লবঙ্গ এলাচ মরিচ জায়ফল জয়িত্রি প্রভৃতি নানাবিধ মসলার স্থান, ভারতবর্ষ। কাজেই অতি প্রাচীনকাল হতেই, যে দেশ যখন সভ্য হোত, তখন ঐ সকল জিনি-সের জন্ম ভারতের উপর নির্ভর। এই বাণিজ্য হুটি প্রধান ধারায় চলতো; একটি ডাঙ্গাপথে আফগানি ইরাণী দেশ হয়ে, আর একটি জলপথে রেড্-সি হয়ে। সিকন্দর সা, ইরাণ বিজয়ের পর, নিয়াকুঁস নামক সেনাপতিকে জলপথে সিন্ধুনদের মুখ হয়ে সমুদ্র পার হয়ে লোহিতসমুদ্র দিয়ে রাস্তা দেখতে পাঠান। বাবিল ইরাণ গ্রীস রোম প্রভৃতি প্রাচীন দেশের এশ্বর্যা যে কত পরিমাণে ভারতের

বাণিজ্যের উপর নির্ভর কর্তো, তা অনেকে জানে না। রোম ধ্বংসের পর মুসলমানি বোগদাদ ও ইতালীয় ভিনিস্ ও জেনোয়া, ভারতীয় বাণিজ্যের প্রধান পাশ্চাত্য কেন্দ্র হয়েছিল। যথন তুর্কেরা রোম সাম্রাজ্য দখল কোরে ইতালীয়দের ভারতবাণিজ্যের রাস্তা বন্ধ কোরে দিলে, তথন জেনোয়া নিবাসী কলম্বাস (ক্রিষ্টোফার কলম্বাদ), আটুলান্টিক পার হয়ে ভারতে আসবার নৃতন রাস্তা বার কর্বার চেষ্টা করেন, ফল—আমেরিকা মহাদ্বীপের আবিজ্ঞিয়া। আমেরিকায় পৌছেও কলম্বাসের ভ্রম যায়নি ষে, এ ভারতবর্ষ নয়। সেই জন্মই আমেরিকার আদিম-নিবাসীরা এখনও ইণ্ডিয়ান নামে অভিহিত। বেদে দিকু নদের "দিকু" "ইন্দু" ছুই নামই পাওয়া যায়; ইরাণীরা তাকে "হিন্দু," গ্রীকরা "ইণ্ডুদ" কোরে তুললে: তাই থেকে ইণ্ডিয়া—ইণ্ডিয়ান। মুসলমানি ধর্মের অভ্যুদয়ে হিন্দু দাঁড়াল—কালা (খারাপ), যেমন এখন—নেটিভ।

এদিকে পোর্ত্ত্বনীদরা ভারতের নৃতন পথ, আফ্রিকা বৈড়ে, আবিষ্ণার করলে। ভারতের লক্ষ্মী পোর্ত্ত্বনালের উপর সদয়া হলেন; পরে ফরাসী, ওলন্দাজ, দিনেমার, ইংরেজ। ইংরেজের ঘরে ভারতের বাণিজ্য রাজত্ব সমস্তই; তাই ইংরেজ এখন সকলের উপর বড় জাত। তবে এখন আমেরিকা প্র<mark>ভৃতি দেশে</mark>

ভারতের জিনিসপত্র অনেক স্থলে ভারত

ইউরোপ অপ্রে ভারতের সভ্যতার নিকট সম্পূর্ণ ঝণী ইউট

অপেক্ষাও উত্তম উৎপন্ন হচ্চে, তাই ভারতের আর তত কদর নাই। একথা ইউরোপীয়েরা স্বীকার কোর্তে চায় না।

ভারত—নেটিভ্পূর্ণ, ভারত যে তাঁদের

ধন সভ্যতার প্রধান সহায় ও সম্বল, সে কথা মান্তে চায় না, বুঝতেও চায় না। আমরাও বোঝাতে কি ছাড়্বো ? ভেবে দেখ কথাটা কি। ঐ যারা চাবাভূষা

তাঁতি জোলা ভারতের নগণ্য মনুষ্

ভারতের ছোট জাত পুলার্হ বিজাতিবিজিত স্বজাতিনিন্দিত ছোট জাত, তারাই আবহমান কাল নীরবে

কাজ কোরে যাচ্চে, তাদের পরিশ্রমফলও

তারা পাচ্চে না! কিন্তু ধীরে ধীরে প্রাকৃতিক নিয়মে ছনিয়াময় কত পরিবর্ত্তন হয়ে যাচে। দেশ, সভ্যতা, প্রাধান্ত, ওলটপালট হয়ে যাচে। হে ভারতের প্রমজীবি! তোমার নীরব, অনবরত নিন্দিত পরিশ্রমের ফলস্বরূপ বাবিল, ইরাণ, আলকসন্দ্রিয়া, গ্রীস, রোম, ভিনিস, জেনোয়া, বোগ্দাদ, সমরকন্দ, স্পেন, পর্ত্ত্বগাল, ফরাসী, দিনেমার, ওলন্দাজ ও ইংরেজের ক্রমান্বয়ে আধিপত্য ও ঐশ্বর্য়। আর তুমি: শৈকে ভাবে একথা। স্থামিজী! তোমাদের পিতৃপুক্ষ তুথানা দর্শন লিখেচেন,

দশখানা কাব্য বানিয়েচেন, দশটা মৃন্দির করেচেন— তোমাদের ডাকের চোটে গগন ফাট্চে; আর যাদের ক্ষধিরস্রাবে মনুয়জাতির যা কিছু উন্নতি—তাদের গুণগান কে করে ? লোকজয়ী ধর্মবীর রণবীর কাব্যবীর সকলের চোখের উপর, সকলের পূজ্য; কিন্তু কেউ रयशात (मरथ ना, किंडे रयशात अविध वाह्वा (मंग्र ना, যেখানে সকলে ঘূণা করে, সেখানে বাস করে অপার সহিষ্ণুতা, অনম্ভ খ্রীতি, ও নির্ভীক কার্য্যকারিতা;— আমাদের গরীবরা যে ঘর ছ্য়ারে দিন রাত মুখ বুজে কর্ত্তব্য কোরে যাচ্চে, তাতে কি বীরত্ব নাই ? বড় কাজ হাতে এলে অনেকেই বীর হয়, দশ হাজার লোকের বাহবার সামনে কাপুরুষও অক্রেশে প্রাণ দেয়, ঘোর স্বার্থপরও নিকাম হয় ; কিন্তু অতি কুন্দ্র কার্য্যে সকলের অজান্তেও যিনি সেই নিঃস্বার্থতা, কর্ত্তব্যপরায়ণতা দেখান, তিনিই ধন্ম,—দে তোমরা—ভারতের চিরপদদলিত শ্রমজীবি!—তোমাদের প্রণাম করি।

এ সুয়েজ খালও অতি প্রাচীন জিনিস। প্রাচীন

মিসরের কেরো বাদসাহের সময়

হল্লেজ খালের কতকগুলি লবণামু জলা খাতের দ্বারা
ইতিহাস

সংযুক্ত কোরে, উভয়সমুদ্রস্পর্মী এক খাত
তৈয়ার হয়। মিসরে রোমরাজ্যের শাসন
কালেও মধ্যে মধ্যে এ খাত মুক্ত রাখবার চেপ্তা হয়।

পরে মুসলমান সেনাপতি অমরু, মিসর বিজয় কোরে ঐ খাতের বালুকা উদ্ধার ও অঙ্গ প্রত্যঙ্গ বদ্লে এক প্রকার নৃতন কোরে তোলেন।

তারপর বড় কেউ কিছু করেন নি। তুরস্ক স্থলতানের প্রতিনিধি, মিসরখেদিব ইম্মায়েল, ফরাসীদের পরামর্শে,

সুয়েজে ভাহাজ যাতায়াতের বন্দোবস্ত অধিকাংশ ফরাসী অর্থে, এই খাত খনন করান। এ খালের মুশকিল হচ্চে যে, মরুভূমির মধ্য দিয়ে যাবার দরুণ পুনঃ পুনঃ বালিতে ভরে যায়। এই খাতের মধ্যে বড় বাণিজ্য-জাহাজ একখানি

একবারে যেতে পারে। শুনেচি যে, অতি বৃহৎ রণতরী বা বাণিজ্য-জাহাজ একেবারেই যেতে পারে না। এখন, একখানি জাহাজ যাচে আর একখানি আসছে, এ ছয়ের মধ্যে সংঘাত উপস্থিত হতে পারে—এই জন্মে সমস্ত খালটি কতকগুলি ভাগে বিভক্ত করা হয়েচে এবং প্রত্যেক ভাগের ছই মুখে কতকটা স্থান এমন ভাবে প্রশস্ত করে দেওয়া আছে, যাতে ছই তিন খানি জাহাজ একত্রে থাক্তে পারে। ভূমধ্যসাগরমুখে প্রধান আফিস, আর প্রত্যেক বিভাগেই রেল প্রেসনের মত স্টেসন। সেই প্রধান আফিসে জাহাজটি খালে প্রবেশ কর্বামাত্রই ক্রমাগত ভারে থবর যেতে থাকে। কথানি আসচে, কথানি যাচেত এবং প্রতি মুহুর্ত্তে ভারা কে

কোথায় তা খবর যাচেচ এবং একটি বড় নকদার উপর চিহ্নিত হচেচ। একখানির সামনে যদি আর একখানি আসে, এজন্ম এক ষ্টেসনের হুকুম না পেলে আর এক ষ্টেসন পর্যান্ত জাহাজ যেতে পারে না।

এই স্থাক্তে থাল ফরাসীদের হাতে। যদিও খাল-কোম্পানীর অধিকাংশ শেয়ার এখন ইংরাজদের তথাপিও সমস্ত কার্য্য ফরাসীরা করে—এটি রাজনৈতিক মীমাংসা।

এবার ভূমধ্যদাগর। ভারতবর্ষের বাহিরে এমন স্মৃতিপূর্ণ স্থান আর নেই—এসিয়া আফ্রিকা, প্রাচীন সভ্যতার অবশেষ। একজাতীয় রীতি-নীতি খাওয়া দাওয়া শেষ হল, আর এক ভূমধাদাগর-প্রকার আকৃতি প্রকৃতি, আহার বিহার, তীরে বর্ত্তমান -সভাতার জন্ম পরিচ্ছদ, আচার ব্যবহার, আরম্ভ হল— ইউরোপ এল। শুধু তাই নয়—নানা ্বর্ণ, জাতি, সভ্যতা, বিল্লা ও আচারের বহু শতাব্দী ব্যাপী যে মহা-সংমিশ্রণের ফলস্বরূপ এই আধুনিক সভ্যতা, সে সংমিশ্রণের মহাকেন্দ্র এইখানে। যে ধর্ম্ম যে বিচ্চা যে সভ্যতা যে মহাবীর্য্য আজ ভূমণ্ডল পরিব্যাপ্ত হয়েচে, ্ এই ভূমধ্যদাগরের চতুষ্পার্শ্বই তার জন্মভূমি। ঐ দক্ষিণে—ভাস্কর্য্যবিত্যার আকর, বহুধনধান্মপ্রস্থু, অতি প্রাচীন, মিসর; পূর্ব্বে—ফিনিসিয়ান, ফিলিটিন, য়াহুদী,

মহাবল বাবিল, আসীর ও ইরাণী সভ্যতার প্রাচীন রঙ্গভূমি—এসিরা মাইনর; উত্তরে—সর্ব্বাশ্চর্য্যময় গ্রীক-জ্ঞাতির প্রাচীন লীলাক্ষেত্র।

স্থামিজী! দেশ নদী পাহাড় সমুদ্রের কথা ত অনেক

তথ্বলৈ, এখন প্রাচীন কাহিনী কিছু শোন। এ প্রাচীন
কাহিনী বড় অভূত। গল্প নয়—সত্য; মানবজাতির
যথার্থ ইতিহাস। এই সকল প্রাচীন

কাহিনী

যা কিছু লোকে জান্তো, তা প্রায় প্রাচীন

যবন ঐতিহাসিকের অভূত গল্পপূর্ণ প্রবন্ধ

অথবা বাইবেল নামক য়াহুদী পুরাণের অত্যন্ত্ত বর্ণন
মাত্র। এখন পুরাণো পাথর, বাড়ী, ঘর, টালিতে লেখা
পুঁথি, আর ভাষাবিশ্লেষ শত মুখে গল্প কোর্চে। এ গল্প
এখন সবে আরম্ভ হয়েচে, এখনই কত আশ্চর্য্য কথা
বেরিয়ে পড়েচে, পরে কি বেরুবে কে জানে? দেশ
দেশান্তরের মহা মহা পণ্ডিত দিন রাত এক টুকরো
শিলালেখ বা ভাঙ্গা বাসন বা একটা বাড়ী বা একখানা
টালি নিয়ে মাখা ঘামাচ্চেন, আর সেকালের লুপ্ত বার্ত্তা
বার কোর্চেন।

যখন মুসলমান নেতা ওস্মান কনষ্টাটিনোপল দখল কোর্লে, সমস্ত পূর্ব্ব ইউরোপে ইসলামের ধ্বজা সগর্বেব উড়তে লাগ্লো, তখন প্রাচীন গ্রীকদের যে সকল **38**

পুস্তক, বিভাবৃদ্ধি তাদের নিবর্বীর্য্য বংশধরদের কাছে
লুকান ছিল, তা পশ্চিম-ইউরোপে
প্রাচীন প্রীদ
ও রোমের পড়লো। গ্রীকেরা রোমের বহুকাল
স্বন্ধ
পদানত হয়েও বিভা বৃদ্ধিতে রোমক-

দের গুরু ছিল। এমন কি, গ্রীক্রা ক্রীশ্চান হওয়ায় এবং গ্রীক্ ভাষায় ক্রীশ্চানদের ধর্মা-গ্রন্থ লিখিত হওয়ায়, সমগ্র রোমক সাম্রাজ্যে ক্রীশ্চান ধর্মের বিজয় হয়। কিন্তু প্রাচীন গ্রীক্, যাদের আমরা যবম বলি, যারা ইউরোপী সভ্যতার আদ্গুরু, তাদের সভ্যতার চরম উত্থান ক্রীশ্চানদের অনেক পূর্বেণ। ক্রীশ্চান হয়ে পর্যান্ত তাদের বিভা বৃদ্ধি সমস্ত লোপ পেয়ে গেল, কিন্তু যেমন হিন্দুদের ঘরে পূর্ববিপুরুষদের বিভা বৃদ্ধি কিছু কিছু রক্ষিত আছে,

গ্রীক্ বিভার চর্চা হইতে ইউরোপীর সভ্যতার জন্ম ও প্রত্নতত্ত্ব-বিভার উৎপত্তি তেমনি ক্রীশ্চান গ্রীক্দের কাছে ছিল;
সেই সকল পুস্তক চারিদিকে ছড়িয়ে
পড়লো। তাতেই ইংরাজ, জার্মান, ফ্রেন্স
প্রভৃতি জাতির মধ্যে প্রথম সভ্যতার
উন্মেব। গ্রীক্ভাষা, গ্রীক্বিছা শেখবার
একটা ধুম পড়ে গেল। প্রথমে যা
কিছু ঐ সকল পুস্তকে ছিল, তা হাড়-

শুদ্ধ গেলা হল। তারপর যথন নিজেদের বৃদ্ধি মাজ্জিত

পরিব্রাজক

হয়ে আসতে লাগলে। এবং ক্রমে ক্রমে পদার্থ-বিশ্বী অভ্যুত্থান হতে লাগলো, তথন ঐ সকল গ্রন্থের সময়, প্রণেতা, বিষয়, যাথাতথা ইত্যাদির গবেষণা চলতে লাগলো। ক্রীশ্চানদের ধর্ম্ম-গ্রন্থগুলি ছাড়া প্রাচীন অ-ক্রীশ্চান গ্রীকৃদের সমস্ত গ্রন্থের উপর মতামত প্রকাশ কোর্তে ত আর কোনও বাধা ছিল না, কাজেই বাহ্য এবং আভান্তর সমালোচনার এক বিদ্যা বেরিয়ে পড়লো।

মনে কর, একখানা পুস্তকে লিখেচে যে অমুক সময়ে

প্রত্তবথালোচনার
বললেই কি সেটা
নির্নারণের
উপায়
কল্পনা থেকে লিখতো, আবার

কল্পনা থেকে লিখতো, আবীর প্রকৃতি, এমন কি, আমাদের পৃথিবী সম্বন্ধে তাদের জ্ঞান অল্প ছিল; এই সকল কারণ গ্রন্থোক্ত বিষয়ের সত্যাসত্যের নির্দ্ধারণে বিষম সন্দেহ জন্মাতে

লাগলো; মনে কর, একজন গ্রীক ১ম উপায় ঐতিহাসিক লিখেচেন যে, অমুক সময়ে ভারতবর্ষে চক্রপ্রপ্ত বলে এক-

জন রাজা ছিলেন। যদি ভারতবর্ষের গ্রন্থেও ঐ সময়ে ঐ রাজার উল্লেখ দেখা যায়, তাহলে বিবয়টা অনেক প্রমাণ হল বৈ কি। যদি চন্দ্রগুপ্তের কতকগুলো টাকা পাওয়া যায় বা তাঁর সময়ের একটা বাড়ী পাওয়া যায় যাতে তাঁর উল্লেখ আছে, তাহলে আর কোন গোলই রইলো না।

মনে কর, আবার একটা পুস্তকে লেখা আছে যে একটা ঘটনা সিকন্দর বাদসার সময়ের, কিন্তু তার মধ্যে ° ছ এক জন রোমক বাদসার উল্লেখ ংর উপায় রয়েচে, এমন ভাবে রয়েচে যে, প্রক্রিপ্ত হওয়া সম্ভব নয়—তা হলে সে পুস্তকটি

সিকন্দর বাদসার সময়ের নয় বলে প্রমাণ হল।

অথবা ভাষা—সময়ে সময়ে সকল ভাষাই পরিবর্ত্তন হচ্চে, আবার এক এক লেখকের এক একটা চঙ্ থাকে। যদি একটা পুস্তকে খামকা একটা ভাষা অপ্রাসঙ্গিক বর্ণনা লেখকের বিপরীত চঙ্জে থাকে, তা হলেই সেটা প্রক্ষিপ্ত বলে সন্দেহ হবে। এই প্রকার নানা প্রকারে সন্দেহ, সংশয়, প্রমাণ প্রয়োগ কোরে গ্রন্থতত্ত্ব নির্ণয়ের এক বিল্ঞা বেরিয়ে পড়লো।

তার উপর আধুনিক বিজ্ঞান দ্রুতপদসঞ্চারে নানা দিক হতে রশ্মি বিকীরণ করতে লাগলো ; ব্য উপায় ফল—যে পুস্তকে কোনও অলৌকিক ঘটনা লিখিত ভাছে, তা একেবারেই অবিশ্বাস্থ হয়ে পড়্লো।

সকলের উপর-মহাতরঙ্গরূপ সংস্কৃত ভাষার ইউ-রোপে প্রবেশ এবং ভারতবর্ষে, ইউফ্রেটিস্ নদীতটে ও নিসরদেশে, প্রাচীন শিলালেখের পুনঃপঠন; আর বহুকাল ভূগর্ভে বা ৫ম, ৬৪, ৭ম ত উপায় পর্বতপার্শ্বে লুকায়িত মন্দিরাদির আবি-ক্রিয়া ও তাহাদের যথার্থ ইতিহাসের জ্ঞান। পূর্কের বলেচি যে, এ নৃতন গবেষণা বিভা "বাইবেল" বা "নিউটেষ্টামেণ্ট" গ্রন্থগুলিকে আলাদা রেখেছিল। এখন মার-ধোর, জেন্ত পোড়ান ত আর নেই, কেবল সমাজের ভয়; তা উপেক্ষা কোরে অনেকগুলি পণ্ডিত উক্ত পুস্তকগুলিকেও বেজায় বিশ্লেষ করেচেন। আশা করি, হিন্দু প্রভৃতি ধর্ম্মপুস্তককে ওঁরা যেমন বেপরোয়া হয়ে টকরো টুকুরো করেন, কালে সেই প্রকার সং-সাহসের সহিত য়াহুদী ও ক্রীশ্চান পুস্তকাদিকেও একথা বলি কেন, তার একটা উদাহরণ দিই করবেন। —মাস্পেরো বলে এক মহাপণ্ডিত, মিসর প্রত্নতত্ত্বের অতি প্রতিষ্ঠ লেখক, ফরামী 'ইস্তোয়ার অাঁদিএন ওরিগাঁতাল' বলে প্রভর্তব্ববিং মাদ্পেরো মিশর ও বাবিলদিগের এক প্রকাণ্ড ইতিহাস লিখেচেন। কয়েক বংসর পূর্ব্বে উক্ত গ্রন্থের এক ইংরেজ প্রত্নতত্ত্ববিদের ইংরাজীতে তৰ্জনা পড়ি i এবার ব্রিটিশ মিউজিয়ামের (British Museum) এক অধ্যক্ষকে করেকখানি মিদর ও বাবিল
দম্বনীয় গ্রন্থের বিষয় জিজ্ঞাসা করায় মাস্পেরোর গ্রন্থের
কথা উল্লেখ হয়। তাতে আমার কাছে উক্ত গ্রন্থের
তর্জ্জমা আছে শুনে তিনি বল্লেন যে, ওতে হবে না,
অন্থবাদক কিছু গোঁড়া ক্রীশ্চান; এজন্ম যেখানে যেখানে
মাস্পেরোর অন্থসন্ধান গ্রীষ্টবর্দ্মকে আঘাত করে,
সে সব গোলমাল কোরে দেওরা আছে! মূল ফরাসী
ভাষায় গ্রন্থ পড়তে বল্লেন। পড়ে দেখি তাইত—এ

যে বিষম সমস্তা। ধর্ম্মগোঁড়ামিটুকু
ইংরেজ
অন্থাদকের
গোঁড়ামি
তাল পাকিয়ে যায়। দেই অবধি ওসব
গ্রেষ্ণাগ্রন্থের তর্জ্জমার ওপর অনেকটা

শ্ৰন্ধা কমে গেচে।

আর এক নৃতন বিভা জন্মেচে, যার নাম জাতিবিভা অর্থাৎ মান্থবের রং, চুল, চেহারা, দাতিবিভা মাথার গঠন, ভাষা প্রভৃতি দেখে,

জর্ম্মানরা সর্ববিভাষ বিশারদ হলেও সংস্কৃত আর
প্রাচীন আদিরীয় বিভায় বিশেষ পটু;
ভিন্ন জাতীয়
বর্গস্ প্রভৃতি জর্ম্মান পণ্ডিত ইহার
নিদর্শন। ফরাসীরা প্রাচীন মিসরের
তত্ত্ব উদ্ধারে বিশেষ সফল—মাস্পেরোপ্রমুর্য পণ্ডিতমণ্ডলী

ফরাসী। ওলন্দাজেরা য়াহুদী ও প্রাচীন খ্রীষ্টধর্ম্মের বিশ্লে-যণে বিশেষ প্রতিষ্ঠ —ক্না প্রভৃতি লেখক জগৎপ্রসিদ্ধ।

ইংরেজরা অনেক বিচ্ঠার আরম্ভ কোরে দিয়ে, তারপর সরে পড়ে।

এই সকল পণ্ডিতদের মত কিছু বলি। যদি ভাল না লাগে, তাদের সঙ্গে ঝগড়া-ঝাঁটি করো, আমায় দোষ দিও না।

হিঁহু, য়াহুদী, প্রাচীন বাবিলি, মিসরি প্রভৃতি প্রাচীন জাতিদের মতে, সমস্ত মানুষ এক আদিম পিতা-মাতা হতে অবতীর্ণ হয়েচে। একথা এখন বড় লোকে মানতে চায় না।

কালো কুচ কুচে, নাকহীন, ঠোঁটপুরু, গড়ানে কপাল,
আর কোঁকড়াচুল কাফ্রী দেখেচ ? প্রায় ঐ চঙ্কের
গড়ন, তবে আকারে ছোট, চুল অত
নিগ্রোও কোঁকড়া নয়, সাঁওতালি, আণ্ডামানি,
নিগ্রিটো ভিল, দেখেচ ? প্রথম শ্রেণীর নাম
লাত্রি
চেহারা নিগ্রো (Negro)। ইহাদের বাসভূমি
আফ্রিকা। দ্বিতীয় জাতির নাম নেগ্রিটো
(Negrito)—ছোট নিগ্রো; ইহারা প্রাচীন কালে

(Negrito)—ছোট নিথ্রো; হহারা প্রাচান কালে আরবের কত্তক অংশে, ইউফেটিস্ তটের অংশে, পারস্থের দক্ষিণভাগে, ভারতবর্ষময়, আণ্ডামান প্রভৃতি দীপে, মার ত্যষ্ট্রেলিয়া পর্যান্ত বাস করত। আধুনিক

সময়ে ভারতের কোন কোন ঝোড় জঙ্গলে, আণ্ডামানে এবং অষ্ট্রেলিয়ায় ইহারা বর্ত্তমান।

লেপ্চা, ভুটিয়া, চীনি প্রভৃতি দেখেচ ?—সাদা বং বা হল্দে, সোজা কালো চুল ? কালে। চোথ, কিন্তু চোথ কোনাকুনি বসান, দাড়ি গোঁফ অল্প, চেপ্টা মূথ, চোথের নীচের হাড় ছটো ভারি উচু।

নেপালি, বর্ন্মি, সায়েমি, মালাই, জাপানি দেখেচ ? এরা ঐ গড়ন, তবে আকারে ছোট।

এ শ্রেণীর ছই জাতির নাম মোগল আর মোগলইড্ (ছোট মোগল)। 'মোগল' জাতি এক্ষণে অধিকাংশ আসিয়াখণ্ড দথল কোরে বসেচে। এরাই
নোগল ও
মোগল, কালমুখ হুন, চীন, তাতার,
আগলহুড্ বা ুর্ক, মানচু, কির্গিজ প্রভৃতি বিবিধ শাখায়
ভ্রাণি আতি
বিভক্ত হয়ে, এক চীন ও তিব্বতি সওয়ায়,
তাবু নিয়ে আজ এদেশ, কাল ওদেশ করে, ভেড়া
ছাগল গরু ঘোড়া চরিয়ে বেড়ায়, আর বাগে পেলেই
পঙ্গপালের মত এদে ছনিয়া ওলট-পালট কোরে দেয়।
এদের আর একটি নাম তুরাণি। ইরাণ তুরাণ—সেই
তুরাণ।

রং কালো কিন্তু সোজা চুল, সোজা নাক, সোজ। কালো চোথ—প্রাচীন মিসর, প্রাচীন বাবিলোনিয়ায় বাস কর্ত এবং অধুনা ভারতময়,—বিশেষ, দক্ষিণদেশে বাস করে; ইউরোপেও এক আধ জায়গায় চিহ্ন পাওয়া যায়,—এ এক জাতি। ইহাদের পারিভাবিক নাম জাবিড়ি।

সাদা রং, সোজা চোথ কিন্তু কান নাক—রাম' ছাগলের মুখের মত বাঁকা আর ডগা মোটা, কপাল
গড়ান, ঠোঁট পুরু—যেমন উত্তর আরগেনিটক্ ছাত্তি বের লোক, বর্তুমান য়াহুদী, প্রাচীন
বাবিল, আসিরি, ফিনিস্ প্রভৃতি;
ইহাদের ভাষাও এক প্রকারের; ইহাদের নাম সেমিটিক্।
আর যারা সংস্কৃতের সদৃশ ভাষা কয়, সোজা
নাক মুখ চোখ, রং সাদা, চুল কালো
আরিয়ান্বা বা কটা, চোখ কাল বা নীল, এদের
আর্থা

বর্ত্তমান সমস্ত জাতিই এই সকল জাতির সংমিশ্রণে উংপন্ন। উহাদের মধ্যে যে জাতির ভাগ বর্ত্তমান সকল অধিক যে দেশে, সে দেশের ভাষা ও জাতিই মিশ্র ভাকতি অধিকাংশই সেই জাতির স্থায়।

উফদেশ হলেই যে রং কালে। হয় এবং শীতল দেশ হলেই যে বর্ণ সাদা হয়, একথা মিশ্রণেই রং এখনকার অনেকেই মানেন না। বদল হয়
কালো এবং সাদার মধ্যে যে বর্ণগুলি সেগুলি অনেকের মতে, জাতি-মিশ্রাণে উৎপন্ন হয়েচে। মিদর ও প্রাচীন বাবিলের সভ্যতা পণ্ডিতদের মতে সর্ব্বাপেক্ষা প্রাচীন। এ সকল দেশে, খ্রীঃ পৃঃ ৬০০০ বংদর বা ততোধিক সময়ের বাড়ী-ঘর-দোর পাওয়া যায়। ভারতবর্ষে জোর চক্রগুপ্তের সময়ের যদি কিছু পাওয়া গিয়া থাকে,—খ্রীঃ পৃঃ ৩০০ বংদর মাত্র। তার পূর্কের বাড়ী ঘর এখনও পাওয়া যায় নাই।* তবে তার বহু পূর্কের পুস্তকাদি আছে, যা অন্য কোনও দেশে পাওয়া যায় না। পণ্ডিত বালগঙ্গাধর তিলক প্রমাণ করেচেন যে হিন্দুদের "বেদ" অন্ততঃ খ্রীঃ পৃঃ পাঁচ হাজার (৫০০০) বংদর আগে বর্ত্তমান আকারে ছিল।

এই ভূমধ্যসাগর প্রান্ত,—যে ইউরোপী সভ্যতা এখন
বিশ্বজয়ী, তাহার জন্মভূমি। এই তটভূমিতে
ইউরোপী
সহাতা
সেমিটিক্ জাতিবর্গ ও ইরাণি, যবন, রোমক
প্রভৃতি আর্যাজাতির সংমিশ্রণে—বর্ত্তমান ইউরোপী সভ্যতা।
"রোজেটা ষ্টোন" নামক একখণ্ড বৃহৎ শিলালেখ মিসরে
পাওয়া যায়। তাহার উপর জীবজন্তর
লাকুল ইত্যাদি রূপ চিত্রলিপিতে লিখিত
এক লেখ আছে, তাহার নীচে আর এক প্রকার লেখ,

করেক বৎসর পূর্বের, পাঞ্জাবের হরপ্পা এবং সিন্ধুদেশে মহেঞ্জোভারো গ্রামে ভূগর্ভে গ্রীং পৃঃ ৩০০০ বৎসর পূর্বেকার সভ্যতার
নিদর্শনসকল পাওয়া গিয়াছে। সঃ

সকলের নিমে গ্রীক ভাষার অনুযায়ী লেখ। একজন পণ্ডিত ঐ তিন লেখকে এক অনুমান করেন। কপ্ত নামক যে ক্রীশ্চিয়ান জাতি এখনও মিসরে বর্ত্তমান এবং যাহারা প্রাচীন মিসরিদের বংশধর বলে বিদিত, তাদের লেখের সাহাযো, তিনি এই প্রাচীন মিদরি লিপির উদ্ধার করেন। এরূপ বাবিলদের ইট এবং টালিতে খোদিত ভল্লাগ্রের স্থায় লিপিও ক্রমে উদ্ধার হয়। এদিকে ভারতবর্ষের লাঙ্গলাকৃতি কতকগুলি লেখ মহারাজা অশোকের সমসাময়িক লিপি বলিয়া আবি-ফুত হয়। এতদপেক্ষা প্রাচীন লিপি ভারতবর্ষে পাওয়া যায় নাই। মিসরময় নানা প্রকার মন্দির, স্তম্ভ, শবাধার ইত্যাদিতে যে সকল চিত্রলিপি লিখিত ছিল, ক্রমে দেগুলি পঠিত হয়ে, প্রাচীন মিসর-তত্ত্ব বিশদ কোরে ফেলচে।

মিসরিরা সমুজপার "পুন্ট" নামক দক্ষিণ দেশ হতে মিসরে প্রবেশ করেছিল। কেউ কেউ বলেন যে, ঐ "পুন্ট"-ই বর্ত্তমান মালাবার, এবং মিসরিরা ও জাবিড়িরা এক জাতি। ভারতবণ হইতে মিশরে ইহাদের প্রথম রাজার নাম "মেনুস্"। ভাগদন ইহাদের প্রাচীন ধর্ম্মও কোনও কোনও অংশে আমাদের পৌরাণিক কথার ভায়। "শিবু" দেবঁতা "মুই" দেবীর দ্বারা আচ্ছাদিত হয়ে ছিলেন, পরে আর এক দেবতা "শু" এসে, বলপূর্বক
"নুই"কে তুলে ফেল্লেন। "নুই"র
ফ্রিল্ফের ভার
ফরীর আকাশ হল, ছ হাত আর ছ পা
ফ্রেনের ও
লো-প্রা
শিবু" হলেন পৃথিবী। "নুই"র পুত্র কন্যা
"মারিস" আর "ইদিস," মিশরের
প্রাধান দেব দেবী, এবং তাঁদের পুত্র "হোরস্" সর্ব্রোপাস্থা। এই তিন জন একসঙ্গে উপাসিত হতেন। "ইসিস্"

পৃথিবীতে "নীল" নদের স্থায়, আকাশে এ প্রকার নীলনদ আছেন—পৃথিবীর নীলনদ তাহার অংশ মাত্র। সূর্য্যদেব, ইহাদের মতে নৌকায় কোরে পৃথিবী পরিভ্রমণ করেন; মধ্যে মধ্যে "অহি" নামক সর্প তাঁহাকে গ্রাস করে, তখন গ্রহণ হয়।

আবার গো-মাতা রূপে পূজিত।

চন্দ্রকে এক শ্কর মধ্যে মধ্যে আক্রমণ করে এবং
থণ্ড থণ্ড কোরে ফেলে, পরে ১৫ দিন
চল্লে
তার সারতে লাগে। মিসরের দেবতাসকল কেউ "শৃগালমুখ" কেউ "বাজের"
মুখযুক্ত, কেউ "গোমুখ" ইত্যাদি।

সঙ্গে সঙ্গেই ইউফ্রেটিস তীরে আর এক সভ্যতার উত্থান হয়েছিল তাদের মধ্যে "বাল," "মোল্থ," "ইস্তারত" ও "দমুজি" প্রধান। "ইস্তারত", "দমুজি"
নামক মেষপালকের প্রণয়ে আবদ্ধ হলেন।
বাবিলদিগের
দেবদেবী—
মোলথ,
ইস্তারত
দমুজীর" অন্বেষণে গেলেন। সেথার
ইত্যাদি

বহু যন্ত্রণা দিলে। শেষে "ইস্তারত" বল্লেন যে, আমি "দমুজি"কে না পেলে মর্ত্তালোকে আর যাব না। মহা মুশকিল;—উনি হলেন কামদেবী, উনি না এলে মানুষ, জন্তু, গাছপালা আর কিছুই জন্মাবে না। তখন দেবতারা সিদ্ধান্ত কর্লেন যে, প্রতি বৎসর "দমুজি" চার মাস থাক্বেন পরলোকে—পাতালে, আর আট মাস থাকবেন মর্ত্তালোকে। তখন "ইস্তারত" ফিরে এলেন,—বসম্ভের আগমন হল, শস্তাদি জন্মাল।

এই "দমুজি" আবার "আছনোই" বা "আছনিস" নামে
বিখ্যাত। সমস্ত সেমিটিক্ জাতিদের ধর্ম্ম কিঞ্চিৎ অবান্তরভেদে প্রায় একরকমই ছিল। বাবিলি, য়াহুদি, ফিনিক্
ও পরবর্ত্তী আরবদের একই প্রকার উপাসনা ছিল।
প্রায় সকল দেবতারই নাম "মোলখ" (যে শব্দটি বাঙ্গলা
ভাষাতে মালিক, মূল্লুক ইত্যাদি রূপে এখনও রয়েচে)
অথবা "বাল," তবে অবান্তরভেদ ছিল। কারুর কারুর মত
—এ "আলাং" দেবতা পরে আরবদিগের "আল্লা" হলেন।

এই সকল দেবতার পূজার মধ্যে কতকগুলি ভয়ানক ও জ্বন্ম ব্যাপারও ছিল। "মোলথ" বা "বালে"র নিকট পুত্রকন্মাকে জীবন্ত পোড়ান হোত। "ইস্তারতে"র মন্দিরে স্বাভাবিক ও অস্বাভাবিক কামসেবা প্রধান অঙ্গ ছিল।

য়াহুদী জাতির ইতিহাস বাবিল অপেক্ষা অনেক ও আধুনিক। পণ্ডিতদের মতে "বাইবল" নামক ধর্মগ্রন্থ গ্রীঃ পৃঃ ৫০০ শতাব্দী বাইবলের সময় হতে আরম্ভ হয়ে খ্রীঃ পর পর্যান্ত লিথিত হয়। বাইবলের অনেক অংশ যা পূর্ব্বের বলে প্রথিত, তাহা অনেক পরের। এই বাইবলের মধ্যে স্থুল কথাগুলি "বাবিল" জাতির বাবিলদের স্ষষ্টিবর্ণনা, জলপ্লাবনবর্ণনা অনেক স্থলে বাইবল গ্রন্থে সমগ্র গৃহীত। তার উপর পারসী বাদসারা যখন আসিয়া-বাবিল ও পারদী ধর্মাসত মাইনরের উপর রাজত্ব করতেন, সেই বহণ সময় অনেক "পারসী" মত য়াহুদীদের মধ্যে প্রবেশ করে। বাইবলের প্রাচীন ভাগের মতে এই জগংই সব; আত্মা বা পরলোক নাই। নবীন ভাগে "পারসীদের" পরলোকবাদ, মৃতের পুনরুখান ইত্যাদি দৃষ্ট হয়; এবং সয়তান-বাদটি একেবারে "পারসীদের"।

য়াহুদীদের ধর্ম্মের প্রধান অঙ্গ "য়াভে" নামক

"মোলখের" পূজা। এই নামটি কিন্তু য়াহুদী ভাষার
নয়, কারুর কারুর মতে এটি মিসরি

য়াহুনী ধল্ম
শব্দ। কিন্তু কোথা থেকে এল কেউ
জানে না। বাইবলে বর্ণনা আছে যে,

য়াহুদীরা মিসরে আবদ্ধ হয়ে অনেকদিন ছিল,—সে সব
এখন কেউ বড় মানে না এবং "ইব্রাহিম," "ইসহাক,"

"ইয়ুসুক্" প্রভৃতি গোত্রপিতাদের রূপক বলে প্রমাণ
করে।

য়াহুদীরা "য়াভে" এ নাম উচ্চারণ কর্ত না, তার স্থানে "আত্নোই" বল্ত। যখন য়াহুদীরা, ইস্ক্রেল আর ইফ্রেম ছুই শাখায় বিভক্ত হল, তথন ছুই দেশে ছুটি প্রধান মন্দির নির্দ্মিত হল। জিরুসালেমে ইস্ক্রেল-দের যে মন্দির নির্দ্মিত হল, তাতে "য়াভে" দেবতার একটি নর-নারী সংযোগমূর্ত্তি এক সিন্দুকের মধ্যে রক্ষিত হোত। দারদেশে একটি বৃহৎ পুংচিহ্ন স্তম্ভ ছিল। ইফ্রেমে "য়াভে" দেবতা, সোনামোড়া বৃষের মূর্ত্তিতে পুজিত হতেন।

উভয় স্থানেই, জ্যেষ্ঠ পুত্রকে দেবতার নিকট জীবস্ত অগ্নিতে আহুতি দেওয়া হোত এবং একদল জ্রীলোক ঐ ছই মন্দিরে বাস করত,—তারা মন্দিরের মধ্যেই বেশ্যাবৃত্তি কোরে যা উপার্জ্জন করত, তা মন্দিরের ব্যয়ে লাগত। ক্রমে য়াছদীদের মধ্যে একদল লোকের প্রান্থর্ভাব হল; তাঁরা গীত বা নৃত্যের দারা আপনাদের মধ্যে দেবতার আবেশ করতেন। এঁদের নাম নবী বা Prophet (ভাববাদী)। ধর্ম এদের মধ্যে অনেকে ইরাণীদের সংসর্গে মৃর্ত্তিপূজা, পুত্রবলি, বেশ্যাবৃত্তি ইত্যাদির বিপক্ষ হয়ে পড়ল। ক্রমে, বলির জায়গায় হ'ল "স্কন্নত্"; বেশ্যাবৃত্তি, মূর্ত্তি আদি ক্রমে উঠে গেল; ক্রমে এ নবী-সম্প্রদায়ের মধ্য হতে খৃষ্টান ধর্ম্মের সৃষ্টি হ'ল।

"ঈশা" নামক কোনও পুরুষ কখনও জমেছিলেন কিনা এ নিয়ে বিষম বিভণ্ডা। "নিউ টেপ্টামেণ্টের" যে চার পুস্তক, তার মধ্যে সেণ্ট্ জন নামক ঈশা কি বিভিয়াদিক? Higher বাকি তিনথানি, কোনও এক প্রাচীন Criticism পুস্তক দেখে লেখা—এই সিদ্ধান্ত; তাও "ঈশা" হজরতের যে সময় নির্দিপ্ট আছে

তার অনেক পরে।

তার উপর যে সময় "ঈশা" জন্মেছিলেন বলে প্রাসিদ্ধি, সে সময় ঐ য়াহুদীদের মধ্যে তুইজন ঐতি-হাসিক জন্মেছিলেন, "জোসিফুস্" আর "সিলো"। এরা য়াহুদীদের মধ্যে ক্ষুদ্র কুন্তু সম্প্রদায়েরও উল্লেখ করেছেন, কিন্তু ঈশা বা ক্রীশ্চিয়ানদের নামও নাই;
অথবা রোমান জজ ্তাঁহাকে ক্রুশে মার্তে হুকুম দিয়েছিল,
এর কোনও কথাই নাই। জোসিফুদের পুস্তকে এক
ছত্র ছিল, তা এখন প্রক্ষিপ্ত বলে প্রমাণ হয়েছে।

রোমকর। ঐ সময়ে য়াহুদীদের উপর রাজত্ব কর্ত, গ্রীকেরা সকল বিভা শিখাত। ইহারা সকলেই য়াহুদীদের সম্বন্ধে অনেক কথাই লিখেচেন, কিন্তু "ঈশা" বা ক্রীশ্চিয়ান-দের কোনও কথাই নাই।

আবার মুশকিল যে, যে সকল কথা, উপদেশ, বা মত নিউটেপ্টামেন্ট গ্রন্থে প্রচার আছে, ও সমস্তই নানাদিক্দেশ হতে এদে খৃপ্টান্দের পূর্বেই, য়াহুদীদের মধ্যে বর্ত্তমান ছিল এবং "হিলেল্" প্রভৃতি রাক্ষিরণ (উপদেশক) প্রচার কর্ছিলেন। পণ্ডিতরা ত এই সব বল্চেন; তবে অন্তের ধর্ম্ম সম্বন্ধে যেমন সা কোরে এক কথা বলে ফেলেন, নিজেদের দেশের ধর্ম্ম সম্বন্ধে তা বল্লে কি আর জাক থাকে ? কাজেই শনৈঃ শনৈঃ যাচেন। এর নাম "হাইয়ার ক্রিটিসিস্ম্" (Higher Criticism)।

পাশ্চাত্য বুধমগুলী এই প্রকার দেশ দেশান্তরের ভারতে ধর্ম্ম, নীতি, জাতি ইত্যাদির আলোচনা প্রত্তত্ত্ব বিভাচচ্চার কর্চেন। আমাদের বাঙ্গালা ভাষায় বিদ্ব কিছুই নাই। হবে কি কোরে—এক বেচারা ১০ শ্বংসর হাড়গোড়ভাঙ্গা পরিশ্রম কোরে, যদি এই রকম একখানা বই তর্জনা করে ত দে নিজেই বা খায় কি, আর বই বা ছাপায় কি দিয়ে ?

একে দেশ অতি দরিদ্র, তাতে বিছা একেবারে
নেই বল্লেই হয়। এমন দিন কি হবৈ যে, আমরা নানাপ্রকার বিছার চর্চ্চা করবো ? "মূকং করোতি বাচালং
পঙ্গুং লজ্যয়তে গিরিম্—যং কুপা"!—মা জগদম্বাই
জানেন।

জাহাজ নেপল্দে লাগ্ল—আমরা ইতালীতে
পৌছুলাম। এই ইতালীর রাজধানী রোম! এই রোম,
দেই প্রাচীন মহাবীর্ঘ্য রোম সাম্রাজ্যের
রাজধানী—যাহার রাজনীতি, যুদ্ধবিদ্যা, উপইতালী নিবেশ-সংস্থাপন, প্রদেশ-বিজয় এখনও
সমগ্র পৃথিবীর আদর্শ!

নেপল্স্ ত্যাগ কোরে জাহাজ মার্সাইতে লেগেছিল, তারপর একেবারে লণ্ডন।

ইউরোপ সম্বন্ধে তোমাদের ত নানা কথা শোনা আছে,—তারা কি খায়, কি পরে, কি রীতি-নীতি আচার ইত্যাদি—তা আর আমি কি বল্বো। তবে ইউরোপী সভ্যতা কি, এর উৎপত্তি কোথায়, আমাদের সঙ্গে ইহার কি সম্বন্ধ, এ সভ্যতার কতটুকু আমাদের লওয়া উচিত —এ সব সম্বন্ধে অনেক কথা বল্বার রইল। শরীর

ছাডে না ভায়া, অতএব বারান্তরে সে সব কথা চেষ্টা করবো। অথবা বলে কি হবে ? বকা-বলতে বকি বলা-কওয়াতে আমাদের (বিশেষ বাঙ্গালীর) মত কে বা মজবুত গু যদি গরী বদের উন্নতিতে পার ত কোরে দেখাও। কাজ কথা দেশের কউক, মুখকে বিরাম দাও। তবে একটা উন্নতি কথা বলে রাখি, গরীব নিয়জাতিদের মধ্যে বিছা ও শক্তির প্রবেশ যথন থেকে হতে লাগুলো তখন থেকেই ইউরোপ উঠতে লাগলো। রাশি রাশি অন্ত দেশের আবর্জনার ন্তায় পরিত্যক্ত ছঃখী গরীব আমেরিকায় স্থান পায়, আশ্রয় পায়; এরাই আমে-রিকার মেরুদণ্ড! বড়মানুষ, পণ্ডিত, ধনী এরা শুন্লে বা না-গুন্লে, বুঝ্লে বা না-বুঝ্লে, তোমাদের গাল দিলে বা প্রশংদা করলে কিছুই এসে যায় না: এঁরা হচ্চেন শোভামাত্র, দেশের বাহার। কোটি কোটি গরীব নীচ যারা, তারাই হচ্চে প্রাণ। সংখ্যায় আসে যায় ना, धन वा मातित्या जारम याय ना ; काय-मन-वाका यान এক হয়, একমুষ্টি লোক পৃথিবী উল্টে দিতে পারে—এই বিশ্বাসটি ভূলো না। বাধাবিয়ে শক্তিবুকি যত হবে, ততই ভাল। বাধা বাধা পেলে কি নদীর বেগ र्य ? যত নৃতন হবে, যত উত্তম হবে, জিনিস

সে জিনিস প্রথম তত অধিক বাধা পাবে। বাধাই ত দিন্ধির পূর্বে লক্ষণ। বাধাও নাই, দিন্ধিও নাই। অলমিতি।

-ME

আমাদের দেশে বলে, পায়ে চক্কর থাক্লে সে লোক ভবঘুরে হয়। আমার পায়ে বোধ হয় সমস্তই চকর। বোধ হয় বলি কেন'? পা ইউরোপ ভ্রমণ নিরীক্ষণ কোরে, চক্কর আবিদ্ধার করবার —কন্যান্তি-অনেক চেষ্টা করেচি, কিন্তু সে চেষ্টা শেপ ল একেবারে বিফল—সে শীতের চোটে পা ফেটে খালি চৌ-চাক্লা, তায় চক্কর ফক্কর বড় দেখা গেল না। যা হক্—যখন কিম্বদন্তী রয়েচে, তখন মেনে নিলুম যে, আমার পা চক্তরময়। ফল কিন্তু সাক্ষাৎ— এত মনে কর্লুম যে, প্যারিতে বদে কিছুদিন ফরাসী ভাষা, সভ্যতা, আলোচনা করা যাবে; পুরান বন্ধু-বান্ধব ত্যাগ কোরে, এক গরীব ফরাসী নবীন বন্ধুর বাসায় গিয়ে বাদ করলুম,—(তিনি জানেন না ইংরাজী, আমার ফরাসী—সে এক অদ্ভূত ব্যাপার!) বাসনা যে, বোবা হয়ে বসে থাকার না-পারকতায়, কাজে কাজেই ফরাসী বল্বার উভোগ হবে আর গড় গড়িয়ে ফরাসী ভাষা এসে পড়বে:—কোথায় চল্ল্ম ভিয়েনা, তুরকি, গ্রীস, ইজিপ্ত, জেরুসালেম পর্য্যটন কর্ত্তে! ভবিতব্য কে

ঘোচায় বল। তোমায় পত্র লিখচি মুসলমান প্রভুজের অবশিষ্ট রাজধানী কন্ষ্টান্টিনোপল হতে।

সঙ্গের সঙ্গী তিন জন—ছজন করাসী, একজন আমেরিক। আমেরিক তোমাদের পরি-চিতা মিস্ ম্যাক্লাউড, করাসী পুরুষ বন্ধু মস্মিয় জুল বোওয়া, ফ্রান্সের একজন স্প্রতিষ্ঠিত দার্শনিক ও সাহিত্যলেখক;

আর ফরাসিনী বন্ধু, জগদ্বিখ্যাত গায়িকা মাদ্মোয়াজেল কালভে। ফরাসী ভাষায় "মিষ্টর" হচ্চেন "মস্তিয়," আর "মিস্" হচ্চেন "মাদ্মোয়াজেল"—'জ'টা পূর্ব্ব-বাঙ্গালার জ। মাদ্মোয়াজেল কালভে আধুনিক কালের সর্বশ্রেষ্ঠা গায়িকা—অপেরা গায়িকা। এঁর গীতের এত সমাদর যে,

এঁর তিন লক্ষ, চার লক্ষ টাকা বাংসরিক আয়, খালি গান গেয়ে। এঁর সহিত প্রাল্ভেওনটা আমার পরিচয় পূর্বব হতে। পাশ্চাত্য সায়া দেশের সর্বব্রেষ্ঠা অভিনেত্রী মাদাম্

সারা বার্ন্হার্ড, আর সর্বশ্রেষ্ঠা গায়িকা কালভে—গুজনেই ফরাসী, গুজনেই ইংরাজী ভাষায় সম্পূর্ণ অনভিজ্ঞা, কিন্তু ইংলণ্ড ও আমেরিকায় মধ্যে মধ্যে যান ও অভিনয় আর গীত গেয়ে লক্ষ লক্ষ ডলার (Dollar) সংগ্রহ করেন। ফরাসী ভাষা—সভ্যতার ভাষা,—পাশ্চাত্য জগতের ভদ্রলোকের চিহ্ন, সকলেই

জানে; কাজেই এদের ইংরাজী শেখ্বার অবকাশ এবং প্রবৃত্তি নাই। মাদাম্ বার্ন্হার্ড বর্ষীয়সী; কিন্তু সেজে মঞ্চে যখন ওঠেন, তখন যে বয়দ, যে লিঙ্গ অভিনয় করেন, তার হুবহু নকল! বালিকা, বালক, যা বল তাই —হুবহু—আর সে আশ্চর্য্য আওয়াজ! এরা বলে তাঁর কণ্ঠে রূপার তার বাজে! বার্ন্হার্ডের অন্রাগ, বিশেষ —ভারতবর্ষের উপর ; আমায় বার্ম্বার বলেন, তোমাদের "ত্রেজাঁসিএন, ত্রেসিভিলিজে"—সতি প্রাচীন অতি স্থসভ্য। এক বংসর ভারতবর্ষ সংক্রাস্ত নাটক অভিনয় করেন ; তাতে মঞ্চের উপর বেলকুল এক ভারতবর্ষের রাস্তা খাড়া কোরে দিয়েছিলেন—মেয়ে, ছেলে, পুরুষ, সাধু, নাগা, বেলকুল ভারতবর্ষ !! আমায় অভিনয়ান্তে বলেন, "আমি মাসাবধি প্রত্যেক মিউ-দিয়ম বেড়িয়ে ভারতের পুরুষ, মেয়ে, পোষাক, রাস্তা, ঘাট পরিচয় করেচি"। বার্ন্হার্ডের ভারত দেথ্বার ইচ্ছা বড়ই প্রবল—"দে মঁ রাভি" (ce mon rave) "সে ন রাভ"—সে আমার জীবনস্বপ্ন। আবার প্রিন্স অফ্ ওয়েলস্ তাঁকে বাঘ, হাতী শিকার করাবেন প্রতি-শ্রুত আছেন। তবে বার্ন্হার্ড বল্লেন—দে দেশে যেতে গেলে, দেড় লাখ ছ'লাখ টাকা খরচ না করলে কি হয় ? টাকার অভাব তাঁর নাই—"লা দিভিন' সারা !!" (La divine Sara)—"দৈবী সারা"—ভার আবার টাকার অভাব কি ?—খাঁর স্পেদাল ট্রেণ ভিন্ন গতায়াত নেই !— দে ধুম বিলাদ, ইউরোপের অনেক রাজারাজড়া পারে না ; যার থিয়েটারে মাদাবিধি আগে থেকে ছনো দামে টিকিট কিনে রাখ্লে তবে স্থান হয়, তাঁর টাকার বড় অভাব নেই, তবে দারা বার্ন্হার্ড বেজায় থর্চে। তাঁর ভারতভ্রমণ কাজেই এখন রইল।

মাদ্মোয়াজেল্ কাল্ভে এ শীতে গাইবেন না, বিশ্রাম
কর্বেন,—ইজিপ্ত প্রভৃতি নাতিশীত দেশে চলেচেন।
আমি যাচ্চি—এঁর অতিথি হয়ে।
কাল্ভের কাল্ভে যে শুরু সঙ্গীতের চর্চা করেন,
গাভিত্র ও
পূর্বাবলা তা নয়; বিল্লা যথেষ্ট, দর্শনশান্ত্র ও
ধর্ম্মশান্ত্রের বিশেষ সমাদর করেন। অতি
দরিদ্র অবস্থায় জন্ম হয়; ক্রমে নিজের প্রতিভাবলে,

বহু পরিশ্রমে, বহু কট সয়ে এখন প্রভূত ধন !—রাজা, বাদসার সম্মানের ঈশ্বরী। মাদাম্ মেল্বা, মাদাম্ এমা এমস্ প্রভৃতি বিখ্যাত

মাদান্ মেল্বা, মাদান্ এমা এমস্ প্রভৃতি বিখ্যাত গায়িকাসকল আছেন; জাঁদরেজ কি, প্লাঁস প্রভৃতি অতি বিখ্যাত গায়কসকল আছেন—এরা সকলেই ছুই তিন লক্ষ টাকা বাৎসরিক রোজগার করেন!—কিন্তু কাল্ভের বিভার সঙ্গে পক্ষে এক অভিনব প্রতিভা! অসাধারণ রূপ, যৌবন, প্রতিভা আর দৈবীকণ্ঠ—এ সব একত্র সংযোগে কাল্ভেকে গায়িকামণ্ডলীর শীর্ষস্থানীয়া করেচে। কিন্তু তুঃখ দারিদ্র্য অপেকা শিক্ষক আর নেই! সে শৈশবের অতি কঠিন দারিন্দ্রা, ছঃখ কৡ— যার সঙ্গে দিন রাত যুদ্ধ কোরে কাল্ভের এই বিজয়-লাভ, সে সংগ্রাম তাঁর জাবনে এক অপূর্ব্ব সহানুভূতি, এক গভীর ভাব এনে দিয়েচে। আবার এদেশে উদ্যোগ যেমন, উপায়ও তেমন। আমাদের দেশে উদ্যোগ থাকলেও উপায়ের একান্ত সভাব। বাঙ্গালীর মেয়ের বিদ্যা শেখবার সমধিক ইচ্ছা থাকলেও উপায়াভাবে বিফল ;—বাঙ্গল। ভাষায় আছে কি শেখবার ? বড় জোর পচা নভেল নাটক!! আবার বিদেশী ভাষায় বা সংস্কৃত ভাষায় আবদ্ধ বিদ্যা, তৃতার জনের জন্ম নাত্র। এ সব দেশে নিজের ভাষায় অসংখ্য পুস্তক; তার উপর যখন যে ভাষায় একটা নৃতন কিছু বেরুচেচ, তৎক্ষণাৎ তার অনুবাদ কোরে সাধারণের স্মক্ষে উপস্থিত করচে।

মস্তিয় জুল্ বোওয়া প্রদিদ্ধ লেখক ; ধর্মসকলের, কুসংস্কারসকলের ঐতিহাসিক তত্ত্ব আবিষ্কারে

বিশেষ নিপুণ। মধ্যযুগে ইউরোপে
জুল্ বোওয়া যে সকল সয়তানপূজা, জাতু, মারণ,
উচাটন, ছিটে কোঁটা, মন্ত্র তন্ত্র ছিল এবং
এখনও যা কিছু আছে, দে সকল ইতিহাসবদ্ধ করে
এবঁর এক প্রাসিদ্ধ পুস্তক। ইনি স্কুকবি এবং ভিক্তর

হ্যাগো, লা মার্টিন প্রভৃতি ফরাসী মহাকবি এবং গেটে, সিলার প্রভৃতি জার্ম্মান মহাকবিদের ভেতর যে ভারতের বেদান্ত-ভাব প্রবেশ করেচে, দেই ভাবের পোষক। বেদান্তের প্রভাব ইউরোপে কাব্য এবং দর্শনশাস্ত্রে সম্ধিক। ভাল কবি মাত্রই দেখ্চি বেদান্তী; দার্শনিক তত্ত্ব লিখতে গেলেই হউরোগে বেধায়ের ঘুরিয়ে ফিরিয়ে বেদান্ত। তবে কেউ প্রচাব কেউ শ্বীকার কর্তে চায় না, নিজের সম্পূর্ণ নৃতনত্ব বাহাল রাখতে চায়—যেমন হারবার্ট স্পেনদার প্রভৃতি; কিন্তু অধিকাংশরাই স্পষ্ট স্বীকার করে। এবং না কোরে যায় কোথা—এ তার, রেলওয়ের, খবরকাগজের দিনে ? ইনি অতি নিরভিমানী, শান্তপ্রকৃতি, এবং সাধারণ অবস্থার লোক হলেও অতি যত্ন কোরে আমায় নিজের বাসায় প্যারিসে রেখেছিলেন। এখন একসঙ্গে ভ্রমণে চলেচেন।

কন্টান্টিনোপ্ল পর্যান্ত পথের সঙ্গী আর এক
দম্পতি—পেয়র হিয়াসান্থ এবং তাঁর সহধর্মিণী। পেয়র,
অর্থাৎ পিতা হিয়াসান্থ ছিলেন—ক্যাথলেক সম্প্রদায়ের, এক কঠোর তপন্থীহিন্নান্থ শাথাভুক্ত সন্মাসী। পাণ্ডিত্য ও অসাধারণ বাগ্যিত্ব-গুণে এবং তপস্থার
প্রভাবে ফরাসী দেশে এবং সমগ্র ক্যাথলিক সম্প্রদায়ে

10

ইহার অতিশয় প্রতিষ্ঠা ছিল। মহাকবি ভিক্তর হাগো তুজন লোকের ফরাসী ভাষার প্রশংসা কর্তেন—তার মধ্যে পেয়র হিয়াসান্ত একজন। চল্লিশ বংসর বয়ংক্রমকালে পেয়র হিয়াসান্থ এক আমেরিক নারীর প্রণয়াবদ্ধ হয়ে তাকে কোরে ফেল্লেন বে—মহা হুলস্থুল পড়ে গেল ;—অবশ্য ক্যাথলিক সমাজ তৎক্ষণাৎ তাঁকে ত্যাগ কর্লে। শুধু পা, আলথেল্লা-পরা-তপন্ধী-বেশ ক্লেল পেয়র হিয়াদাত্ত গৃহন্তের হাট্ কোট্ বুট্ পোরে হলেন—মস্খির লয়জন্—আমি কিন্তু তাঁকে তাঁর পূর্ব্বের নামেই ডাকি—দে অনেক দিনের কথা, ইউরোপ-প্রসিদ্ধ হাঙ্গাম! প্রোটেষ্টাণ্টরা তাঁকে সমাদরে গ্রহণ করলে, ক্যাথলিকরা ঘূণা করতে লাগলো। পোপ লোকটার গুণাতিশয্যে তাঁকে ত্যাগ করতে না চেয়ে বল্লেন "হুমি গ্রাক ক্যাথলিক পাদ্রী হয়ে থাক (সে শাখার পাদ্রী একবার মাত্র বে করতে পায়, কিন্তু বড় পদ পায় না), কিন্তু রোমান চার্চ্চ ত্যাগ কোরো না"। কিন্তু লয়জন-গেহিনী ভাঁকে টেনে হু চড়ে পোপের ঘর থেকে বার কর্লে। ক্রমে পুত্র পৌত্র হল; এখন অতি স্থবির লয়জন্ জেরুসালমে চলেচেন—ক্রীশ্চান আর মুসলমানের মধ্যে যাতে সন্তাব হয়, সে চেষ্টায়। তাঁর গেহিনী বোধ হয় অনেক স্বপ্ন দেখেছিলেন যে, লয়জন্ বা দ্বিতীয় মার্টিন্ লুথার হয়, পোপের সিংসাসন উল্টে বা ফেলে দেয় — ভূমধ্যসাগরে। সে সব ত কিছুই হল না; হল--ফরাদীরা বলে, "ইতোনষ্টস্ততোভ্রষ্টঃ"। কিন্ত মাদাম্ লয়জনের সে নানা দিবাস্থ্য চলেচে!! বুদ্ধ লয়জন অতি মিষ্টভাষী, নম্র, ভক্ত প্রকৃতির লোক। আমার সঙ্গে দেখা হলেই কত কথা—নানা ধর্ম্মের, নানা মতের। তবে ভক্ত মানুষ—অদ্বৈতবাদের একটু ভয় খাওয়া আছে। গিন্নির ভাবটা বোধ হয় আমার উপর কিছু বিরূপ। বৃদ্ধের সঙ্গে যথন আমার ত্যাগ, বৈরাগ্য, সন্ন্যাদের চর্চ্চা হয়, স্থবিরের প্রাণে সে চিরদিনের ভাব জেগে ওঠে, আর গিন্নির বোধ হয় গা কন্ কন্ করে। তার উপর মেয়ে মদ্দ সমস্ত ফরাসীরা যত দোষ গিনির উপর ফেলে; বলে, "ও মাগী আমাদের এক মহাতপস্বী সাধুকে নষ্ট কোরে দিয়েচে !!" গিন্নির কিছু বিপদ বই কি,—আবার বাস হচ্চে প্যারিসে, ক্যাথলিকের দেশে। বে-করা পাজীকে ওরা দেখলে ঘূণা করে, মাগ ছেলে নিয়ে ধর্ম্মপ্রচার, এ ক্যাথলিক আদতে সহ্য করবে না। গিন্নির আবার একটু ঝাঁজ আছে কিনা। একবার গিন্নি এক অভিনেত্রীর উপর ঘৃণ। প্রকাশ কোরে বল্লেন, "তুমি বিবাহ না করে অমুকের সঙ্গে বাস করচো, তুমি বড় খারাপ"। সে অভিনেত্রী বাট্ জবাব দিল, "আমি তোমার চেয়ে লক্ষ গুণে ভাল। অমি একজন সাধারণ মানুষের সঙ্গে বাস করি, আইন মত বে না হয় নাই করেচি; আর তুমি
মহাপাপী—এত বড় একটা সাধুর ধর্ম্ম নষ্ট করলে!!
যদি তোমার প্রেমের ঢেউ এতই উঠছিলো, তা না
হয় সাধুর সেবা-দাসী; হয়ে থাকতে; তাকে বে কোরে
গৃহস্থ কোরে তাকে উংদর কেন দিলে?" "পচাকুম্ডো শরীরের" কথা যে দেশে শুনে হাসতুম, তার
আর এক দিক্ দিয়ে মানে হয়;—দেখচো?

যাক্, আমি সমস্ত শুনি, চুপ করে থাকি। মোদ্দা, বৃদ্ধ পেয়র হিয়াসান্থ বড়ই প্রেমিক, আর শান্ত; সে খুশি আছে, তার মাগ ছেলে নিয়ে;—দেশ শুদ্ধ লোকের তাতে কি ? তবে গিনিটি একটু শান্ত হলেই বোধ হয় সব মিটে বায়। তবে কি জান ভায়া, আমি দেখচি যে, পুরুষ আর মেয়ের মধ্যে সব দেশেই বোঝবার বিচার করবার রাস্তা আলাদা। द्यी-शंक्षरमव বোঝবার পথ পুরুষ এক দিক্ দিয়ে বুঝবে, মেয়ে-মানুষ পৃথক আর একদিক দিয়ে বুঝবে; পুরুষের যুক্তি এক রকম, মেয়ে মানুষের আর এক রকম। পুরুষে নেয়েকে মাফ্ করে, আর পুরুষের ঘাড়ে দোষ দেয়; মেয়েতে পুরুষকে মাফ ্করে, আর সব দোষ মেয়ের যাতে দেয়।

এদের সঙ্গে আমার বিশেষ লাভ এই যে, ঐ এক আমেরিকা ছাড়া এরা কেউ ইংরাজী জানে নাঁ; ইংরাজী ভাষায় কথা একদম বন্ধ, * কাজেই কোনও রকম কোরে, আমায় কইতে হচে ফরাসী এবং শুনতে হচে ফরাসী।

পারিস নগরী হতে বন্ধুবর ম্যাক্সিম্ নানাস্থানে

চিঠি পত্র যোগাড় কোরে দিয়েচেন, যাতে দেশগুলো

যথাযথ রকমে দেখা হয়। ম্যাক্সিম্—

বিখ্যাত বিখ্যাত "ম্যাক্সিম্ গনে"র নিশ্মাতা;

থোপনির্মাণ্ড যে তোপে ক্রমাণ্ড গোলা চলতে মাক্ষিন্ব থাকে—আপনি ঠাসে, আপনি ছোঁড়ে,

—বিরাম নাই। ম্যাক্সিম্ আদতে আমেরিকান্; এখন ইংলণ্ডে বাস, তোপের কারখানা ইত্যাদি। ম্যাক্সিম্ তোপের কথা বেশী কইলে বিরক্ত হয়, বলে, "আরে বাপু, আমি কি আর কিছুই করিনি—ঐ মানুষমারা কলটা ছাড়া?" ম্যাক্সিম্ চীন-ভক্ত, ভারত-ভক্ত, ধর্ম্ম ও দর্শনাদি সম্বন্ধে স্থলেখক। আমার বই পত্র পোড়ে অনেক দিন হতে আমার উপর বিশেষ অনুরাগ, —বেজায় অনুরাগ। আর ম্যাক্সিম্ সব রাজানরাজড়াকে তোপ বেচে, সব দেশে জানাশুনা, কিন্তু ভার বিশেষ বন্ধু লি হুং চান্ধ, বিশেষ শ্রদ্ধা চীনের

^{*} পাশ্চাত্য জাতির মধ্যে একটি রীতি এই—একটি দলের মধ্যে স্কলেই যে ভাষা জানেন, একত্রে অবস্থানকালীন সেই ভাষায় কথা না কওরা অসভ্যতার পরিচায়ক।

উপর, ধর্মান্তরাগ কংফুছে মতে। চীনে নাম নিয়ে মধ্যে মধ্যে কাগজে, ক্রীশ্চান পাজিদের বিপক্ষে লেখা হয়—তারা চীনে কি করতে যায়, কেন বা যায়, ইত্যাদি; —ম্যাক্সিম্ পাজিদের চীনে ধর্ম্ম প্রচার আদতে সহ্য করতে পারে না! ম্যাক্সিমের গিন্নিটিও ঠিক অন্তর্নপ, —চীন-ভক্তি, ক্রীশ্চানী-ঘৃণা! ছেলেপিলে নেই, বুড়ো মারুষ,—জগাধ ধন।

যাত্রার ঠিক হল—পারিস থেকে রেলযোগে ভিয়েনা, তারপর কনষ্টান্টিনোপ্ল, তারপর জাহাজে এথেনা, গ্রীদ, তারপর ভ্মধ্য-সাগরপার ইজিগু, তারপর আসিমিনর, জেরুসালম, ইত্যাদি। "ওরি-আতাল এক্সপ্রেদ
ট্রেন" পারিদ হইতে স্তাম্থল পর্যান্ত ছোটে, প্রতিদিন।
তায় আমেরিকার নকলে শোবার, বসবার, খাবার স্থান।
ঠিক আমেরিকার গাড়ীর মত স্থসম্পন্ন না হলেও, কতক
বটে। দে গাড়ীতে চড়ে ২৪শে অক্টোবর পারিদ
ছাড়তে হচেচ।

আজ ২৩শে অক্টোবর; কাল সন্ধ্যার সময় পারিস হতে বিদায়। এ বংসর এ পারিস পারিস প্রদর্শনী সভ্যজ্ঞগতে এক কেন্দ্র, এ বংসর ও বিদায় মহাপ্রদর্শনী। নানা দিগ্দেশ-সমাগত সজ্জনসঙ্গম। দেশদেশান্তরের মনীবিগণ নিজ নিজ প্রতিভা-প্রকাশে স্বদেশের মহিমা বিস্তার

করচেন, আজ এ পারিদে। এ মহা কেন্দ্রের ভেরী-ধ্বনি আজ যাঁর নাম উচ্চারণ করবে, দে নাদ-তর্ঞ সঙ্গে সঙ্গে তাঁর অদেশকৈ সর্বজন সমক্ষে গৌরবান্বিত করবে। আর আমার জন্মভূমি—এ জার্ম্মান, ফরাসী, ইংরাজ, ইতালী প্রভৃতি বুধমঙলী-মণ্ডিত মহা রাজ-ধানীতে তুমি কোথায়, বঙ্গভূমি ? কে তোমার নাম নের ? কে তোমার অস্তিৎ ঘোষণা করে ? সে বহু গৌরবর্ণ প্রাতিভমণ্ডলীর মধ্য হতে এক যুবা যশস্বী বীর বঙ্গভূমির, আমাদের মাতৃভূমির নাম ঘোষণা করলেন,—দে বীর, জগৎপ্রাসিদ্ধ বৈজ্ঞানিক ডাক্তার জে, সি, বোস! একা, যুবা বাঙ্গালী বৈত্যুতিক আজ বিত্যুৎ-বেগে পাশ্চাত্য মণ্ডলীকে নিজের প্রতিভামহিমায় মুগ্ধ করলেন—দে বিহ্যুৎসঞ্চার, মাতৃভূমির মৃতপ্রায় শরীরে নবজীবন-তরঙ্গ সঞ্চার করলে! সমগ্র বৈছ্যতিকমণ্ডলীর শীর্ষস্থানীয় আজ জগদীশ বস্থ—ভারতবাসী, বঙ্গবাসী, ধন্ম বীর! বস্তুজ ও তাঁহার সতী, সাধ্বী, সর্বর্গুণসম্পন্না গেহিনী যে দেশে যান্ সেথায়ই ভারতের মুখ উজ্জ্বল করেন—বাঙ্গালীর গৌরব বর্দ্ধন করেন। ধত্য দম্পতি! আর মিঃ লেগেট প্রভূত অর্থব্যয়ে তাঁর পারিসস্থ প্রাসাদে ভোজনাদিব্যপদেশে নিত্য লেগেটের পারিস প্রাসাদ নানা যশস্বী যশস্বিনী নরনারীর সমাগম সিদ্ধ করেচেন—তারও আজ শেষ।

কবি, দার্শনিক, বৈজ্ঞানিক, নৈতিক, সামাজিক, গায়ক, গায়িকা, শিক্ষক, শিক্ষয়িত্রী, চিত্রকর, শিল্পী, ভাস্কর, বাদক—প্রভৃতি নানা জাতির গুণিগণ-সমাবেশ, মিষ্টর লেগেটের আতিথ্য-সমাদর-আকর্ষণে তাঁর গৃহে। সে পর্বতনিঝ্রবং কথাচ্ছটা, অগ্নিফুলিঙ্গবং চতুর্দ্দিক্সমুখিত ভাববিকাশ মোহিনী সঙ্গীত মনীযি-মনঃ-সংঘর্ষসমুখিত-চিন্তামন্ত্রপ্রবাহ, সকলকে দেশকাল ভুলিয়ে মুগ্ন করে রাখ্ত!—তারও শেষ।

সকল জিনিসেরই অন্ত আছে। আজ আর একবার পুঞ্জীকৃত-ভাবরূপ-স্থির-সোদামিনী, এই অপূর্ব্ব-ভূম্বর্গ-সমাবেশ পারিস-এক্সহিবিসন দেখে এলুম।

আজ তু তিন দিন ধরে পারিদে ক্রমাগত বৃষ্টি
হচ্চে। ফ্রান্সের প্রতি সদা সদয়
পূর্য্যদেব আজ কদিন বিরূপ। নান।
দিগদেশাগত শিল্প, শিল্পী, বিভা ও বিদ্বানের পশ্চাতে
গুড়ভাবে প্রবাহিত ইন্দ্রিয়বিলাসের স্রোত দেখে ঘৃণায়
সূর্য্যের মুখ মেঘকলুবিত হয়েচে, অথবা কার্চ, বস্ত্র
ও নানারাগরঞ্জিত এ মায়া অমরাবতীর আশু
বিনাশ ভেবে, তিনি ছঃখে মেঘাবগুঠনে মুখ
ঢাকলেন।

আমরাও পালিয়ে বাঁচি—এক্সহিবিদন্ ভাঙ্গা এক বৃহৎ ব্যাপার। এই ভূম্বর্গ, নন্দনোপম পারিসের রাস্তা, এক হাঁটু কাদা চূণ বালিতে পূর্ণ হবেন। ছু একটা
প্রধান ছাড়া, এক্সহিবিসনের সমস্ত
বাড়ী ঘর দোরই, কাটকুটরো, ছেঁড়া
ভ্যাতা, আর চূণকামের থেলা বৈত নয়—যেমন সমস্ত
সংসার! তা যথন ভাঙ্গতে থাকে সে চূণের গুঁড়ো
উড়ে দম আট্রকৈ দেয়; ন্যাতাচোতায়, বালি প্রভৃতিতে
পথ ঘাট কদর্য্য কোরে তোলে; তার উপর বৃষ্টি হলেই,
সে বিরাট্ কাণ্ড!

২৪শে অক্টোবর সন্ধার সময় ট্রেণ পারিস ছাড়ল;
অন্ধকার রাত্রি—দেখবার কিছুই নাই। আমি আর
মস্মিয় বোওয়া এক কামরায়—শীঘ্র শীঘ্র শয়ন কর্লুম।
নিজা হতে উঠে দেখি,—আমরা ফরাসী সীমানা
ছাড়িয়ে জর্ম্মান সাম্রাজ্যে উপস্থিত। জর্ম্মানি পূর্বের

বিশেষ কোরে দেখা আছে; তবে

করানী ও ক্রান্সের পর জর্ম্মানি—বড়ই প্রতিদ্বন্দ্বী
ভর্মান সভ্যতা ভাব। 'যাত্যেকতোহস্তশিখরং পতিরোবধীনাং—এক দিকে ভুবনস্পর্শী ক্রান্স.

প্রতিহিংসানলে পুড়ে পুড়ে, আন্তে আন্তে খাক হয়ে যাচেচ ; আর এক দিকে কেন্দ্রীকৃত নৃতন মহাবল জর্ম্মানি মহাবেগে উদয়শিখরাভিমুখে চলেচে। কৃষ্ণকেশ, অপেক্ষাকৃত খর্ককায়, শিল্প-প্রাণ, বিলাসপ্রিয়, অভি স্থসভ্য ফ্রাসীর শিল্পবিস্তাস, আর এক দিকে হিরণ্য- কেশ, দীর্ঘাকার, দিঙ্নাগ জর্ম্মানির স্থূল-হস্তাবলেপ। পারিসের পর পাশ্চাত্য জগতে আর নগরী নাই; সব সেই পারিসের নকল, অন্ততঃ চেষ্টা। কিন্ত ফরাসীতে সে শিল্পস্থমার সৃশ্ম দৌন্দর্য্য, জর্ম্মানে, ইংরাজে, আমেরিকে সে অনুকরণ, স্থূল। ফরাসীর বল-বিহ্যাসও যেন রূপপূর্ণ; জর্ম্মানির রূপবিকাশ-চেষ্টাও বিভীষণ। ফরাসী প্রতিভার, মুখমণ্ডল ক্রোধাক্ত হলেও স্থুন্দর; জর্ম্মান প্রতিভার মধুর হাস্ত্য-বিমণ্ডিত আননও থেন ভয়ক্ষর। ফরাদীর সভ্যতা স্নায়ুময়, কর্পূরের মত, কস্তরীর মত, এক মুহূর্ত্তে উড়ে ঘর দোর ভরিয়ে দেয়; জর্মান সভ্যতা পেশীময়, সীদার মত, পারার মত ভারি, যেখানে পড়ে আছে, ত পড়েই আছে। জন্মানের মাংসপেশী ক্রমাগত, অশ্রান্তভাবে ঠুক্ঠাক্ হাতুড়ি আজন মারতে পারে; করাসীর নরম শরীর, মেরে-মান্নুষের মত; কিন্তু যখন কেন্দ্রীভূত হয়ে আঘাত করে, সে কামারের এক ঘা; তার বেগ সহু করা বড়ই কঠিন।

জর্ম্মান ফরাদীর নকলে বড় বড় বাড়ী অট্টালিকা বানাচ্চেন, বৃহৎ বৃহৎ মূর্ত্তি, অশ্বারোহী, রথী, সে প্রাসাদের শিখরে স্থাপন কর্চেন কিন্তু—জর্ম্মানের দোতলা বাড়ী দেখলেও জিজ্ঞাসা কর্তে ইচ্ছা হয়,— এ বাড়ী কি মামুষের বাসের জন্ম, না হাতী উটের আমেরিকা জর্মান-প্রবাহে অনুপ্রাণিত, লক্ষ লক্ষ জর্ম্মান প্রত্যেক শহরে। ভাষা ইংরাজী হলে কি হয়,—আমেরিকা আস্তে জৰ্মান প্ৰভাব আন্তে জৰ্মানিত হয়ে यांटकः। জশ্মানির প্রবল বংশবিস্তার: জশ্মান বড়ই কষ্টদহিষ্ণু। আজ জর্মানি ইউরোপের আদেশ-দাতা, উপর! অস্তান্ত জাতের অনেক আগে, জর্মানি, প্রত্যেক নরনারীকে, রাজদণ্ডের ভয় দেখিয়ে, বিদ্যা শিথিয়েচে—আজ সে বৃক্ষের ফল ভোজন হচ্চে। জর্ম্মানির দৈন্ত, প্রতিষ্ঠায় সর্বশ্রেষ্ঠ; জর্ম্মানি প্রাণপণ করেচে যুদ্ধপোতেও সর্বব্য্রেষ্ঠ হতে; জর্ম্মানির পণ্য-নির্মাণ ইংরাজকেও পরাভূত করেচে! ইংরাজের উপনিবৈশও জর্ম্মান-পণ্য, জর্ম্মান-মন্ত্র্য্য, খীরে ধীরে একাধিপত্য লাভ করচে; জর্ম্মানির সমাটের আদেশে, সর্ব্বজাতি, চীনক্ষেত্রে, অবনত মস্তকে, জর্ম্মান সেনা-পতির অধীনতা স্বীকার করচেন।

সারাদিন ট্রেণ জর্মানির মধ্য দিয়ে চল লো ; বিকাল বেলা জর্মান আধিপত্যের প্রাচীন কেন্দ্র, এখন পর-রাজ্য, অষ্ট্রিয়ার সীমানায় উপস্থিত। এ ইউরোপে

বেড়াবার কত়কগুলি জিনিদের উপর বেজায় শুক্ত ; অথবা কোনও কোনও পণ্য, সরকারের ইউরোপে চুঙ্গি একচেটে, যেমন তামাক। (Octroi) রুষ ও তুর্কিতে তোমার রাজার হাক্সামা ছাড়পত্র না থাক্লে একেবারে প্রবেশ নিষেধ; ছাড়পত্র অর্থাৎ পাশপোর্ট একান্ত আবশ্যক। তা ছাড়া, রুষ এবং তুর্কিতে, তোমার বই, পত্র, কাগজ সব কেড়ে নেবে; তারপর, তারা পড়ে শুনে, যদি বোঝে যে তোমার কাছে তুর্কি বা রুষের রাজহের বা ধর্মের বিপক্ষে কোনও বই কাগজ নেই, তাহলে তা তখন ফিরিয়ে দেবে—নতুবা সে সব বই পত্র বাজেয়াপ্ত কোরে নেবে। অস্ত অস্ত দেশে এ পোড়া তামাকের হাঙ্গামা বড়ই হাঙ্গামা। সিন্দুক, পাঁাট্রা, গাঁট্রি, সব খুলে দেখাতে হবে, তামাক প্রভৃতি আছে কি না আর কন্ষ্টান্টিনোপ্ল আস্তে গেলে, ছটো বড়, জর্ম্মানি আর অষ্টিয়া, এবং অনেকগুলো থুদে দেশের মধ্য দিয়ে আদতে হয়;—থুদেগুলো পূর্বের তুরক্ষের পরগণা ছিল, এখন স্বাধীন ক্রীশ্চান রাজারা একত্র হয়ে, মুসলমানের হাত থেকে যতগুলো পেরেচে, ক্রী*চানপূর্ণ পরগণ। ছিনিয়ে নিয়েচে। এ খুদে পিঁপড়ের কামড়, ডেওদের চেয়েও অনেক অধিক।

২৫এ অক্টোবর সন্ধার পর ট্রেণ অষ্ট্রিয়ার রাজধানী ভিয়েনা নগরীতে পৌছুল। অষ্ট্রিয়া ও রুবিয়ার রাজবংশীয় নর-নারীকে আর্ক-ড্যুক ভিয়েনা নগরী ও আর্ক-ডচেস্ বলে। এ ট্রেণে ছজন আর্ক-ড্যুক ভিয়েনায় নাববেন; তাঁরা না নাব্লে অক্তান্ত যাত্রীর আর নাব্বার অধিকার নাই। আমরা অপেক্ষা কোরে রইলুম। নানাপ্রকার জরিবুটার উদ্দি পরা জনকতক দৈনিক পুরুষ এবং পর্-লাগান টুপি মাথায় জনকতক সৈত্ত, আর্ক-ড্যুকদের জন্ত অপেক্ষা কর্ছিল। তাদের দ্বারা পরিবেষ্টিত হয়ে আর্ক-ড্যুক্দর নেমে গেলেন। আমরাও বাঁচলুম—তাড়াভাড়ি নেমে, সিন্দুকপত্র পাশ করাবার উদ্যোগ কর্তে লাগ্লুম। যাত্রী অতি অল্প; সিন্দুকপত্র দেখিয়ে ছাড় করাতে বড় দেরি লাগল না। পূর্বে হতে এক হোটেল ঠিকানা করা ছিল; সে হোটেলের লোক গাড়ী নিয়ে অপেক্ষা কর্ছিল। আমরাও যথাসময়ে, হোটেলে উপস্থিত হলুম। সে রাত্রে আর দেখা শুনা কি হবে-পরদিন প্রাতঃকালে শহর দেখ্তে .বেরুলুম। সমস্ত হোটেলেই এবং ইউরোপের ইউরোপীয় হোটেলে ইংলণ্ড ও জর্মানি ছাড়া প্রায় সকল থাবার চাল দেশেই, ফরাসী চাল। হিঁহদের মত

ত্বার খাওয়া। প্রাতঃকালে, ত্প্রহরের মধ্যে; সায়ংকালে,

প্রতির মধ্যে। প্রত্যুবে অর্থাৎ দানটার সময় একটু কাফি পান করা। চায়ের চাল—ইংলণ্ড ও রুষিয়া ছাড়া অক্সত্র বড়ই কম। দিনের ভোজনের ফরাসী নাম— "দেজুনে" অর্থাৎ উপবাসভঙ্গ, ইংরাজী "ব্রেকফাষ্ট্"। সায়ং ভোজনের নাম—"দিনে," ইং—

Ы.

"ডিনার"। চা পানের ধুম রুবিয়াতে অত্যন্ত—বেজায় ঠাণ্ডা, আর চীন-সন্নিকট।

চীনের চা খ্ব উত্তম চা,—তার অধিকাংশ যায় কবে। কবের চা পানও চীনের অন্তর্রূপ, অর্থাৎ ত্রন্ধ মেশান নেই। ত্র্ধ মেশালে চা বা কাফি বিবের স্থায় অপকারক। আদল চা-পায়ী জাতি চীনে, জাপানি, কব, মধ্য-আদিয়াবাদী, বিনা ত্রন্ধে চা পান করে; তত্বৎ আবার তুর্ক প্রভৃতি আদিম কাফিপায়ী জাতি বিনা ত্রন্ধে কাফি পান করে। তবে ক্ষরিয়ায় তার মধ্যে এক টুক্রা পাতি নেবু এবং এক ডেলা চিনি চায়ের মধ্যে ফেলে দেয়। গরীবেরা এক ডেলা চিনি মুখের মধ্যে রেখে, তার উপর দিয়ে চা পান করে এবং এক জনের পান শেষ হলে আর এক জনকে সে চিনির ডেলাটা বার কোরে দেয়। সে ব্যক্তিও সে ডেলাটা মুখের মধ্যে রেখে পূর্ববিৎ চা পান করে।

ভিয়েন। শহর, পারিসের নকলে, ছোট শহর। তবে অধ্রিয়ানরা হচ্চে জাতিতে জর্ম্মান। অধ্রিয়ার

পরিব্রাজক

বাদ্সা এতকাল প্রায় সমস্ত জাশ্মানির বাদ্সা ছিল বর্ত্তমান সময়ে, প্রুষরাজ ভিলহেলেখের দূরদর্শিতায়, মন্ত্রিবর বিষ্মার্কের অপূর্ব অর্টিয়ার বুদ্ধিকৌশলে, আর সেনাপতি ফন্মণ্টকির হতশ্ৰী বাজবংশ যুদ্ধপ্রতিভায়, প্রদরাজ অষ্ট্রিয়া ছাড়া সমস্ত জন্মানির একাধিপতি বাদ্সা। হতশ্রী হতবীয়া অষ্ট্রিয়া কোনও মতে পূর্ব্যকালের নাম-গৌরব রক্ষা কর্চেন। অপ্তিয়া রাজবংশ—হাপ্সবর্গ বংশ, ইউ-রোপের সর্বাপেক্ষা প্রাচীন ও অভিজাত রাজবংশ। যে জর্মান রাজন্মকুল ইউরোপের প্রায় সর্বনেশেই সিংহাসনে অধিষ্ঠিত, যে জর্মানির ছোট ছোট করদ রাজা, ইংলণ্ড ও কৃষিয়াতেও, মহাবল সাম্রাজ্যশীর্ষে সিংহাসন স্থাপন করেচে, সেই জর্ম্মানির বাদ্সা এত . কাল ছিল এই অষ্ট্রিয় রাজবংশ। সে মান, সে গৌরবের ইচ্ছা, সম্পূর্ণ অষ্ট্রিয়ার রয়েচে—নাই শক্তি। তুর্ককে, ইউরোপে "আতুর বৃদ্ধ পুরুষ" বলে; অণ্টিয়াকে, "আতুরা বৃদ্ধ স্ত্রী" বলা উচিত। অম্বিয়া ক্যাথলিক সম্প্রদায়-ভুক্ত; সেদিন পর্যান্ত অষ্ট্রিয়ার সাম্রাজ্যের নাম ছিল— বৰ্ত্তমান "পবিত্র রোম সাম্রাজ্য"। পোগ ও জর্মানি প্রোটেষ্টান্ট—প্রবল ; অম্বিয় ইভালীর সমাট্—চিরকাল পোপের দক্ষিণ হস্ত, রাজা শিষ্যু, রোমক সম্প্রদায়ের নেতা। এখন

অনুগত

ইউরোপে ক্যাথলিক বাদ্দা কেবল এক অপ্তিয় সমাট্; ক্যাথলিক সন্তেয়ে বড় মেয়ে ফ্রান্স, এখন প্রজাতন্ত্র ; স্পেন, পর্ভুগাল, অবংপাতিত ইতালী, পোপের সিংহাসনমাত্র স্থাপনের স্থান দিয়েচে; পোপের ঐশ্বর্যা, রাজ্য, সমস্ত কেড়ে নিয়েচে; ইতালীর রাজা, আর রোমের পোপে, মুখ দেখাদেখি নাই—বিশেষ শত্রুতা। পোপের রাজধানী রোম এখন ইতালীর রাজধানী; পোপের প্রাচীন প্রাসাদ দখল কোরে, রাজা বাস কর্চেন; পোপের প্রাচীন ইতালী রাজ্য, এখন পোপেরু ভাটীকান্ (vatican) প্রাসাদের চতুঃদীমায় আবদ্ধ! কিন্ত পোপের ধর্ম্মস্থান্ধ প্রাধান্ত এখনও অনেক—দে <mark>ক্ষমতার বিশেষ পহায় অঞ্জিয়া। অঞ্জিয়ার বিরুদ্ধে</mark>, অথবা পোপ–সহায় অষ্ট্রিয়ার বহুকালব্যাপী দাসত্ত্বের বিৰুদ্ধে—নব্য ইতালীর অভ্যুত্থান। অপ্তিয়া কাজেই বিপক্ষ,—ইভালী খুইয়ে বিপক্ষ। মাঝখান থেকে ইংলণ্ডের কুপরামর্শে নবীন ইতালী নবীন ইতালীর নিৰ্ব দিতা মহাদৈন্য-বল, রণপোত-বল সংগ্ৰহে বদ্ধকর হল। সে টাকা কোথায়? ঋণজালে জড়িত হয়ে, ইতালী উংসন্ন যাবার দশায় পড়েচে; আবার কোথা হতে উৎপাত—আফ্রিকার রাজ্য বিস্তার কর্তে গেল। হাব্সি বাদ্সার কাছে হেরে, হতঞী

হতমান হয়ে, বদে পড়েচে। এ দিকে প্রুদিয়া মহাযুকে

হারিয়ে, অষ্ট্রিয়াকে বহুদূর হঠিয়ে দিলে। অষ্ট্রিয়া ধীরে ধীরে মরে যাচ্চে, আর ইতালী নব জীবনের অপব্যবহারে তদ্বং জালবদ্ধ হয়েচে।

অপ্তিয়ার রাজবংশের, এখনও ইউরোপের সকল রাজবংশের অপেক্ষা গুমর। তাঁরা অতি প্রাচীন, অতি বড় বংশ। এ বংশের বে-থা, বড় দেখে-শুনে হয়। ক্যাথলিক না হলে সে বংশের সঙ্গে বে-থা হয়ই না। এই বড় বংশের ভাঁওতায় পড়ে, মহাবীর ন্যাপোল্ডার অধঃপতন!! কোথা হতে वरभागगामा उ বোনাপার্ট তার মাথায় ঢুক্লো যে, বড় রাজবংশের মেয়ে বে.কোরে পুত্র-পৌত্রাদিক্রমে এক মহাবংশ স্থাপন করবেন। যে বীর, "আপনি কোন্ বংশে অবতীর্ণ <u>?</u>" এ প্রশ্নের উত্তরে বলেছিলেন যে, "আমি কারুর বংশের সন্তান নই—আমি মহাবংশের স্থাপক", অর্থাৎ আমা-হতে মহিমান্বিত বংশ চল্বে, আমি কোনও পূর্ব্বপুরুবের নাম নিয়ে বুড় হতে জন্মাই নি, দেই বীরের এ বংশ-মুর্যাদারূপ অন্ধকূপে পতন হল !

রাজ্ঞী জোদেফিন্কে পরিত্যাগ, যুদ্ধে পরাজয় কোরে অষ্ট্রিয়ার বাদ্দার কন্তা-গ্রহণ, মহা-সমারোহে অষ্ট্রিয় রাজকন্তা মেরি লুইদের সহিত বোনাপার্টের বিবাহ, পুত্রজন্ম, সম্ভজাত শিশুকে রোমরাজ্যে অভি-বিক্ত করণ, স্থাপোল্ঞার পতন, শ্বশুরের শত্রুতা, লাইপ- জিস্, ওয়াটারলু, সেন্টহেলেনা, রাজ্ঞী মেরী লুইসের সপুত্র পিতৃগৃহে বাস, সামান্ত সৈনিকের সহিত বোনাপার্ট-সাম্রাজ্ঞীর বিবাহ, একমাত্র পুত্র রোমরাজের, মাতামহ-গৃহে মৃত্যু,—এ সব ইতিহাস প্রসিদ্ধ কথা।

ফ্রান্স এখন অপেক্যাকৃত তুর্বল অবস্থায় পড়ে প্রাচীন গৌরব স্মরণ কর্চে,—আজকাল লালে অধুনা বোনাপার্ট
স্বান্ধীয় চর্চা
সান্দি প্রভৃতি নাট্যকার, গত স্থাপোলর্থ সম্বন্ধে অনেক নাট্ক লিখ্চেন; মাদাম্ বারন্হার্ড, রেজাঁ প্রভৃতি অভিনেত্রী কফেলাঁ প্রভৃতি অভিনেতাগণ, সে সব পুস্তক অভিনয় কোরে, প্রতি রাত্রে থিয়েটার ভরিয়ে ফেল্চে। সম্প্রতি "লেগ্ল" (গরুড়-শাবক) নামক এক পুস্তক অভিনয় কোরে, মাদাম্ বারন্হার্ড পারিস নগরীতে মহা আকর্ষণ উপস্থিত করেচেন।

"গরুড় শাবক" হচ্চে বোনাপার্টের একমাত্র পুত্র,
মাতামহ গৃহে ভিয়েনার প্রাসাদে এক রকম নজরবন্দী।
অষ্ট্রিয় বাদ্সার মন্ত্রী, চাণক্য মেটারণিক
"গরুড় শাবক" বালকের মনে পিতার গৌরবকাহিনী
কাহিনী যাতে একেবারে না স্থান পায়, সে
বিষয়ে সদা সচেষ্ট। কিন্তু তুজন
পাঁচজন বোনাপার্টের পুরাতন সৈনিক, নানা কৌশলে

সামবোর্ণ-প্রাসাদে অক্তাতভাবে বালকের ভ্তাতে গৃহীত হল; তাদের ইচ্ছা—কোনও রকমে বালককে ফ্রান্সে হাজির করা এবং সমবেত-ইউরোপীয়-রাজস্তান পুনঃস্থাপিত বুর্ব বংশকে তাভ়িয়ে দিয়ে বোনাপার্ট বংশ স্থাপন করা। শিশু—মহাবীর-পুত্র; পিতার রণ-গৌরবকাহিনী শুনে, সে স্থাও তেজ অতি শীঘ্রই জেগে উঠলো। চক্রান্তকারীদের সঙ্গে বালক, সামবোর্ণ-প্রাসাদ হতে একদিন পলায়ন করলে; কিন্তু মেটারণিকের তীক্ষবৃদ্ধি পূর্বব হতেই টের পেয়েছিল,—সে যাত্রা বন্ধ কোরে দিলে। বোনাপার্ট-পুত্রকে সামবোর্ণ-প্রাসাদে ফিরিয়ে আন্লে; বিদ্ধপক্ষ গরুড়-শিশু, ভগ্নহাদয়ে অতি অল্পদিনেই প্রাণ ত্যাগ কর্লে!

এ সামবোর্ণ-প্রাসাদ, সাধারণ প্রাসাদ; অবশ্য—ঘর-দোর থুব সাজান বটে; কোনও ঘরে থালি চীনের কাজ,

কোনও ঘরে খালি হিন্দু হাতের কাজ,

সামবোর্ণ- কোনও ঘরে অন্ত দেশের,—এই প্রকার প্রাসাদ-দর্শন এবং প্রাসাদস্থ উন্তান অতি মনোরম বটে ; কিন্ত এখন যত লোক এ প্রাসাদ

দেখ তে যাচ্চে, সব ঐ বোনাপার্ট-পুত্র যে ঘরে শুতেন,
যৈ ঘরে পড়তেন, যে ঘরে তাঁর মৃত্যু হয়েছিল সেই সব
দেখ তে যাচ্চে। অনেক আহাম্মক ফরাসী ফরাসিনী,
রক্ষিপুরুষকে "জিজ্ঞাসা করচে, "এগল"র ঘর কোনটা,

কোন্ বিছানায় "এগলঁ" শুতেন !! মর্ আহামক্, এরা জানে বোনাপার্টের ছেলে। এদের মেয়ে, জুলুম কোরে কেড়ে নিয়ে হয়েছিল সম্বন্ধ; সে ঘৃণা এদের আজও যায় না। নাতি—রাখ্তে হয়, নিরাশ্রয়—রেখেছিল। তারা রোমরাজ প্রভৃতি কোনও উপাধিই দিত না ; খালি অষ্ট্রিয়ার নাতি কাজেই ড্যুক বস্। তাকে এখন তোরা "গরুড়-শিশু" কোরে এক বই লিখেচিস্, আর তার উপর নানা কল্লনা জুটিয়ে, মাদাম বারন্হার্ডের প্রতিভায় একটা খুব আকর্ষণ হয়েচে ;—কিন্তু এ অষ্ট্রিয় রক্ষী সে নাম কি কোরে জান্বে বল ? তার উপর সে বইয়ে লেখা হয়েচে যে ভাপোলঅঁ-পুত্রকে অষ্ট্রিয়ান্ বাদ্সা, মেটারণিক মন্ত্রীর পরামর্শে, একরকম মেরেই ফেল্লেন। রক্ষী, "এগল'" শুনে, মুখ হাঁড়ি কোরে গোঁজ গোঁজ কর্তে কর্তে, ঘর দোর দেখাতে লাগ্লো; কি করে, বক্সিস্টা ছাড়া বড়ই মৃশকিল। তার উপর, এসব অণ্ট্রিয়া প্রভৃতি দেশে দৈনিক বিভাগে বেতন নাই বল্লেই হল, এক রকম পেটভাতায় থাক্তে হয়; অবশ্য কয়েক বংসর পরে ঘরে ফিরে যায়। রক্ষীর মুখ অন্ধকার হয়ে স্বদেশ-প্রিয়তা প্রকাশ কর্লে,—হাত কিন্তু আপনা হতেই বক্সিদের দিকে চল্লো। ফরাসীর দল রক্ষীর হাতকে রোপ্য-সংযুক্ত কোরে, "এগল" র গল্প আর মেটারণিককে গাল দিতে দিতে ঘরে ফিরলো,—রক্ষী লম্বা সেলাম কোরে দোর বন্ধ কর্লে। মনে মনে সমগ্র ফরাদী জাতির বাপন্ত-পিতন্ত অবশ্যই করেছিল।

ভিয়েনা শহরে দেখ্বার জিনিস মিউসিয়ম, বিশেষ বৈজ্ঞানিক মিউসিয়ম। বিভার্থীর বিশেষ উপকারক স্থান। নানাপ্রকার প্রাচীন লুপ্ত জীবের ক্ষিষ্টাস্থিম— অস্থ্যাদি সংগ্রহ অনেক। চিত্রশালিকায় বলনাজ চিত্র ভলন্দাজ চিত্রকরদের চিত্রই অধিক। ভলন্দাজি সম্প্রদায়ে, রূপ বা'র করবার

চেষ্টা বড়ই কম; জীবপ্রকৃতির অবিকল অনুকরণেই এ সম্প্রদারের প্রাধান্ত। একজন শিল্পী বছর কতক ধরে এক ঝুড়ি মাছ এঁকেচে, তা হয় ? এক থান মাংস, না হয় এক গ্লাস জল,—সে মাছ, মাংসে, গ্লাসে জল, চমংকার-জনক! কিন্তু ওলন্দাজ সম্প্রদায়ের নেয়ে-চেহারা সব যেন কুন্তিগিরি পালোয়ান!!

ভিয়েনা শহরে, জর্ম্মান পাণ্ডিত্য, বৃদ্ধিবল আছে, কিন্তু
যে কারণে তুর্কি ধীরে ধীরে অবসন্ন হয়ে গেল, সেই কারণ
এথায়ও 'বর্ত্তমান,—অর্থাৎ নানা বিভিন্ন
জাতি ও ভাষার সমাবেশ। আসল
অন্তর্গার
অধঃপতনের অন্তিয়ার লোক—জর্ম্মান-ভাষী, ক্যাথলিক,
কারণ নানা
ভঙ্গারির লোক—তাতারবংশীয়, ভাষা
আলাদা—আবার কতক গ্রীকভাষী,
গ্রীকমতের ক্রীশ্চান। এ সকল ভিন্ন সম্প্রাদায়কে

একীভূত করণের শক্তি অষ্ট্রিয়ার নেই। কাজেই অষ্ট্রিয়ার অধংপতন।

বর্ত্তমানকালে ইউরোপখণ্ডে জাতীয়তার এক মহা-তরঙ্গের প্রাহর্ভাব। এক ভাষা, এক ধর্মা, এক জাতীয় সমস্ত লোকের একত্র সমাবেশ। যেথায় অষ্টিয়ার এ প্রকার একত্র সমাবেশ সুসিদ্ধ হচ্চে, পরিণান সেথায়ই মহাবলের প্রাত্মভাব হচ্চে; যেথায় তা অসম্ভব, দেখায়ই নাশ। অষ্ট্রিয় সম্রাটের মৃত্যুর পর, অবশ্যুই জর্ম্মনি অষ্ট্রিয় সাত্রাজ্যের জন্মানভাষী অংশটুকু উদরসাৎ করবার চেষ্টা কর্বে—রুষ প্রভৃতি অবশ্যই বাধা দেবে; মহা আহবের সম্ভাবনা ; বর্ত্তমান সম্রাট, অতি বৃদ্ধ—সে ছর্য্যোগ আশু-সম্ভাবী। জর্ম্মান সম্রাট, তুর্কির স্থলতানের আজকাল সহায়; দে সময়ে যখন জন্মানি অদ্বিয়া-প্রাদে মুখ-ব্যাদান কর্বে, তথন রুষ-বৈরী তুর্ক, রুষকে কতক-মতক বাধা ত দেবে,—কাজেই জর্ম্মান সম্রাট্ তুর্কের সহিত বিশেষ মিত্রতা দেখাচেন।

ভিয়েনায় তিন দিন দিক কোরে দিলে। পারিসের পর ইউরোপ দেখা, চর্ব্যচুষ্য খেয়ে তেঁতুলের চাট্নি চাকা—সেই কাপড়চোপড়, খাওয়া-দাওয়া, সেই সব এক চঙ, ছিনিয়াগুদ্ধ সেই এক কিন্তৃত কালো জামা, সেই এক বিকট টুপী! তার উপর, উপরে মেঘ আর নীচে পিল্ পিল্ কর্চে এই কালো টুপী, কালো জামার
দল,—দম যেন আট্কে দেয়। ইউরোপ
শুদ্ধ সেই এক পোষাক, সেই এক চালখ্যুরোপ
অবনতির হর
চলন হয়ে আসচে। প্রকৃতির নিয়ম—ঐ
ধরিয়াছে
সবই মৃত্যুর চিহ্ন ! শত শত বৎসর কস্রত
করিয়ে, আমাদের আর্যোরা আমাদের

এমনি কাওয়াজ করিয়ে দেচেন যে, আমরা এক চঙে দাঁত মাজি, মুথ ধুই, খাওয়া খাই, ইত্যাদি ইত্যাদি,—ফল, আমরা ক্রমে ক্রমে যন্ত্রগুলি হয়ে গেচি; প্রাণ বেরিয়ে গেচে, খালি যন্ত্রগুলি ঘুরে বেড়াচিচ! যত্নে 'না' বলে না 'হাঁ' বলে না, নিজের মাথা ঘামায় না, "যেনাস্থা পিতরো যাতাঃ" (বাপ দাদা যে দিক্ দিয়ে গেচে) চলে যায়, তার পর পচে মরে যায়। এদেরও তাই হবে!—'কালস্থা কুটিলা গতিঃ,' সব এক পোযাক, এক খাওয়া, এক ধাঁজে কথা কওয়া, ইত্যাদি, ইত্যাদি,—হতে হতে ক্রমে সব যন্ত্র, ক্রমে সব "যেনাস্থা পিতরো যাতাঃ" হবে,—তারপর পচে মরা!!

২৮শে অক্টোবর পুনরায় রাত্রি ৯টার সময় সেই ওরিয়েণ্ট এক্সপ্রেস ট্রেণ আবার ধরা হলো। ৩০শে অক্টোবর ট্রেণ পোঁছুল কন্ষ্টান্টিনোপ্লে। এ ছ রাত একদিন ট্রেণ চল্লো হুঙ্গারি, সর্বিয়া এবং বুলগেরিয়ার মধ্য দিয়ে। হুঙ্গারির অধিবাদী, অষ্ট্রিয় সম্রাটের প্রজা।

কিন্তু অম্ভিয় সত্রাটের উপাধি "অম্ভিয়ার সত্রাট্ ও হুঙ্গারির রাজ।"। হুঙ্গারির লোক এবং তুর্কিরা একই জাত, তিব্বতির কাছা-হঙ্গারি ও অম্বিয়া কাছি। হুঙ্গাররা কাস্পিয়ান্ হ্রদের উত্তর দিয়ে ইউরোপে প্রবেশ করেচে, আর তুর্করা আন্তে আন্তে পারস্রের পশ্চিম প্রান্ত হয়ে আনিয়া-মিনর হয়ে ইয়ুরোপ দখল করেচে। হুঙ্গারির লোক ক্রী*চান—তুর্ক মুসলমান। কিন্তু সে তাতার রক্তের যুদ্ধপ্রিয়তা উভয়েই বিভামান। হুঙ্গাররা অস্ট্রিয়া হতে তফাৎ হবার জন্ম বারম্বার যুদ্ধ কোরে, এখন কেবল নামমাত্র একত্র। তাষ্ট্রির সত্রাট্ নামে হুঙ্গারির রাজা। এদের রাজধানী বুডাপেস্ত অতি পরিষ্কার স্থুন্দর শহর। জাতি আনন্দপ্রিয়, সঙ্গীতপ্রিয়,—পারিদের সর্বত্তে হুঙ্গারিয়ান ব্যাণ্ড।

সর্বিয়া, বুলগেরিয়া প্রভৃতি তুর্কির জেলা ছিল—
ক্রুযুদ্ধের পর প্রকৃতপক্ষে স্বাধীন; তবে স্থলতান এখনও
বাদ্দা এবং সর্বিয়া-বুলগেরিয়ার পররাষ্ট্রসংক্রান্ত কোনও
অধিকার নেই। ইউরোপে তিন জাত সভ্য—করাসী,
জর্মান, আর ইংরেজ। বাকিদের হুর্দ্দেশা আমাদেরই
মত, অধিকাংশ এত অসভ্য যে, এসিরায় এত নীচ
কোনও জাত নেই। সর্বিয়া বুলগেরিয়াময়, সেই মেটে
ঘর, ছেঁড়া নেক্ড়া পরা মানুষ, আবর্জনারাশি,—মনে

হয় বুঝি দেশে এলুম! আবার ক্রীশ্চান কি না—ছ-চারটা শুয়র অবশ্যই আছে। ছশো অসভা লে<mark>:কে</mark> যা ময়লা কর্তে পারে না, একটা শোরে তা করে দেয়। মেটে ঘর তার মেটে ছাদ, ছেঁড়া স্থাতা-চোতা প্রণে, ঁশুকরসহায় সবিয়া বা বুলগার! বহু রক্তস্রাবে, বহু যুদ্ধের পর, তুর্কের দাসত্ব ঘুচেচে: কিন্তু সঙ্গে সঙ্গে বিষম উৎপাত—ইয়ুরোপী চঙে ফৌজ গড়্তে হবে, নইলে কারু একদিনও নিস্তার নেই। অবশ্য ছদিন আগে বা পরে ওদব রুষের উদরসাৎ হবে, কিন্তু তবুও দে ছদিন জীবন অমস্তব,—ফৌজ বিনা! 'কন্স্ক্রিপ্সন্' চাই। কুক্ষণে ফ্রান্স জর্ম্মানির কাছে পরাজিত হলো। ক্রোধে আর ভয়ে ফ্রান্স দেশগুদ্ধ লোককে সেপাই করলে। পুরুষমাত্রকেই কিছুদিনের জন্ম সেপাই হতে হবে—যুদ্ধ শিখ্তে হবে; কারু নিস্তার নেই। তিন বংসর বারিকে বাস করে—ক্রোড়পতির ছেলে হক্ না কেন, বন্দুক ঘাড়ে যুদ্ধ শিখ্তে হবে। গবর্ণমেণ্ট খেতে পরতে দেবে, আর বেতন রোজ এক পয়সা। তারপর তাকে তুবংসর সদা প্রস্তুত থাক্তে হবে নিজের ঘরে; তার পর আরও ১৫ বংসর তাকে দরকার হলেই যুদ্ধের জন্ম হাজির হতে হবে। জর্ম্মানি সিঙ্গি থেপিয়েচে,— তাকেও কাজেকাজেই তৈয়ার হতে হলো; অক্যান্ত দেশেও, এর ভয়ে ও, ওর ভয়ে এ, সমস্ত ইয়ুরোপময়

ঐ কন্স্ত্রিপ্সন্,—এক ইংলণ্ড ছাড়া। ইংলণ্ড—দ্বীপ, জাহাজ ক্রমাগত বাড়াচেচ, কিন্তু এ বোয়ার যুদ্ধের <mark>শিক্ষা পেয়ে বোধ হয় কন্</mark>স্ক্রিপ্সন্ই বা হয়। রুষের লোকসংখ্যা সকলের চেয়ে অধিক, কাজেই রুষ সকলের চেয়ে বেশী ফৌজ খাড়া করে দিতে পারে। এখন এই যে সর্বিয়া বুলগেরিয়া প্রভৃতি বেচারাম দেশ সব তুর্কিকে ভেঙ্গে ইয়ুরোপীরা বানাচ্চে, তাদের জন্ম না হতে হতেই আধুনিক সুশিক্ষিত সুসজ্জ ফৌজ, তোপ প্রভৃতি চাই; কিন্তু আখেরে দে পয়দা যোগায় কে? চাষা কাজেই ছেঁড়া স্থাতা গায়ে দিয়েচে—আর শহরে দেখ্বে কতকগুলো ঝাব্বাঝুব্বা পোরে সেপাই। ইয়ুরোপময় সেপাই, সেপাই—সর্বত্রই সেপাই। তবু স্বাধীনতা আর এক জিনিস, গোলামি আর এক; পরে যদি জোর করে করায় ত অতি ভাল কাজও করতে ইচ্ছা যায় না। নিজের দায়িত্ব না থাক্লে কেউ কোন বড় কাজ কর্তে পারে না। স্বর্ণশৃভালযুক্ত গোলামির চেয়ে একপেটা ছেঁড়া স্থাকড়া-পর। স্বাধীনতা লক্ষগুণে শ্রেয়ঃ। গোলামের ইহলোকেও নরক, পরলোকেও তাই। ইয়ুরোপের লোকেরা ঐ সবিয়া বুলগার প্রভৃতিদের ঠাট্টা বিজ্ঞপ করে—তাদের ভুল, অপারগতা নিয়ে ঠাট্টা করে। কিন্তু এতকাল দাসত্বের পর কি এক দিনে কাজ শিখতে পারে ? ভুল করবে বই কি—তুশ কর্বে—; করে—শিখ্বে,—শিথে ঠিক কর্বে। দায়িত্ব হাতে পড়্লে অতি তুর্বল সবল হয়—অজ্ঞান বিচক্ষণ হয়।

রেল'গাড়ী হঙ্গারী, রোমানী প্রভৃতি দেশের মধ্য দিয়ে চল্লো। মৃতপ্রায় অষ্ট্রিয় সাম্রাজ্যে যে সব জাতি বাস করে, তাদের মধ্যে হৃঙ্গারীয়ানে জীবনী-শক্তি এখনও বর্ত্তমান। যাহাকে ইয়ুরোপীয় মনীষিগণ ইন্দো-যুরোপীয়ান বা আর্যাজাতি বলেন, ইয়ুরোপে তু-একটি ফুব্র জাতি ছাড়া আর সমস্ত জাতি সেই মহা-জাতির অন্তর্গত। যে হু-একটি জাতি সংস্কৃত-সম ভাষা বলে না, হঙ্গারীয়ানেরা তাদের অহাতম। হঙ্গারীয়ান আর তুর্কী একই জাতি। অপেক্ষাকৃত আধুনিক সময়ে এই মহাপ্রবল জাতি এসিয়া ও ইয়ুরোপ খণ্ডে যে দেশকে এখন আধিপত্য বিস্তার করেচে। তুকীস্থান বলে, পশ্চিমে হিমালয় ও হিলুকোশ পর্বতের উত্তরে স্থিত সেই দেশই এই তুর্কী জাতির আদি নিবাস-ভূমি। ঐ দেশের তুর্কী নাম 'চাগওই'। দিল্লীর মোগল-বাদ্সাহ-বংশ, বর্ত্তমান পারস্ত-রাজবংশ, কন্টান্টিনোপ্ল-পতি তুর্কবংশ ও হঙ্গারীয়ান্ জাতি, সকলেই সেই 'চাগওই' দেশ হতে ক্রমে ভারতবর্ষ আরম্ভ করে ইয়ুরোপ পর্য্যন্ত আপনাদের অধিকার বিস্তার করেচে এবং আজও এই সকল বংশ আপনাদের 'চাগওই' বলে পরিচয় দেয়া এবং এক ভাবায় কথাবার্তা কয়। এই

তুৰ্কীরা বহুকাল পূর্বের অবশ্য অসভ্য ছিল। ভেড়া ঘোড়া গরুর পাল সঙ্গে, স্ত্রীপুত্র ডেড়া-ডাণ্ডা সমেত, যেখানে পশুপালের চর্বার উপযোগী ঘাস পেত, সেইখানে তাঁবু গেড়ে কিছু দিন বাস কর্ত। ঘাস-জল সেখানকার ফুরিয়ে গেলে অন্তত্র চলে যেত। এখনও এই জাতির অনেক বংশ মধ্য-এসিয়াতে এই ভাবেই বাস করে। মোগল প্রভৃতি মধ্য এসিয়াস্থ জাতিদের সহিত এদের ভাষাগত সম্পূর্ণ ঐক্য,—আকৃতিগত কিছু তফাং মাথার গড়নেও ও হন্তুর উচ্চতায় তুর্কের মুখ মোগলের সমাকার, কিন্তু তুর্কের নাক খ্যাদা নয়, অপিচ স্থদীর্ঘ, চোখ সোজা এবং বড়, কিন্তু মোগলদের মত গুই চোখের মাঝে ব্যবধান অনেকটা বেশী। অনুমান হয় যে বহু কাল হতে এই তুর্কী জাতির মধ্যে আর্ঘ্য এবং সেমিটিক্ রক্ত প্রবেশ লাভ করেচে; সনাতন কাল হতে এই তুরস্ক জাতি বড়ই যুদ্ধপ্রিয়। আর এই জাতির সহিত সংস্কৃত-ভাষী, গান্ধারী ও ইরাণীর মিশ্রণে—আফগান, খিলিজি, হাজারা, বরকজাই, ইউসাফ্জাই প্রভৃতি যুদ্ধপ্রিয়, সদা রণোন্মত্ত ভারতবর্ষের নিগ্রহকারী জাতিসকলের উৎপত্তি। অতি প্রাচীনকালে এই জাতি বারস্বার ভারতবর্ষের পশ্চিম প্রান্তস্থ দেশসকল জয় করে, বড় বড় রাজ্য সংস্থাপন করেছিল। তখন এরা বৌদ্ধধর্ম্মাবলম্বী ছিল, অথবা ভারতবর্ষ দখল করবার পর বৌদ্ধ হয়ে

যেত। কাশ্মীরের প্রাচীন ইতিহাসে হুষ্কু, যুষ্ক, কনিষ্ক নামক তিন প্রসিদ্ধ তুরন্ধ সম্রাটের কথা আছে; এই ক্রিক্ই, মহাযান নামে উত্তরাম্মায় বৌদ্ধর্ম্মের সংস্থাপক। বহুকাল পরে ইহাদের অধিকাংশই মুসলমান ধর্ম্ম গ্রহণ [~] করে এবং বৌদ্ধধর্মের মধ্য-এসিয়াস্থ গান্ধার, কাবুল, প্রভৃতি প্রধান প্রধান কেন্দ্রসকল একেবারে উৎসন্ন করে দেয়। মুদলমান হওয়ার পূর্বেব এর। যথন যে দেশ জয় কর্ত, সে দেশের সভ্যতা, বিছা, গ্রহণ কর্ত; এবং অন্তান্ত দেশের বিভাবুদ্ধি আকর্ষণ করে সভ্যতা বিস্তারের চেষ্টা কর্ত। কিন্তু মুসলমান হয়ে পর্য্যন্ত এদের যুদ্ধপ্রিয়তাটুকুই কেবল বর্ত্তমান; বিভা, সভ্যতার নাম গন্ধ নেই,—বরং যে দেশ জয় করে সে দেশের সভ্যতা ক্রমে ক্রমে নিভে যায়। বর্ত্তমান আফগান, গান্ধার প্রভৃতি দেশের স্থানে স্থানে তাদের বৌদ্ধ পূর্ব্বপুরুষদের নিশ্মিত অপূর্বব স্তূপ, মঠ, মন্দির, বিরাট ্ুর্তিসকল বিভাষান। তুর্কী-মিশ্রণ ও মুসলমান হবার কলে সে সকল মন্দিরাদি প্রায় ধ্বংস হয়ে গেচে এবং আধুনিক প্রভৃতি আফগান এমন অস্ভ্য মূর্থ হয়ে গেচে ষে, সে সকল প্রাচীন স্থাপত্য নকল করা দূরে থাকুক, জিন প্রভৃতি অপদেবতাদের নির্ম্মিত বলে বিশ্বাস করে এবং মানুষের যে অত বড় কারখানা করা সাধ্য নয়, তা স্থির ধারণা করেচে। বর্তুমান পারস্তা দেশের ছদিশার প্রধান কারণ এই যে, রাজবংশ হচ্চে প্রবল অসভ্য তুর্কীজাতি ও
প্রজারা হচ্চে অতি স্থসভ্য আর্য্য,—প্রাচীন পারস্থা জাতির
বংশধর। এই প্রকারে স্থসভ্য আর্য্যবংশোন্তব গ্রীক ও
রোমানকদিগের শেষ রঙ্গভূমি কন্ট্রান্টিনোপল্ সাম্রাজ্য
মহাবল ববর্ব গুরুদ্ধের পদতলে উৎসন্ন গেচে। কেবল ক্
ভারতবর্ষের মোগল বাদ্সারা এ নিয়মের বহিভূতি ছিল;
—সেটা বোধ হয় হিন্দু ভাব ও রক্ত সংমিশ্রণের ফল।
রাজপুত বারট ও চারণদের ইতিহাসগ্রন্থে ভারতবিজ্যেতা
সমস্ত মুসলমান বংশই তুরদ্ধ নামে অভিহিত। এ অভিধানটি
বড় ঠিক,—কারণ, ভারতবিজ্যেতা মুসলমান বাহিনীচয়
যে কোন জাতিতেই পরিপূর্ণ থাক না কেন, নেতৃত্ব স্বর্বদা
এই তুরস্ক জাতিতেই ছিল।

বৌদ্ধধর্মত্যাগী মুদলমান তুরস্কদের নেতৃত্বে ও বৌদ্ধ বা বৈদিকধর্মত্যাগী তুরস্কাধীন তুরস্কের বাহুবলে মুদলমান-কৃত হিন্দুজাতির অংশবিশেষের দ্বারা, পৈত্রিক ধর্মে ক্থিত অপর বিভাগদের বারস্বার বিজয়ের নাম—ভারত-বর্ষে মুদলমান আক্রমণ, জয় এবং সাফ্রাজ্য—সংস্থাপন। এই তুরস্কদের ভাষা অবশ্যই তাদের চেহারার মত বহু মিশ্রিত হয়ে গেচে;—বিশেষতঃ যে সকল দল মাতৃভূমি চাগওই হতে যত দূরে গিয়ে পড়েচে, তাদের ভাষা তত মিশ্রিত হয়ে গেচে। এবার পারস্থের শা, প্যারিস প্রদর্শনী দেখে কন্টান্টিনোপ্ল হয়ে রেল্যোগে স্বদেশে

9

গোলেন। দেশ কালের অনেক ব্যবধান থাক্লেও, স্থলতান ও শা সেই প্রাচীন তুর্কী মাতৃভাষায় কথোপকথন কর্লেন। তবে স্থলতানের তুর্কী—ফার্মী, আরবী ও ছচার গ্রীক শব্দে মিশ্রিত, শার তুর্কী—অপেক্ষাকৃত শুদ্ধ।

প্রাচীনকালে এই চাগওই-তুরস্কের ছই দল ছিল। এক দলের নাম সাদা-ভেড়ার দল, আর এক দলের নাম কাল-ভেড়ার দল। ছই দলই জন্মভূমি কাশ্মীরের উত্তর ভাগ হতে ভেড়া চরাতে চরাতে ও দেশ লুটপাট কর্তে কর্তে ক্রমে কাস্পীয়ান হ্রদের ধারে এসে উপ-স্থিত হল। সাদা-ভেড়ারা কাস্পীয়ান হ্রদের উত্তর দিয়ে ইয়ুরোপে প্রবেশ কর্লে এবং ধ্বংসাবশিষ্ট রোমরাজ্যের এক টুকরা নিয়ে হঙ্গারী নামক রাজ্য স্থাপন কর্লে। কাল-ভেড়ারা কাস্পীয়ান হ্রদের দক্ষিণ দিয়ে ক্রমে পারস্তের পশ্চিমভাগ অধিকার করে, ককেসাস্ পর্বত উল্লভ্যন করে, ক্রমে এসিয়া-মাইনর প্রভৃতি আরবদের রাজ্য দখল করে বস্ল; ক্রমে খলিফার সিংহাসন অধিকার কর্লে; ক্রমে পশ্চিম রোম সাম্রাজ্যের যেটুক্ বাকি ছিল সেটুকু উদরসাৎ করলে। অতি প্রাচীনকালে এই তুরস্ক জাতি বড় সাপের পূজা কর্ত। বোধ হয় প্রাচীন হিন্দুরা এদেরই নাগ তক্ষকাদি বংশ বল্ত। তারপর এরা বৌদ্ধ হয়ে যায়; পরে যখন যে দেশ জয় করত, প্রায় দেই দেশের ধর্মুই গ্রহণ কর্ত। অপেক্ষাকৃত আধুনিক কালে, যে ছ' দলের কথা আমরা বল্ছি, তাদের মধ্যে সাদা-ভেড়ারা ক্রীশ্চানদের জয় করে ক্রীশ্চান হয়ে গেল, কাল-ভেড়ারা মুসলমানদের জয় করে মুসলমান হয়ে গেল। তবে এদের ক্রীশ্চানী বা মুসলমানীতে, অনুসন্ধান কর্লে, নাগপূজার স্তর এবং বৌদ্ধ স্তর এখনও পাওয়া স্বায়।

হঙ্গারীয়ানরা জাতি এবং ভাষায় তুরস্ক হলেও ধর্ম্মে ক্রীশ্চান—রোমান ক্যাথলিক। সেকালে ধর্মের গোঁড়ামি
—ভাষা, রক্ত, দেশ প্রভৃতি কোন বন্ধনী মানত না।
হঙ্গারীয়ানদের সাহায্য না পেলে অপ্রিয়া প্রভৃতি ক্রীশ্চান
রাজ্য অনেক সময়ে আত্মরক্ষা করতে সক্ষম হত না।
বর্ত্তমান কালে বিভার প্রচার, ভাষাতত্ত্ব, জাতিতত্ত্বের
আবিষ্কার দারা রক্তগত ও ভাষাগত একত্বের উপর অধিক
আকর্ষণ হচেচ; ধর্ম্মগত একত্ব ক্রমে শিথিল হয়ে যাচেচ।
এইজন্ম কৃতবিভ হুজারীয়ান ও তুরস্কদের মধ্যে একটা
স্বজাতীয়ত্ব-ভাব দাঁড়াচেচ।

অষ্ট্রিয়া সাম্রাজ্যের অন্তর্গত হলেও হুঙ্গারী বারম্বার তা হতে পৃথক হবার চেষ্টা করেচে। অনেক বিপ্লব বিজ্ঞাহের ফলে এই হয়েচে যে, হুঙ্গারী এখন নামে অষ্ট্রিয়ান সাম্রাজ্যের একটা প্রদেশ আছে বটে, কিন্তু কার্য্যে সম্পূর্ণ স্বাধীন। অষ্ট্রিয় সম্রাটের নাম "গ্রাষ্ট্রিয়ার বাদ্সা ও হুঙ্গারীর রাজা"। হুঙ্গারীর সমস্ত আলাদা, এবং এখানে প্রজাদের ক্ষমতা সম্পূর্ণ।

অপ্তিয় বাদ্সাকে এখানে নামমাত্র নেতা করে রাখা

হয়েচে, এটুকু সম্বন্ধও বেশী দিন থাক্বে তা বলে বোধ

হয় না। তুকী-মভাবিসিদ্ধ রণকুশলতা, উদারতা প্রভৃতি
গুণ ভূসারীয়ানে প্রচুর বিভামান। অপিচ মুসলমান না

হওয়ায় সঙ্গীতাদি দেবজুর্লভ শিল্পকে সয়তানের কুহক
বলে না ভাবার দরুণ সঙ্গীত-কলায় ভূসারীয়ানরা অতি
কুশলী ও ইয়ুরোপময় প্রসিদ্ধ।

পূর্বের আমার বোধ ছিল, ঠাণ্ডা দেশের লোক লন্ধার ঝাল থায় না ;—ওটা কেবল উষ্ণপ্রধান দেশের কদভ্যাস। কিন্তু যে লন্ধা খাওয়া হুন্দারীতে আরম্ভ হল ও রোমানী, বুলগারী প্রভৃতিতে সপ্তমে পৌছিল তার কাছে বোধ হয় মাক্রাজীও হার মেনে যায়।



পরিব্রাজকের ডায়েরী পরিশিষ্ট



পরিব্রাজকের ডায়েরী—প্রথম অংশ— কন্ষ্টাণ্টিনোপ্ল

কনন্তান্তিনোপ্লের প্রথম দৃশ্য রেল হতে পাওয়া প্রাচীন শহর-প্রার (পাঁচিল ভেদ করে গেল। বেরিয়েচে), অলিগলি, ময়লা, কাঠের কন্তান্তি-বাড়ী ইত্যাদি,—কিন্তু এ সকলে একটা নোপ্লে ১১ বিচিত্রতাজনিত সৌন্দর্য্য আছে। ষ্টেশনে দিন অবস্থান বই নিয়ে বিষম হাঙ্গাম। মাদমোয়াজেল, কাল্ভে ও জুলবোওয়া ফরাসী ভাষায় চঙ্গীর কর্মচারীদের ঢের বুঝালে,—ক্রমে উভয় পক্ষের কলহ। কর্ম্মচারীদের 'হেড অফিদার' তুর্ক,—তার খানা হাজির— কাজেই ঝগড়া অল্লে অল্লে মিটে গেল,—সব বই দিলে— ছুখানা দিলে না। বল্লে—"এই, হোটেলে পাঠাচিচ,"— সে আর পাঠান হল না। স্তাম্বুল বা কন্টান্টিনোপ্লের শহর বাজার দেখা গেল। 'পোণ্ট' বা সমুদ্রের খাড়ি-পারে, 'পেরা' বা বিদেশীদিনের কোয়ার্টার, হোটেল ইত্যাদি,—দেখান হতে গাড়ী করে শহর বেড়ান ও পরে বিশ্রাম। সন্ধ্যার পর বুড্স্ পাশার দর্শনে গমন। পর্দিন বোট চোড়ে বাক্ষোর ভ্রমণে যাত্রা। বড্ড

জোর হাওয়া, প্রথম ষ্টেশনেই আমি আর মিঃ ম্যাঃ— নেবে গেলাম। সিদ্ধান্ত হল—ওপার, স্কুটারিতে গিয়ে সার পেয়র হিয়াসান্তের সঙ্গে দেখা করা। ভাষা না জানায়, বোটভাড়া ইঙ্গিতে করে পারে গমন ও গাড়ী ভাড়া। পথে স্থফি ফকিরের তাকিয়া দর্শন,—এই ক্বিরেরা লোকের রোগ ভাল করে। তার প্রথা <mark>এইরূপ,—প্রথম কল্মা পড়া ঝুঁকে ঝুঁকে, তারপর</mark> র্ত্য, তারপর ভাব, তারপর রোগ আরাম—(রোগীর শরীর) মাড়িয়ে দিয়ে। পেয়র হিয়াসান্থের **সঙ্গে** আমেরিকান্ কলেজ সম্বন্ধীয় অনেক কথাবার্তা। আরা-বের দোকান ও বিভার্থী টর্ক দর্শন। স্কুটারি হতে প্রত্যাবর্ত্তন। নৌকা খুঁজে পাওয়া—দে কিন্তু ঠিক জারগায় যেতে না-পারক। যাহা হউক, যেখানে নাবালে, সেইখান হতেই ট্রামে করে ঘরে (স্তাম্বুলের হোটেলে) কেরা। মিউজিয়ম—স্তাম্বুলের যেখানে প্রাচীন অন্দরমহল ছিল, গ্রীক বাদসাদের—সেইখানেই প্রতিষ্ঠিত। অপূর্ব্ব Sarcophage (শবদেহ রক্ষা করিবার প্রস্তর নির্দ্মিত আধার) ইত্যাদি দর্শন। তোপ-খানার উপর হতে শহরের মনোহর দৃশ্য। অনেক দিন পরে এখানে ছোলাভাজ। খেয়ে আনন্দ। তুর্কি পোলাও কাবাব ইত্যাদি এখানকার খাবার ভোজন। স্কৃটারীর কবরখানা। প্রাচীন পাঁচিল দেখ্তে যাওয়া। পাঁচিলের

মধ্যে জেল, ভয়ন্ধর। উত্স্পাশার সহিত দেখা ও যাত্রা। ফরাসী প্ররাষ্ট্রসচিবের (charge বাক্ষোর d'affaires) অধীনস্থ কর্ম্মারীর সহিত ভোজন (dinner) —জনৈক গ্রীক পাশা ও এক জন আলবানি ভদ্রলোকের সহিত দেখা। পেয়র হিয়াসাম্ভের লেকচার পুলিস বন্ধ করেচে—কাজেই আমার লেকচারও বন্ধ। দেবন্মল ও চোবেজী—এক জন গুজরাতি বামুনের সহিত সাক্ষাৎ। এখানে হিন্দুস্থানী মুদলমান ইত্যাদি অনেক ভারতবর্ষীয় লোক আছে। তুর্কী ফিললজি। নুরবের কথা—তার ঠাকুরদাদা ছিল ফরাসী। এরা বলে, কাশ্মীরীর মত স্থন্দর! এখানকার জ্রীলোকদিগের পরদা-হীনতা। বেশাভাব মুদলমানী। খুর্দপাশা আর্ম্মানি (Arian ?)। আরমিনিয়ান হত্যা। আরমিনিয়ানদের বাস্তবিক কোনও দেশ নাই। যে সব স্থানে তারা বাদ করে, সেথায় মুসলমানই অধিক। আরমিনিয়া বলে কোন স্থান অজ্ঞাত। বর্ত্তমান স্থলতান থুর্দদের হামিদিয়ে-রেসল্লা তৈরী করছেন, তাদের কজাকদের (Cossack) মত শিক্ষা দেওয়া হবে এবং তারা conscription হতে খালাস হবে।

বর্ত্তমান স্থলতান, আরমিনিয়ান এবং প্রাক পেট্র-য়ার্কদের ডাকিয়া বলেন যে, তোমরা ax (টেক্স) না দিয়ে সেপাই হও (conscription), তোমাদের জন্মভূমি

রক্ষা কর। তাতে তারা জবাব দেয় যে, ফৌজ হয়ে লড়ায়ে গিয়ে মুদলমান দিপাইদের সহিত একত্রে মলে ক্রীশ্চান দিপাইদের কবরের গোলমাল হবে। উত্তরে স্থলতান বল্লেন যে, প্রত্যেক পল্টনে না হয় মোল্ল। ও ক্রীশ্চান পাজী থাকবে, এবং লড়ায়ে যখন ক্রীশ্চান ও মুসলমান কৌজের শবদেহ-সকল একত্রে এক গাদায় কবরে পুঁত্তে বাধ্য হবে, তখন না হয় ছুই ধর্মের পাজীই (funeral service) আদ্ধান্ত পড়্ল; না হয় এক ধর্ম্মের লোকের আত্মা, বাড়ার ভাগ অন্য ধর্ম্মের আদ্ধমন্ত্রগুলো শুনে নিলে। ক্রীশ্চানরা রাজি হলো না—কাজেই তারা tax (টেক্স) দেয়। তাদের রাজি না হবার ভেতরের কারণ হচেচ, ভয় যে, মুসল-মানের সঙ্গে একত্রে বদবাস করে পাছে সব মুসলমান হয়ে যায়। বর্তুমান স্তামুলের বাদদা বড়ই ক্লেশসহিফু —প্রাসাদে থিয়েটার ইত্যাদি আমোদ প্রয়েন্ত সব কাজ নিজে বন্দোবস্ত করেন। পূর্ব্বস্থলতান্ মুরাদ বাস্তবিক নিতান্ত অকর্ম্মণ্য ছিল,—এ বাদদা অতি বুদ্ধিমান্। যে অবস্থায় ইনি রাজ্য পেয়েছিলেন, তা থেকে এত সাম্লে উঠেছেন যে আশ্চর্য্য ! পার্লামেণ্ট হেথায় চলবে না।

পরিব্রাজকের ডায়েরী দ্বিতীয় অংশ—এথেন্স, গ্রীস

বেলা দশটার সময় কনষ্টান্টিনোপ্ল ত্যাগ। এক বাত্রি এক দিন সমূদ্রে। সমূদ্র বড়ই স্থির। ক্রমে Golden Horn (সুবর্ণ শৃঙ্গ) ও মারমোরা। দ্বীপ-পুঞ্জ মারমোরার একটিতে গ্রীক ধর্মের মঠ দেখ্লুম। এখানে পুরাকালে ধর্ম্মশিক্ষার বেশ স্থবিধা ছিল— কারণ, একদিকে এসিয়া আর একদিকে ইয়ুরোপ। মেডিটরেনি দ্বীপপুঞ্জ প্রাতঃকালে দেখতে গিয়ে প্রোফেসার লেপরের সহিত সাক্ষাৎ—পূর্ক্বে পাটিয়াপ্পার কলেজে, মান্দ্রাজে এঁর সহিত পরিচয় হয়। একটি দ্বীপে এক মন্দিরের ভগ্নাবশেষ দেখলুম—নেপচুনের মন্দির আন্দাজ, কারণ—সমুদ্রতটে। সন্ধার পর এথেন্স পৌছলুম। এক রাত্রি কারণটাইনে থেকে সকাল-বেলা নাববার হুকুম এলো! বন্দর পাইরিউসটি ছোট শহর। বন্দরটি বড়ই স্থুন্দর, সব ইয়ুরোপের স্থায়, কেবল মধ্যে মধ্যে এক-আধ জন ঘাগরাপর। গ্রীক। সেথা হতে পাঁচ মাইল গাড়ী করে শহরের প্রাচীন প্রাচীর যাহা এথেন্সকে বন্দরের সহিত সংযুক্ত করতে৷

তাই দেখতে যাওয়া গেল। তারপর শহর দর্শন— আক্রোপলিস, হোটেল, বাড়ী-ঘর-দোর, অতি পরিফার। রাজবাটীটি ছোট। দে দিনই আবার পাহাড়ের উপর উঠে আক্রোপলিস, বিজয়ার মন্দির, পারথেনন ইত্যাদি দর্শন করা গেল। মন্দিরটি সাদা মর্দ্মরের নিৰ্মাণ—কয়েকটি ভগ্নাবশেষ স্তম্ভও দণ্ডায়মান দেখলুম। পরদিন পুনর্বার মাদ্মোয়াজেল মেলকার্বির সহিত ঐ সকল দেখতে গেলাম—তিনি ঐ সকলের সম্বন্ধে নানা ঐতিহাসিক কথা বুঝিয়ে দিলেন। দিতীয় দিন ওলিম্পিয়ান জুপিটারের মন্দির, থিয়েটার ডাই-ওনিসিয়াস ইত্যাদি সমুক্তট পর্য্যন্ত দেখা গেল। তৃতীয় দিন এলুসি যাতা। উহা গ্রীকদের প্রধান ধর্মান্থান। ইতিহাসপ্রসিদ্ধ এলুসি-রহস্তের (Eleusinian Mystery) অভিনয় এখানেই হোত। এখানকার প্রাচীন <mark>থিয়েটারটি এক ধনী গ্রীক নৃতন করে ক'রে দি</mark>য়েচে। Olympian gamesএর পুনরায় বর্ত্তমান কালে প্রচলন হয়েচে। সে স্থানটি স্পার্টার নিকট। তায় আমেরিকানরা অনেক বিষয়ে জেতে। গ্রীকরা কিন্তু, দৌড়ে সে স্থান হতে এথেন্সের এই থিয়েটার পর্য্যস্ত আসায়, জেতে। তুর্কের কাছে ঐ গুণের (দৌড়ের) বিশেষ পরিচয়গু তারা এবার দিয়েচে। চতুর্থ দিন বেলা দশটার সময় রুষী ষ্টিমার 'জারে' আরোহণে ইজিপ্ট-

যাত্রী হওয়া গেল। ঘাটে এসে জানলুম ষ্টিমার ছাড়বে ৪টার সময়—আমরা বোধ হয় সকাল সকাল এসেচি, অথবা মাল তুল্তে দেরী হবে। অগত্যা ৫৭৬ হইতে ৪৮৬ খৃঃ পূর্বের আবিভূতি জেলাদাস ও তাঁর তিন শিষ্য ফিডিয়াস, সিরণ, পলিক্লেটের ভাস্কর্য্যের কিছু পরিচয় নিয়ে আসা গেল। এখুনি খুব গরম আরম্ভ। রুষীয়ান জাহাজে স্কুর উপর ফাষ্ট ক্লাস। বাকি সবটা ডেক— যাত্রী, গরু আর ভেড়ায় পূর্ণ। এ জাহাজে আবার বরকও নেই।

পরিব্রাজকের ডায়েরী

তৃতীয় অংশ—ফ্রান্সের প্যারি-নগরস্থ লুভার (Louvre) মিউজিয়নে গ্রীক শিল্পকলা দৃষ্টে

মিউজিয়ম দেখে গ্রীক্-কলার তিন অবস্থা বৃঝ্তে পারলুম্। প্রথম 'মিসেনি' (Mycenæan), দ্বিতীয় যথার্থ গ্রীক। আচেনি রাজ্য (Achien), সন্নিহিত দ্বীপপুঞ্জে অধিকার বিস্তার করেছিল,—আর দেই সঙ্গে ঐ সকল দ্বীপে প্রচলিত, এসিয়া হতে গৃহীত, সমস্ত কলাবিভারও, অধিকারী হয়েছিল। এইরূপেই প্রথমে গ্রীদে কলাবিছার আবির্ভাব। অতি পূর্ব্ব অজ্ঞাতকাল হতে খৃঃ পৃঃ ৭৭৬ বৎসর যাবৎ 'মিসেনি' শিল্পের কাল। এই 'মিদেনি' শিল্প প্রধানতঃ এসিয়া শিল্পের অন্তুকরণেই ব্যাপৃত ছিল। তারপর ৭৭৬ খৃঃ পৃঃ কাল হতে ১৪৬ খৃঃ পৃঃ পর্যান্ত 'হেলেনিক' বা যথার্থ গ্রীক শিল্পের সময়। দোরিয়ন জাতির দারা আচেনি-সাম্রাজ্য ধ্বংসের পর ইউরোপ-খণ্ডস্থ ও দ্বীপপুঞ্জনিবাসী গ্রীকরা এসিয়াখণ্ডে বহু উপনিবেশ স্থাপন কর্লে। তাতে বাবিল ও ইজিপ্তের সহিত তাদের ঘোরতর সংঘর্ষ উপস্থিত হলো; তা হতেই গ্রীক আর্টের উৎপত্তি হয়ে ক্রমে এসিয়া শিল্পের ভাব ত্যাগ করে স্বভাবের যথায়থ অনুকরণ-চেষ্টা <mark>এখানকার শিল্পে জন্মিল। গ্রীক আর অ্ন্য প্রদেশের</mark> শিরের তফাৎ এই যে, গ্রীক শিল্প প্রাকৃতিক স্বাভাবিক জীবনের যাথাতথ্য জীবস্ত ঘটণাসমূহ বর্ণনা কর্চে।

খৃঃ পৃঃ ৭৭৬ হতে খৃঃ পৃঃ ৪৭৫ পর্যান্ত 'আর্কেইক' গ্রীক
শিল্পের কাল। এখনও মৃত্তিগুলি শক্ত (stiff)—
জীবন্ত নয়। ঠোঁট অল্প খোলা, যেন সদাই হাস্ছে।
এ বিষয়ে এগুলি ইজিপ্তের শিল্পিগঠিত মূর্ত্তির ক্যায়। সব
মৃত্তিগুলি ছ' পা সোজা করে খাড়া (কাঠ) হয়ে দাঁড়িয়ে
আছে। চুল দাড়ি সমস্ত সরলরেখাকারে (regular lines) খোদিত; বস্তু সমস্ত মৃত্তির গায়ের সঙ্গে জড়ান—
তালপাকান,—পতনশীল বস্তুর মত নয়।

'আর্কেইক' গ্রীক শিল্পের পরেই 'ক্লাসিক্' গ্রীক শিল্পের কাল—৪৭৫ খৃঃ পূঃ হতে ৩২৩ খৃঃ পৃঃ পর্যান্ত। অর্থাৎ এথেন্সের প্রভুহকাল হতে আরক্ষ হয়ে সম্রাট আলেকজাণ্ডারের মৃত্যুকাল পর্য্যন্ত উক্ত শিল্পের উন্নতি ও বিস্তারকাল। পিলপনেশ এবং আটিকা রাজ্যই এই সময়-কার শিল্পের চরম উন্নতিস্থান। এথেন্স, আটিকা রাজ্যেরই প্রধান শহর ছিল। কলাবিভানিপুণ একজন ফরাসী পণ্ডিত লিখেচেন,—"(ক্লাসিক) গ্রীক শিল্প, চরম উন্নতি-কালে বিধিবদ্ধ প্রণালীশৃঙ্খল হইতে মুক্ত হইয়া স্বাধীন-ভাব প্রাপ্ত হইয়াছিল। উহা তথন কোন দেশের কলাবিধিবন্ধনই স্বীকার করে নাই বা তদনুষায়ী আপনাকে নিয়ন্ত্রিত করে নাই। ভাস্কর্য্যের চূড়ান্ত নিদর্শনস্বরূপ মৃত্তিসমূহ যে কালে নিশ্মিত হইয়াছিল, কলাবিভায় সমুজ্জল সেই খৃঃ পৃঃ পঞ্চম শতাব্দীর কথা যতই আলোচনা করা যায়, তত্তই প্রাণে দৃঢ় ধারণা হয় যে, বিধিনিয়মের সম্পূর্ণ বহিভূত হওয়াতেই গ্রীক শিল্প সজীব হইয়া উঠে।" এই 'ক্লাসিক' গ্রীক শিল্পের ছুই সম্প্রদায়—প্রথম আটিক, দ্বিতীয় পিলোপনেসিয়েন। আটিক সম্প্রদায়ে আবার ছই প্রকার ভাব—প্রথম মহাশিল্পী ফিডিয়াসের প্রতিভাবল ; "অপূর্ব্ব সৌন্দর্য্যমহিমা এবং বিশুদ্ধ দেব-ভাবের গৌরব, যাহা কোনকালে মানব-মনে আপন অধিকার সারাইবে না"—এই বলে যাকে জনৈক ফরাসী পণ্ডিত নির্দ্দেশ করেচেন। স্কোপাস আর প্র্যাক্সিটেল, আটিক সম্প্রদায়ের দ্বিতীয় ভাবের প্রধান শিক্ষক। এই সম্প্রদায়ের কার্য্য, শিল্পকে ধর্ম্মের সঙ্গ হতে একেবারে বিচ্যুত করে কেবলমাত্র মানুষের জীবন-বিবরণে নিযুক্ত রাখা।

'ক্লাসিক' গ্রীক শিল্পের পিলোপনেসিয়ন নামক দ্বিতীয় সম্প্রদায়ের প্রধান শিক্ষক পলিক্লেট এবং লিসিন্স। এঁদের একজন খৃঃ পৃঃ পঞ্চম শতান্দীতে এবং অহ্য জন খৃঃ পৃঃ চতুর্থ শতান্দীতে জন্মগ্রহণ করেন। এঁদের প্রধান লক্ষ্য—মানবশরীরের গড়নপরিমাণের আন্দাজ (proportion) শিল্পে যথায়থ রাখ্বার নিয়ম প্রবর্ত্তিত করা।

ত২০ খৃঃ পৃঃ হইতে ১৪৬ খৃঃ পৃঃ কাল পর্যান্ত অর্থাৎ আলেক্জাণ্ডারের মৃত্যুর পর হতে রোমানদিগের দারা আটিকা-বিজয়কাল পর্যান্ত গ্রীক শিল্পের অবনতি-কাল। জাঁকজমকের বেশী চেষ্টা এবং মূর্ত্তিদকল প্রকাণ্ড প্রকাণ্ড কর্বার চেষ্টা এই সময়ে গ্রীক শিল্পে দেখ্তে পাওয়া যায়। তার পর রোমানদের গ্রীদ অধিকার সময়ে গ্রীক শিল্প তদ্দেশীয় পূর্বে পূর্ব্ব শিল্পীদের কার্য্যের নকল মাত্র করেই সম্ভুষ্ট। আর নৃতনের মধ্যে, হুবহু কোনও লোকের মুখ নকল করা।

